• • .



# সমসামায়িক ভারত

প্রথম কর—প্রাচীন-ভারত

প্রথম খণ্ড

### বিলাতের এজেণ্ট—

বি, এইচ্, ব্লাকওয়েল—৫০,৫১ ব্রডঞ্জীট, অক্সফোর্ড।

## কলিকাতার এজেণ্ট—

হিল্টন এগু কোং...১ ৯ কলেজ খ্রীট।



দাস গুপ্ত এণ্ড কোং—৫৪০ কলেজ দ্রীট বেঙ্গল মেডিকাল লাইবারী—২০১, কর্ণওয়ালিস দ্রীট ভট্টাচার্য্য কোম্পানী—৬৫ নং কলেজ দ্রীট ইপ্তিয়ান পাবলিশিং হৌস—২২ নং কর্ণওয়ালিস দ্রীট মনমোহন লাইবারী—কণ্ওয়ালিস দ্রীট অভূল লাইবারী—কলিকাতা আন্ততোষ লাইবারী—ঢাকা ও কলিকাতা

প্রভৃতি সকল পুস্তকালমে প্রাপ্তব্য।

কলিকাত। ১• নং শ্রামাচরণ দেব ষ্ট্রাট মহেশ প্রেসে শ্রীউপেক্স নাথ বার দারা মুদ্রিত।

# প্রাচীন-ভারত

#### ( প্রথম খণ্ড )

# এীযোগীন্দ্র নাথ সমাদার

প্রকাশক শ্রীনলিনাক রার মেসার্স সমাদ্দার ত্রাদার্স মোরাদপুর, পাটনা ১৩২•

ब्ला ॥• ठोका

#### <u> এ</u>বুক

#### রায় যতুনাথ মজুমদার বেদাস্তবাচস্পতি বাহাতুর

#### প্রণীত

(২) ব্রন্ধহত্ত ২ম খণ্ড ১৷

(২) ঝাণ্ডাক্মোপোদঘাত প্রকরণম্॥

(৩) সাজিল্যহত্ত ২ (৪) উপবাদ ... /

(৫) পল্লী স্বাস্থ্য ৷

(৬) গীতা সপ্তক ... ॥

(৭) আমিত্বের প্রসার ১ম খণ্ড ... ॥

(৮) ২র খণ্ড ... ॥

শ্রীযুক্ত যোগীন্দ্র নাথ সমাদ্দার								
প্ৰণীত								
(১) অর্থনীতি ১ (২) অর্থশান্ত্র ১।•								
(৩) প্রাচীন-ভারত (১ম <b>বও</b> ) ১॥৽ (৪) প্রাচীন-ভারত (২ <b>র বও)</b> ১॥•								
<ul><li>(a) हेश्त्रांटकत्र-कथा (मिठिख) २म थेख २॥०</li></ul>								
শীযুক্ত যতীক্র নাথ সমাদার								
প্রণীত								
(১) মণিমালা (নাটক) ॥৮০ (২) শিথের কথা (নাটক) ৬০								
(৩) অভিশাপ (নাটক) ১॥•								
ৰুগিকাতা ও ঢাকার প্রধান প্রধান পুস্তকালরে প্রাপ্তব্য ।								

যিনি

শাশ্চাত্য সর্ব্ববিভার পারদশী হইরাও সর্বাদা মাতৃভাষার অর্চনা-নিরত,

যে মহাত্মা

এই ক্ষুদ্র লেথকের সাহিত্য-চর্চচার সর্ব্বপ্রকারে উৎসাহ-দাতা

সেই

অশেষ শুণ-ভাজন, পূজাপাদ,

মাননীয়

শ্রীযুক্ত স্থার আশুতোষ মুখোপাধ্যার

সরস্বতী, শাস্ত্র-বাচম্পতি, সি.ছাই.ই., এম্.এ., ডি.এল্., এড্.জার্.এস্.ই.,

মহোদয়কে

"সমসাময়িক ভারতে"র প্রথম কর "প্রাচীন-ভারতে্"র

প্রথম খণ্ড

ভক্তি ও শ্রদ্ধার নিদর্শন বন্ধপ উৎসর্গীক্বত হইল।

ণাটলিপুত্র

# ভূমিকা

### ( এীযুক্ত অমূল্য চরণ বিপ্তাভূষণ মহাশয় লিখিত )

প্রাচীন ভারতের ইতিহাস অবগত হইবার বে সমস্ত উপাদান প্রাপ্ত হওয়। যায়, তল্মধ্যে বৈদেশিকগণের লিখিত মন্তব্য বা বিবরণ অক্ততম। এই বৈদেশিকদিগের মধ্যে এক শ্রেণীর গ্রন্থকারের সংগৃহীত বৃত্তাস্ত স্থান্তিত ম্যাক্রিগুল সাহেব (J. W. M'Crindle) ১৮৭৭ ও ১৮৭৯ খৃষ্টাব্দে একত্র সঙ্কলন পূর্ব্বক ইংরেজি ভাষায় প্রকাশিত করিয়াছেন। স্থাপিত প্রেমাম্পদ অধ্যাপক শ্রীয়ুক্ত যোগীক্র নাথ সমাদার মহাশম্ম এই অম্ল্য পুত্তকগুলির বঙ্গান্থবাদ প্রকাশ করিয়া বঙ্গবাসী ও বঙ্গভাষা-ভাষী মাত্রেরই কৃতক্ষতা-ভাজন হইয়াছেন।

কএক বংসর পূর্ব্বে প্রসিদ্ধ ঐতিহাসিক এমিল রাইথ্ (Emil Reich) তাঁহার 'প্রতীচ্য জাতিদিগের ইতিহাস' (History of the Western Nations) গ্রন্থে, রোম ও গ্রীস দেশের প্রাচীন ইতিহাসে এক যুগান্তর জানয়ন করিয়াছেন। প্রসন্ধ ক্রমে তিনি এই প্রস্থে ভারতের প্রাচীন গৌরব কাহিনী যে ভাবায় বির্ত করিয়াছেন, তৎপাঠে প্রত্যেক ভারতবাসীর হাদর জানন্দে উৎকুল হইয়া উঠে। তিনি দেখাইয়াছেন, জ্ঞান ও সভ্যতায় প্রাচীন ভারতের সহিত পুরাতন গ্রীস ও রোমের গুরুশিয়্য সম্বদ্ধ ছিল। রাইখের গ্রন্থ প্রকাশের পূর্ব্বে খানবেক (Schwanbeck), ম্যাক্রিগুল (M'Crindle), রবার্টসন (Robertson) প্রভৃতি মনীবিগণ গ্রীস, রোম, এসিয়ামাইনর ইত্যাদি স্থানের প্রাচীন গ্রন্থকারগণের ভারত বিবরণ অমুশীলন করিয়াছিলেন। ভারতবর্বের

বহি:প্রদেশবাসীদের মধ্যে যাঁহারা প্রাচীন যুগে ভারতেতিহাস আলোচনা করিয়াছেন, তাঁহাদের সংখ্যা মৃষ্টিমেরও নর। ৩২০ পূর্বে খুটাবে গ্রীক বিজ্ঞরের পূর্বে ভারতবর্বের ভূগোল বা ইতিহাস ইহাদের দারা আরম্ভ হয় নাই, বলিলেও চলে। অতি প্রাচীন কাল হইতে ভারত ও ভ্রমধ্যসাগর এতছভয়ের মধ্যে সাক্ষাৎ সম্বন্ধে না হইলেও গৌণভাবে ব্যবসায়-বাণিজ্ঞা চলিত। হোমর টিন এবং অস্তান্ত কতকভালি পণ্যদ্রব্যের সংস্কৃত নাম অবগত ছিলেন বলিয়া বোধ হয়। বাইবেলেও ভারতজ্ঞাত দ্রব্যের একটা প্রকাঞ্চ তালিকার উল্লেখ দেখিতে পাওয়। যায়। ভোমবের কার্যমালার ভারতীয় পণ্যের উল্লেখ দেখিয়া বোঝা যায় যে, প্রাচীন গ্রীকগণ অতি পুরাকালে ভারতের অন্তিত্বের কথা জানিতেন; কিন্তু তাঁহাদের ভারত বিষয়ে বড একটা যথার্থ জ্ঞান ছিল না। ঐতিহাদিকদিগের মধ্যে গ্রীক ঐতিহাসিক মিলেটোসের হেকাটাইওস্কের গ্রন্থে স্পষ্টভাবে ভারতের উল্লেখ সর্ব্ধপ্রথম দেখিতে পাওয়া বায়। বাঁহারা গ্রীক সাহিত্য আলোচনা করিয়াছেন, তাঁহারা মুক্তকণ্ঠে বলিবেন যে, গ্রীক কবিকুল পাশ্চাত্য জাতি সমূহকে ইতিহাস-ভূগোল অনুশীলনে অনুপ্রাণিত করিরা ছিলেন। গ্রীক কবিঞ্জুর হোমরের আবির্ভাবের পর প্রায় ৪০০ বংসর পর্যান্ত কবি-কল্পনার অবিরাম স্রোত গ্রীকদিগের ইতিহাস ও ভূগোল-ক্ষেত্রে প্রবাহিত হইয়াছিল। ৪৯٠—৪৮৮ পুর্ব খুষ্টাব্দে পাশ্চাতা ইতিহাস লেথক হেরোভোটদ জন্মগ্রহণ করেন। এই মহাপুরুষের লেখনী-প্রস্ত ঘটনাবলীর অধিকাংশই কল্লিত এবং অতিরঞ্জিত হইলেও সমগ্র পাশ্চাতা জাতিই তাহা ধ্রুব সত্য বলিয়া গ্রহণ পূর্ব্বক ভৌগোলিক ও ঐতিহাসিক গবেষণায় প্রবৃত্ত হয়।

হেরোডোটসের ভারত-জ্ঞান সিন্ধুনদে সীমাবদ্ধ ছিল। বস্তুত:, তিনি ভারত সম্বন্ধে কিছুই জানিতেন না। তবে তিনি গঙ্গার নামটি মাত্র

শ্রবণ করিরাছিলেন বলিয়া বোধ হয়। প্রাচীন প্রীকণণ ভারতকে মিশরের সদৃশ বলিরা বিখাস করিতেন; ইহার নাম দিরাছিলেন—প্রাচ্য ইথিয়পিরা। মেগাস্থেনিস যে ভারতবাসিগণকে সাতটি জাতিতে বিভক্ত করিরাছেন তাহার বৃলে বোধ হয় হেরোডোটস্ কর্তৃক উল্লিখিত মিশর বাসীদিগের সপ্তজাতি-বিভাগ।

পারস্থ যুদ্ধের সময় পর্যান্ত গ্রীকদিগের ভারত বিষয়ে বড় একটা 🎫 ন ছিল না। হেরোডোটস ও ক্টেসিরসের (Ktesias) গ্রন্থে আমরা ভারতের পুমামুপুম বিবরণ প্রাপ্ত হই। ক্টেসিরস পারত সমাট্ আরটাজেরেকজেদ নেমনের (Artaxerxes Mnemon) চিকিৎসক ছিলেন। ইंহার বিবরণে অনেক আজগুবি গল্পছে। ইনি ইঁহার প্রবাস-ক্ষেত্র পারস্থ হইতে ভারতের রঙ্, তব্ধ, বানর ও তোতাপাধী আনিয়াছিলেন। আলেকজাঙারের পরবর্ত্তিগণ ভারতে আসিয়া ইঁছার বিবরণ ভ্রাস্ত বলিরা সপ্রমাণ করিরাছেন। সিন্ধুনদের পূর্ব্ধ পর্যান্ত ভারত সম্বনীয় জ্ঞান, আলেকজাপ্তারের সহিত সমাগত ঐতিহাসিক ও বৈজ্ঞানিক-গণ সর্ব্যপ্রথম যুরোপে প্রচার করেন। আলেকজাঞ্চার যে সকল প্রাদেশের মধ্য দিয়া অভিযান করিয়াছিলেন সেই সমস্ত দেশ হইতে এই সকল প্তিত ও মনীবীদিগকে সঙ্গে কার্য়া খদেশে লইয়া আসিয়াছিলেন। যদিও একণে তাঁহাদের বিবরণ একেবারে নষ্ট হইরা গিরাছে, তথাপি তাঁহাদের বিবরণের সার মর্শ্ব ষ্ট্রাবো, আরিয়ান ও প্লিনি লিখিত বিবরণ মধ্যে পাওয়া যায়। অনতিকাল পরে মেগস্থেনিস বঙ্গদেশের কেন্দ্রছল পাটলিপুত্রের রাজপ্রাসাদে গ্রীকদ্তরূপে অবস্থান করিয়া ভারতবাসীদের আচার বাবহার দেখিবার যথেষ্ট স্থবিধা পাইয়াছিলেন। কার্য্যন্তঃ বিচার করিতে গেলে বলিতে হয়, গ্রীক ও রোমানদিগের ভারত-জ্ঞান ইহারই গবেষণা-প্রস্ত। মেগম্বেনিসের নিজের সম্বন্ধে বড় বিশেষ কিছু বিবরণ পাওয়া যার না। এই মাত্র জানিতে পারা যার বে, তিনি পূর্ব্ব খৃষ্টাব্দ ৩০২—২৮৮তে পাটলিপুত্রে যাইবার জন্ম বাত্রা করেন। ইহার বিবরণে জনেক দেশের উল্লেখ আছে; কিছু ইনি সম্ভবতঃ কাব্ল ও পঞ্জাব ভিন্ন অন্ত কোন দেশ স্বচক্ষে দর্শন করেন নাই। বোধ হয়, তিনি একবার মাত্রই ভারতবর্বে আসিয়াছিলেন। মেগস্থেনিসের বিবরণ ক্টেসিয়সের বিবরণের ফ্রান্ত সমান ম্লাবান। কিছু ইরাটথিনিস, ষ্ট্রাবো ও প্লিনি ইহাদের বিবরণের উপর আদে আছা ছাপন করেন নাই।

মিশররাক্ষ টলেমিদিগের সাহায়ে ইরাটস্থিনিস্, আলেকজাপ্তার ও তাঁহার সেনাপতিদিগের দিথিজ্বের ইতিহাস সংগ্রহ করেন। আলেকজ্ঞান্তির সমিতির গ্রন্থকারের ঐ সকল বিবরণ প্রচুর পরিমাণে সংগৃহীত হইরাছিল। ঐ সমরে আলেকজ্ঞান্তির সমিতিতে জ্যোতির্বিদ্ধা বিষয়ক অনুশীলনের প্রাচুর্ব্য পরিদৃষ্ট হয়। ইরাটস্থিনিস পৃথিবীর এক মানচিত্র প্রস্তুত করিরাছিলেন। ভ্রমপূর্ণ ইইলেও উহা ভূগোল-বিভাসম্বন্ধে তাঁহার প্রগাঢ় পাপ্তিতার পরিচায়ক। এসিরা সম্বন্ধে, বিশেষতঃ ভারত সম্বন্ধে তাঁহারে অভিজ্ঞতা যে অল ছিল তাহা ইরাটস্থিনিস প্রণীত মানচিত্র দর্শনে স্পষ্টই বুঝিতে পারা যায়। আলেকজ্ঞান্তার দিথিজ্য উপলক্ষে পঞ্চনদ পর্যাপ্ত আসিয়াছিলেন। তিনি গঙ্গা ও তাহার তীরবর্ত্ত্যী জ্ঞন পদের কথা কর্পে শুনিমাছিলেন মাত্র। তাহা ইইতেই কল্পনার বশীভূত হইরা আলেকজ্ঞান্ত্র সমিতির সদন্তেরা ভারতের এক কিন্তুত্বিদ্ধান্তার মানচিত্র আঁকিয়া কৈলিলেন।

রোমান মনীবিবলের মধ্যে প্লিনি সর্ব্বাপেক্ষা অধিক শিক্ষিত ছিলেন।
তিনি প্রাণিতত্ব ও ভৌগোলিক বিষর সম্বন্ধে বিবিধ গ্রান্থ প্রণায়ন করিরাছিলেন। ট্রাবো ও মেলা প্রণীত পদ্ধতিক্রমে প্লিনিও ইতিহাসে,
ভূগোলের কথা বলিরাছেন। তবে, ভারতবর্ব সম্বন্ধে প্লিনি, তাঁহার

পূর্ববর্ত্তী সমস্ত ভৌগোলিক ও ঐতিহাসিকদিগের অপেক্ষা অনেক অধিক তথ্য-সংগ্রহ করিয়াছিলেন। তিনি ভারতের আড়ম্বরপূর্ণ সৌন্দর্য্য এবং অভুল ঐম্বর্য সম্বন্ধে অনেক কথা লিপিবদ্ধ করিয়া গিয়াছেন। বলা বাছল্য, হোরোডোটস্ প্রভৃতি প্লিনির পূর্ববর্ত্তী ঐতিহাসিকদিগের স্থায় কেবল কল্পনার সাহায্যে প্লিনি ভারতবর্ষ সম্বন্ধে তথ্য প্রকাশ করেন নাই। তিনি মহাবীর আলেকজাপ্তারের যুদ্ধ যাত্রা এবং তাঁহার সহযাত্রী ভার-গোনেটস্ ও বীটনের জরিপ কার্য্য অবলম্বন করিয়া ভারত-তথ্য আলোচনা পূর্বক সেই সকল বিষয় লিপিবদ্ধ করিয়াছেন; এভদ্বাতীত সেলিউকসের দিখিজয় ও মেগস্থেনিসের দোত্য-কার্য্য পুঝারুপুঝারূপে আলোচনা পূর্বক তিনি সাগর-সম্বন্ধ হান পর্যান্ত বর্ণনা করিয়াছেন।

রোমানদিগের ভৌগোলিক জ্ঞান লাভ জুলিয়াস সিজারের দিখিলয়
এবং সরকারী জরিপ হইতে সংগৃহীত হইয়াছিল। তারপর মেলা এবং
প্রিনি সেই সমস্ত বিবরণ সংগ্রহ পূর্ব্বক প্রচার করেন। ট্রাবো ও প্রিনির
এক শত বংসর পরে, টলেমি তাঁহার পূর্ব্বর্ত্তী ভৌগোলিকগণের
পুস্তকাবলী অফুশীলন এবং অক্সাক্ত উপায় অবলম্বন করিয়া পুরার্ভ্ত বিধরে
যথেষ্ঠ অভিজ্ঞতা লাভ করেন। হিন্দৃস্থান সম্বন্ধে টলেমি অনেক কথা
বলিয়াছেন।

বৈদেশিক পণ্ডিতেরা ভারত সথদ্ধে নানা কথা বলিয়াছেন। সব কথা বিশ্বাস বোগ্য কি নর তাহা বিচার করিবার স্থান ইহা নর। তবে ভারতের ইতিহাস প্রণরন করিতে হইলে ভারত সম্বন্ধে যিনি যাহা বলিয়াছেন তাহা যে নিষ্ঠাবান হইয়। স্বত্নে আলোচনা করিতে হইবে, ইহা অস্বীকার করিবার উপার নাই।

স্থাসিদ্ধ ব্যবহার-শান্তবিৎ সার হেনরি মেনের মতে প্রাচীন সামাজিক ইতিহাসের তথ্যগুলি নিয়লিথিত তিনটী উপাদান হইতে সংগ্রহ

করিতে পারা বার। প্রথম, সমসমায়িক স্ত্য-দর্শকগণের বিবরণ: ষিতীয়, জাতিদিগের সবত্ব রক্ষিত প্রাচীন ইতিবৃত্ত; ভূতায়, স্থাচীন ব্যবহার শাল্ত। ইছাদের মধ্যে প্রথম উপাদানটিই সমধিক বিশ্বাস যোগা 📽 প্রকৃত প্রমাণ বলিয়া গৃহীত হইয়া থাকে। ভিন্ন ভিন্ন সমাজ এক সঙ্গে উন্নতির সোপানে আরোহণ করিতে পারে না। উন্নতি স্থান, কাল ও পাত্র সাপেক। জাতির উন্নতির সহিত মানবগণের দর্শন ও বিশ্লেষণ শক্তির উন্মেষ হইরা থাকে। এক্সলে দর্শন অর্থে আমরা বিজ্ঞান সম্মত দর্শন (scientific observation) বলিতে চাই। দর্শনেব্রিয়ের সাহায্যেই যে কেবল বস্তুর প্রকৃত স্তা ব্রিতে পারা যায় তাহা নয়। দর্শনোপবোগী ষক্রাদি চাই—সংস্কারের বশবর্জী হইয়া বা পডামুগতের অনুসরণ করিলে চলিবে না. ভাবপ্রণোদিত হইরা দর্শন করিলেও চলিবে না—চাই সত্যের প্রতি অবলা নিষ্ঠা—চাই স্থপভা ৰা অপভা জাতিদিগের দৃষ্ট আচার ব্যবহার রীতি নীতির প্রতি শ্রদ্ধ। সদরে বিহেষ ভাব পোষণ করিয়া অন্ত জাতির সামাজিক ইতিহাস বা ভবিষ্য ইতিহাসের উপাদান সংগ্রহ করিতে যাওরা বিভরনা।

জ্ঞানালোকোন্তাসিত পাশ্চত্য মনীয়ীরা ভারতবর্ধের বিষর যাহা কিছু লিপিবদ্ধ করিরা গিরাছেন তাহাই বলাম্বাদ করিরা ও তাঁহাদের সেই সকল স্থরতি কুস্থম চরন করিরা মালা গাঁধিরা "সমলামরিক ভারত" নাম দিরা মালাকর যোগীন্দ্র বাবু একটী মালা লইয়া বল-ভারতীর পূজার ঘারে আজ উপস্থিত হইরাছেন। পূর্বেই বলিরাছি আলোচ্য থণ্ডে তিনি স্থপণ্ডিত ম্যাক্রিগুল পাদটাকা সংযোগ সহকারে প্রকাশ করিরা ধন্তবাদার্হ হইরাছেন। এই থণ্ডে তিনি রোম, গ্রীস ও প্রসিয়া মাইনরের মনীবিগণের লিখিত বিবরণ দিরাছেন। অবশ্ব তাঁহার এই সংগ্রহ ভারত ইতিহাসের

উপাদান মাত্র। তিনি সহত্বে মাল মসলা সংগ্রহ করিরা ভারতের ইতিহাস
নাই এই তুর্নাম প্রকালন করিবার জন্ত বন্ধ পরিকর হওরার আমাদের
আন্তরিক ক্বতজ্ঞতার ভাজন হইরাছেন। তিনি রত্তের সন্ধান দিয়াই ক্রান্ত
হন নাই, অদম্য উৎসাহে ভারত ইতিহাসের উপাদান সমূদ্রে নিমগ্গ হইরা
রত্ত্ব আহরণ করিয়া আমাদিগকে উপহার দিতেছেন। জানি না করে
কাহার বারা সর্বাদ্ধ স্থলর নরনাভিরাম ভারত-ইতিহাস-সৌধ নিম্মিত
হইবে? তবে গাঁহার হারাই এই কার্যা স্থসম্পার হউক না কেন বোগীরে
বাবু তাঁহার পথ সহজ সরল করিয়া দিয়া যাইতেছেন তাহা বলা বাহলা
মাত্র। ভগবানের নিকট আমাদের সাম্বন্ধ প্রার্থনা তিনি হবে শরীরে
আবন্ধ কার্যা সাম্বন্ধা লাভ কক্ষন।



# সূচী

	विवय			পৃষ্ঠা
ভূমি	কা ( শ্ৰীবৃক্ত বিস্থাভূষণ মহা-	ায় লিখিত)		/•
নিবে	<b>मन</b>	• • •	•••	>
51	হেরোডটস			59
२ ।	द्वोदवा	•••	•••	२२-५०७
৩।	প্লিনি	•••	•••	ン。8- <i>&gt;</i> ミ <del>も</del>
8	हेलियान	•••	•••	<b>&gt;</b> 29->8 <b>&gt;</b>
4 1	ক্সমস্ ইপ্তিকোপ্লিউসটিস	•••	•••	387-766
৬ ৷	বার্দেসানেস	• • •	•••	>64->65
9.1	পরফাইরিরস		***	>40->49
<b>b</b> 1	<del>জ</del> োহনেস <u>টোবেয়স</u>			748-74 <del>4</del>
۱ ډ	ভারন থ্রিসস্ট্রম			> <b>७१-</b> >७৯
> 1	কালিস্থিনিস	•••	•••	>90->92
>> 1	ক্লিমেন্স	• • •	•••	390
>२ ।	ওরিজেন	•••	•••	598
100	সেণ্ট জিরোমি		•••	>98
581	আর্কিলেরস		•••	396
>41	কেডুনস	•••	•••	594
201	क्रिनांत्र	•••	•••	>99
196	हिर्द्राक्रिम		•••	399
261	ডাউওনিসিয়স	•••	•••	39 <b>5</b> -56.

160	<b>ক্ষিলো</b> সট্রেটস		•••		シアノ-ファウ
२• ।	मानम .		•••		566-Pdc
२५ ।	দায়দরস সিকু	<b>শ</b> স	•••		366-566
२२ ।	भू ठाकं.			•••	4んくりんく
२०।	ক্রনটিয়াস .		•••	•••	661-461
२8 ।	পলিবিয়স .		•••		₹••
२६ ।	शरमनिव्रम .				२•५
२७।	<b>ভূ-প্রদক্ষিণ</b> .				२ <b>•२</b>
२१ ।			•••		२•७
२৮।	ভায়ন কাসিয়	न	•••	•••	₹•8
२२ ।	আমিয়ানাস ম	ার্দেশিনাস			ર•€
00 1	সেক্সটাস ওরি	লিয়াস ভি <b>ক্ট</b> র			२०७
0)	জোহনেস ম্যা	नन			२∙७
৩২	আপিয়ান		•••		२•१
७० ।	ইউসিবিয়স প	্যাম <b>কিলি</b>		•••	२•٩
98	প্রপারটিয়াস				₹•₩
001	হোরেদ	•••	•••		२•४
७७।	ভাৰ্জিল		•••	•••	२०৯
99	বিরোসাস	•••	•••	•••	२५•
	নিৰ্ঘণ্ট				376
					1,

## নিবেদন

"সমসাময়িক-ভারতের" প্রথম কল্প "প্রাচীন-ভারতের" প্রথমৰও প্রকাশিত হইল।

পাটনা কলেজের ভূতপূর্ব্ব অধাক্ষ এবং বিবিধ গ্রন্থ-প্রণেতা, মুপণ্ডিত ম্যাক্রিগুল সাহেব, গ্রীস ও রোমদেশীয় প্রাচীন গ্রন্থকারগণ প্রাচীন ভারতবর্ষ সম্বন্ধে যে সকল বুক্তাস্ত লিপিবদ্ধ করিয়াছিলেন, বা স্ব স্থ গ্রন্থে প্রাচীন-ভারত বিষয়ক যে সকল মস্তব্য প্রকাশ করিয়াছিলেন, ঐ সকল সংগ্রহ ও ইংরাজী-ভাষার অমুবাদ এবং গ্রন্থাকারে প্রকাশ করিয়া ভারতবাসী এবং বন্ধতঃ পৃথিবীর সকল দেশবাসীরই প্রভৃত উপকার সাধন করিয়াছেন। ভারতবাসীর উপকার করিয়াছেন, কারণ, আমরা প্রাচীন ভারতের একটা স্থন্দর চিত্র, বাহা আমাদের অন্তত্ত পাইবার সম্ভাবনা নাই, বা যাহা গ্রীকৃ ও লাটিন শিক্ষা দা করিলে অবগত হইতে পারি না. তাহা এই গ্রন্থগুলিতে দেখিতে পাই। আমরা এবং অপর দেশীয় সকলেই জানিতে পারি যে, প্রাচীন ভারত ঘোর তিমিরে আছের ছিল না। এই সকল বুত্তান্ত যে সকল চিত্র প্রতিভাত করে, অভীতের সেই মোহন চিত্র দেখিতে কাহার প্রাণে না অভূতপূর্ব্ব আমন্দরাশি উদ্ভূত হয় ? আবার যে কোন বৈদেশিকই হউন না কেন, প্রাচীন ভারতের এই সকল সমুজ্জল চিত্র, ভারতের **স্বর্ণ**যুগের কাহিনী পাঠ করিলে, তিনি আর ভারতকে অসভা বর্মরের দেশ বলিয়া মুণা করিতে পারেন না।

অধাপক ম্যাক্রিওল, গ্রীস্ ও রোমদেশীয় পুত্তকাদি হইতে এই

সকল বুজান্ত সংগ্রহ করিয়া, ক্রমে ক্রমে ছয় খণ্ডে প্রকাশ করিয়াছেন। মেগছেনিস (১) নামক প্রথিতনামা পাশ্চাত্য-প্রদেশীয় দৃত, তৎকালীন রাজচক্রবর্ত্তী চক্রপ্তেরের রাজ-দরবারে থাকিয়া, ভারতবর্ত্তের যে আলেথ্য চিত্রিত করিয়াছিলেন, সেই আলেথ্য এবং আরিয়ান নামক অন্ততমগ্রহকার যে বৃত্তান্ত লিপিবদ্ধ করিয়াছিলেন, তাহাই প্রথম থণ্ডে স্থান দিয়াছেন। দিত্তীর থণ্ডে, তিনি "ইরিথিয়ান সাগরের" (২) বাণিজ্যক-বিবরণ এবং উল্লিথিত আরিয়ানের শেষাংশ গ্রাথিত করিয়াছেন। ভৃতীয় থণ্ডে, ম্যাক্রিগুল টিসিয়াস (৩) বর্ণিত ভারতবর্ষের প্রাচীন

<sup>(</sup>১) সিরিয়া-রাজ সেলুকাস কর্ত্ক প্রেরিত দৃত। ইনি অনেকদিন মগধ-রাজ চক্রগুপ্তের দরবারে বাস করিয়া অনেক বৃত্তান্ত সংগ্রহ পূর্ব্বক ("Indica") ইণ্ডিকা নামে এক ম্প্যবান পুস্তক প্রণয়ন করিয়াছিলেন। মেগছেনিসের বর্ণনাপাঠে তৎকালীন ভারতের স্থন্দর চিত্র পাওয়া যায়। 'নিবেদনে' অনেক স্থলে, মেগছেনিসের বৃত্তান্তের উল্লেখ করা হইয়ছে। আমরা শীঅই মেগছেনিসের "ইণ্ডিকা"র বঙ্গান্ধান পাঠকবর্গের সম্মুখে উপস্থিত করিব।

<sup>(</sup>২) যথন মিসরদেশ বোমকগণের অধিকার-ভূক্ত ছিল, তথন ভারত্তবর্ধের সহিত মিসরের ঘনিষ্ঠ বাণিজ্য-সম্পর্ক ছিল। প্রাচীন গ্রীক্ ও বোমকগণ আফ্রিকার উপকূল হইতে পূর্কাঞ্চলের সমুদ্রের যতথানি ক্রাত ছিলেন, উহাকে "Erythræan Sea" বা ইরিথ্রিয়ান সাগর নামে অভিহিত করিতেন। সম্ভবতঃ, প্রাচীন গ্রীকেরা লোহিতসাগরত্ব প্রাণালীগুলিকে Erythra (ইরিথা) নামে অভিহিত করিতেন বলিয়াই, সমুদ্রকে প্রকাশ আখ্যা প্রদান করা হইয়াছিল। পারজ্যোপ-সাগরকেও এই ইরিথ্রিয়ান সাগরের অস্তর্ভুত করা হইত। "Periplus of the Erythræan Sea" বা "ইরিথ্রিয়ান সাগর প্রদক্ষিণ" নামক একখানি প্রাচীন পুস্তকে মিসর ও পূর্বাঞ্চলের বাণিজ্যের সঠিক বৃত্তান্ত পাওয়া যায়।

<sup>(</sup>৩) লিভিয়াবাসী টিসিয়াসই সর্বপ্রথমে ভারতবর্ষ সম্বন্ধ এক পুস্তক প্রথমন করেন। প্রস্থানি পাওরা যায় না; অংশ বিশেষ মাত্র আমাদিগের হস্তগত ইইয়াছে।

বৃত্তান্ত, চতুর্থ থণ্ডে টলেমি (৪) নামক স্থপ্রতিষ্ঠিত লেথক কর্তৃক বিবৃত বর্ণনা, পঞ্চম থণ্ডে আরিয়ান (৫), কার্টিয়াস্ (৬), দায়দরস সিকুলাস (৭), প্লুটার্ক (৮) এবং বাষ্টিনাস্, মহাবীর আলেক-জান্দারের (৯) ভারত-আক্রমণ সম্বন্ধে, বে বিবরণ লিপিবদ্ধ

<sup>(</sup>৪) স্থানিদ্ধ ভৌগোলিক ও জ্যোতিরিবং। ইনি খৃষ্টীয় দ্বিতীয় শতান্দীতে লক্ষ গ্রহণ করেন। টলেমির "ভূলোল" নামক পুস্তক অতি মৃল্যবান।

<sup>(</sup>৫) আরিয়ান নামক গ্রীসদেশবাসী ঐতিহাসিক, আলেকজান্দারের অভিযান সম্বন্ধে এক পুস্তক প্রণয়ন করিয়াছিলেন। ইনিও ধৃষ্টীয় বিতীয় শভান্দীতে জন্ম গ্রহণ করিয়াছিলেন।

<sup>(</sup>৬) কাটিয়াস আলেকজালারের জীবনী লিখিয়াছেন। ইহার সম্বন্ধে বিশেব কিছু অবগত হওয়া যায় না। অনেকের মতে ইনি প্রথম শতাব্দীর মধ্যভাগে প্রসিদ্ধি লাভ করিয়াছিলেন। কাটিয়াসের পুস্তক দশ খণ্ডে বিভক্ত ছিল, কিছু বর্তমানে প্রথম হুই খণ্ডের কোন নিদর্শন পাওয়া যায় না। অন্ত আট খণ্ডের অংশ বিশেষ মাত্র পাওয়া যায়। গ্রন্থে শ্রম প্রমাদ থাকিলেও লেখকের বর্ণনা হাদয়গ্রাহী।

<sup>(</sup>१) ইহার বুতাস্ত এই গ্রন্থে উদ্বত হইয়াছে।

 <sup>(</sup>৮) প্লটার্ক গ্রীদের অন্তর্গত বীয়োসিয়া প্রদেশে বাস করিতেন। প্লটার্ক লিখিত "জীবনী" অমূল্য পুস্তক। যাষ্ট্রনাস বোমদেশীয় ঐতিহাসিক।

<sup>(</sup>৯) মাসিদনাধিপতি আলেকজান্দারের অভিযানের বৃত্তান্ত সকলেই অবগত আছেন। আলেকজান্দারের অভিযানের ফলে ভারতবর্ধ যে পান্চাত্যদেশ সমূহের সহিত অধিকতর ঘনিষ্ট-বন্ধনে আবদ্ধ হয়, তিথিয়ে বিন্দুমাত্রও সন্দেহ নাই। প্রশ্রেসিদ্ধ ঐতিহাসিক বেভারিজ সভাই বিলয়াছেন—"Such exploits once deemed the only avenues of fame, are now judged more easily. Still it is impossible to deny that conquerors were often in early times pioneers of civilization, commerce following peacefully along this bloody tract and compensating for their devastation by the blessings which it diffused. Such was certainly the result of the Indian Expedition

করিরাছেন এবং ষষ্ঠ বা শেষ খণ্ডে গ্রীস ও রোমদেশীর অস্তান্ত গ্রছে, প্রাচীন-ভারত সম্বন্ধীর যে সকল কথা উল্লিখিত চইরাছে, তাহাই সংগ্রহ করিরা প্রকাশ করিরাছেন। আমরা বদীর পাঠকবর্গের সমূথে সর্ব্ধ-প্রথমে ম্যাক্রিগুলের ষষ্ঠ খণ্ডের বর্ণিত আধানগুলি উপস্থিত করিতেছি।

ষষ্ঠ থণ্ডের বুজাস্ত নিম্নলিখিত গ্রন্থাদি হইতে সংগৃহীত হইরাছে।

প্রথম,—হেরোডটস ( ১ • ) নামক স্থপ্রসিদ্ধ গ্রীস্দেশীর ঐতিহাসিক, ( বাঁহাকে "Father of History" বলিরা আখ্যাপ্রদান করা হর ) ভারতবর্ষ সম্বন্ধীয় কোন কোন বৃত্তান্ত, উাঁহার ইতিহাসে উল্লেখ করিরাছেন। এই সকল বৃত্তান্ত, এই বঠ খণ্ডে প্রথম স্থান পাইরাছে।

দিতীয়ত:,— ট্রাবো নামক ভৌগোলিক, তাঁহার ভূগোলের পঞ্চদশ থণ্ডে ভারতবর্ষের কথা লিপিবন্ধ করিয়াছেন; ইহাও, এই গ্রন্থে উদ্ধৃত হইয়াছে।

ভৃতীয়ত:,—প্লিনি নামক প্রথিতনামা দার্শনিক, তাঁহার ইতিহাসে ভারতবর্ষের ভৌগোলিক বৃস্তাস্ত ও উৎপন্ন দ্রবাদির বিবরণ দিয়াছেন;

of Alexander; and therefore, while reprobating the motives in which it originated, we cannot but rejoice that it was so overruled by Providence as to be productive of most important valuable results." অর্থাৎ আলেকভান্দারের অভিযানের জন্ম যে বাণিজ্য-বিস্তৃতি ও অক্তান্ত মহোপকার সাধিত হইয়াছিল, সে বিষয়ে কোন সন্দেহই নাই।

<sup>(</sup>১০) হেরোডটাসের গ্রন্থে ভারতবর্ধ সম্বন্ধে বাহা উল্লিখিত হইরাছে, তাহা এই পুস্তকে প্রথম স্থান পাইয়াছে। ট্রাল্লো, ইলিয়ান প্রাভৃতির বিবরণ ও এই সংহল গ্রন্থকারের সংক্ষিপ্ত জীবনীও গ্রন্থমধ্যে লিখিত হইয়াছে বলিয়া আময়া এই স্থানে আর পৃথক্ বিবরণ সন্নিবেশিত করিলাম না।

অধ্যাপক ম্যাক্রিণ্ডল ইহাও সংগ্রহ করিরা, এই গ্রন্থের অন্তর্ভূতি করিরাছেন।

চতুর্থতঃ,—ইলিয়ান নামক গ্রন্থকার ভারতবর্ধের পশাদির কথা স্বর্মচিত গ্রন্থে উল্লেখ করিয়াছেন; ইহাও এই ষষ্ঠ খণ্ডে স্থান পাইয়াছে।

পঞ্চমত:,—রোমক-সম্রাট্ কনষ্টাণ্টাইনকে ( ১১ ), একজন অজ্ঞাত-নামা গ্রন্থকার "আলেকজান্দারের পর্যাটন-কাহিনী" নামক এক স্থলিখিত গ্রন্থ উৎসর্গ করিয়াছিলেন। এই কাহিনীও ম্যাক্রিণ্ডলের গ্রন্থ-ভুক্ত হইরাছে।

ষষ্ঠতঃ,—কসমস নামক এক গ্রন্থকার, তাঁহার গ্রন্থে তাপ্রোবেণ বা লকাখীপের চিত্তাকর্ষক বর্ণনা লিপিবদ্ধ করিয়াছেন। ইহাও সংগৃহীত হইয়াছে।

সপ্তমতঃ,—জ্বনেকগুলি গ্রন্থে, ভারতীয় ব্রাহ্মণ ও বৌদ্ধগণের অব্লবিস্তর বর্ণনা আছে। বার্দেসানেদ নামক এক গ্রন্থকার ভারতীয় দার্শনিকগণের চিত্র চিত্রিত করিয়াছেন। অন্তর্ত্ত, তিনিই ভারতীয় ব্রাহ্মণগণের বর্ণনা করিয়াছেন। পলোবিয়দ্ নামক অন্ততম গ্রন্থকার ভারতীয় স্থাতি সকলের, বিশেষতঃ ব্রাহ্মণগণের বৃত্তাস্ত স্বীয় গ্রন্থে লিপিবদ্ধ করিয়াছেন। এতদ্বাতীত, আরও অনেক গ্রন্থকার, অনেক স্থলে ভারতীয় আখ্যানাবলী বর্ণনা করিয়াছেন। ষষ্ঠ থণ্ডে, এই সকল বৃত্তাস্তই অস্তর্ভূত করা ইইয়াছে।

অষ্টমতঃ,—লেমনস নগরবাসী ফিলোসট্রেটস নামক গ্রন্থকার আপলো-নিম্নাসের এক জীবনী প্রাণয়ন করিয়াছেন; এ পুস্তকেও ভারতবর্ষের উল্লেখ থাকাতে, ইহা যঠ থাওে স্থান পাইয়াছে।

নবমতঃ,--নোনস নামক জনৈক গ্রন্থকার, তাঁহার পুস্তকে ব্যাকাস্-

<sup>(</sup>১১) কনপ্তান্টাইন দি প্রেট নামক স্থবিখ্যান্ত বোমক-সম্রাটের পুত্র, দ্বিতীয় কনপ্তান্টাইন।

কর্ত্ব ভারত-বিজ্বের কাহিনী বর্ণনা করিয়াছেন। নোনসের গ্রন্থের এই অংশও সংগৃহীত করা হইয়াছে।

দশমতঃ,—দায়দরস সিকুলাস পৃথিবীর যে ইতিহাস প্রণয়ন করিয়া-ছিলেন, তন্মধ্যে 'সতী'র বৃত্তাস্ত লিপিবদ্ধ করিয়াছেন। ইহাও এই থওে স্থান পাইয়াছে।

একাদশতঃ,—উপর্যুক্ত অষ্টম, নবম, দশম ও একাদশ ব্যতীত অস্তাপ্ত কয়েকথানি গ্রন্থে প্রাসন্ধিক ভাবে ভারতের কথা উল্লেখ করা হইরাছে। ইহাও সংগ্রহ করিয়া পাঠকের সম্মুখে উপস্থিত করা হইরাছে।

অধ্যাপক ম্যাক্রিপ্তল এই ষষ্ঠ খণ্ডের যে ভূমিকা লিখিয়াছেন, তাহাতে এই সকল বর্ণনার আবশ্যকতা ও মূল্য প্রভৃতির আলোচনা করিয়াছেন। তিনি বলিতেছেন, মুসলমান আক্রমণের পূর্ব্বে ভারতবর্বের অনেক বৃত্তান্ত পাওয়া যায় না। ভারতবাসীরা নিজেরা ইতিহাস লিখিতেন না। যদিও তাঁহারা দর্শন, কাব্য এবং বিজ্ঞান-বিষয়ক ভূরি ভূরি মূল্যবান্ পুত্তক প্রণয়ন করিয়াছিলেন, তত্রাপি ঐতিহাসিক কোন পুত্তকই তাঁহাদের নিকট হইতে পাওয়া যায় নাই। প্রাচীন হিল্পগের মধ্যে রাহ্মণগণই পণ্ডিত ও উচ্চশিক্ষিত ছিলেন। কিছু তাঁহারা পরম পিতার ধ্যানে এবং এই সম্বন্ধীয় আধ্যাত্মিকভাবে এয়ণ লিগু থাকিতেন বে, অস্থান্ত কোন বিষয়েই আবদ্ধ থাকিতেন না। এইজন্ত তাঁহারা অত্যাবশুক ঘটনাপ্তলিও লিপিবদ্ধ করেন নাই। দৃষ্টান্ত-স্বয়প, ম্যাক্রিপ্তল আলেকজালারের অভিযানের কথা উল্লেখ করিয়া বিলয়াছেন বে, কোন সংস্কৃত-গ্রান্থেই ইহার বিবয়ণ বা উল্লেখ পাওয়া যায় না। যে সকল গ্রীক্-ব্যাকট্রয়ান (১২) নরপতি

<sup>(</sup>১২) অশোকের মৃত্যুর পরে, সীমাস্কপ্রদেশগুলি এক প্রকার স্বাধীন চইরা

আফগানিস্থান বা উত্তর-ভারতের প্রান্তদেশে রাজত্ব করিতেন, সংস্কৃতপ্রন্থে করিয়া, রান্ধণ-ধর্ম প্রতিষ্ঠিত হইল, তাহারও কোন বিশেষ
নিদর্শন কোন গ্রন্থে পাওয়া যায় না। এই সকল দৃষ্টান্ত দ্বারা সহজ্বেই
উপলব্ধি হয় যে, ভারতীয় প্রাচীন ইতিহাস গভীর তমসাচ্চন্ত ছিল এবং
প্রীস্ ও রোম দেশীয় ইতিহাস ও পুন্তকাদিতে যে সকল বর্ণনা পাওয়া
যায়, তাহা বস্তুত:ই অতীব মূল্যবান। ম্যাক্রিপ্তল বলেন যে, এই সকল
প্রীক্ ও রোমান গ্রন্থকারের বর্ণনা না থাকিলে তংকালীন ভারতীয়
ইতিহাসের কোন উপাদানই পাওয়া যাইত না। অধিকন্ত, এই সকল
উপাদান সংগ্রহ ও বিক্রাস করিয়াই প্রাচীন ভারতের একটী ইতিহাস
পাওয়া যাইতে পারে।

মাক্রিগুল যে সকল বৃত্তান্ত সংগ্রহ করিরাছেন, উহাকে সাধারণ ভাবে ছই শ্রেণীতে বিভক্ত করা বাইতে পারে। প্রথম,—যে সকল লেথক পৃষ্টীর শতান্দী আরম্ভ হইবার পূর্ব্বে নিজ নিজ পুততক প্রণায়ন করিরা ছিলেন এবং দিতীয়তঃ,—গাহারা উহার পরে প্রণায়ন করিরাছিলেন। আমরা প্রথমতঃ, প্রথম শ্রেণীর গ্রন্থকারদিগের বিষয় আলোচনা করিব।

এই প্রথম শ্রেণীস্থ গ্রন্থকারদিগকে চুই তাগে বিভক্ত করা যাইতে পারে। প্রথম থাহারা আলেকজান্দারের অভিযানের পূর্বের স্ব স্ব

উঠে; ইহাৰ ফলে ইহাৰ। ৰাকটিয়া ও পাৰ্থিয়াৰ বাজগণের অধীনস্থ হয়। "The regions of the North-West frontier, when no longer protected by the arm of a strong paramount native power in the interior afforded a tempting field to the ambition of the Hellenistic princes of Bactria and Parthia." (Vincent Smith: Early History of India: Second Edition. p 206).

প্রস্থ লিপিবন্ধ করিয়াছিলেন এবং দ্বিতীয়, যাঁহারা অভিযানের পরবর্ত্তী কালে গ্রন্থ প্রকাশ করিয়া ছিলেন। শেষোক্ত লেধকগণ উক্ত অভিযানের ফলে অধিকতর বিশাদযোগ্য বৃত্তান্ত-সংগ্রহে সক্ষম হইয়াছিলেন। যাহা হউক, প্রথমোক্ত শ্রেণীয় প্রথম বিভাগে নিয় লিখিত গ্রন্থকার ও তাঁহাদের গ্রন্থাদির বিষয় উল্লেখ করা যাইতে পারে।

প্রথম—কারিয়ান্দা নিবাসী স্বাইলাস্ক (১৩) লিখিত বৃত্তান্ত। স্বাইলাস্ক কাদপেটিরস হইতে সিন্ধুনদ দিয়া সমুদ্রে গৌছিবার বৃত্তান্ত লিপিবন্ধ করিয়াছিলেন। পারস্তারান্ধ দারিয়াসের আদেশামুযায়ী এই সমুদ্র-যাত্রা সংঘটিত হইয়াছিল।

দ্বিতীয়—মিলেটাস নগরবাসী হেকটিয়াস (১৪) লিখিত "ভূগোলে" ভারতীয় অনেক স্থানের নামোল্লেখ পাওয়া যায়।

তৃতীয়—হেরোডটাসের ইতিহাস।

চতুর্থ-খৃষ্টীয় চতুর্থ পূর্বে শতাব্দীতে টিসিয়াস নামক এক গ্রন্থকার "ইণ্ডিকা" নামক পুস্তকে, ভারতবর্ষ সম্বন্ধে অনেকগুলি অত্যভূত কাহিনীর বর্ণনা করিয়াছেন।

টিসিয়াসের বর্ণনা প্রকাশিত হইবার প্রায় ৭০ বৎসর পরে আলেক-ক্লান্দারের অভিযান-ব্যাপার নির্বাহিত হয় এবং অভিযানান্তর্গত গ্রীসীয়গণ এই সকল নরপভিগণমধ্যে ইউথিডিসম এবং তৎপুত্র ডেমেট্রিয়াস সমধিক উল্লেখযোগ্য। ডেমেট্রিয়াস কাবুল, পাঞ্জাব এবং সিক্ক-ক্সের সক্ষম ইইয়াছিলেন

(১৩) স্কাইলাস্ক, এসিয়া-মাইনবের অস্তর্গত কারিয়ান্দা নগরে বাস করিতেন। ইনি পারস্তরান্ধ দারিয়াস হিষ্টান্দিসের আদেশে নৌপথে সিন্ধুনদ দিয়া, ভারত মহাসাগর ও লোহিত সাগর অতিক্রম ক্রিয়া স্বদেশে উপস্থিত চইয়াছিলেন।

এবং "ভারতীয় রাজা" (King of the Indians") নামে আখ্যাত হইতেন।

(১৪) হেকটিয়াস মিলেটাস নগরবাসী ছিলেন। সম্ভবত: ইনি খৃষ্টীয় পঞ্ম পূর্ব্ব শতাকীতে জীবিত ছিলেন। ইহার রচিত গ্রন্থগুলি বিনষ্ট হইয়াছে। টিসিয়াসের বর্ণনা কতদুর সত্য তাহার স্বম্পষ্ট আভাস পাইয়াছিলেন। মহাবীর মাদিদনাধিপতির অভিযান অনেক গ্রন্থকারের মতে কেবল "সামরিক" অভিযান মাত্র নহে : এই অভিযানের ফলে প্রাচ্য ও প্রতীচ্যে যে ঘনিষ্টতর সম্পর্ক ঘটিয়াছিল, সে বিষয়ে বিন্দুমাত্রও সন্দেহ নাই (১৫)। স্বয়ং আলেকজানদার প্রসিদ্ধ দার্শনিক আরিষ্টটলের শিয়া ছিলেন এবং আলেকজান্দারের কর্মচারীদিগের মধ্যেও অনেক স্থাশিক্ষিত ব্যক্তি ছিলেন। ইহাদের মধ্যে কেহ কেহ অভিযান-সংক্রান্ত বুত্তান্ত লিপিবদ্ধ করিয়াছেন। কেহ কেহ সৈতাবাহিনী যে সকল দেশ দিয়া গমনাগমন করিয়াছিল, ঐ সকল দেশের আচার ব্যবহার বর্ণনা করিয়া গিয়াছেন। এই সকল কর্মচারীরন্দের মধ্যে টলেমী, আরিষ্টবুলস, আলেকজান্দারের নাবধাক নিয়াকাস, রণতরী-পরিচালক অনিসিক্রিটস, মাসিদনাধিপতির সেক্রেটারী ইউমিনিস এবং কারেস, কালিস্থিনিস, ক্লিটার্কাস, পলিক্লিটাস, আনাম্বিমিনিস, ভিত্তনিটাস, বিটন এবং কির্সিলাস (১৬) প্রভৃতি কর্ম্মচারীবৃন্দ বিশেষভাবে উল্লেখযোগ্য। এই সকল লেথক-গণের বৃত্তান্ত হইতে, তৎকালীন ভারতের অনেক বৃত্তান্ত অবগত হওয়া যায়।

<sup>(</sup>১৫) এ বিষয় স্থামরা পূর্বের ঐতিহাসিক বেভারিজ সাহেবের মত্যেদ্ধৃত করিয়াছি।

<sup>(</sup>১৬) আরিপ্রবৃদ্দ আলেকজান্দারের অভিযানে সহযাত্রী ইইরাছিলেন।
ইনি মাসিদনাধিপতির জীবনী প্রথমন করিয়াছিলেন। নিয়ার্কাস জালেকজান্দারের নাবধ্যক্ষ ছিলেন। অনিসিক্রিটস গ্রীকদেশীর ইজিনা নিবাসী।
অনিসিক্রিটস আলেকজান্দার কর্ত্ব দার্শনিকগণের নিকট প্রেরিত হইয়াছিলেন।
এই বৃত্তান্ত গ্রন্থমধ্যে উল্লিখিত হইয়াছে। ইনিও আলেকজান্দারের একথানি
জীবনী প্রণয়ন করিয়াছিলেন। ইউমিনিস আালেকজান্দারের সেক্রেটারী ছিলেন।
অক্তান্ত ব্যক্তিগণ আলেকজান্দারের কর্ম্মচারীরূপে ভারত-অভিযান ব্যাপারে
বোগদান করিয়াছিলেন।

ইহাদের পরে, মেগস্থেনিস, ডিমাকস্ (১৭) এবং ডাইওনিসিয়াস সিরিয়া ও মিসর হইতে দৃত স্বরূপ ভারতবর্ষে প্রেরিত হইয়াছিলেন (১৮)। ইঁহারাও ভারতবর্ষের অনেক রন্তান্ত রাথিয়া গিয়াছেন। স্থবিধার মধ্যে এই সকল ব্ভাস্তগুলি অধিকতর বিশ্বাসযোগ্য: কারণ, ইঁহারা স্বচক্ষে ষাহা দেখিয়াছেন, বা স্বকর্ণে যাহ। শুনিয়াছেন, তাহাই স্ব স্থ পুত্তকে লিপিবদ্ধ করিয়াছেন। বস্তুতঃ ইহারাই সর্ব্যপ্রধান ভারতের সঠিক বৃত্তান্ত অক্সান্ত জাতির নিকট উপস্থিত করিয়াছিলেন এবং সেজক্স তাঁহারা বিশেষ ধন্মবাদের পাত্র। আলেকজান্দারের কর্মচারিগণ ভারতের সীমান্ত প্রদেশ মাত্রই দেখিয়াছিলেন, কিন্তু পরবর্ত্তী গ্রীকদৃতগণ তৎকালীন উত্তর ভারতের রাজধানী পাটলিপুত্র পর্যান্ত ভ্রমণ করার, প্রথমোক্ত লেথকগণ অপেক্ষা যে অধিক বুত্তান্ত সংগ্রহে সক্ষম হইয়াছিলেন, তি বিবরে সন্দেহের কোন হেতু দেখা যায় না। মেগস্তেনিসের বর্ণনা হইতেই বর্ত্তমান পাটনা বা তৎকালীন পাটলিপত্রের (গ্রীক বর্ণিত পালিবোথা) বৰ্ণনা পাওয়া যায় এবং তাঁহারই বর্ণনামুষায়ী পাটলিপুত্র যে বর্ত্তমান পাটনা, তাহারও নির্দেশ পাওয়া গিয়াছে। মেগস্থেনিস পাটলিপুত্রেই চন্দ্রগুপ্তের ( গ্রীক "সাক্রাকোটাস") দরবারে বাস করিতেন এবং

<sup>(</sup>১৭) ডিমাকস—মেগন্তেনিসের স্বদেশ-প্রত্যাগমনের পরে ডিমাকস্
চন্দ্রগুপ্তের রাজ-দরবারে দৃতরূপে নিযুক্ত হইরাছিলেন। ইনিও মেগন্তেনিসের পস্থামুসারে ভারতীয় রীতি নীতি পর্যাবেক্ষণ করিয়া লিপিবছ করিয়াছিলেন; কিন্তু, তু:খের বিষয় এই বর্ণনার স্বন্ধাংশই আমাদের হক্তগত হইয়াছে।

<sup>(</sup>১৮) মিসরাধিপতি টলেমি ফিলাডেলফস ইহাকে দৃত-স্বন্ধপ ভারতবর্ষে প্রেরণ করেন। ইনিও ভারতবর্ষের এক বর্ণনা প্রণয়ন করেন। ইহার সময় বিন্দুসার কি অশোক রাজ্য করিয়াছিলেন, তাহার নির্দেশ পাওয়া বার না। "It is uncertain whether Dionysius presented his credentials

নেলুকাদ-ছহিতা চন্দ্রগুপ্ত-মহিনীর সহিত সাক্ষাতকালে অনেক বৃত্তান্ত সংগ্রহ করিতে সক্ষম হইরাছিলেন। এই স্থানে অবস্থান কালীন, তিত্ত্বি বে সকল বৃত্তান্ত সংগ্রহ করেন তাহাই তাঁহার স্থপ্রসিদ্ধ "ইণ্ডিকা" (১৯) নামক পুস্তকে প্রকাশিত হইরা, তৎকালীন ভারতের, ভারতীর স্বর্ণয়্বেপ্র এক পরিক্ট চিত্র রাধিয়া গিরাছে।

মেগস্থেনিসের ইণ্ডিকা হইতে, পরবর্তী আনেক লেখক ভারতবর্ষের কথা সঙ্কলন করিয়া নিজ নিজ গ্রন্থে উল্লেখ করিয়াছেন। কিন্তু মেগস্থেনিসের সমসাময়িক কালে, এমন কি পরবর্তী কালেও আনেক দিন পর্যান্থ তাঁহার বৃত্তান্ত কেহই বিশাস্থানাগ্য বলিয়া বিবেচনা করিতেন না। ট্রাবো তাঁহাকে আনেকবার 'মিথ্যাবাদী' বলিয়া আখ্যাত করিয়াছেন বটে, কিন্তু ট্রাবোও মেগস্থেনিসের গ্রন্থ হইতে, নিজ গ্রান্থে ভারতীয়-চিত্র উদ্ভূত করিতে বিন্দুমাত্রও দ্বিধা বোধ করেন নাই। ট্রাবোর অবিশাসের প্রধান কারণ এই যে, মেগস্থেনিস তাঁহার ইণ্ডিকা গ্রন্থে আনেকগুলি শাস্তুত বিবরণ লিপিবদ্ধ করিয়াছেন। কিন্তু, এই সকল অন্তুত বৃত্তান্ত সংস্কৃত গ্রন্থানিতে দৃষ্ট হয়। স্থতরাং পরিদ্ধার ভাবেই দেখা যাইতেছে যে, মেগস্থেনিস, চক্রপ্রেরের রাজধানীতে বাসকালীন লোকপরন্পরায় এই সকল মন্থ্যের কথা অবগত হইয়াই উহাদের বর্ণনা নিজ গ্রন্থে উল্লেখ করিয়াছেন। যাহা হউক, বর্ত্তমানে সকলেই মেগস্থেনিসের বৃত্তান্ত বিশাস্থাগ্য বলিয়া গ্রহণ করেন।

to Bindusara or to his successor, Asoka." (Vincent Smith: Early History of India, Second Edition p 109).

<sup>(</sup>১৯) মেগস্থেনিস প্রণীত 'ইণ্ডিকা' আমরা পূর্কেই উল্লেখ করিয়াছি। ইণ্ডিকায় চিত্রিত বর্ণনার সহিত চাণক্য প্রণীত অর্থশাল্পের বর্ণনার বধেই সাদৃভ আছে। (১) পাদটীকা দ্রইব্য।

ভিমাকস নামক অক্ততম গ্রীসীর দৃতও ভারতবর্ষ সম্বন্ধে এক পুস্তক প্রণারন করিয়াছিলেন; কিন্তু এই পুস্তক সম্বন্ধে বিশেষ কিছুই অবগত হওয়া বার না। এই মাত্র অবগত হওয়া বার যে, ভিমাকদের পুস্তক ছুই থণ্ডে বিভক্ত ছিল এবং ভারতবর্ষের আয়তন সম্বন্ধে (২০) তিনি অতিরঞ্জিত বর্ণনা করিয়াছিলেন। টলেমি ফিলাডেলফিয়াস্ কর্তৃক প্রেরিত দৃত, ডাইওনিসিয়াস্ সম্বন্ধেও বিশেষ কিছু জানা বার না।

মেগছেনিদের গ্রন্থ-রচনার কিছুকাল পরে, পাট্টোক্লিদ নামক অন্ততম প্রস্থকার ভারতবর্ধ, কাম্পিয়ানসাগর প্রভৃতি প্রদেশ সম্বন্ধে এক গ্রন্থ কিষিছিলেন। পাট্টোক্লিদ প্রথমতঃ সেলুক্স নিকেটর (২১) এবং পরে, প্রথম আটিয়োকদের কর্মচারীক্রপে কাম্পিয়ানসাগরন্থ প্রদেশ শাসন করিয়াছিলেন। ত্রাবা পাট্টোক্লিদের বর্ণিত বৃত্তান্ত হইতে অনেক বিবরণ সম্বলন করিয়াছিলেন। তৎকালে পাট্টোক্লিদের বৃত্তান্ত অভ্যন্ত বিশ্বাসযোগ্য বলিয়া বিবেচিত হইত এবং ট্রাবো ও আলেকজান্তিয়ান্থ প্রকালয়ের অধ্যক্ষ ইরাটস্থিনিস্, পাট্টোক্লিস লিখিত পুস্তকের যথেষ্ট প্রশাস্থা করিয়াছেন। ইরাটস্থিনিস্ ভারতবর্ষ সম্বন্ধে তাঁহার ভূগোলে বে সকল বৃত্তান্ত লিপিবছ করিয়াছেন, তাহা সত্য বলিয়া গ্রহণ করা যাইতে পারে না। দৃষ্টান্ত স্বন্ধপ বলা বাইতে পারে যে, ইরাটস্থিনিস্ ভারতবর্ষ প্রির্বাছেন।

পলিবিয়াদ্ নামক অন্ততম গ্রন্থকার পূর্ব্বগৃষ্টীয় দ্বিতীয় শতাব্দীর ধ্যভাগে (১৪৪ পূর্ব্ব গৃষ্টাব্দে) যে পৃক্তক প্রণয়ন করেন, তাহাতে

<sup>(</sup>२०) द्वीरतात वर्गना छडेता। अहे बाह्य वशास्त्रात छेक्छ कता हहेताहा।

<sup>(</sup>২১) আলেকজান্দরের অন্ততম সেনাপতি। আলেকজান্দারের মৃত্যুর পরে ইনি সিরিয়া দেশে এক স্বাধীন রাজ্য-ছাপনে সক্ষম হইরাছিলেন। ইনিও চন্দ্রগুপ্তের বিক্তমে মুক্ত করিয়া পরাজিত ইইরাছিলেন। (১) পাদটীকা এইবা।

খুব সম্ভবতঃ প্রাচীন ভারতবিষয়ক মৃল্যবান বৃত্তান্ত ছিল। কিন্ধ, ছঃধের বিষয় পলিবিয়াদের গ্রন্থের কোন চিহ্ন মাত্র নাই বলিলেও অত্যক্তি হয় না। এই অমূল্য পুস্তকের সামান্ত কয়েক পংক্তি মাত্র অবশিষ্ঠ আছে।

ইফিনাস নগরবাসী আটিমিদোরাস্ ১০০ পূর্ব্ব থৃষ্টাব্দে তাঁহার "ভূগোলে" ভারতবর্ষের কিছু কিছু বৃত্তান্ত উল্লেখ করিয়াছেন। কিন্তু, ইহাতে বিশেষ কিছু বিবরণ পাওয়া যায় না।

ফলতঃ দেখা বাইতেছে যে, মেগস্থেনিসের পরে আমরা প্রাচীন ভারতসম্বন্ধে যে সকল বৃত্তান্ত পাই, তাহা বিশেষ মৃল্যবান নহে এবং তাহাতে আমাদের আকাক্ষারও তৃত্তি হয় না।

অতংপর, আমরা থৃষ্টের মৃত্যুর পরে যে সকল গ্রন্থকারের গ্রন্থমধ্যে ভারতবর্ধ-সংক্রোন্ত বিবরণাদি পাই, সেই সকল আলোচনা করিব।

ছু:থের বিষর এই সকল গ্রন্থকারই ভারতবর্ষ সম্বন্ধে যে সকল বিবরণ দিরাছেন, সে সকল ইঁহারা বিশেষ অনুসন্ধান না করিরাই লিপিবদ্ধ করিরাছেন। বিশেষতঃ, এই সকল গ্রন্থকারদের মধ্যে ভারতবর্ষকে কেহই চক্ষে দেখেন নাই। তবে, যতদুর বোধগম্য হয়, তাহাতে পেরিল্লাসের গ্রন্থকার এবং কসমসের লেখক সন্তবতঃ লক্ষা এবং মালবার প্রদেশের উপকৃলে আসিরাছিলেন। এই উভয় গ্রন্থকারই নিজ নিজ গ্রন্থে আনেক আবশ্রুক বিষয় লিপিবদ্ধ করিয়া গিয়াছেন এবং তাহাতে আমাদের প্রাভৃত উপকার হইয়াছে।

পেরিপ্লাসের গ্রন্থকার কে তাহা নির্ণয় করা হংসাধ্য এবং তিনি কোন্
সমরে নিজ গ্রন্থ লিপিবদ্ধ করিয়াছিলেন, সে সম্বন্ধেও মথেষ্ট মতভেদ
আছে। সে যাহা হউক, তাঁহার গ্রন্থ যে মৃল্যবান, সে সম্বন্ধ কোন

মতভেদ নাই। পেরিপ্লাদ ব্যতীত, প্লিনি, ভৌগোলিক টলেমি এবং আরও ২।১ জনের লিখিত পুস্তকে ভারতবর্ধের কথা দেখিতে পাই। পেরিপ্লাদ ও টলেমি পাঠে ভারতীয় ভূগোল ও বাণিজ্যের জনেক কথা অবগত হওয় যায়। টলেমি লক্ষা দ্বীপের জনেক বিবরণ সংগ্রহ করিয়া ছিলেন; তবে, তিনি ভারতবর্ধের যে মানচিত্র প্রকাশ করিয়াছিলেন, ভাহাতে যথেপ্ট ভ্রম প্রমাদ আছে। টলেমির ভূগোল ব্যতীত আরও করেকথানি গ্রন্থে ভারতীয় ভৌগোলিক বৃস্তান্ত পাওয়া যায়। পম্পোনিয়াদ মেলা, সলিনাদ, ভাইওনিসিয়াদ এবং মার্কিয়ানাদের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। সম্ভবতঃ ৪২ খুটালে মেলা তাঁহার পুস্তক প্রণায়ন করিয়া ছিলেন কিন্ধ তাঁহার বর্ণনা হৃদয়গ্রাহী নহে। সলিনাদ ২৩০ খুটালে নিজ পুস্তক প্রকাশ করিয়াছিলেন; তিনি প্লিনি লিখিত বৃস্তান্তের উপরই নির্ভর করিয়াছেন, এবং জনেক সময় প্লিনির ভাষা পর্যান্ত গ্রহণ করিয়াছেন। ভাইওনিসিয়াদ পত্নে নিজগ্রন্থ প্রণয়ন করিয়াছিলেন কিন্ধ ইহাতে বিশেষ কিছু বিবরণ পাওয়া যায় না।

এতদাতীত ক্লাসিক গ্রন্থে অনেক স্থলে প্রাচীন ভারতের উল্লেখ পাওরা বার। বঠ থণ্ডে যে সকল বর্ণনা সংগৃহীত হইরাছে, তাহা হইতে প্রাচীন ভারতবর্ষের সহিত রোমের বাণিজ্ঞিয়ক সম্পর্ক এবং ভারতবর্ষ হইতে রোম ও কনষ্টান্টিনোপলে প্রেরিত দৌত্যবাহিনী সকলের কিছু কিছু বিবরণ পাওরা বার।

অধ্যাপক ম্যাক্রিগুল এই সকল মূল্যবান বৃত্তাস্ত সংগ্রহ ও অস্থ্বাদ করিয়া, আমাদের বে প্রভৃত উপকার সাধিত করিয়াছেন, তদ্বিয়ে বিন্দ্ মাত্র ও সন্দেহ নাই।

আমরা অধ্যাপক ম্যাক্রিগুলের গ্রন্থাবলী, চৈনিক পরিত্রাজকগণের

ভ্রমণ বৃত্তান্ত, মুসলমান ঐতিহাসিক সমূহের বর্ণনা ও ইউরোপীয়ান পর্যাটক বুন্দের আলেখ্যাদি অবলম্বনে সমসাময়িক ভারত নামে যে এক গ্রন্থাবলী প্রকাশ করিতেছি, তাহার প্রথম কর "প্রাচীন-ভারতে" গ্রীক ও রোমকদিগের, দিতীয় কল "চৈনিক-পরিব্রাজ্ঞকে" ফাহিয়ান, হিউরেন সিয়াং প্রভৃতির তৃতীয় কল "মুসলমান ঐতিহাসিকে" মুদলমান ঐতিহাসিকগণের ও চতুর্থ "ইউরোপীয়ান পর্যটেক" কলে, ঐ দেশীয় ভ্রমণকারিগণের বর্ণনা লিপিবদ্ধ করিব। সমগ্র গ্রন্থাবলী কুল্র বৃহৎ পঞ্চবিংশ খণ্ডে বিভক্ত হইবে। মাননীয় প্রীয়ক্ত স্থার আশুতোষ মুখোপাধ্যায় স্বরস্বতী শাস্ত্রবাচম্পতি, বর্দ্ধমানের মাননীয় মহারাজাধিরাজ বাহাতুর, মাননীয় কাশীমবাজারাধিপতি বাহাতুর, স্থসঙ্গাধিপতি, মাননীয় মৈমনসিংহের নবাব বাহাত্রর, স্থার গুরুদাস বানাৰ্জ্জি, স্থার তারকনাথ পালিত, মাননীয় দেবপ্রসাদ সর্বাধিকারী, মিঃ ভিনদেন্ট স্নিথ, শ্রীযুক্ত দারদাচরণ মিত্র, রায় যছনাথ মজুমদার বাহাছর, রার যতীন্দ্রনাথ চৌধুরী, শ্রীযুক্ত কিশোরী মোহন রার, শ্রীযুক্ত রাজেন্ত নাথ বিম্বাভূষণ প্রভৃতি মহোদয়গণ আমার এই কার্য্যে উৎসাহ দিয়া আমাকে চিরক্লভক্ততাপাশে আবদ্ধ করিয়াছেন। প্রাসদ্ধ প্রাসিদ্ধ সাহিত্য-র্থিগণ আমার প্রতি কুপাপরবন হইয়া প্রতি থণ্ডের স্বতম্ব ভূমিকা লিখিতে অতিশ্রত হইয়াছেন। স্বনামধন্ত অধ্যাপক শ্রীযুক্ত যছনাথ সরকার महानव जामारक नानाज्ञल উপদেশাদি দিয়া বিশেষ ভাবে সাহায্য করিতেছেন। আমি ইহাদের সকলের নিকটেই ঋণী এবং কি প্রকারে হৃদয়ের ক্লুভক্ততা জ্বানাইব বলিতে পারি না।

পরম পূজনীয় মাননীয় স্থার আশুতোব মুখোপাধ্যায় সরস্বতী শান্ত্র-

বাচম্পতি মহোদর এই থণ্ড তাঁহার মহিমান্বিত নামের সহিত সংযোজিত করিতে দিরা আমাকে চিরক্কতজ্ঞতা-পাশে আবদ্ধ করিরাছেন। বছভাষাবিদ পণ্ডিত শ্রদ্ধের শ্রীযুক্ত অমূল্যচরণ বিষ্যাভূষণ মহাশর এই থণ্ডের
ভূমিকা লিখিরা আমাকে অমূগৃহীত করিরাছেন। তজ্জন্ত তাঁহাকেও
ধন্তবাদ দিতেছি।

আমার শক্তি দামান্ত, আশা অনস্ত। কিন্তু ভরদা আছে, বঙ্গীর পাঠকবর্গের অনুগ্রহলাভে বঞ্চিত হইব না।

> পাটলিপুত্র জ্যৈষ্ঠ, ১৩২•

শ্রীযোগীক্রনাথ সমদার

# ১। হেরোডটস

থ্ঠের জন্মের চাবিশত চুরাশী বংসর পূর্বের, এসিয়ামাইনরের অন্তর্গক হাসিকারনাসস নগরে, হেরোডটস জন্মগ্রহণ করেন। হেরোডটসকে "আদিম ঐতিহাসিক" (Father of History) বলিয়া আখ্যা প্রদান করা হয়। তিনি ইতালিরঅন্তর্গত ধুরি নগরে প্রাণত্যাগ করেন। এই ছানেই তিনি তাঁহার স্প্রেসিছ ইতিহাস প্রণয়ন করিয়াছিলেন। হেরোডটস ব্যাবিলন, মিশর, সিথিয়া, কলচিস, থেস, সাইবিণ এবং ম্যাগনা-গ্রীসীয়া প্রভৃতি দেশে ভ্রমণ করিয়াছিলেন এবং এই সকল দেশের বৃত্তান্তই তিনি পুঝায়পুঝ্রদেপ সংগ্রহ করিয়া লিপিবছ করিয়া গিয়াছেন। ৪৪৭ পূর্বে খৃষ্টাব্দে তিনি তৎকালীন উন্নতির চরমসীমার আবছিতা, স্প্রসিদ্ধা আথেকা নগরীতে গমন করিয়া, তাঁহার স্প্রসিদ্ধ ইতিহাস পাঠ করেন (১)। আথেকা-বাসিগণ ৪৪৬ পূর্বে খৃষ্টাব্দে হেরোডটসকে এই গ্রন্থের জন্ম পুরন্থক করেন।

পারস্থাধিপতি দারিরাস সিংহাসনাধিরোহণ করিরা তাঁহার সাথ্রাজ্য কুড়ি অংশে বিভক্ত করিরা, প্রত্যেক অংশে একজন করিরা শাসনকর্ত্তা ("গাট্রাপ")(২) নিযুক্ত করেন। প্রতিবংসর, প্রত্যেক অংশ কি পরিমাণে রাজকর রাজকোষে প্রেরণ করিবে, তাহাও ঐ সঙ্গে নির্দারণ করেন। ভারতবর্ষ এই কুড়ি অংশের এক অংশভূক্ত ছিল (৩)।

<sup>(</sup> ১ ) সমবেত জনবৃদ্দের সম্মুথে গ্রন্থকারগণ নিজ নিজ গ্রন্থ পাঠ করিছেন। তৎপরে তাঁহাদের পুরস্কারের ব্যবস্থা হইত।

<sup>(</sup>২) পারক্ত-রাজের শাসনকর্ত্গণ সাফ্রাপ (Satrap) নামে অভিহিত হুইতেন।

<sup>(</sup>৩) পারত্য-বাজের প্রতাপ পঞ্চনদে বিস্তৃত হর নাই এবং এই রাজকর সিন্ধু-নদের পশ্চিমস্থ প্রদেশ হইতে সংগ্রহ করা হইত। যথন আলেকজালার ভারত আক্রমণ করেন, তথনও সিন্ধুনদের পশ্চিম সীমা পারত্ত-বাজ্যের সীয়া নির্দেশ করিত।

তৎ সালে অস্তান্ত দেশাপেকা, ভারতবর্ধের অধিবাসীর সংখ্যা.
অভ্যন্ত অধিক ছিল। ভারতবাসীরা তৎকালে সম্রাটকে ৩১০ ট্যালেন্ট
(৪) মূল্যের স্থবর্ণরেণু কর দিত। উত্থানশীল ক্র্যোর দিকে অবস্থিত
ভারতবর্ধের অংশ বালুকাপূর্ণ। ভারত-বাসীরা বিভিন্ন জ্ঞাতিতে বিভব্বএবং পরস্পরে ভিন্ন ভাষা বাবহার করে। ঐ সকল জ্ঞাতর মধ্যে
কোন কোনটা ভ্রমণশীল। কোন কোন জ্ঞাতি জ্ঞলাভূমিতে বাস করে
এবং বেতস-নির্মিত নৌকা-সাহায্যে মৎস্ত শ্বত করিয়া, তাহাতেই উদরের
কার্য্য সম্পন্ন করে। ভারতবাসীরা তৃণ (৫) নির্মিত বন্ধ্ব পরিধান করে,
এবং নদী-গর্ভ-জ্ঞাত নলন্ধারা মাত্র প্রস্তুত করিয়া বক্ষস্ত্রাণ্রপে ব্যবহার
করে।

অন্ত এক জাতীর ব্যক্তিগণ ভ্রমণশীল এবং ইহারা অসিদ্ধ মাংস ভোজন করে। ইহাদের মধ্যে বখন কোন ব্যক্তি পীড়িত হর, তখন পীড়িত ব্যক্তি পুরুষ হইলে তাহার আত্মীরবর্গ তাহাকে হত্যা করে; কারণ, তাহারা মনে করে বে ব্যাধিগ্রস্ত ব্যক্তি অনেক দিন পীড়িত থাকিলে উহার মাংস নষ্ট হইরা বার। বদি পীড়িত ব্যক্তি নিজের ব্যাধির কথা অবীকার করে, তবে তাহার আত্মীরগণ, তাহার সহিত অমত হইরা শীঘ্র ভাহাকে শমন-সদনে প্রেরণ করে। স্ত্রীলোককে মৃত্যুমুখে প্রেরণ করিরা ভাহার মাংস ভোজন করে। তাহারা বৃদ্ধগণকেও এই প্রকারে ভক্ষণ করে; কিন্তু, এই জাতির মধ্যে কাহাকেও অধিক বয়ত্ব হুটেও দেখা বার না। কারণ, সামাক্ত ব্যাধিগ্রস্ত হুটলেই তাহার আত্রবর্গ

<sup>(</sup>৪) ট্যালেণ্ট—প্ৰত্যেক ট্যালেণ্টের মূল্য ২১৩ হইতে ২৩৫ পাউগু। প্ৰতি পাউগু ১৫, টাকা।

<sup>(</sup> e ) अञ्चल Rush क्यांने वावश्व कवा श्रेवारक् । मण्डवकः देश सन ।

ভাহাকে শমন-সদনে প্রেরণ করিয়া, মহানন্দে ভাহার মাংস <del>ভক্ষণ</del> করে(৬)।

ভারতীয় অন্ত এক জাতি জীবিত কোন জস্কই আহার করে না।
এবং জীবহত্যা ভরে ভূমি কর্ষণ বা বীজ বপন করে না। ইহারা গৃহে বাস
করে না, এবং শাক সবজী ভক্ষণে জীবনধারণ করে। বখন কোন
ব্যক্তি ব্যাধি-গ্রস্ত হয়, তখন সে মরুভূমিতে বাইয়া দেহত্যাগ করে।
তাহার অন্তান্ত আত্মীরবর্গ তাহার কোনই অনুসন্ধান লম্ম না।

অন্ত একটা জাতি পারশু-রাজ দারিয়াসের অধীনস্ত চিল না।

ক্যাসপাটিরাস ( ৭ ) নগরের নিকটে এক ব্যাতীয় ভারতবাসী বাস করে। ইহাদের ব্যাকটিবানদের স্থায় আচার ব্যবহার। ভারতবাসীদের মধ্যে ইহারাই অধিক বৃদ্ধপ্রিয় এবং ইহারাই স্থবর্ণ সংগ্রাহে প্রেরিত হয়। ইহাদের দেশের নিকটে বালুকাপুণ মক্তুমি (৮)।

<sup>(</sup>৬)কোন কালেই আর্য্য-সন্তানগণের মধ্যে মছ্য্য-মাংস ভোজনের কথা ক্রুত হওয় যায় না। তবে ভারতের দীমান্ত প্রদেশস্থ বক্সজাতির মধ্যে এই কু-প্রথা থাকিতে পারে। অক্সতম গ্রন্থকার বলিরাছেন বে, নর্মদা নদীতীরস্থ প্রদেশে পার্কিত্য বন্দ্রগণ নর্মাংস ভোজন ক্রিত।

<sup>(</sup>৭) এই নগরের অবস্থিতি সম্বন্ধে যথেষ্ঠ মত-ভেদ আছে। হিবেণ নামক স্থাসিদ্ধ প্রস্থকারের মতে কাসপাটিরাস বর্ত্তমান কাবুল; কিন্তু লাসেন, হামবক্ত এবং অন্তান্ত প্রস্কৃতত্ববিদ্ পণ্ডিতগণ ইহাকে কাশ্মীর বলিতে চান। টলেমী নামক গ্রন্থকার স্বীয় 'ভূগোলে' কাসপিরিয়া নামক দেশের কথা উল্লেখ করিরাছেন। অধ্যাপক ম্যাক্রিণ্ডল কাসপিরিয়া ও কাশ্মীরকে এক বলিতে চান। সংস্কৃত সাহিত্যে ক্সপুর নামক স্থানের উল্লেখ পাওয়া বার।

<sup>(</sup>৮) সিদ্ধনদ-সেবিত পাঞ্চাবের অব্যবহিত পরেই মক্তৃমি থাকাতে পাশ্চাত্য গ্রন্থকারগণ পাঞ্চাবের নিকটে এক বিরাট মক্তৃমির অবছিতি কল্পনা করিয়া গিয়াছেন।

এই মক্ত্মিতে এক প্রকার পিপীলিকা (৯) পাওরা যার। ইহারা আকারে শৃগাল অপেকা বৃহৎ এবং সারমেরাপেকা কুদ্র। এই প্রকার করেকটা পিপীলিকা পারস্তরাব্বের নিকট প্রেরিত হইরাছিল এবং অস্তাবধি তাহারা তথার বাস করিতেছে। ইহারা মৃ'ক্তকাগর্ভে বালুকা-কুণে বাস করে। এই বালুকার সহিত স্থবর্ণ মিশ্রিত থাকে। ভারতবাসীরা প্রভাবেক তিনটা উট্ট্রসহ মক্ত্মিতে স্থবর্ণ আহরণার্থ গমন করে। এই তিনটা উট্টের হুইটা পুরুষ জাতীয় এবং এই ছুইটাকে উভন্ন পার্মের ও স্ত্রী-উট্টে আরোহণ করিরা, ভারতবাসীরা মক্ত্মিতে গমন করে।

দিপ্রহরে যথন রৌদ্রের তাপ অত্যন্ত অধিক হয়, তথনই ইহারা স্থব-নিষ্মেরণার্থ গমন করে। তারতবর্ষে প্রাতঃকালে স্থারে উদ্ভাপ প্রথর এবং এই উদ্ভাপ ইতে রক্ষা পাইবার জল্প অধিবাসীরা প্রাতঃকালে অনেক্ষণ শীতল জলে অবগাহন করে। তারতবাসীরা মক্তৃমি পৌছিয়া, এই স্থব-বালুকা দ্বারা থলি পূর্ণ করিয়া শীঘ্র শীঘ্র প্রত্যাগমন করে। পিপীলিকাভাল মনুষোর গদ্ধ পাইলেই পশ্চাদ্ধানন করে এবং ক্রত পারাননা করিতে পারিলে, ইহাদের হন্ত হইতে রক্ষা পাওয়া ছ্দর; কারণ এই সকল পিপীলিকার স্থায় ক্রতগামী জন্ধ আর নাই।

<sup>(</sup>৯) মেগছেনিস, নিয়াকাঁস প্রভৃতি আরও আনেক গ্রন্থকার এই বর্গপ্রস্থাপীলিকার কথা উল্লেখ করিয়াছেন। নিয়াকাঁস বলিয়াছেন যে, তিনি শ্বচন্দে এই পিশীলিকার উল্লেখ দেখা বায়। প্রথিতনাম উল্লেখ লিখিয়াছেন "that gold which is dug up by Pipilicas (ants) and is therefore called Pipilicas (ant-gold.)" মার্কি গুল সাহেবের মতে এই পিশীলিকাগণ ভিন্নতবাসী। ("The Pipilicas were probably Tibetan miners, since Megasthenes states that the gold was derived from the Derdai, that is the people of Dardistan".)

ভারতব্যীর চতুপার জব্ধ এবং পক্ষিণণ অক্সান্ত দেশাপেক্ষা উত্তম;
কেবল ভারতীর কবা মিডিরা দেশের অব অপেক্ষা নিকৃষ্ট। ভারতবর্ষে
বংগষ্ট পরিমাণে স্থবর্ণ পাওরা বায়। পশম উৎপাদনকারী এক প্রকার
কৃষ্ণ আছে। ভারতবাসীরা এই বৃক্ষকাত পশম বারা নিজেদের ব্যাদি
প্রস্তুত করে।

পারভারাজ দারিয়াস এসিয়া মহাদেশের অনেকস্থান অফুসন্ধান করিয়াছিলেন। সিদ্ধুনদের কোন্ অংশে কুন্তীর থাকে, এই সংবাদ অবগত হইবার জন্ম তিনি কারিয়ালা ( ১০ ) নিবাসী স্কাইলাস্থ ও অস্তান্থ ব্যক্তির কর্তৃত্বাধীনে রণতরী প্রেরণ করিয়াছিলেন। এই সকল কর্মানার কারসাদাটিরাস নগর ও পাাকটিসি ( ১১ ) প্রদেশ হইতে যাত্রা করিয়া সমুদ্রে পৌছিয়াছিলেন। দারিয়াস এই জলযাত্রার পরে, ভারত-বিজয় করিয়াছিলেন এবং ভারতসাগরে যাতায়াত করিয়াছিলেন (১২)।

<sup>(</sup>১০) কারিয়ান্দার কথা মুখবদ্ধে লিখিত হইয়াছে। হেরোটড্স বে ফালিকারনাস্স নগবে জন্মগ্রহণ করেন, তাহার সল্লিকটে এই করিয়ান্দা নগর অবস্থিত ছিল।

<sup>(</sup>১১) ষ্টিল সাহেব প্যাকটিসিকে প্রাচীন গান্ধার (বর্ত্তমান কান্দাহার) ৰলিকে চান।

<sup>(</sup>১২) আমরা পূর্ব্বেই দারিরাসের ভারত-বিজয়েও কথা উল্লেখ করিরাছি। (১২)—(৩) পাদটীকা স্তাইব্য।

## ২। ফ্রাবো

ভূগোল বিষয়ক যে সকল পুস্তক পুরাকালে প্রণীত ছইয়াছে, তন্মধ্যে ষ্ট্রানোর ভূগোলই সর্বাপেকা উত্তম এবং পুস্তকথানি নি:সন্দেহে গ্রন্থকারের পারদর্শি তা জ্ঞাপন করে। অনেক গ্রন্থকারের মতে, প্রাচীন কালে বে সকল ভূগোল লিখিত হইরাছে, তন্মধ্যে ইহা প্রেষ্ঠ স্থান পাইবার বোগ্য। ষ্ট্রাবো-প্রণীত ভূগোলে অন্ধ্রনাম্ভ্র সম্বন্ধীয় ও পদার্থতিত্ব বিষয়ক বিবরণ ব্যতীত, পৃথিবীর পুরাতন্ত্ব, ইতিহাস এবং বাণিজ্য বিষয়ক অনেক বৃত্তান্ত বর্ণিত হইয়াছে। ইহা বে সাধারণ পাঠকের পক্ষেও উপকারী হইবে, গ্রন্থকার নিজেই তাহা বলিয়া গিয়াছেন।

ষ্ট্রাবো, পণ্টাশ প্রদেশছ আইবিশ নদী-তীববর্তী আমাসিয়া নগবে কর্মগ্রহণ করেন। ছাধের বিষর, তাঁহার করা বা সৃত্যুর কোন তারিবই অবগত হওরা বার না। তবে তিনি বে রোমক্-সমাট্ অগষ্টস্ (১) ও তৎপরবর্তী টাইবিরি-রাসের রাজত্বলালে জীবিত ছিলেন, তাহার যথেষ্ঠ প্রমাণ পাওরা বার। কাহারও কাহারও মতে ব্রাবো ২৪ খ্টাবেদ দেহত্যাগ করেন। আদিম ঐতিহাসিক হেরোডটাসের জ্ঞায় ব্রাবোও অনেক দেশ পর্বাটন কবিরাছিলেন। যে সকল দেশের বৃত্তান্ত তাহার গ্রন্থভুক্ত হইয়াছে তিনি উহার অনেক দেশই ভ্রমণ কবিরাছিলেন এবং ঐ সকল বর্ণনা তাঁহার পর্যটনের ফল-প্রস্তুত। নিজপ্রান্থে স্থাজারাবার সহিত নিজ পরিভ্রমণের কথা লিবিয়াছেন। তাঁহার বন্ধু মিশরের শাসনকর্তা ইলিয়াস গ্যালাসের সহিত তিনি নীল নদ দিয়া সাইনি পর্যান্থ অপ্রসর হইয়াছিলেন। তাঁহার মিশর সম্বন্ধীর বর্ণনা সত্য এবং সম্পূর্ণ। মাইরস হর্মাসের (২) বর্ণনা কালে ব্রাবো লিবিয়াছেন— ভ্রাবো লিবিয়াছেন— ভ্রাবার বন্ধু ইলিয়াস গ্যালাসের

<sup>(</sup>১) অগঠন—সুপ্রসিদ্ধ জুলিরাস সিজবের আতৃম্পুত্র। রোমকসমাট অগঠস ১৪ খ্রীষ্টাব্দে মৃত্যুমুখে পতিত হইবাছিলেন।

<sup>(</sup>২) মাইরস হর্দাস—মিশর-রাজ টলেমি ফিলাডেলফিরস কর্ত্ক এই স্থপ্রেরিছ বন্দর ২৭৪ পূর্বে ব্রীষ্টাব্দে স্থাপিত ইইয়াছিল। প্রাচীনকালে বধন মিশর ও ভারত-বর্বের সহিত বাণিজ্য-সম্পর্ক ছিল, তথন এই বন্দরের খ্যাতি সর্ব্বত রাপ্ত হইরা-ছিল। বর্তমানে মাইরস হর্মস 'জাবু সার এল কিবলি' নামে খ্যাত।

অধান একৰল বোমদৈক্ত আববদেশে প্রবেশ করাতে এবং আলেকজান্তিয়া নগরীর বিদিক্গণের জাহাজ নীলনদ এবং আবরোপসাগর হইরা ভারতবর্ধ পর্যন্ত যাতারাত করাতে আমাদের পূর্বপূক্ষগণাপেকা, আমরা এই সকল দেশের সমধিক বৃত্তান্ত অবগত হইরাছি। আমি গ্যালাসের সহিত মিশরে ছিলাম এবং তাঁহার সহিত সাইনি (৩) এবং ইথিওপিরা (৪) দেশের প্রান্তদেশ পর্যন্ত অপ্রস্কর ইইরা, মাইরসহর্দ্ধাস হইতে যে একশত কুড়িখানি জাহাজ ভারতবর্ধে বাত্রা করে, তাহা প্রত্যক্ষ করিরাছিলাম; কিন্তু টলেমিদিগের (৫) রাজত্বকালে কেইই এক্সপতাবে সম্প্রান্তা বা ভারতবর্ধের সহিত বাণিক্য করিতে সাহসী হইত না।"

<sup>( ° )</sup> সাইনি—মিশর দেশের অন্তর্গত প্রাচীন নগর।

<sup>(</sup>৪) ইথিওপিয়া—ইথিওপিয়া পূর্বে মিশরের অধীনে ছিল; কিছ আইম পূর্বে শতাব্দীতে স্বাধীন হয় এবং কিছু কাল মিশরের উপরেও আধিপত্য বিজ্ঞান করিয়াছিল। পারস্তাধিপতি কামবাইসিস ৫২৪ পূর্বে খৃষ্ঠাকে ইথিওপিয়া জন্ম করেন। রোমক-সম্রাট্ অগষ্টস পরে ইহা নিজ রাজ্য-ভূক্ত করিয়াছিলেন।

<sup>(</sup>৫) টলেমি—প্রথম টলেমি সম্বন্ধে প্রবাদ এই বে, তিনি মাসিদনাধিশতি ফিলিপের পূত্র ও আলেকজান্দারের ভারা ছিলেন। আলেকজান্দারের ভারতঅভিযানের সময় টলেমি আলেকজান্দারের সহগামী হইয়াছিলেন এবং আলেকজান্দারের মৃত্যুর পরে তিনি মিশরে রাজ্য-স্থাপন করিয়াছিলেন। প্রথম টলেমির
পরে, তাঁহার পূত্র টলেমি ফিলাডেলফাস ২৫৮ ইইতে ২৪৭ পূর্বে খূরান্ধ পর্যান্ধ করিয়াছিলেন। সম্ভবতঃ টলেমি ফিলাডেলফাসই আলেকজান্ধিরার
ক্রপ্রসিদ্ধ পুস্তকাগার প্রতিষ্ঠা করিয়াছিলেন। ফিলাডেলফাসই আলেকজান্ধিরার
ক্রপ্রসিদ্ধ পুস্তকাগার প্রতিষ্ঠা করিয়াছিলেন। ফিলাডেলফাসের পরে, ক্রমে ক্রমে
এক নিশক্তন টলেমি মিশরে রাজত্ব করেন

করিয়া সিংহাসনাধিরোহণ করেন। ৩০ পূর্বা খূরান্ধে রিওপেট্রা রোমক স্ক্রাই
অগরিস কর্ত্বক পরাজিতা হইয়। আত্মহত্যা করেন।

এসিরার সিলিসিরা, প্যামফিলিরা এবং লিসিরা ব্যতীত তারস (৬)
পর্কতের অপর পার্শব্ভিত ভারতবর্ধ হইতে নিল নদ পর্যান্ত দেশ, তারস
পর্কাত ও দক্ষিণ সমূদ্রের মধ্যে অবস্থিত। এসিরার পরেই লিবিরা;
আমরা পরে উহা বিবৃত করিব। প্রথমে, আমরা পূর্কদিকত্থ এবং
সর্কাপেকা বৃহৎ ভারতবর্ধের বর্ণনা করিব।

আমি, ভারতবর্ধের বিবরণের লল্প পাঠকবর্গের ক্ষমা ভিক্ষা করিতেছি; কারণ, এ দেশ অত্যন্ত দূরে অবস্থিত এবং আমাদের দেশস্থ অত্যন্ত সংখ্যক ব্যক্তিই এই দেশ দেখিরাছে। যে সকল ব্যক্তি ভারতবর্ধের উপকৃল দেখিরাছে, তাহারা উপকৃলের অংশমাত্রই দেখিরাছে এবং তাহারা গোক-পারন্পরার বাহা শ্রবণ করিরাছে, তাহারা কেবল উহাই বর্ণনা করিত্তে পারে। যে সমর আলেকজাল্পারের সৈত্রগণ ক্রতপদে অগ্রসর হইতেছিল, ভাষন বাহা তাহাদের সন্মুখে পড়িরাছিল, তাহারা কেবল তাহাই বচ্চেল দেখিরাছিল। এই জন্ত তাহাদের পুত্তকে একই বিবরে বিভিন্ন বর্দনা দেখিতে পাওরা বার। অথচ, তাহারা প্রত্যেক বিবর স্বচক্ষে দেখিরাছে, এইরূপ বর্ণনা করিরাছে। আলেকজাল্পার রে বাহিনীর সাহাব্যে এসিরা জর করিরাছিলেন, ইহাদের কেহ কেহ সেই বাহিনীরই অন্তর্ভুত ছিল; কিন্তু তথাপি অনেক সমর ইহাদের বৃত্তাত্তে

<sup>(</sup>৬) বে সকল জাতি ভারস পর্বতমালার উত্তবে বাস করিত, ট্রাবো ভাহাদিপকে "তারসের অভ্যন্তবে" (within Taurus) এবং বে সকল জাতি দক্ষিণে
বাস করিত, তাহাদিগকে "তারসের বহির্ভাগে" (without Taurus) বাস করিত
বলিরা লিখিরাছেন। ইরাটস্থিনিস প্রভৃতি ভৌগোলিকগণ তারস পর্বত এসিরার
একপ্রান্ত হইতে অপর প্রান্ত পর্বত্ত বলিরা পিরাছেন। বলা বাহল্য, এ
বারণা অমপূর্ণ। "দক্ষিণ সমূত্র" অর্থে ভারতীর মহাসাগরকে উল্লেখ করা হইরাছে।

বৈষম্য দেখা ৰাৱ। বখন প্রত্যকীভূত ঘটনার ঘণনার এতদ্র বৈপরিভয় দৃষ্ট হয়, তখন বাহা লোক-প্রশোরার অবগত হওরা বায়, ভাহা কি প্রকারে বিখাপ্যোগ্য হইতে পারে •

বাঁহারা আলেকজান্দারের পরবর্তীকালে এই দেশের বিবরণ গিপিবন্ধ করিয়াছেন, বা বাঁহারা বর্ত্তমানে ঐ দেশে বাণিজ্যার্থ গমন করেন, তাঁহারাও দঠিক থবর দিতে পারেন না। দৃষ্টান্ত-শ্বরূপ পাণিরার ইতিহাস প্রণায়নকারী আপলোডোরসের (৭) (বিনি সেলুকাস নিকেটারের (৮) পরবর্তী দিরিয়া রাজগণের বিরুদ্ধে যে সকল গ্রীকগণ বাকটিরার বিরুদ্ধে

- ( 1) আপলোডোরস ব্যাবিলনের অন্তর্গত: আটিমিটার অধিবাসী ছিলেন। কোন্ সময়ে তিনি জীবিত ছিলেন, তাহার কোন নিদর্শন পাওয়া যায় না। তিনি গার্শিযার যে ইতিহাস প্রশমন করিয়াছিলেন, উক্ত পুস্তক সম্বন্ধে করেক জন প্রস্কার উল্লেখ করিয়াছেন কিন্তু এই ইতিহাস সম্বন্ধে বিশেষ কিছু জানা বাম না।
- (৮) সেলুকাস নিকেটার আলেকজান্দারের সংগামী ইইয়াছিলেন এবং ভারতীর অভিযানে বিশেব খ্যাতি অর্জ্ঞন করিয়াছিলেন। আলেকজান্দারের মৃত্যুর পরে, বখন তাঁহার বেপুল সাম্রাজ্য দ্বিতীরবার তাঁহার সেনাপতিগণের মধ্যে বিভক্ত ইয়াছিল, তখন ব্যাবিলোনিয়া সেলুকাসের অংশে পড়িয়াছিল। আর্কিগোনাস নামক অক্সতম সেনাপতি কর্ত্বক কিছুদিনের জক্স তিনি বাধিকার-চ্যুত ইইয়াছিলেন, কিন্তু ৩১২ পূর্ব খুঁরান্ধে আর্কিগোনাসকে পরাভ্বত করিয়া ব্যাবিলনে-সাম্রাজ্য হাপনে সক্ষম ইইয়াছিলেন। তিনি চন্দ্রগুরুক পরান্ধিত করিবার উদ্দেশ্যে ভারতরর্ব আক্রমণ করিয়াছিলেন। তিনি চন্দ্রগুরুক পরান্ধিত জন্মবর উদ্দেশ্যে ভারতরর্ব আক্রমণ করিয়াছিলেন, কিন্তু যুদ্ধে জরলাতে অক্ষম ইইয়া চন্দ্রগুরুকের সহিত সন্ধি স্থাপন করিয়া, চন্দ্রগুরুকের পাঁচশত ইন্ত্রী বিনিমরে আলেকজান্দার-বিন্ধিত ভারতীর প্রদেশগুলি চন্দ্রগুরের মরবারে প্রেরণ করেন। সেলুকাসই স্কর্পান্ধ নেরণ্ড ব্যাবিন্ধিন ভারত-বিবরণ পার্কে ভংকালীন ভারতের রথেষ্ট্র বুরান্ধে পাঙ্কা হার।

সকলকাম হইরাছিলেন, তাঁহারাই পরাক্রান্ত হইরা ভারতবর্ষ আক্রমণ করিরাছিলেন এইরূপ লিথিরাছেন ) কথা উল্লেখ করা হাইতে পারে। বে সকল বিবরণ সকলেই অবগত ছিলেন, তদ্যতীত তিনি অধিক কিছুই উল্লেখ করেন নাই। বরং, প্রচলিত বিবরণের প্রতিবাদ করিরা তিনি বলেন বে, মাসিদোনিরানগণ অপেক্রা বাকট্রিরানগণ ভারতবর্ষে অধিক পরিমাণে রাজ্য স্থাপনে সমর্থ হইরাছিলেন; কারণ, তাঁহার মতে সহম্রাধিক নগরী ইউক্রেটিডসের (৯) অধীনতা স্বীকার করিরাছিল; কিছু পূর্ববর্ত্তী লেখকগণ হইতে আমরা জানিতে পারি বে, হাইডাসপীস ও হাইকানিসের (১০) মধাবর্ত্তী নরটী জাতিকে মাসিদোনিরানগণ পরাজিত করিরাছিল। উহারা, কস মেরোসিস্ (১১) অপেক্রা কোন অংশে ক্লুদ্র নহে, এরুপ

<sup>(</sup>৯) সেল্কাস নিকটের বাকটিয়া পরাজিত করিয়া নিজ-রাজ্যুক্ত করেন, কিন্তু ২৫৬ পূর্বে খৃ ষ্টাব্দে আন্টিওকস থিরস সেল্কাসের বংশধরের নিকট হইতে বাকটিয়া জব করিয়া বাকটিয়ায় স্বাধীন রাজ্য স্থাপন করেন। ১৮১ পূর্বে খৃ ষ্টাব্দে ইউক্রেটিডস বাকটিয়ায় সিংহাসনাখিবোহণ করেন। বাষ্টিন ইউক্রেটিডস সম্বন্ধে বাজার রাজা ডেমেটিয়স ৬০,০০০ সৈক্ষসহ ইউক্রেটিডসকে আক্রমণ করিলে, তিনি মাত্র করেলপত সৈক্ষসহ ডেমেটিয়সকে পরাজিত করিয়া ভারত-বিজরে সক্ষম হইরাছিলেন। প্রত্যাপমন কালে, তাহার পুত্র আপলোডোটস তাহাকে হত্যা করেন। কোন্ সময় এই ঘটনা ঘটে, উহা সঠিকরূপে নির্ণর করা সম্ভবপর নহে। মনস্বী লাসেন বলিয়াছেন বে, ১৬০ পূর্বে খৃ ষ্টাব্দে এই পিতৃ-ফত্যা সক্ষাদিত হয়। (ভিনসেণ্ট শ্বিধ প্রশীত ইতিহাস ক্রইর)।

<sup>(</sup>১০) হাইডাস্পীস বর্ত্তমানে বিলাম বা বিতক্তা নামে পরিচিতা। হাইফানিস বিপাসা নামে খ্যাতা। আলেকজান্দার এই পর্যান্তই অগ্রসর হইতে সমর্থ হুইয়াছিলেন।

<sup>(</sup> ১১ ) বর্ত্তমানে ইহা কসবীপ নামে পরিচিত---এসিরা মাইনরের পশ্চিম উপ্তলে অবস্থিত।

পাঁচহান্ধার নগর অধিকার করিরাছিল এবং আলেকজান্ধার এই সকল দেশ স্বাধিকার-ভুক্ত করিরা পোরসকে প্রদান করিরাছিলেন।

অধুনা বে সকল বণিক্, নীলনদ হইলা মিশর হইতে ভারতবর্ধে বাণিজ্যার্থ গমন করে, তাহারা কদাচিৎ গালের-প্রদেশে গমন করিয়াছে। এই বণিক্গণ অশিক্ষিত এবং দর্শনীর স্থানের বর্ণনার অম্পর্কু। ভারতবর্ধের কোন এক স্থানাধিপতি পাণ্ডিয়নের ১২) নিকট হইতে এবং কাহারও কাহারও মতে, পোরসের (১৩) নিকট হইতে সিক্ষর অগইসের (১৪) নিকট উপহার প্রেরিত হইরাছিল এবং কালানসের স্থার (১৫) বে দার্শনিক আথেকে অগ্নিমধ্যে নিজদেহ বিসর্জ্জন করিয়াছিল, সেই দার্শনিক সহ এক দৌতাবাতিনী প্রেরিত হইয়াছিল।

- (১২) এই বাজ্যের কথা প্লিনি, পেরিপ্লাদের গ্রন্থকার এবং টলেমি উল্লেখ করিরাছেন। ম্যাক্রিওল বলিতেছেন, "The name Pandion is derived from the Sanskrit Pandu, the name of the Father of the Five Pandava brothers who are such conspicuous figures in Indian epic poetry!" অর্থাৎ, মহাভারতোক্ত পাত্ত হইতে পাতিরন নাম হইবাছে।
- (১৩) প্রাচীন গ্রন্থে তিন জন পোরদের নামোরেখ দেখিতে পাওরা বার। প্রথম—যিনি আলেকজান্দার কর্ত্বক পরাজিত ইইয়াছিলেন। দ্বিতীয়, প্রথমোক্ত পোরদের আত্মীয়। তৃতীয়—য়াহাকে ষ্ট্রাবো এই স্থানে উল্লেখ করিয়াছেন এবং স্বাহার বিস্তৃত বিবরণ নিজ্ঞান্থে লিপিবফ করিয়াছেন।
- (১৪) সিজর অগ্রহদের নিকট প্রেরিত দোত্য-বাহিনীর উল্লেখ করেকখানি এছে পাওরা বায়। ফোরাস নামক গ্রন্থকার সংক্রিপ্ত রোমের ইন্ডিহাস প্রেছে," ও ডনকাসিরাস এই দোত্যবাহিনীর বিস্তুত বর্ণনা করিরাছেন।
- (১৫) ষ্ট্রাবো নিজপ্রন্থের শেষভাগে কালানদের বিস্তৃত বর্ণনা করিরাছেন। এই চিতাকর্থক বুজাস্ত আমরা বধাস্থানে উদ্বৃত করিয়াছি। ষ্ট্রাবো ব্যতীত আরিরান, প্লুটার্ক ও লুসিরান এই উপাধ্যান বিবৃত করিয়াছেন। শেবোক্ত প্রস্থকার লিখিরাছেন বে, নিয়ার্কানের সন্মুখে এই ঘটনা ঘটে।

এক্ষণে, বদি আমরা এই সকল কাহিনী পরিত্যাগ করিয়া, আলেককান্ধারের অভিধানের পূর্ব্বে যে সকল বুত্তান্ত প্রচলিত ছিল, সেই সকল
কাহিনী আলোচনা করি, তাহা হইলে দেখিতে পাইব যে, এপ্তলি আরও
লান্তিপূর্ণ। আলেকজান্দার অভ্যাশ্চর্যা কুতকার্যাভার জস্ত অহতারী
হইয়া, এই সকল বর্ণনায় আহ্মা স্থাপন করিয়াছিলেন। নিয়ার্কাস উল্লেখ
করিয়াছেন বে, সেনিরামিস (১৬) এবং সাইরাস (১৭), উভয়েই
গেজ্যোসিয়ার অভ্যন্তর দিয়া ভারতবর্ষের নিক্লছে অভিযান লইয়া যাজা
করিয়া, প্রথম মাত্র কুড়িজন ও ছিতীয় মাত্র সাত ক্ষন সৈত্যসহ প্রভাবিত্তনে
সমর্ষ হইয়াছিলেন বলিয়া, আলেকজান্দার তাঁহার বাহিনী গেল্যোসিয়ায়
আভ্যন্তর দিয়া পরিচালিত করিবার জন্ত বিশেষ উৎস্ক হইয়াছিলেন।
আলেকজান্দার বিবেচনা করিয়াছিলেন বে, যে ক্লেত্রে সেমিরামিস ও
সাইরাস অকৃতকার্যা হইয়াছেন, সে ক্লেত্রে কৃতকার্যা হইলে অধিকতর
প্রশংসা হইবে। আলেকজান্দার নিশ্চিতই এই সকল গল্পে বিশ্বাস
করিতেন।

সাইরাস বা সেমিরামিসের আক্রমণকালে সংগৃহীত ভারতবর্ধের বিবরণের উপর কি প্রকারে আস্থা স্থাপন করা বাইতে পারে? ভারত-বর্ধের প্রাচীন ইতিহাসের উপর বিশ্বাস স্থাপন করিতে মেগন্থেনিস আমাদিপকে নিবেধ করিরাছেন। মেগন্থেনিস বলিরাছেন বে, ভারত-বাসীরা কোনদিন নিজ সীমাস্তের বহির্ভাগে সৈক্ত প্রেরণ করে নাই

<sup>(</sup>১৬) সেমিরামিসের যুদ্ধান্তার বিভৃতি বর্ণনা আমর। এই প্রন্থে উদ্ভ করিয়াছি এবং সেইস্থানে এই অভিযানের সভ্যতা সম্বন্ধে আলোচনার প্রয়স পাইরাছি।

<sup>(</sup> ১৭ ) সাইবাদের যুদ্ধাত্রার কোন ঐতিহাসিক প্রমাণ নাই। গেজোসিরা-বর্জমান বেলুচিয়ান।

এবং হিরাক্লিস, ডাইওনিসাস এবং মাাসিদোনিয়ানগণ বাতীত, কোন বৈদেশিক তাহাদের দেশে প্রবেশ বা তাহাদের দেশ অধিকার করে নাই। মিশরদেশীর সিসপ্রিস (১৮) এবং ইথিওপিয়ন টিয়র্কন, ইউরোপ পর্যাস্ত অগ্রসর হইয়াছিলেন এবং হিরাক্লিস অপেকা স্থপ্রসিদ্ধ নেবুকোড্রুণ সোর (১৯), "স্তম্ভ" (২০) পর্যান্ত পৌছিয়াছিলেন। টিয়র্কনও এই পর্যান্ত অগ্রসর হইয়াছিলেন। সিসপ্রিস নিজ বাহিনীকে আইবিরীয়া হইতে থ্রেস ও পণ্টাস পর্যাস্ত চালিত করিয়াছিলেন। এতয়াতীত সিধিয়ান ইডানটিরসস্ মিশর পর্যান্ত পরান্ধিত করিয়াছিলেন। কিন্তু ইহারা কেহই ভারতবর্ষে প্রবেশ করেন নাই। যে সেমিরামিস ইহার আক্রমণে ক্লন্ত-সংকল্প হইয়াছিলেন, তিনিও আয়োজনাদি শেষ হইবার পূর্বেই দেহত্যাস করেন।

পারদীকগণ হিডাকাইগণকে (২১) বেতনভোগী দৈন্ত-শ্বরূপ ভাহাদের

<sup>(</sup>১৮) প্রাক গ্রন্থকারনিগের মতে দিসন্ত্রিদ পৃথিবী জয় করিয়াছেন; প্রবাদ এই যে তিনি ভারত-বিজয়েও সক্ষম হইয়াছিলেন। দায়দরস বলিয়াছেন বে, সিসন্ত্রিদ ভারতবর্ষ জয় করিয়। লোহিত সাগরে চারিশত রণতরী প্রেরণ করেন। এই রণতরী সাহায়ে তিনি ভারতবর্ষ অধিকারে সক্ষম হইয়াছিলেন।, বর্ত্তমানে কেইই এ আধ্যানে বিশ্বাদ স্থাপন করেন না।

<sup>(</sup>১৯) বাইবেল ক্থিত নেবুচাদ নেজর। ইনি খৃষ্টীর বর্চ পূর্বে শতাব্দীতে ব্যাবিলনে রাজত্ব করিতেন।

<sup>(</sup> २० ) "Pillars of Alexandar" া—টলেমি কথিত "আলেকজান্দার স্কুক্ত"। সারমেসিরার প্রান্তদেশে অবস্থিত।

<sup>(</sup>২১) ইহাদের বিষয় বিশেষ কিছু অবগত হওয়া যায় না। ভিন্ন ভিন্ন প্রস্থকার ইহাদের সম্বন্ধে ভিন্ন শিত দিয়াছেন। আরিয়ান নামক প্রস্থকার, ইহাদিগকে 'অদ্বিভাকাই' বলিয়া আখ্যাত করিয়াছেন এবং ইহারা হাইভাসপীস তীরে বাস করিত বলিয়াছেন। বানবেরি নামক অক্ততম প্রস্থকার ইহাদিগকে শতক্র ও চিনাবের সঙ্গম স্থলে বাদ করিত বলিয়া নির্দেশ করিয়াছেন। প্রিল্লি

সহিত বোগদান করিতে আদেশ দিরাছিল সত্য ; কিন্তু তাহারা ভারতবর্ধ
আক্রেমণ করে নাই। কেবল, বখন সাইরাস মাসাজেটাইগণের (২২)
বিক্লছে বাত্রা করিরাছিলেন, তখনই তাহারা ভারতবর্ধের সীমান্তদেশে
পৌছিরাছিল।

মেগছেনিস এবং অভ্য কেছ কেছ হিরাক্লিস এবং ডাইওনিসাদের বৃত্তান্ত বিশ্বাসবোগ্য বলিয়া বিবেচনা করেন; কিন্তু ইরাটস্থিনিসপ্রসূপ অনেক গ্রন্থকার, এই সকল বর্ণনাকে গ্রীসদেশে প্রচলিত কাহিনীর ভার অবিশ্বাসবোগ্য ও করিত বলিয়া পরিগণিত করেন। ইউরিপাইডস (২৩) তাঁহার "বাাকাই" নামক গ্রন্থে ডাইওনিসাস সম্বন্ধে লিখিয়াছেন বে, তিনি লিদিয়ান ও ক্ষিক্লিয়ানগণের স্বর্ণময় দেশ, পারসীকদিগের স্ব্যাজাপিত সমতল কেত্র সমূহ এবং বাকট্রিয়া নগরের প্রাচীর পরিত্যাগ করিয়া, মিদিসগণের (২৪) তৃষারময় দেশে এবং আরব ও এসিয়ায় উপত্তিত ইইয়াছিলেন।

"সন্ফোক্লিসে" একব্যক্তি নিসার (২৫) জরগান করিতে করিভে

ইহাদিগকে সিদ্রাসী নামে অভিহিত করিবাছেন। আলেকজাব্দার ইহাদিগকে প্রাক্তিত করিবাছিলেন।

<sup>(</sup>২২) হেরোডটাস বলিবাছেন বে, মাসাজেটাইগণ আরাদ্বিস নদীর অপর পারে বাস করিত। সাইরাসের বে অভিযানের কথা এই স্থলে উল্লিখিত হইরাছে, ঐ অভিযানে মাসাজেটাইগণ তাহাদের রাজ্ঞী টমিরিসের নেতৃত্বে সাইরাসকে প্রাক্তিত ও নিহত করিয়াছিল।

<sup>(</sup>२०) इनि वाकांत्र कर्ज्क ভावज-विवासिय काश्नि वर्गना कविवाहिन।

<sup>(</sup>২৪) মিডিরা দেশবাসিগণ। ৩৩ পূর্বে খৃষ্টাব্দে আলেকজান্দার মিডিরা জয় করেন।

<sup>(</sup>২৫) সকোলিস---প্রীসদেশীর স্থবিধ্যাত বিরোগান্ত নাটক প্রশায়নকারী।
নিসা---এইস্থান নির্দেশ করা হুরহ। স্থালেকসান্দারের যুগ্ধানার বে নিসাক

বলিতেছে যে, "এই স্থান হইতে ব্যাকানালগণের (২৬) প্রির, স্থাসিদ্ধ নিসা দেখিতে পাই। শৃক্ষধারী ইয়াকস (২৭) এক্ষণে এই নিসার তাঁহার প্রির আবাস-স্থল করিয়াছেন। এই স্থানে পক্ষীর কাকলী শ্রুত হর না," ইত্যাদি।

কবি হোমর, ইডোনিয়ান (২৮) লাইকারগদের সম্বন্ধে লিখিয়াছেন—
"পূর্ব্বে, লাইকারগদ, নিসাপর্ব্বতে ক্র্ছ ডাইওনিসাদের ধাত্রিগণের
পশ্চাজাবন করিয়াছিল।"

ডাইওনিসাসের সম্বন্ধে বাহা বলা হইল, তাহাই বথেষ্ট। কেহ কেহ হিরাক্লিন (২৯) সম্বন্ধে বলেন বে, তিনি পশ্চিমদেশের সীমাস্ত পর্যাস্ক প্রবেশ করিরাছিলেন এবং কাহারও কাহারও মতে তিনি পূর্ব্ব ও পশ্চিম, উভর দিকেই প্রবেশ করিরাছিলেন।

এই সকল কাহিনী হইতে, তাহারা কোন না কোন জাতিকে নিসিয়ান নাম প্রদান করে এবং তাহাদের নগরকে ডাইওনিসাস কর্তৃক স্থাপিত নিসা নামে খ্যাত করে। তাহাদের নগরের উর্দ্ধদেশস্থ পর্বতকে তাহারা মিরন নামে অভিহিত করে। কারণ-স্বরূপ, তাহারা বলে বে, আইভি ও দ্রাক্ষা ঐ স্থানে জরো। এদেশীর দ্রাক্ষা-লতার ফল পাওয়া বার না;

কথা উল্লিখিত হইয়াছে ইহা সে নিসা হইজে পাবে না; কাবণ, সক্লোক্লিসের বছ পবে আলেকজান্দার ভারতবর্ষ আক্রমণ করিয়াছিলেন।

<sup>(</sup>২৬) ব্যাকাস নামক গ্রীকদেশীয় দেবতার অস্তুচরগণ। ব্যাকাসকে প্রীসীয়-পুরাণে "মন্ডের দেবতা" বলিয়া আব্যা প্রদান করা হয়।

<sup>(</sup>২৭) ব্যাকাসের অক্তম নাম।

<sup>(</sup>२४) क्षेक्सिन नमीजीववात्री (धुनिवान काजि। 'हेनिवम' वर्ड क्यशांव खडेवा।

<sup>(</sup>২৯) হিরাঙ্কিস বা হার্কিউলিস প্রাচীন গ্রীসের সর্ব্বশ্রেষ্ঠ বীরপুক্ষ বলিয়া খ্যাত। ইনি দেবরান্ধ কিরাসের পুত্র বলিয়া পরিচিত।

কারণ, অতিরিক্ত বর্ধার অক্স পরিপক হইবার ুর্কেই ফলগুলি পড়িরা বায়। উলিখিত গ্রন্থকারগণের মতে, অশ্বিড্রেকাইগণই ডাইওনিসাসের বংশধর। কারণ তাহাদের দেশেও জাক্ষা জয়ে; তাহারা বিশেষ সাজন্য সহিত শোভাযাত্রা করে; তাহাদের নরণতিগণ, ব্যাকাদের পছা অবলম্বন করিয়া বৃদ্ধযাত্রা করেন এবং অক্স সময়ে পুশাবৃক্ত বেল পরিধান করিয়া বাছাকরগণ সহ রাজপ্রাসাদ হইতে বহির্গত হন। প্রথম আক্রমণেই আলেকজান্দার আর্বাপ (৩০) নামক সিন্ধান-সেবিত পর্ব্বত অধিকার করেন, [হিরাক্রিস ঐ পর্বাত তিনবার আক্রমণ করিয়া কিনবারই পরাজিত হইয়াছিলেন, ] মাদিলোনিয়ানগণ এইরূপ প্রচার করিয়া নিজেদের ক্বতকার্যাতার জন্ত সমধিক প্রাবা বোধ করিতেছিল। হিরাক্রিসের যুদ্ধ-যাত্রাকালে বে সকল যোদ্ধা তাহার সহসামী হইয়াছিল, শিবাইগণ (১৩) তাহাদেরই বংশধর বলিয়া থাতে। শিবাইগণ নিজ্ব উৎপ তির চিত্র রক্ষা করিয়াছে, তাহারা হিরাক্রিসের ভার বর্দ্ধ পরিধান করে, মুদগর বহন করে; তাহাদের

<sup>(</sup>৩০) আয়র্গসের স্থান নির্দেশে বথেষ্ট নতভেদ আছে। ম্যাক্রিপ্তল সাহেবের মতে, সিদ্ধানদের পশ্চিম পার্বস্থ মহাবনই আয়র্থস। সেনাপতি কোট আটক নগরীর অপর পার্বে স্থাপিত 'রাজা হোদি' নামক হুর্গ ও স্থপ্রসিদ্ধ প্রস্থাতজ্ববিং কানিংহাম বিশ্ব হুইতে বোড়শ মাইল উত্তরে অবস্থিত রাণীবাট হুর্গকে আয়র্থস বলিয়া নির্দেশ করিয়াছেন। সেনাপতি আবট মহাবনকেই আয়র্থস বলিয়া নির্দেশ করেন এবং অনেকেই এই মতের সপক্ষে মত দিয়াছেন। কিছু ১৯০৪ সনের অক্টোবর মাসে কর্পেল সার হ্যারক্ত জীনের সাড়ায়ো ডাজ্ঞার ষ্টীন মহাবন পরীক্ষা করিয়া স্থির ক্রিরাছেন বে, গ্রীক-বর্ণিত আয়র্থস মহাবন নহে।

<sup>(</sup>৩১) আরিয়ান ঠাঁছার 'ইণ্ডিকা' গ্রন্থে এবং কার্টিয়াস তাঁছার 'ইণ্ডিহাসে' এই জাতির কথা উল্লেখ করিয়াছেন। ইহারা আকেসাইন নদীর পশ্চিম তীরবর্তী-প্রদেশে বাস করিত। সম্ভবতঃ ইহারা শৈব ছিল বলিয়। ইহাদিগকে শিবাই নামে । আখ্যাত করা হইয়াছে।

বৃষ ও অখতরের গাতে ও মুকাব-চিহ্ন অভিত করিয়া রাথে। পারোপামি-সাডাইগণের (২২) দেশে, গবিত গুলা থাকার জন্য তাহারা প্রমিথিয়াস (৩৩) এবং ককোস সব্রীয় আখ্যান, পণ্টাশে ঘটে নাই, এই স্থানে ঘটিয়াছে এইরূপ প্রকাশ করে। তাহারা বলে যে, এই গুলাই প্রমিথিয়াসের কারাগার ছিল, হিরাক্লিস প্রমিথিয়াসের উদ্ধার-করে, এইস্থানেই আসিয়াছিলেন এবং গ্রীকগণ বণিত প্রমিথিয়াসের কারাগার বে ককোস (৩৪) পর্বতে অবস্থিত ছিল, ইহাই সেই ককেসাস।

এই দকল বর্ণনাই যে আবেকজালারের চাটুকারগণের করিত, সে বিষয়ে বিল্পুনাত্রও সলের নাই। এক লেখকের বর্ণনার সহিত অপর লেখকের সাদৃগু দেখা যায় না এবং একজন যে বৃত্তান্ত উল্লেখ করিয়াছে, অপরে তাহা আদৌ উল্লেখ করে না। যে দকল কার্য্যে যশোরাশি বৃদ্ধি পায় এবং যাহাতে স্বতঃই গৌরব অফ্তব করা যাইতে পারে, সেই দকল কার্য্য যে নির্ণয় হয় নাই এবং নির্ণীত হইলেও যে উল্লিখিত হয় নাই, ইহা বিশ্বাস্যোগ্য নহে। অধিকন্ত, ডাইওনিসিরাস হিরাক্লিস যে দকল রাজ্যের অভান্তর দিয়া নিজ দৈন্য-বাহিনী সহ

<sup>(</sup>৩২) উলেমি "পারোপানিদাদাই" নামক এক জাতির উল্লেখ করিয়াছেন। সম্ভবতঃ ষ্টাবো লিখিত "পারোপামিদাদাই" ও টলেমি কথিত "পারোপানিদাদাই"লগ একই জাতি। ইহারা হিন্দুকুল পর্বতের দক্ষিণ এবং পুর্বেবাদ করিত।

<sup>(</sup>৩০) প্রমিথিরাস ম্বর্গ হইতে 'বেবাগ্নি' চুরি করিল। নিজ-কৃত মন্থবোর জীবন দানের চৌধ করাতে দেবতাগণ তাঁহাকে এই স্থানে কারাক্ষম করিলাছিলেন।

<sup>(</sup>৩৪) মাসিদোনিরানগণ ইউন্থাইন এবং কান্দিরান সাগরের মধাবর্জী পর্বভক্তে ককোন পর্বত বলির। নির্দেশ করিতেন এবং হিমালয়কেও ককোনান নামে অভিহিত্ত ক্রিতেন। এক্সপ করিবার প্রধান কারণ এই বে তাহারা মনে করিতেন বে একই প্রক্রেমণ্ট ইউন্থাইন সাগর ইউতে ভারতবর্ধ পর্বান্ত বিছেত ছিল।

ভারতবর্ষাভিমুথে অগ্রপর হইরাছিলেন, তাহারা এই সকল বাহিনীর যাতারাতের কোন প্রমাণই দেপাইতে পারে না। কিশেষতঃ, হিরাফ্লিস যে বেশ পরিধান করিয়াছিলেন বুলিয়া কথিত হয়, উহা টোজান সমরের অনেক পরে বাবহুত হইয়াছিল। যাহারা "হিরাফ্লিয়।" রচনা করিয়াছিল, এ বৃত্তান্ত তাহাদেরই কারত। পিসান্দার (০৫) বা অন্য কেহ, এই প্রস্থ প্রণয়ন করিয়াছিলেন কিনা জানা যায় না। হিরাফ্লিসের প্রাচীন দাক্লনয় মুর্ত্তিভালি কেহ এরপভাবে সজ্জিত করে নাই।

এই জন্ত এই সকল বিষয় আমাদের বিশেষ সাবধানতার সহিত গ্রহণ করিতে হইবে। গ্রন্থের ভূমিকায় এই সকল বিষয় নিজ সাধ্যামুসারে পর্যালোচনা করিয়ছি এবং সেই সময় যাহ। দ্বিরীকৃত হইয়াছিল, তাহা এবং যাহাতে অভান্ত ঐ সকল বিষয় পাঠকগণের বোধপমা হইতে পারে, তাহারই চেট্টা করিব। আমার মতে, ইরাটস্থিনিস তাঁহার ভূগোলে যে সকল বর্ণনা করিয়াছেন, তাহাই অধিকতর বিখাসযোগ্য বিলিয়া বোধ হয়। বিজুননই ঐ সময়ে ভারতবর্ধ ও আরিয়ানীর সীমানিয়ারণ করিত। তৎকালে, আরিয়ানী পারাসকাণের অধিকারভূকি হিল; তৎপরে, মাসিদোনিয়াগণের নিকট প্রাপ্ত হইয়া, ভারতবাধীরা উহার অধিকাংশ অধিকার করিয়াছিল।

ইবাটস্থিনিদ ভারতবর্ষের নিম্নন্নপর্ণনা করিয়াছেন :— ভারতবর্ষের উত্তরে, এরিয়ানা হইতে পুর্ব্বদাগর পর্যান্ত তারাস

<sup>(</sup>৩৫) রোজন বীপবানী পিসান্দার খৃষ্টার পূর্ব্ধ সপ্তর শতানীর মধ্যভাগে প্রাছ্তৃ হ ছইরাছিলেন। ওঁহোর রচিত "হিরাজিস" নামক গ্রন্থ ছুই ভাগে বিভক্ত ছিল। এই বিরাট গ্রন্থের মাঞা করেক ছাত্র পাওরা বার। এই গ্রন্থেই স্বব্ধপ্রথনে হিরাজিসকে প্রাধারী এবং সিংহর্ম-প্রিম্থিত বলিয়া বর্ণনা করা হয়।

পর্বত ( ০৬)। মানিদোনিরানগণ ইহাকে ককেসান পর্বন্ধ বাদে; কিন্তু দেণারেরা ইহার ভিন্ন ভিন্ন অংশকে ভিনাভিন্ন নামে আভিছিত করে; যথা,—পারোপানিসান, ইমোদন এবং ইমান্তন প্রভৃতি। ইংবার পশ্চিনে সিন্ধুনন। ইহার দক্ষিণ এবং পূর্ব্বাংশ অপরাংশাপেকা বৃহৎ। এই গুই অংশ আটনাটি ৮ ( ৩৭ ) সাগরে পাঁড়রাছে। দেশটা রম্বইডের প্রায়। ককেশিয়ান শার্বত ওইতে দক্ষিণ সম্ভ্র পর্যান্ত বিভূত পশ্চিমাংশ ১০,০০০ হাজার ইাডিয়া এবং বিপরীত দিকের পূর্ব্বাংশ ১৬০০০ হাজার ইাডিয়া। ভারতবর্ষের বিস্তৃতি এইরূপ। পশ্চিম হইতে পূর্ব্বাদিকের পরিমাণ সম্বন্ধে আমরা পাণিবোপু। পর্যান্ত সঠিক বলিতে পারি, কারণ, ইহা পরিমাপ করা হইয়ছিল (৩৮)। ১০,০০০ হাজার ইাডিয়া

<sup>(</sup>৩৯) ই্রাবো, বিভীয় খণ্ড, প্রথম ও বিভীয় পাারা স্তারীয়া। এরিয়ানি বা আর্যাভূমি — আরিয়ান তাহার 'ইণ্ডিকা' প্রয়ে বলিয়াছেন—"The range of Tauros bears' different names in the various countries which it traverses. In one place, it is called Parapamis >>, in another Emodos, and in a third Imaos, and it has perhaps other names besides these. The Macedonians who served with Alexander called it Kaukasos" অর্থাৎ, এই পর্বাত্তকে ভিন্ন ভিন্ন দেশে ভিন্ন লামে অভিহিত্ত করা হয়। কোনবেশে পারাপামিসশ, কোন দেশে ইবেলস, কোবার বা আমারস নামে কথিত হয়। আলেকজালারের সহ্যাত্রী মাসিবোনিয়ালগণ ইহাকে ককেসাস নামে আথাত করিত।

<sup>(</sup>৩1) ট্রাবোর সমরে, সকল সমুলকেট 'আটলাটি হ' নামে অভিহিত করা হইত।


<sup>(</sup>७४) वाः ३ क हो छिन्ना = ७०७ - को है

<sup>&</sup>quot;Strabo's description, as here given, of the Configuration of India may be represented by a rhomboid. Of this Construction, where thes anoth side is represented by a line drawn from the spposed source

দীর্ঘ একটি রাজপথ আছে। গলাননী দিরা যে সকল জালাজ সাপর
হইতে পালিবোপার যার, তালাদের গতারাত হইতে পালিবোপার
পরবর্ত্তী দেশের আয়তন আন্দাল করিয়া লওয়া যাইতে পারে। মোট
দৈর্ঘা, ১৬,০০০ হাজার স্টাডিয়ার কম নতে। ইরাটস্থিনিসও এইরূপ
অনুমান করেন। দৈল্পগণের অপ্রদর হইবার কালে স্কলাবার যে যে
স্থানে স্থাপিত হইয়াছিল, তালাদের ব্যবধানের দূরত্ব হইতে তিনি ইলা
নির্ণর করিয়াছেন এবং একেত্রে মেগান্থিনিস ও তালার একই মত।
পাট্রোক্রিদের মতে, উহা এক হালার প্রাডিয়া কম; কিন্তু ইহার

of the Indus to the mouth of the Ganges; the west side by a line drawn from the same point to the mouth of the Indus; the south side by a line drawn to Cape Comorin, and the east side by a line from that Cape to the mouth of the Ganges, beyond which Strabo's knowledge of the east did not extend".—Mac. Crindle.

## ইাবো লিখিজ ভারতবর্ষের পরিমাণ ইত্যাদি:-



ক্লাবোর মতে ভারতবর্বের পশ্চিম সীমা ১০,০০০ টাডিয়া বা ১৪৯৪ মাইল। তিক্সিকু নদের প্রকৃত্ দৈর্ঘ্য ১৮১০ মাইল। প্রাচীন জীকণণ সিরক্ষ্ উৎপত্তি-ছানেম দহিত যদি পূর্বনিকস্থ অন্তরীপ বোগ করিয়া লওয়া হর, তাহা হইল এই ৩০০০ হাজার টাডিয়া লইয়া ভারতবর্ষের দৈর্ঘ্য অতান্ত বৃহৎ হইয়া পড়িবে। দিল্পনদের মুথ হইয়া বহিভাগত্ব সমুদ্র দিয়া, পূর্ব্বোজ্ব অন্তরীপ লইয়া, ইহার প্রান্তদেশ পর্যান্ত পরিমাপ করিলে, দৈর্ঘ্য এইরূপই হছবৈ। ঐ দেশের লোকদিগকে "কনিয়াকই" (৩৯) নামে অভিহিত করা হয়।

অভাভ গ্রন্থকারের বর্ণনার সহিত উপযুঠক বর্ণনার প্রভেদ দৃষ্ট হইবে। টিশীরাস (৪০) বলেন যে, ভারতবর্ষ এসিয়ার অভাভ প্রদেশাপেকা

বিষয় অবগত ছিলেন না। আরিয়ান ইরাটনখিনিস বর্ণিত বিষয়ণ হইতে ভারতবর্বের ভৌগলিক-বুভান্ত সংগ্রহ করিয়াছেন। প্রস্কৃতব্বিদ্ কানিংফান সাহেব ভাষার স্থপ্রস্ক্র 'Ancient Geography of India" (ভারতবর্বের প্রাচীন ভূগোল) গ্রন্থে লিখিয়াছেন 'বে ভংকালীন ভারতবাদীরা নিল্লেশের সঠিক ভৌগলিক-বুভান্ত অবগত ছিলেন।' শুনুক্ত প্রগানান লাহিড়ী মহাশর প্রগ্রান্ত পৃথিবীর ইতিহানে'র দ্বিতীর ব্যথের 'প্রাচীন ভারতের ভৌগলিক-তর্ব' স্তাইবা।

- (৩৯) পল্পোনিরাস মেলা হইতে আমরা জানিতে পারি যে ভারতবর্বের দক্ষিণ সীমান্তপ্রদেশকে 'কোলিস' নামে অভিহিত করা হইত। অন্ত কোথায়ও 'কনিয়াক্ষ্ট' শব্দ দৃষ্ট হয় না।
- (৪০) কারিয়ার অন্ত গতি নাইডস নগরবাসা টিনিয়স, চিকিৎসকরপে অনেক কাল ধরিয়া পারতাধিপতি আটাজারাজিদের রাজধানীতে বাস করিতেন। তিনি 'পার্সিকা' নামক এক বিরাট প্রস্থ প্রথমন করিয়াছিলেন। ছুমুখের বিবর, বর্তনানে এই গ্রন্থের আতি সামান্ত অংশ মান্তেই পাওরা যার। তিনি 'ইণ্ডিকা' নামে আরও একথানি প্রস্থ লিবিয়াছিলেন। এই গ্রন্থে তিনি ভারতবর্ধ সম্বন্ধে পারতো প্রচলিত কিংবনত্তী সকল লিপিবছা করিয়াতিলেন। সাধারণে এই গ্রন্থ অত্যন্ত আদ্বের সহিত গ্রহণ, করিয়াছিলেন; কিন্ত, ছুংখের বিবয় এই উপাবের গ্রন্থে ব্রালাই পাঞ্জা বার।

আকাষ্টে কৰ নহে। আনিসিকিটস ভারতবর্ষ ভ্ষওনের এক ভৃতীবাংশ ছান অধিকার করিয়া আছে, এইরূপ বিবেচনা করেন। নিয়ার্কাদ বনেন বে, কেবলমাত্র সদত্রভূমিগুলি ভ্রমণ করিতেই চারিয়াস অতিবাহিত হয়। মেগাছিনিস এবং ডিমাকস লিখিত পরিমাণ উহাদের অপেকা অনেকাংশে পরিমিত। ইহাদের মতে দক্ষিণ সমুদ্র হইতেই ককেসাস কুড়িসহল্র ইাডিয়ার কম। ডিমাকস বলেন যে ভানে ভানে ইহা ত্রিশ সহল্র ইাডিয়ারও অধিক। আমরা পুর্বেই এই সকল গ্রন্থকারের বর্ণনা আপোচনা করিয়াছি। বাহা হউক, এই ভানে ইহা বলা মাইতে পারে বে, মাহারা ভারতবর্ষ সম্বদ্ধে এই প্রকার ভিল্ল ভিল্ল বর্ণনা করিয়াচেন তাহারা সকলের ক্ষার পাত্র।

ভারতবর্ধ অনেক নদী আছে। এই সকল নদীর কতকগুলি সিক্ষু ও পাকার সহিত মিণিতা হইরাছে; অভাভাগুলি সমুদ্রগর্ভে পড়িবাছে। এই সকল নদীই ককেদাস পর্বাত হইতে নির্গতা চইরাছে (৪১)। পর্বাত-গাত্ত হইতে নির্গতা চইরাছে। বাহারা সিক্ষ্নদের সহিত মিণিতা হইরাছে, তাহারাই দক্ষিণাভিমুথিনী, অপরগ্রাতি, গলার ভার পূর্বাভিমুথিনী। গলা ভারতবর্ষের সর্বাপেকা বৃহৎ নদী। গলা পর্বাত ইইতে নির্গতা হইরা সমহল-ক্ষেত্র পড়িরা পূর্বাভিমুথিনী হইরাছে। পরে, পাণিবোলার চরণ নেটত করিয়া, ইহা সমুদ্রের সহিত মিণিতা হইয়াছে। তথার, ইহার একটী মাত্র মুধ (৪২)।

<sup>(</sup>৩১) উল্লিখিড হইলাছে যে মাদিদোনিয়ানগণ <sup>ই</sup>উত্থাইন এবং কান্সিলান সাগরের মধ্যবর্তী পর্বতকে ক্ষেদান পর্বত বলিয়া নির্দেশ করিছেন। ৩৪ পাণ্টীকা দুইবা।

<sup>(</sup>৪২) ট্রাবোর পুত্তক প্রকাশের প্রার একশত বংশর পূর্বের টনোমি ভাগার ভূগোলে রালার পাক মুখের কথা উল্লেখ করিলাছেন। সর্ব্বপ্রথমে উল্লেমই গলা ও বলগেশের উপকূর ভাগের সঠিক বর্ণনা করেন। উল্লেখি সিন্ধুনদের সাংটা মুখের কথা উল্লেখ করিলাছেন।

পাইলীন দেশ (a) বেইন করিয়া, সিদ্ধু দিমুখী হটয়া দক্ষিণ সমুদ্দের সহিত মিনিত চইয়াছে। ইরাটস্থিনিস বলিয়াছেন যে, এই সকল নদ নদী চইতে যে বাল্প উথিত চয়. তাগতে বর্ষাকালে বারিপাত চইয়া দমতল ক্ষেত্র প্লাবিত চয়। বর্ষাকালে শন, ধান্ত, তিল, "বদমোরণ" (Bosmoron) ও অল্লাল্ড শল্প এবং শীত ঋতুতে ইব, গম, ডাল এবং আমাদের অজ্ঞাত অল্লাল্ড চয়া উপিওপিয়া এবং মিশরে যে সকল জল্প প্রতিপালিত হয়, ভারতবর্ষেও সে সকল জল্প পাওয়া বায়। এই সকল দেশীয় নদীতে যে সকল জল্প পাওয়া বায়। আই সকল কল্প ভারতীয় নদীতে দেখিতে পাওয়া বায়। অনিস্কিট্র বালেন যে, সিদ্ধ্রোটক ভারতীয় নদীতে দেখিতে পাওয়া বায়। অনিস্কিট্র স্বলেন যে, সিদ্ধ্রোটক ভারতীয় নদীতে দেখা বায়। অধিবাসীদিগের সম্বন্ধে ইহা বলা বাইতে পারে যে, দাকিশাত্যবাসিগণের বর্গ উপিওপিয়ানদিগের লায়, কিন্ধ তাহাদের মুখ ও চুল অল্লাল্ড জাতির লায়। বায়্র জল্প তাহাদের চল ক্ষিত্ত হয় না। উত্রাণশের গোক মিশ্রবাসীদিগের লায়।

প্রশাসর শুনিতে পারা যান বে, সমুদ্রে অবস্থিত তাপ্রোবেণ ( এ৪ )
নামক দ্বীপ ভারতবর্ষের সন্ধাপেকা দক্ষিণ অন্তরীপ চইতে দক্ষিণ
দিকে সাত দিবদের পথ। এই দ্বীপ ইথিওপিয়ার দিকে ৮০০০ হাজার
ইাডিরা বিস্তা এ গীপেও হত্তী পাওয়া যায়। ইরাটদ্থিনিদের

<sup>(</sup>৪৩) পাটনীন---গ্রীকগণ সিজ্র বরীপকে পাটলীন নামে অভিনিত করিতেন; রাজধানী পোটন' নামে আগগাড় হইত।

<sup>(</sup>৪৪) তালোবেণ—লকারাণ। লকাদীণের আয়তন সম্বন্ধ প্রাচীনগণের ব্যব্ধ মতজেন ছিল। টলেমী লকাদীপকে তাতার প্রকৃত পরিমাণের চতুর্দ্দশগুণ অধিক বলিয়াছেন। পেরিমানের প্রস্থকার ইয়াকে অংকিকার সম্বিকটে বলিয়া নির্দেশ করিয়াচেন। স্লিনির লিখিত তালোবেণের বৃত্তার "মান্ড ভারতে" উত্ত্বত হইরাছে।

প্রছে এই সকল বিবরণ লিপিবন্ধ ইয়াছে এবং এই লেখকের বুভাস্তের সহিত অন্যান্য লেখকের সঠিক বৃত্তাস্ত যোগ করিলে, ভারবর্ষের বিবরণ পাওয়া যাইবে।

দৃষ্টান্ত-সর্ব্বপ উল্লেখ করা যাইতে পারে যে, অনিসিক্রিটস তাপ্রো-বেণের দৈর্ঘ্য ও বিস্থৃতির কথা উল্লেখ না করিয়া উলার আয়তন ৫০০০ হাজার ষ্টাভিয়া বলিয়াছেন। তিনি আরও বলিয়াছেশন যে, মহাদে ছইতে সমুক্ত-পথে ঐ স্থানে পৌছিতে কুড়ি দিন সময় লাগে; এই সমুক্ত-পথে যাত্রার নিয়োজিত তরীগুলি তালদের পাল ও গঠনের বিশেষত্বের জন্য ক্রত যাইতে পারে না। মধ্যবত্তী পথে অক্সান্ত দ্বীপ আছে, কিন্তু তাপ্রোবেণ সর্ব্বাপেক্যা দক্ষিণে অবস্থিত; ইলার তীরে তিমি-জাতীয় উভচর জন্তু বিচরণ করে এবং উহারা আকারে অস্ব, বাষ্থ্য এবং অন্যান্য স্থলচর জন্তুর ন্যায় (৪৫)।

নিয়ার্কাস নদী ছার। বর্জন-শীল ভূমির নিয়লিথিত দৃষ্টাস্ত দিয়াছেন। হার্ম্মস, কেসট্রস, মৈয়ানদ্রস এবং কৈকস নামক সমতল ক্ষেত্রগুলির এরপ নাম-করণ হইয়াছে; কারণ, পর্বত হইতে নদী সকল আর্দ্র ও উর্বের ভূমি বহন করিয়া আনে এবং প্রক্রত পক্ষে ঐ সকল সমতল ক্ষেত্র নদী হইতেই উৎপন্ন এবং উচাদিগকে নদীরই অস্তঃভূতি, এরপ বলা যাইতে পারে। হেরোডটাসও নীল ও তরিকটবর্তী ভূমির সম্বন্ধেও রলিয়াছেন যে, এই ভূমি নদারই উপহার। এই ফ্লন্য নিয়ার্কাস বলেন যে নীল নদকে মিশর নামে আখ্যাত করা হয়।

<sup>(</sup>৪৫) আমরা "প্রাচীন ভারতে" ইলিয়ান নামক বে ঐতিহাসিকের বর্ণনা উদ্ভূত ক্রিয়াছি, উহাতে তাপ্রোবেণে প্রাণ্য এক প্রকার বিরাট জন্তব উল্লেখ আছে।

আরিষ্টবোলস (৪৬) এইরূপ বলিয়াছেন:-বৃষ্টি এবং বরফ কেবলমাত্র পর্বত ও তাহাদের সাকুদেশস্থ ভূমিতেই পড়ে; সমতল ক্ষেত্রে বৃষ্টি বাবরফ পড়ে না এবং নদীর জল বৃদ্ধি না হইলে, উহার! প্লাবিত হয় না। শীতকালে পর্বতগুলি ব্রফাবুত হয় এবং বসস্ভের আহারন্তে, দিবারাত্র অবিরভ বৃষ্টিপাত হয়। আর্কটবাসের (৪৭) উদয় ছাওয়া পর্যান্ত ইটিসিয়ান বাভাস বচিতে থাকে। বরফ গলিয়া যাওয়াতে এবং বৃষ্টির ভারা জল বৃদ্ধি চইয়া, নদী সকল সমতল ক্ষেত্রে জল সিঞ্চন করে। আরিষ্টবোলস বলেন যে, এই সকল ঘটনা, যথন তাঁগারা পারোপামিসাদাই হইতে ভারতবর্ষাভিমুখীন হইয়াছিলেন তথন এবং যথন তাঁহারা আসপেসিরই व्यवः चामाकानियानगरवत चिवकत शास्त्रकालारमर्भ नाम कविरुक्तिस्मन. তথনই ঘটিয়াছিল। তাঁহারা বসস্তের প্রারম্ভে সমতলক্ষেত্র পৌছিয়া-ছিলেন: তথা হইতে তক্ষণীলা নামক বুহৎ নগরে এবং পরে, হাইডাস্পিস পৌছিয়া, তথা হইতে পোরসের রাজ্যে গমন করিয়াছিলেন। শীত ঋতুতে বারিপাত হয় নাই; তবে, জনবরত তৃষার-পাত হইয়াছিল। যথন তাঁহার। তক্ষীলায় ভিলেন, তথনই প্রথম বারিপাত হয়। হাইডাস্পিস নদী দিয়া অগ্রসর হটয়াও পোরসকে দমন করিয়া, প্রকাদিকে হাইফানিস পর্যান্ত ঘাইর। তিনি পুনরার হাইডাস্পিসে প্রত্যাগ্যন করিয়াছিলেন। এই

<sup>(</sup>৩৬) কাসান্তিগনিবাসী আরিষ্টবোলস আলেকসান্দারের সচগানী হৈইয়াছিলেন

বং তাঁহার অভিগানের এক বুডান্ত লিগিবন্ধ করিয়াছিলেন। ৮৪ বংসর বয়ক্রেম

কালে তিনি এই গ্রন্থ প্রণায়নে ব্রতী ছিলেন এবং প্রকাশ এই বে, তিনি ৯০ বংসর পর্যান্ত

ক্রিবিত ছিলেন।

<sup>(</sup> ৩৭ ) এটামকালে ভূমধানাগরে এই বায়ু প্রবাহিত হয়। প্রচৌন এটকাণ করে 
করিতেন বে নিরিয়ান নক্তের উপদের পূর্কে ৩॰ দিন ধরিয়া ইন্ধিয়ান সমূতে এই 
বাস্তাস প্রবাহিত হুইত। আকিটুরান হেমক কছুর নিয়পন।

সময়ে, বিশেষতঃ যথন ইটিদিয়ান বাভাস প্রবাহিত হইত, তথন অমবরত বারিপতন হইত। আর্কট্রাস উদিত হইলে বারিপতন বন্ধ হইয়াছিল। হাইডাসপিস তীর্বে কিছু দিন রণতরী নির্মাণে অভিবাহিত করিয়া, তাঁহারা প্রিয়াডিসের (৪৮) অন্তগমনের কিয়দিবস পুর্বেপাশ বিস্তার করিয়া যাত্রা করিয়াভিলেন এবং হেমন্ত, শীত, বসন্ত এবং গ্রীমকাল নিয়গামী বাত্রায় অভিবাহিত করিয়া তাঁহারা দিশ মাস এই অল্যাত্রায় অভিবাহিত করেন, কিন্তু ইহাব মধ্যে একদিনও বৃষ্টি হয় নাই; কিন্তু নদী সকল জলপুর্ণ ছিল এবং ভাহারা সমতল ক্ষেত্র-স্থাবিত করিয়াছিল। প্রতিকৃল বায়ুর জন্য সমূদ্র-যাত্রা সম্ভব হয় নাই।

নিয়ার্কাস ও উপর্যুক্ত মর্ম্মে লিথিয়াছেন; কিন্তু, গ্রীম্মকালীন বারিপতন সম্বন্ধে, নিয়ার্কাস আরিষ্টবোলনের সহিত একমত হইতে পারেন নাই। নিয়ার্কাসের মতে, গ্রীম্মকালেই অধিক বারিপতন হয়, এবং শীত ঋতুতে আদৌ বারিপতন হয় না। উভয় লেথকই নদীর জলবুর্বির কথা উল্লেখ করিয়াছেন। নিয়ার্কাস বলিয়াছেন য়ে, য়থন তাঁহারা আকেসাইন তাঁরে ছাউনি ফেলিয়াছিলেন, তথন নদীর জল-বুর্বির জন্য তাঁহারা উচ্চভূমিতে পট্রারাস্থলি হাপন করিয়াছিলেন। এই ঘটনা উত্তরায়ণ সংক্রান্তির সময় ঘটয়াছিল। কিরূপ পরিমাণে নদীর জল বৃত্তি হইয়াছিল, আরিষ্টবোলস তায়ার নিকেশ করিয়াছেন। তিনি বলিয়াছেন য়ে, নদীর জল ৪০ হাত বৃত্তি হইয়াহিল। এই ৪০ লাতের মধ্যে ২০ হাত নদীর কিনারা পূর্ণ করিয়াছিল; অবশিষ্টে ক্ষেত্র প্লাবিত হইয়াছিল। উচ্চ ভূমির উপরে-স্থিত নগরগ্রি বের্মাণের জায় হইয়াছিল,উভয়ে তায়ার

<sup>(</sup>৪৮) সপ্তৰিমঞ্জ।

স্বীকার করেন। আর্কট্রাস অন্তর্গামী হইলে জল কমিতে থাকে।
উত্তরে ইহাও বলেন যে, ভূমি মার্ল্র থাকিতেই বীজনপন করা হয়, এবং যদিও
সাধারণ শ্রমিক দারাই ভূমি ক্ষিত হয়, তত্তাপি যাহাই বপন করা হউক না
কেন, তাহাতেই স্থল্পর ফলস হয়। আরিষ্টবোলস বলেন বে, জল-মধ্যেই
ধান্য বপন করা হয় এবং জলমধ্যেই উহারা জন্ম লয়। ধান্যের পাছগুলি
চারি হাত উচ্চ হয়; মনেকগুলি শীস হয় এবং এক একটাতে প্রচুর ধান্য
জয়ে। প্রিয়াভিদের অন্তর্গমনের কিয়্দির্বিস্পুর্বের্ধ ধানা সংগৃহীত হয়
এবং বালির ন্যায় ইহারও তুই ছাড়ান হয়। ধান্য অন্যত্ত জয়ে।
বাক্ট্রিয়া, বাবিলন, সৌদিস এবং নিয় দিরিয়ায়ও ধান্য জলেন। মেগিলস
বলেন বে. বর্ষার পূর্বের্ধ ধান্য বপন করা হয় এবং ইহার জন্য জল-সেচন
করিতে হয় না, ইহাদের প্রতিরোপণেয়ও আবশ্রকতা নাই; কারণ
ধান্য-বৃক্ততেই প্রচুর জল থাকে। অনিসিক্রিট্স বস্ময়ণ সম্বন্ধে বলেন বে,
ইহা গমের অপেকা আকারে কুল্ল এবং ইহা নদীতীরে জল্মে। ভূম
ছাড়াইয়া,পবে ইহাকে ভিজিত করা হয় এবং ভজ্জিত ইইবার পূর্বের্মীহাতে
বীক রস্থানী না হয়, তজ্জনা অধিবাসীরা প্রভিক্ষাবন্ধ হয়।

মিশর ও ইথিওপিয়ার সহিত ভারতবর্ষের কি বিভিন্নতা ও কি সাদৃশু আছে এবং দক্ষিণ দিক হইতে বারিপতন হুইনা যথন নীল নদের অল বৃদ্ধি পায়, তথন ভারতবর্ষের নদার জল উত্তর দিকের কারিপতনে বৃদ্ধি পায় এবং মধ্যবর্ত্তী প্রদেশে কেন বৃদ্ধি হয় না, এই সকল জিজ্ঞানা করিয়াছেন। কারণ, থিবইস ও মিরোর নিক্টবর্ত্তী দেশ এবং ভারতবর্ষে পাটলীন ও হাইডার্সপিংসর মধ্যবর্তী দেশে বস্তুতঃ বৃষ্টিপাত হুয় না। কিন্তু এতথাতীত অন্যান্য দেশে যে যে স্থানে বৃষ্টি ও তৃষাংশাত হয়, সে সকল দেশও ভারতবর্ষের ন্যায় কুই হুয়, কারণ, বৃষ্ট্র ভুষারেও জমি আরু হয়। পুর্বোক্তর গ্রহ্মকার মাহা ব্রিরাছেন

ভাহা চইতে স্পাঠ্ন প্রতীয়মান হয় যে, ভারতবর্ষে ভূমিকম্প হয়, কেন
না, অভিরিক্ত আর্দ্রভার জন্য ক্ষেত্রে বথেপ্ট ছিদ্র হয় এবং সে জন্য
নবীর গতিরও পরিবর্দ্তন হয়। তিনি বলেন যে, যথনই কোন কার্য্যব্যপদেশে তিনি তথায় প্রেরিত হইয়াছিলেন, তথনই দেখিতে পাইয়া
ছিলেন যে, হহস্র সহস্র গ্রাম ও নগর বিশিষ্ট জনপদ পরিত্যক্ত হইয়াছে
এবং ইহার কারণ এই যে, সিল্পু নিজ গতি পরিবর্দ্তন করিয়া বামদিকফ্
ক্ষনপদে জলপ্রপাতের ন্যায় পতিত হওগতে এক্ষণে আর দক্ষিণের
ভূমি প্লাবিত করে না (১৯)।

অনিসিক্তিসপ নিজপ্রাহ্ নদীপ্লাবনের কথা বলিরাছেন। অনিসিক্টিস বলিরাছেন বে, পলি পড়াডে, উপকুলগুলি জলাভূমি পূর্ব। মেগাফিনিস বলিরাছেন বে ভারতবর্ষে প্রান্তক বংসরেই ভূইবার করিয়া পূজা ও শালু হয়। ইহা হইতে ভারতবর্ষের ভূমি কিরপ উর্ব্বর ভাগে বোধ ইবে। ইরাটস্থিনিসও এই মর্ম্মে লিখিয়ছেন। তিনিও শীত ও গ্রীয়াকালে ছাইবার বগনের কথা বলিয়াছেন এবং উভর শাজুতেই বা বর্ষা হয়, তাহাও বলিয়াছেন। লতার মূলদেশ অভ্যন্ত মেই, কারণ, রুষ্টিও নদা উন্মেরই জল সুর্ম্মের কিরণহারা তথা হয়। ভাগের মতে ঠিক এই কারণেই, সকল রুক্ষের শালা হইতে শকটের জন্য চক্র নির্মিত হয়; ভাহারা অত্যন্ত নমনীয় এবং এই কারণেই ঐ দেশীর রুক্ষে গশম ভ্রাহা। নিয়ার্কাস বলেন যে ভারতবাসীদের ব্যবস্থাও উৎইউ কার্পাস নির্মিত বন্ধ এই সকল রুক্ষের পশম হুইতেই (৫০) নির্মিত হয়াছিল। গদি এবং জীন পূর্ণ ক্রিবার জন্য ম্যাসিদোনি-

<sup>(</sup>BA) দিলু বছকাল হইতে ক্রমেই পূর্বে হইতে পশ্চিমে সরিয়া **থাইতেছে।** 

<sup>(</sup>৫০) "ভারত্তর, তকার কলা পাওয়া বার। একপ্রকারে পুত্র নির্নিষ্ঠ হয়— কন্ত প্রকার বালিন ইত্যাদিতে ব্যবহৃত হয়।" (Mac Crindle)

ন্ধানগণ এই পশমই ব্যবহার ক্রিয়াছিলেন। ভারতবর্ষে নল হইতে এক প্রকার মধু পাওয়া যায় (৫১)। সে দেশে মৌমাছি নাই। নিয়াকাদ একপ্রকার ফলবান ব্যক্ষের উল্লেখ ক্রিয়াছেন; ইহার ফল আহার ক্রিলেই মন্ততা আনয়ন করে।

ভারতবর্ষে অনেক প্রকার আশ্রুগ্য বৃক্ষ আছে। তন্মধ্যে, যে বৃক্ষের শাখা নিম্নগামী ও যাহার পত্রগুলি আকারে চালের ন্যায়, সেই রক্ষের কণা উল্লেখ করা যাইতে পারে। ভারতবর্ষের দাক্ষিণাত্যে অবস্থিত মৌসিকানস্ দেশের বিবরণ (৫২) পুআমুপুদ্ধা রূপে বর্ণন করিবার সময়, অনিসিক্রিটস বলেন যে অনেক রক্ষের শাখা হাদশ হস্ত দীর্ঘ। এই সকল শাখা গুলি নিম্নগামী হইয়া মৃত্তিকা স্পর্শ করে। তৎপরে, ঐ সকল শাখাগুলি মৃত্তিকাগর্ভে প্রবেশ করিলে, অন্যান্য রোপিত বৃক্ষের ন্যায় উহাদের শাক্ষ্ জন্মে। পুনর্বার তাহারা উর্দ্ধমী হইয়া রক্ষের ন্যায় হয় এবং পুনরায় পুর্শোক্ত রূপে ভূগর্জে প্রবেশ করে। তিনি রক্ষের আকার সম্বন্ধে লিখিয়াছেন যে তাহাদের কাপ্ত পাঁচজন লোকেও বেইন করিতে পারে না। আকিসাইন ও হিয়ারোটনের (৫০) সমমহলে, আরিইবোলস এরপ বৃহৎ বৃহৎ

 <sup>(</sup>৫১) সম্ভবতঃ গ্রন্থকার এই ছলে ইকুদণ্ডের কথা উল্লেখ করিয়াছেন ও প্রবন্ধী
 ছলে গ্রন্থকার বটবৃক্ষের কথা বলিতেছেন।

<sup>(</sup>eq) ম্যাক্রিগুলের মতে এই রাজ্য নিজুর উত্তরদিকে অবস্থিত ছিল। দেউ মার্টিন মানক পাকাডা পশ্চিত বলেন যে মোগলগণ এই মৌনিকানিসগণের বংশধর।

<sup>(</sup>৫৩) আরিয়ান এবং কাটাগ্রাস ইরাবতীকে হাইড়াওটীস বলিয়াছেন। চলেমি
ইহাকে আত্রিস বলিয়া উল্লেখ করিয়াছেন। বর্তমানে এই সঙ্গমস্থল মূলতান হইতে
ত্রিশ মাইকা
ব্যবধান ছিল।

এই জাতীয় বৃক্ষ দেখিগছেন যে, দ্বিপ্রবের দারুণ গ্রীয়েও এক একটা বৃক্ষতলে পঞ্চাশনী করিয়া আখারোহা আশ্র গ্রহণ করিতে পারে। আরিষ্টবোলদ্ অন্য এক প্রকার বৃক্ষের উল্লেখ করিয়াছেন। এই বৃক্ষের ফল দশ অসুনি দার্থ ও ইহার ফল মধুপূর্ণ। কিন্তু বাহার। এই ফল আবাদন করিয়াছিল, তাহারা সহজে নিজ জীবন লইয়া পলায়নে সক্ষম হয় নাই (২৪)। কিন্তু বৃক্ষাদির আকার প্রদাসে যে সকল গ্রন্থকার বলেন যে হিরানেটিসের নিকট এরূণ বৃক্ষ আছে যে দ্বিপ্রহরে তাহাদের ছায়া ও ইডিয়া ভূমির উপর পড়ে, তাহারা সকলকে অতিক্রম করিয়াছে। আরিষ্টবোলস পশম বৃক্ষের বর্ণনা কালে বলিয়াছেন যে, এ বৃক্ষের ফলের অভ্যন্তরে একটা করিয়া প্রন্তর খাকে। এই প্রন্তর নিক্ষাণ্ডিত করিয়া স্কলের অধিকাংশকে পশমের ন্যায় ব্যবহার করা যাইতে পারে।

আরিষ্টবোলন বলিরাছেন যে মৌদিকানন দেশে এক প্রকার গম ও মদ্যপ্রদায়িনী এক প্রকার লতা হুলো। কিন্তু, অন্যান্য গ্রন্থকার বলিরাছেন যে, ভারতবর্ষে মন্য পাওয়া যায় না (৫৫)। এই জন্যই আনাকারদিন (৫৮) বলিরাছেন যে, ভারতবাদীদের বংশী, থঞ্জনী, ঢকা এবং বাছকরদিগের ব্যবস্থত ঘর ঘর শক্কারী ব্যতীত অন্য বন্ধ নাই। আরিষ্টবোলন এবং অন্যান্য গ্রন্থকার বলেন যে, ভারতবর্ষে অনেক প্রকার ভেবজ ওবধি এবং যে সকল লতা হইতে রং উৎপাদিত হয়, তাহাও যথেষ্ট

<sup>(</sup>৫৪) ফালকোনর সাহেব বলিয়াছেন যে সম্বতঃ ইহা Carouba কল।

<sup>(</sup>৫৫) কাটিগ্রান বলিয়াছেন বে ভারতবর্ধে প্রচুর পরিমাণে মদ্য ব্যবহৃত ছইও কল্প নেগাছিনিস স্পঠাক্ষরে বলিয়াছেন যে ভারতীয়গণ কেবল মাল পূলার সময় মৃদ্যু ব্যবহার করিত। প্রাচীন ভারতে মদ্যুপানকে মুণার চক্ষে দেখা হইত।

<sup>(</sup>ew) সিখিয়া দেশীয় আনাকারসিস বৈদেশিক হুইলেও আখেলে অসিদ্ধি লক্ত কর্মাছিলেন এবং অধিত নামা নিয়ম অবর্ত্তক সোলনের বৃদ্ধু ও পরামর্শদাতা ছিলন।

পাওয়া যায় (৫৭)। আরিইবোলস ইহাও বলিগছেন যে কেহ কোন প্রকার বিবাক প্রবা আবিদার করিলে, যনি সে বিষয়্প দ্রন্য আবিদার না করিকে পারে, ত:৭ আইনারুগারে তাহায় মৃত্যু-লও হয়। বিষয় দ্রব্য আবিদার কবিলে প্রয়ত হয়। আরও, ইথিওপিয়া দেশের ন্যায় ভারত-বর্ষে দারুণ্টিনি, ম্পাইকনার্ড (৫৮), এবং অন্যান্য গন্ধ দ্রব্য দ্রম্মে। এই সকল দেশে হর্ষের উত্থাপ একই প্রকার প্রথম কিয় অন্যান্য দেশান পেখা এখানে প্রস্কুর স্বরিমাণে বৃষ্টি পড়ে। এই জন্য তথাকার জলবায়্ আর্দ্র, দেশ উর্গেরা এবং স্বায়্রাকর। এই জন্য অন্যান্য দেশাপেকা ভারত-বর্ষের জন্ত সকল বৃহদাকারের। নীলনদও এই জন্য দেশকে উর্ব্বরা করে এবং ইহাতে রহং জলচর জন্ত জন্মে। মিশর দেশীয় স্ত্রীলোকগণ্ড এত বহু-প্রস্বিনী যে তাহারা কথন কথন একেবারে চারিটী সন্তান প্রস্বাধ্ব। আরিইবোলস বলিয়াছেন বে, একটী স্ত্রীলোক একবারে সাউটী সন্তান প্রস্বাহল (৫৯)। তিনি নীলকে এই জন্য উর্ব্বরা ও পৃষ্টিকারী বালমাছেন যে, হর্ষের উত্রাপ অপকারা দ্রবাকে বাম্পীভূত করিরা, কেবল পৃষ্টিকর দ্রব্যকেই রাথিয়া যায়।

এই জন্য অপর নদ নদীর জল উঞ্চ কবিতে যে পরিমাণ উত্তাপ আবশ্যক হয়, নীলের জল উঞ্চ করিতে উহার অর্দ্ধাংশ আবশ্যক হয়। নীলনদ অপেকা ভারতীয় নদ নদীগণ অধিক পুষ্টিকারী এবং সেই জন্য

<sup>(</sup>৫॰) অন্যান্য রংগ্লের সধ্যে নীলের কথা উল্লেখ করা যাইতে পারে। অতি প্রাচীন কাল হইতেই ভারতবর্ষে নীলের চাব হইতেছে।

<sup>(</sup>৫৮) স্পাইক্লার্ড লক্তা বিশেষ। "As a perfume and a stimulant medicine, it has always been hold in great esteem."

<sup>(</sup>৫৯) বাত্তবিক পক্ষে আরিষ্টটোল মাত্র পাঁচটীর কথা তাহার এছে উল্লেখ ক্রিয়াছেন।

ভারতীয় নদীর তিমি জাতীয় জীবগণ নীল নদের জন্তগণ অপেক্ষা আকারে বৃহৎ ও সংখ্যাধত অধিক।

আরিষ্টবোলদের দলবর্ত্তীগণ ইহা কিছুতেই স্বীকার করিতে চাহেন না এবং তাঁহারা বলেন যে, ভারতীয় ক্ষেত্রগুলিতে বুষ্টপতন হয় না। যাহা হ উক. অনিসিক্রিটস বিবেচনা করেন যে জলের জ্যানই ভারতীয় জন্তুগুলির বিশেষত্ব এবং তিনি প্রমাণস্বরূপ বলেন যে বৈদেশিক জন্তুগণ এই জল পান করিলেই তাহাদের ও বর্ণ এই দেশীয় পত্তর ন্যায় হয়। তিনি যাথা বলেন তাহা সত্য বটে কিন্তু তিনি ইথিওপিয়ানদিগের বর্ণ ও কুঞ্চিত কেলের জন্য মাত্র তদেশীয় জলের দোষ দিয়া এবংথিওডিক্ট্রস (৬০) নিম্নোক্ত মর্ম্মে হুর্ঘ্যকে নিন্দা করাব জন্য তাহাকে দোষী করিয়া ভ্রম করিয়াছেন। থিওডিক্টদ বলিয়াছেন যে, স্থ্যদেব নিজ রণ ইথিওপিয়ান দিগের দেশের নিকট দিয়া চালিত করাতে, চক্রোখিত ধুমে তাহাদের চর্ম্ম ক্লফবর্ণ হয় এবং ঐ ধুমে তাহাদের কেশগুলি কোমল হইয়া ক্লফবর্ণ হয়। অনিসিক্রিটসের এরূপ বলিবার কারণ আছে। যদিও সুর্য্য অপর দেশাপেকা ইথি ওপিয়ানদিগের অধিক নিকট দিয়া ভ্রমণ করেন না. কিন্তু তথাপি সুর্যোর উত্তাপ এ দেশে লম্ব্যানভাবে পতিত হয় এবং এই জন্য থিওডিকট্রদ সূর্য্য ইথি ৎপিয়ানদিগের সন্নিকটস্থ, এরূপ বলাতে निकारे जम कतिशां ছिलान । विश्विषठः, ऋर्यात উত্তাপেই তাহাদের ঐক্লপ বর্ণ হয় না। কারণ, গর্ভন্ত সন্তানেরও ঐক্লপ বর্ণ। যাহারা বলেন বে. সুর্ব্যের উত্তাপে চর্ম্মের আর্দ্র তা ভক্ষ করিয়া এরূপ বর্ণ হর. সম্ভবত: তাঁহাদের মতই অধিক বিশ্বাস যোগা। এই জন্য আমরা বলি

<sup>(</sup>৩০) খিওডিকটিস মাসিদনাধিপতি বিলিপের রাজস্বলালে জীবিত ছিলেন।
জীবনের অনেক সময় আধেলে অতিবাহিত করিয়াছিলেন এবং তথার বিরোধীত
সাটাবার বলিয়া প্রসিদ্ধি লাভ করিয়াছিলেন।

যে, ভারতবাদীদের চুল পশমের ন্যায় নহে এবং তাহাদের বর্ণও ইথিওপিয়ানগণের ন্যায় নহে। ইহার প্রধান কারণ এই যে, ভারতবর্ষের জল
বায়ু আর্দ্র। পিতার কোন ব্যাধি থাকিলে, যেরূপ সস্তানেরও অনেক
সময় ঐ ব্যাধি হয়, তক্রপ সন্তানের বর্ণও পিতার বর্ণের উপর নির্ভর
করে। হর্য্য যে সকল মনুষ্য হইতেই সমদূরবর্ত্তী, এ কথা আমরা ইন্দ্রির
নারা বোধ করিতে পারি। কিন্তু অনিসিক্রিটস যে অর্থে হ্র্য্যকে ইথিওপিয়ানদিগের নিক্টবর্ত্তী বলেন, বস্তুতঃ সে অর্থ সমীচীন নহে।

যাহার। ভারতবর্ষের সহিত মিশর ও ইথিওপিয়ার তুলনা করিয়া উহাদের সমতুলা মনে করে, তাহার। ইহাও স্বীকার করে যে, যে সকল ক্ষেত্র প্লাবিত হয় না, তথায় জলাভাবে ফসল উৎপন্ন হয় না। নিয়ার্কাস বলেন যে, নীলনদের জল কি জন্য বৃদ্ধি পাইয়াছিল, এই প্রশ্নের উত্তরে ভারতীয় নদীর দৃষ্টান্ত দেখিয়া ও তাহারা গ্রীয়কালে বৃষ্টির জন্য বৃদ্ধি পার, ইহা বলিলেই যথেই হইবে। তিনি বলেন যে, আলেকজান্দার হাইডাসপিসে কুজীর দেখিয়া এবং আকিসাইনে মিশর দেশীয় সীম দেখিয়া নীল মদের উৎপত্তিহান আবিজার করিয়াছেন, গ্রন্ধণ মনে করিয়াছিলেন এবং ঐ নদীয়ারা মিশর পৌছিবার আশায় রণতরি সজ্জিত করিয়া যাত্রা করিবার উপক্রম করিয়া পরে বৃরিতে পারিয়াছিলেন যে উহা অসম্ভব। কারণ মধ্যন্থলে বৃহৎ ২ নদী ও ক্রন্তর প্রবাহ এবং প্রথমেই সমূল্র (৬১) পরে, আরিয়ানি, পারস্তোপসাগর, আরব এবং ট্রোগলোডাইটাসের দেশ। আমরা উপরে যাহা বলিয়াছি, নদী, বাতাস, বৃষ্টি এবং জলপ্লাবন সম্বন্ধে উহাই লেথকগণ কর্ত্বক উক্ত হইয়াছে।

<sup>(</sup>৩১) মহাকৰি হোমর লিখিড "For midway were mighty rivers and formidable streams, And first the ocean" ইাবো নিম এছে ভাষাভাৱিত ক্ষিত্ৰাহেন।

কি প্রকারে নদী সকল ভৌগলিক হিলাবে উপকারী এবং ঐতি-ছাসিকগণই বা কি ভাবে তাহাদের বর্ণনা করিতেত্ত্ন, আমর। এই সকল নদী সম্বন্ধে সেই সকল বিষয় আলোচনা করিব। বিশেষতঃ নদী সকলই দেশের স্বাভাবিক দীমা নির্দেশ ও তাখানের আক্রাত নিদ্ধারণ করে এবং সেই জন্ম এই গ্রন্থে তাহাদের বর্ণনার বিশেষ আবশ্রকভা দেখা যাইতেছে। নিল নদ ও ভারতীয় নদ নদীগণের অন্যান্য দেশের নদী অপেক। এই স্থবিধা যে, তাহারা না থাকিলে মিশর ও ভারতবর্ষে বাস করা যায় না। নদীঘারাই এই সকল দেশ ভ্রমণ করিতে পারা যায়, ভূমি কর্ষণকরা সম্ভব এবং ननी ना शाकित्न এই नकन तम अन्धित्रा ७ वात्मत्र अनुभाषात्री হর। একণে আমরা যে সকল নদী দিল্লর সহিত মিলিতা ইইয়াছে এবং छाहाता (य मकल (मर्ट्स व्यवाहिक) इटेटक्ट, काहारमत वर्गना कतिव। অনাগুলি সম্বন্ধে আমাদের যে জ্ঞান, তদপেকা আমাদের অজ্ঞানতাই আধিক। যাহারা দরিয়াসকে (৬২) বিশ্বাসঘাতকতা পূর্বক হতা। করিয়া বাক্টি মার স্যোজ্য স্থাপনের চেষ্টা করিয়াছিল, আলেঞ্জালার (াযনি ভারতবর্ষ আবিষ্কারের জন্য সমধিক সম্মান পাইবার যোগ্য,) প্রথমতঃ তাহাদের পশ্চাদাবন করাই স্থির করিলেন। এই জন্য তিনি আরিয়ানি-মানদের মধ্যদিয়া ভারতবর্ষে প্রবেশ করিয়াছিলেন এবং পরে, ভারতবর্ষ দাকণে রাথিয়া তিনি পারোমামিদাদ উত্তীর্ণ হইয়া উত্তরাভিমুথী হইয়া বাকটিয়া পৌছিলেন। এদিকস্থ যে সকল দেশ পারসিকদিগের অধীনে ছিল তাহাদের স্বাধিকারভুক্ত করিয়া এবং এতদাতীত অন্যানাকেও প্রাঞ্জিত করিয়া যে ভারত সম্বন্ধে তিনি নানা স্থান হইতে নানা প্রকার

<sup>(</sup>৩২) দারিয়ন-পারতাধিপতি। আলেকজালার ইহাঁকে প্রাপ্ত করেন এবং
পরে ইহাঁর কলাকে বিবাহ করেন। আলেকজালার হতে পরাজিত হইরা প্লায়ন
ভালান নিজকর্মনারী-হতে হত হইমাছিলেন।

বিষরণ প্রাপ্ত হইরাছিলেন, সেই ভারত বিজয়ে তাঁচার আকাজ্ঞা। হইল।

এজনা তিনি পশ্চালামন করিয়া ও ভারতবর্ষকে বামপার্দ্ধে রাথিয়া পুনরায়

ঐসকল পর্ব্ববেশী উত্তীর্ণ হইলেন। পরে, তিনি পুনরায় ভারতবর্ষ ও
তাহার পশ্চিমাদকস্থ নদী ও কোফেদ ও চোয়াদপেদের (৬৩) দিকে

অপ্রসর হইলেন। শেবোক্ত নদী বান্দোবিন ও গণ্ডোরিদিন (৬৪) দিরা
প্রবাহিত হইবার কালীন গোরাই নগর হইয়া প্রোমিরিয়ানের (৬৫) নিকট
কোকেদের সহিত মিলিতা হইয়াছে। আলেকজালার অমুসন্ধান করিয়া
জানিতে পারিলেন যে, বানের পক্ষে পর্ব্বতাবলী ও উত্তরদেশ সর্ব্বাপেক্ষা
উপযুক্ত এবং উর্ব্বরা। দাক্ষিণাত্যে স্থানে ২ বর্ষা হয় না; আবার স্থানে ২

অলপ্রান হয় (৬)। কোন ২ স্থানে রোদ্রের তেজ এত প্রথর বে সে

শকল স্থান পশুর বাদের উপযুক্ত, মন্থব্যের নহে। এই জন্য তিনি বে

সকল স্থান পশুর বাদের উপযুক্ত, মন্থব্যের নহে। এই জন্য তিনি বে

সকল স্থান পশুর বাদের উপগ্রক, মন্থব্যের নহে। এই জন্য তিনি বে

সকল স্থান স্থল্ব, সেগুলি আধিকারে মনস্থ করিলেন এবং ত্বির করিলেন

বে. বে সকল নদী বক্রভাবে প্রবাহিতা হটতেছে, তাহাদের উৎপত্তি স্থান

<sup>(</sup>৬৩) কোফেন—কাবুল-নদী। এই নদীকে আরিয়ান 'কোফেন' এবং টলেনি 'কায়া' বলিয়া উল্লেখ করিয়াছেন। আরিয়ান বলিয়াছেন যে 'কোফেন' পিউকেলাটিনের দেশে উৎপনা হইরা দিলুর সহিত মিলিতা হইয়াছে। চোয়াসকেন—কাবুল-নদীর শাখা—বর্তমান নাম ফুলার।

<sup>(</sup>৩০) গালারিদিস—গালারদেশ—বর্তমান কালাহার। গালার অতি আচীন নাম; বেদে ও মহাভারতে ইহার উল্লেখ পাওয়া হার। গালার-রাজ্য কাবুল-নদীর উভর পার্থেই বিস্তৃত ছিল।

<sup>(</sup>৬¢) সম্বতঃ, ভালালাবাদের সন্নিক্টছ কোন ছাব।

<sup>(</sup>৬৬) বর্তমানেও দেখা যায় যে ভারতবর্ষের অনেক স্থানে অধিক বর্বা হয়; আবার স্থানে ভানে আনে) বর্বা হয় না। পেবোক্ত স্থান সমূহে পরঃমণালী বার। ভূমি কর্বণ ক্রিভে হয়।

উত্তীপ হওয়াই শ্ববিধালনক। তিনি ইহাও অবগত হইলেন যে অনেক-ভালি নদী একতীভূতা হইয়া একটী নদীতে পরিণতা হইয়াছে এবং নৌকা-ব্যতীত এদকল দেশে গমনাগমন অসম্ভব। যদি তাঁহার গতিরোধ হয়, এই আশ্বায় তিনি কোফিস উত্তীর্ণ হইয়া পূর্বাদিকস্থ পার্কতা দেশ অব

কোফিসের পরেই সিন্ধ; পরে হাইডাসপিস; তৎপরে, আকিসাইন এবং হিরারোটীস এবং সকলের পরে, হাইফানিস। তিনি ইহার অধিক দূরে অগ্রসর হন নাই। কারণ, প্রথমতঃ দৈববাণীর নিষেধ এবং বিতীন্ধতঃ তাহার সৈনাগণ অত্যন্ত কাস্ত এবং বৃষ্টিপাতের জন্য অত্যন্ত কষ্ট পাইতেছিল। আমরা এই জন্য হাইফানিস নদীর পূর্ব্ধাঞ্চল ও আলেকজালারের পরবর্তীকালের হাইফানিস হইতে গঙ্গা ও পালিবোপ্রার মধ্যবর্তী বে স্থানের বৃত্তান্ত বিবরিত হইয়াছে, তাহাই জানিতে পারি। কোফিস নদীর পরেই সিন্ধানদ। এই ছই নদীর মধ্যবর্তীদেশ আগ্রাকেনট, (৬৭) মাসিয়ানই, নিসেইআই এবং আসপ্রেসিয়াই কর্তৃক অধিকৃত। ইহার পরে আসাকেনসের দেশ; এই দেশের রাজধানীর নাম মাসাগা (৬৮)।

<sup>(</sup>৩৭) আবিরান বলিরাছেন বে, আলেকঞালারের অভিযানকালে আন্তিম নামক এক নরপতি নিজুতীরবর্তী পিউকোলাইটিন প্রদেশ শাসন করিতেন। সম্ভবতঃ, এই প্রদেশবাসীরাই আইাকেনই নামে অভিহিত হইত। পিউকোলাইটিম কাহারও কাহারও মতে গাঁকারের অক্ততম রাজধানী।

<sup>(</sup>৬৮) মানাগা নামক হ্বাক্তি নগরী আলেকজালারের গতিরোধ ক্রিয়াছিল ইলেমি, ওাহার ভূগোলে ইহা উল্লেখ করেন নাই। আসাকেনসগণ ২০, হাজার পদাতিক ৩০ হাজার অবারোহী ও ৩০টী হতীসহ আলেকজালারের বতিরোধ করিয়াছিল। এইয়ানে আলেকজালার আহত হইয়াছিলেন। মানাগা অধিকারের পরে রাণী ক্লিভিক্সি আলেকজালারের অছলারিনী হইয়াছিলেন। Vincent Smith: Early History of India Page 5.

দিল্পনদের পরেই পিউকোলাইটিদ (৬৯) নামক নগর। এই নগরের নিকটবর্ত্তী স্থানে, আলেকজান্দার নিজ দৈন্যের পারাপারের জন্য একটা দেস্থ নির্মাণ করিয়াছিলেন।

তক্ষণীলা (१॰) সিদ্ধু ও হাইডাসপিসের মধ্যবর্ত্তী। ইহা একটা বৃহৎ নগর এবং ইহার আইনাদিও উত্তম। নিকটবর্ত্তী প্রদেশ বহুছনাকীণ ও উর্ব্বর। অধিবাসীবৃদ্ধ ও তাঁহাদের রাজা তাক্ষিণীশ আলেকজালারের অভ্যর্থনা করেন এবং তাঁহারা আলেকজালারকে যাহা উপহার স্বন্ধণ প্রদান করেন, তদপেকা অধিক মূল্যের উপহার আলেকভালারের নিকট হইতে প্রাপ্ত হন। এরূপ ব্যবহারে, ম্যাসিলোনিয়ানগণ ইবাঘিত হইমা বলে বে, আলেকজালার সিন্ধ্নদ উত্তীর্ণ হইবার পূর্ব্বে খানের উপযুক্ত ব্যক্তি পান নাই (৭১)।

কাহারও কাহারও মতে এই দেশ মিশরাপেকাও বৃহৎ। এই দেশের

<sup>(</sup>৩৯) ৩৭ টীকা জটব্য। কেহ কেহ ইহাকে গালার রাজ্যের অভ্যতম রাজ্যানী বলেন।

<sup>(</sup> १० ) সিদ্ধুর পূর্বতীরে কালা-কা-সেই নগরের নিকটে এই বিরাট নগরীর ধ্বংশা-বশেষ রহিরাছে। এই ভগ্নাবশেষ পূর্বে পশ্চিমে ছুই মাইল ও উত্তর দক্ষিণে তিন মাইল বিত্ত। তক্ষণীলাধিণতি বীরবর পোরসই আলেকলান্দারকে উত্তর করিয়াছিলেন বে তিনি "রালার মত≷" ব্যবহৃত হইতে চান।

<sup>(</sup> १ > ) কার্টিয়াস বলিয়াছেন বে "তক্ষিলীল" আলেকজালার ও ওঁছার প্রত্যেক বন্ধুকে হবর্ণ মৃকুট ও অক্তান্ত মণিমুকা প্রদান করেন। আলেকজালার এই সকল উপহার প্রত্যেপি করিয়া তক্ষশীলাধিগতিকে ব্রিশটী হসন্দ্রিত অব, এক সহস্র ট্যালেন্ট ( প্রত্যেক টালেন্টের বর্জমান ব্লা ২১৬ হইতে ২৩৫ পৌও) ও মহার্থ বন্ধ সমূহ উপহার বর্ষা করেন।

উত্তরে পর্বত মধ্যে অভিসারের রাজা (৭২)। দৃত্যুবে আমরা অবগত হইলাম যে ইহাতে ৮০ ও ১৪০ হাত দার্ঘ তুইটা সর্প আছে। আমরা এই তুরান্ত অনিসিক্রিটেসর (৭৩) নিকট হইতে জানিতে পারি। অনিসিক্রিট বেরুপ আলেকজালারের প্রধান রণতরী পরিচালক ছিলেন, তক্ষপ তিনি প্রধান গর রচয়িতাও ছিলেন। আলেকজালারের সঙ্গিপ সত্য অপেকা অসতাকেই অধিক পছল্ম করিত; কিন্তু, অনিসিক্রিটস এ বিষয়ে, অত্যাভাপেকা শ্রেষ্ঠ ছিলেন। যাহা হউক, তাহার কতকগুলি বর্ণনা সত্য ও লিপিবছ্ক হইবার যোগ্য এবং কেহ সেগুলির সত্যতা সম্বর্ধে সন্দেহ করিলেও, সেওলি পরিত্যাগ করা কোন কারণেই যুক্তি সঙ্গত নহে। অত্যাত লেখকগণও এই সর্পতিলির বিষয় উল্লেখ করিয়াছেন এবং বলিয়াছেন যে, অধিবাসিগণ ইমন্ট (৭৪) পর্বতে এই ওলি অবেষণ করে এবং গুলা মধ্যে প্রতিপালন করে।

হাইডাদপিদ ও আকিদাইনের মধ্যবর্তী স্থান পোরদের রাজ্যের

<sup>(</sup> ৭২ ) আরিমান ইছাকে ভাষতীয় পার্কাত্য জাতিগণের অধিপতি বলিরাছেন। সভবতঃ বর্তমান কাশ্মির রাল্য ইছার রাজ্যের অল্পতুতি ছিল। পোরসের বন্ধু ছইলেও, তিনি পোরসকে সাহায্য করেন নাই। যদি অধানমনে অভিদার পোরসকে সাহায্য করিতেন, তাহা হইলে আলেকজালারের নদীপার হওয়া স্কঠিন হইত। অভিসারের নিকট পোরসের পরাজর সংবাদ পৌছিলে, তিনি আলেকজালারের নিকট উপহার সহ মৃত প্রেরণ করেন এবং মাসিধনাধিপতি সমাধরের সহিত এই দৌত্য-বাছিনীর অভার্থনা করেন।

<sup>(</sup> ৭৩) অনিসিক্রিটদের কথা পূর্ণেই উল্লেখ করা হইয়াছে। ইনি আলেক্সান্দারের থি রপাত্র ছিলেন এবং ভারতীর অভিযান হইতে থাত্যাগমন করিয়া, আলেক্সান্দার অনিসিক্রিটসকে ক্বর্ণ-মুক্ট উপহার দেন।

<sup>(</sup> १३ ) পশ্চিম হিমালর।

অন্তর্ত। ইহা প্রায় তিনশত নগর বিশিষ্ট বৃহৎ উর্করা জনপদ। हेममहे शर्वराज्य मिन्नकेट यान चारनक्यानात त्रग्छती निर्मार्शक জনা অনেকগুণি দেবদার প্রভৃতি বুক্ষ ছেদন করিয়াছিলেন। ডিনি হাইডাসপিসে এই সকল কাৰ্ছ আনয়ন করিয়া, এই নদীতীরে যে সকল নগর প্রতিষ্ঠা করিয়াছিলেন, ভাহাদের নিকটে রণ্ডরী সমূহ প্রস্তুত করিয়া ও নদী পার হইয়া, তিনি তাঁহার আখের নামানুষায়ী ঐ সক্ষ নগরের একটীর বৌকিফালিয়া বলিয়া নামকরণ করেন। কপোলের প্রশন্ততার জন্য, পোরদের সহিত যুদ্ধে যে অর্থ হত হইরাছিল, সে ঐ নামে থাত হটয়াছিল (৭৫)। যুদ্ধের সময় আলেকজালার ইহার পুঠদেশে আরোচণ করিতেন। যুদ্ধজয়ের চিহুস্বরূপ তিনি নিকাইয়া নামে অন্য একটা নগর স্থাপন করেন। এই মাত্র যে বনের কথা উল্লেখ করা হইল, কথিত হয় ঐ বনে অস্বাভাবিক আকারের বৃহৎ লাস্থল বিশিষ্ট জনেক বানর আছে। মাসিদোনিয়ানগণ এক সময়ে, এই আকারের এক দল বানরকে পর্বতশঙ্গে শ্রেণীবদ্ধ হইয়া দণ্ডায়মান দেখাতে, উহা-দিগকে শক্রসৈনা বিবেচনা করিয়া আক্রমণে উদাত হুইয়াছিল। তাক্ষি-লিস সেই সময়ে আলেকজান্দারের সঙ্গে ছিলেন এবং তাঁহার নিকটে সত্য ঘটনা অবগত হইয়া, আলেকজানার আক্রমণে বিরত হন ( ৭৬ )। ছই প্রকারে এই জন্তকে শিকার করা হয়। বানরগণ অত্যন্ত অমুকরণ প্রিয় জন্তু, এবং ইংবা বুক্তে আবোহণ করে। শিকারিগণ বানরকে বুক্তোপরি · আর্ব্রচ দেখিলে, ইছার স্বিকটে জলপুর্ণ এক পাত্র স্থাপন করিয়া, ঐ

<sup>(</sup> ৭৫ ) আরিয়ন বলিয়াছেন যে বৈকিকেলা যুদ্ধে আহত হইরা মৃত্যুমুখে পতিত হয়
নাই; অরাজীর্ণ হইয়াই দেহত্যাগ করিয়াছিল।

<sup>(</sup> १७ ) मात्रमञ्ज अहे बुखां छ डेल्ब किशास्त्र ।

জল দারা নিজেদের চকু ধেষত কবে। পরে, ঐ স্থানে চূণ মিশ্রিত এক পাত জল রাখিয়া কিছু দূরে অপেকা করে। বানর নীচে আসিয়া নিজ চক্তে চণপূর্ণ জল লেপন করিলে, আর চকু উন্মীলন করিতে পারে না এবং জীবিভাবস্থায় এই প্রকারে ধৃত হয়। ইহা ব্যতীত অন্য এক প্রকারে উহারা ধৃত হয়। যথা,—শিকাবিগণ পেণ্টাল্নের নায় থলিয়া পরিধান করে এবং চূণপূর্ণ থলিয়া রাখিয়া নিজেবা লুড়ায়িত থাকে। বানয়গুলি এইগুলি পরিধান করিতে যাইয়া সহজেই ধৃত হয়।

কোন কোন দেখক বংশন যে কাথাইরা এবং নরপতি সেফিইণিসের ক্র রাজ্য হাইডাসপিস ও আকিসাইনের মধাবরী দেশে অবাস্ত্ত। অনানা পেথকেরা উহাদিগকে আকিসাইন ও হিয়াবোটাসেরও পরবর্ত্তী দেশে স্থাপিত বলিয়া নির্দেশ করেন। শেষোক্ত গেথকগণের মতে এই সকল প্রদেশ আলেকজালার কর্তৃক বিজিত পোরসের রাজ্যের এবং আকিসাইন ও হিয়ারোটাস হইতে বহল্বে অবংশিরসের রাজ্যের এবং আকিসাইন ও হিয়ারোটাস হইতে বহল্বে অবংশির বলেন। কাথাইরা দেশে সৌল্যায়ের প্রতি অসাধারণ মান্য প্রদর্শন করা হয়। কারণ অনিসিক্রিস বলেন যে, সর্বাপেক্ষা রূপবান স্থাক্তিকে এই দেশে রাজ্য বিলয়া মনোনীত করা হয় এবং সন্তান ভূমান হইবার ছইমাস পরে ভাষার সৌল্যা ও গঠন দেশ-প্রাম্থায়ী কিনা, পরীক্ষা করা হয় (৭৭)। পরীক্ষান্তে, শাসনকর্ত্তা এই সন্তানকে জীবিত রাগিতে দেওয়া হইবে বা হত্যা করিতে হইবে, ইহা নির্দ্ধাণ্ড করেন। নিজেদের অঙ্গ চিত্র-প্রশোভিত করিবার জন্য ভাষারা নানা প্রকার বর্ণে নিজ নিজ দাড়ী রঞ্জিত করে।

<sup>(</sup> ৭৭ ) বারদরসও ইহা নিজগ্রছে লিগিবছ করিরাছেন। এই বর্ণনা পাঠ, করিলে, স্পার্ট'রে নিরম প্রথমবকারী লাইকারসানের নিরমের কথা স্বভিগ্যে উল্লিড হয়।

এই রীতি ভারতবর্ষের অনাত্রও প্রচলিত আছে এবং ভারতবাসীরা নিজ নিজ কেশ ও বস্তাদি তদ্দেশজাত উজ্জ্বল রং ছারা স্থানাভিত করে। অধিবাদীরা অলম্বার-প্রিয় কিন্তু এতদ্বাতীত অন্যান্য বিষয়ে ইহারা মিতবারী। কাথিয়ানদিগের মধ্যে একটা আভনব প্রাথা আছে যে স্ত্রীপুরুষ একে অন্যকে পছল করিয়া গয় এবং স্ত্রীগণ নিজ নিজ মৃত-মানীর সহিত সহমূতা হয়। ইহার কারণ এই যে কোন কোন সমরে ম্বীগণ যুবকগণের প্রেমে পড়িয়া নিজ স্বামীকে পরিত্যাগ করে বা বিষ-প্রয়োগে হত্যা করে। বিষ প্রয়োগ রহিত করিবার জন্যই এই নিয়ম প্রণয়ন করা হই রাছিল। কিন্তু, খুব সম্ভব, এই আইন প্রকৃতপক্ষে প্রণয়ন করা হয় নাই বা যে ঘটনাবলী এই আইন প্রণয়ণের হেত ভাছাও কোন দিন ঘটে নাই। কথিত হয় যে, সোফিথিসের দেশে একপ একটা লবণের পর্বত আছে যে, উহা হইতে সকল ভারতবর্ষের লবণের কাজ চলিতে পারে। থনক গর্গদ বলিয়াছেন যে, নিকটবর্তী পর্বত সমূতে মুন্দর মুন্দর মুবর্ণ ও রৌপ্যের আকর আছে। ভারতবাদী**রা** ধনি সংক্রান্ত কার্যা ও ধাতু দ্রব করিবার পদ্ধতি বিষয়ে অজ্ঞ বলিয়া নিজে-দের অর্থ চিনিতে পারে না এবং অধিকতর সর্বতার সহিত বাবসার করে ।

কণিত হয় বে, সোফিথিসের রাজায় সারমের গুলি অভাস্ত সাহসী।
আলেকজানার উপহার স্বরূপ এই জাতীয় স্বার্থণত সারমের পাইরাছিলেন। শক্তি পরীকা করিবার জন্য তাহাদের ছইটাকে একটা
সিংহকে আক্রমণ করিতে দেওয়া হয় এবং এই ছইটা পরাজিত হইলে
অপর ছইটা সারমেরকে প্রেরণ করা হয়। এই যুদ্ধে বথন উত্তর পক্ষই
একরপ সমান হইয়া দাঁড়াইয়াছিল, তথন সোফিইথিস একটা সারমেরকে
ভাহার পা ধরিরা টানিয়া আনিবার জন্য আদেশ প্রদান করেন, কিছ

কুরুর সিংহকে পরিভাগে না করাতে তিনি ঐ অসচেলনে অক্সমিত প্রদান করেন। আলেকজালার কুরুরের জীবন রক্ষার জন্য এ প্রস্তাবে সম্মত হন নাই; কিন্তু, যখন সোফিইখিস বলিলেন যে, তিনি একটার পরিবর্ধে আলেকজালারকে চারিটী সার্থেয় দিবেন, তথন আলেকজালার সম্মত হইলেন। ধীরে ধীরে কুরুরের পদক্ষেদন করা হইল, তত্তাপি বে সিংহকে পরিভাগে করিল না (৭৮)।

হাইডাসপিস প্রাপ্ত পথ দক্ষিণাভিম্থী; পরে হাইকানিস প্রাপ্ত পূর্বা-ভিম্থী। আলেকজালার হাইকানিস হইতে হাইডাসপিসে প্রভাগতনিক করিয়া এবং রণতরীসমূহ প্রস্তুত করিয়া এনদী দিয়া জল্মাত্রা করিয়াছিলেন। আমরা পূর্ব্বে যে সকল নদীর উল্লেখ করিয়াছি, সকল গুলিই সিদ্ধুর সহিত মিলিতা হইয়াছে এবং এই প্রকারে সিদ্ধুনদের সহিত পঞ্চদদটী নদী (৭৯) সন্মিলিতা হইয়াছে। কোন ২ লেখক বলিয়াছেন যে এই জন্মই কোন ২ স্থানে ইংগার বিস্তৃতি দেড়শত প্রাডিয়া। কেহ ২ আবার ৫০ প্রাডিয়া বলেন। ক্ষণ সমূল্রের সহিত মিলিতা হইবার সময়, ছইটী মুখ হইয়া তন্মধ্যে পাটলীন শ্রীশ গঠিত হইয়াছে। এই রূপ প্রবাদ যে, অনেক জ্লাতি ইংগার চতুর্দ্ধিকে বাস করে এবং অনেক নগরীও আছে। আলেকজালারের পূর্ব্বাদিকের দেশ পরিভাগের ছইটী কারণ ছিল। প্রথম, হাইকানিস উত্তীর্ণ হইতে তিনি বাধাপ্রাপ্ত হইয়াছিলেন এবং দ্বিভীয়তঃ অভিজ্ঞতাহারা তিনি জ্লানিতে পারিয়াছিলেন যে, পূর্ব্বে তিনি যে সংবাদ পাইঘাছিলেন যে স্মতল ভূমি

<sup>(</sup> ৭৮ ) ম্যাক্রিওল বলিতেছেন যে একলাতীর হিংল্রক সারমের পাঞ্চাবে পাওচা যায়। এই বুডাস্ক দারসক এবং ইলিহানের বর্ণনায়ও পাওচা যায়।

<sup>(</sup> १२ ) आदिवान ७ छाहांत भूखत्क अहे मर्शक नमीत कथाहे छेत्रव कविताहन।

গুলি বস্তু পশুরই বাদের যোগা, মহুষোর বাদোপযোগী নছে, উহা মিথা। এই জন্তু তিনি পূর্বাঞ্চল পরিত্যাগ করিয়া দক্ষিণদিকে অগ্রসর হইতে লাগিলেন এবং সেই কারণেই বিশেষরূপে এই দেশ গুলির অবস্থা অবগত হওয়া গিয়াছে।

হাইফানিস এবং হাইডাসপিসের মধাবর্তীদেশে নয়টী জাতি বাস করে, এবং কসমেরোপিস হইতে কোন প্রকারেই ক্ষুদ্র নয়, এরূপ পাঁচহাজার নগর ঐ প্রদেশে আছে। কিন্তু, এই বর্ণনা অতিরঞ্জিত বলিয়া বোধ হয়। সিকু এবং হাইডাসপিসের মধ্যবর্তী জনপদে অবস্থিত জাতির প্রায় সকল স্থালিরই বুতান্ত প্রদান করা হইয়াছে।

তরিয় প্রদেশে দিবাই জাতি বাসকরে; ইহাদের বিবরণও পূর্বে উলিথিত হইরাছে। ইহাদের পরেই মালই এবং অন্ধিড্রাকাই নামক তুইটী
জাতি বাস করে। মালাইগণের অধিকৃত একটী কুদ্র নগর অধিকার কালে
আলেকজান্দার গুক্তর আঘাত প্রাপ্ত হইয়া মৃত্যুমুথে পতিত হইবার
উপক্রম হইয়াছিলেন (৮০)। আমরা পূর্বেই বলিয়াছি যে, প্রবাদ এই যে
আন্ধিড্রাকাইগণ ডাইওনিদিয়াসের বংশজাত। পাটলিনের নিকটে,
মোসিকানসের দেশ। তংপরে, সাবসের (৮১) দেশ; ইহার রাজধানীর
নাম সিন্দোমনা। পরে, পোটাকানস এবং অক্টান্ত সিল্কতীরবর্তী জাতি।
আলেকজান্দার এই সকল দেশই পরাজিত করিয়াছিলেন এবং
অবশেষে, পাটলীন দ্বীপ অধিকার করিয়াছিলেন। অনিসিক্রিটস এই

<sup>(</sup>৮০) ভিনদেও সিধের ইতিহাসে ইহার বর্ণনা আছে; কিন্ত এই নগরের কোন নির্দেশ পাওয়াবায় না।

<sup>(</sup>৮১) আরিরান ইহাকে সাধাস নামে উল্লেখ করিয়াছেন। বর্জমান সিন্ধুতীরবর্জী সিহোল নগরই প্রাচীন সিলোমনা।

ছীপকে বহীপ বলেন; কিন্তু উহা অমূলক। পাটলীন ছীপে পাটল নামে একটা নাতি বৃহৎ নগর আছে। ঐ নগরের নামাস্গারেই ছীপের নাম পাটলীন হইয়াছে (৮২)।

অনিসিক্তিস বলেন যে, এতদেশীর সমুদ্রের বেণাভূমি, বিশেষতঃ
নহীমুধ, জনাভূমি পূর্ব। তিনি মৌসিকানস দেশের বিশেষ প্রশংসা করেন
এবং ভারতবাসী ও এতদেশীর অধিবাসীরুল যে দীর্ঘজীবি, তাহারা বে
দবল এবং তাহাদের দেশে প্রচুর পরিমাণে সকল দ্রবা জন্মিলেও বে
ভাহারা মিভবারী, তাহার কথা উল্লেখ করিয়াছেন। নিম্নলিখিত রীতিভাল তাহাদের মধ্যে প্রচলিত আছে:—মাসিনোনিয়ানদের ভার প্রকাশ্তে
একরে মুগয়ালক দ্রবাদি ভোজন; স্বর্ণ ও রৌপ্যের আকর থাকাসন্তেও
একলি ব্যাবহার না করা; ক্রীটান দিগের আফামিওটাইগণের ব্যবহারের
ভার (৮০) বা লাসিদোমিনিয়ানগণের ছেলট পরিবর্ত্তে (৮৪) প্রাপ্তবহন্ধ
মুবক্সণকে কার্যে নিমুক্ত করণ; চিকিৎসা বাতীত অভাভ শাত্র অন্তবন
ব্যৱন; হত্যা বা সতীত্ব নিই ব্যতীত অভ্ত কোন অপরাধের কল্প আদালতের আশ্রম না লওরা ইত্যাদি। যে সকল ব্যক্তি আলেকজালারের
সাহত ভারতবর্ত্বে গমন করিরাছিলেন, তাঁহারা এই প্রকার বিবরণ
দিবাছেন।

<sup>(</sup> ५२ ) मााजिश्वन बत्नन व गांहेन गम मानुष्ठ "(गाठ" गम इहेट इहेबाट ।

<sup>( 🕶 )</sup> আকামিওটাইপণ স্পার্টার হেলটপণের স্থায় দাস।

<sup>(</sup>৮০) হেলটসগণকে স্পার্টার ফ্রান্ত-নাসের স্থায় কার্য্য করিতে হইও। স্পার্টার নিবম প্রণয়নকারী লাইকারগাস স্পার্টার অধিবাসিগণকে ভিন শ্রেণীতে বিভক্ত করিয়া-ছিলেব : কেন্টগণ ভূতীয় শ্রেণীকুক্তছিল।

ক্রেটেরস, (৮৫) তাঁহার মাত্দেবী আরিইপেটাকে বে প্রা
লিখিয়াছিলেন তাহা প্রকাশিত হইয়াছে। ইহাতে, অনেকগুলি অভ্যাশ্চার্যা বৃত্তাস্ত উলিখিত হইয়াছে। এই সকল বৃত্তান্তের সহিত অপর
লেখকগণের বৃত্তান্তের যথেষ্ট পার্থক্য দেখা যায়। ক্রেটেরস বলিয়াছেন
যে আলেকজানার গালেয়দেশ পর্যান্ত অগ্রসর হইয়াছিলেন। ক্রেটেরস
বলিয়াছেন যে, তিনি যে নদীতে তিমি মৎস্য পাওয়া যায়, ঐ নদী ও তিরি
মৎস্য দেখিয়ছেন এবং ঐ নদীর দৈর্ঘ্য, প্রস্কু, গভীরতার এক্রপ অভ্যাতাবিক বিবরণ দিয়াছেন যে, উহা কিছুতেই বিখাস করা যায় না। সলা বে
তিনটী মহাদেশের মধ্যে সর্কাপেকা বৃহৎ নদী, ইহা সর্ক্রাণী সত্মত; তৎপরে সিদ্ধু, পরে দানিযুব তৃতীয়তান এবং নীল চতুর্গহান অধিকার করে।
কিন্তু, ভিন্ন ভিন্ন গেথক ইহার ভিন্ন আকারের কথা উল্লেখ করেন।
কাহারও মতে ইহা প্রস্কেত হাডিয়া; আবার কেন মাত্র ত ইাডিয়া
বিলেন। মেগান্থিনিস বলেন যে, ইহার সাধারণ বিস্তৃতি ১০০ শত্ত
ইাডিয়া এবং যে স্থলে ইহা সর্কাপেকা কম গভীর, তথার ইহার গভীরতা
২০ কালম। (৮৬)

গঙ্গা ও ইরাণোবোরদের (৮৭) সঙ্গমন্থলেই পালিবোণা অবস্থিত (৮৮)।

<sup>(</sup>৮৫) ক্রেটেরদের কথা পূর্বেই উলিখিত হইরাছে। ইনি আলেকজান্দারের অক্সতম সেনাপতি ছিলেন এবং আলেকজান্দরের মৃত্যুর পরে, ইনি ও আন্টিপেটর মাসিছন, আঁম ও অক্সান্ত প্রদেশের অধিকারী হইরাছিলেন। ৩১২ পূর্বে গৃষ্টাব্দে ভিনি ইউমিনিসের সহিত বৃদ্ধে প্রাণত্যাগ করেন। এই পত্রের বিবরণ আদৌ বিশাস-বোগা নছে।

<sup>(</sup> ७७ ) कामम--- २ शक

<sup>(</sup>৮৭) পাটলিপুত্ৰের অবস্থিতি সম্বাক্ষ ব্যব্দ মততেম হইলেও বর্ত্তমানে স্থিনীয় ত ইইরাছে বে বর্ত্তমান পাটনাই পাটলিপুত্র এবং উহা গলা ও পুরাতন লোনের সঙ্গমহাল অবস্থিত ছিল।

<sup>(</sup>৮৮) পালিবোপা--পাটলিপুত্ৰ--বর্ত্তমান পাটনা।

এই নগর দৈর্ঘ্যে ৮০ টাডিয়া :ও প্রস্তে ২৫ টাডিয়া। ইহা আকারে চত্ত্রি, চতুপার্থে কাঠের প্রাচীর-গাত্রে তার নিক্ষেপের জন্স ছিদ্র আছে। নগরের ময়লা বহির্গত করিবার জন্য ও নগর রক্ষার্থ ইহার চতুদ্দিকে একটা প্রাকার আছে। এই নগর যে প্রদেশে, অবস্থিত, তথাকার অধিবাদীর্ল ভারতবর্ষের মধ্যে সর্বাপেকা প্রসিদ্ধ এবং তাহাদিগকে প্রাসিয়াই নামে অভিহিত করা হয়। নিজ্ঞ নামের সহিত রাজা পালিবোপাস নাম ধারণ করিতে বাধ্য। যে সাক্রাকেটিসের নিকট মেগা-ছিনিস দৃতরূপে প্রেরিত হইয়াছিলেন, তাহারও এই নাম ছিল। পার্থি-রানগণের মধ্যেও এই প্রথা প্রচলিত; কারণ, যদিও প্রত্যেকের ভিন্ন ভিন্ন নাম আছে, ত্রাপি তাহাদের সকলকেই আর্গাকাই নামে অভি-

হাইফানিসের অপর পার্শের জনপদ উর্জ্বা বলিয়াই প্রাসিদ্ধ কিন্তু এ প্রদেশ সম্বন্ধ কিছু অবগত হওরা বার না। দূরত্ব ও অজ্ঞতার জক্ত এ প্রদেশ সম্বন্ধ যাহা অবগত হওরা বার, তারা অতিরক্তিত এবং অত্যাশ্চর্যা বলিয়া বোধ হর। দৃষ্টাক্ত অরপ, অবর্গ-খননকারী শিপীলিকা এবং ছই শত বংসর পরমায় বিলিষ্ট মন্মব্যের কথা উল্লেখ করা যাইতে পারে। তাহারা পাঁচসহত্র সদস্য সম্বিত আভিজ্ঞাত্যগণের এক শাসনপ্রণালীর কথা উল্লেখ করে। সকল সদস্যই রাজাকে একটা ক্রিয়া হন্তা সরবরাহ করেন। মেগাছিনিসের দৃষ্টাক্তে দেখিতে পাওয়া বায় যে, সর্ক্রাপেকা বৃহৎ বাজগুলি প্রাসিয়াই দেশে পাওয়া বায়; তাহারা সিংহের বিশ্বণাক্তিরের এবং এরপ বলবান যে চারিজন রক্ষক কর্ত্বক পালিত বাজ একটা অর্থত্যকে তাহার পশ্চাদ্ধেরের পদ ধরিয়া আকর্ষণ ও পরাভূত্ত করিয়া নিজের নিকট টানিয়া আনে। এ দেশের হৃত্বনানগণ বৃহৎ বৃহৎ সারবেয়াপেকা বৃহদাকারের। তাহাদের ক্ষ্ণবর্গ মুখ্যগুল ব্যতীত,

দেহের অপ্রায়াংশ খেত। তাহাদের শেক তুইহন্তের অধিক দীর্ঘ। তাহারা অত্যন্ত পোষ মানে। ইহাদের প্রকৃতি শান্ত এবং ইহারা কাহাকেও আক্রমণ করে না, বা কাহারও প্রবা চুরি করে না। এতদেশীয় ভূগর্ভত্ব প্রত্যন্ত করে না। এতদেশীয় ভূগর্ভত্ব প্রত্যন্ত করি ধ্নার ন্যায় বর্ণ এবং মধু বা ডুল্বরাপেক্ষা মিষ্ট। দেশের কোন কোন কলে বাহুড্রের ন্যায় পক্ষ বিশিপ্ত বৃশ্চিক দেখিতে পাওয়া যায়। তথায় আবলুশ কাঠ জল্মে। তথায় পরাক্রান্ত ও সাহসী সারমেয় পাওয়া যায়; ইহাদের নাসারদ্ধে প্রশান বিদ্যানা দিলে ইহারা কিছুভেই ধৃত বস্ত পরিত্যাগ করে না। ইহারা একপ ভাবে কামড়াইয়া ধরে যে, ইহাদের কাহারও কাহারও তজ্জন্য চক্ষু বিক্রত হইয়া যায়, কাহারও চক্ষু কোটর হইতে বহির্গত হইয়া পড়ে। একটা সিংহ ও যগুকে এইয়প একটা কুরুর দৃঢ়রূপে কামড়াইয়া ধরিয়াছিল। কুরুর রগুটার মুথ এরপ ভাবে ধরিয়াছিল যে, কুরুরকে অপসারিত করিবার পূর্কে যতের মৃত্যু হইয়াছিল।

পার্কত্য প্রদেশে সাইলাস নামে একটা নদী আছে; এই নদাতে কোন জবাই ভাসমান থাকে না। ভিমোক্রিটস নামক পর্যাটক বিনি আসিরার অনেকস্থল ভ্রমণ করিরাছিলেন, তিনি ইহা বিশ্বাস করেন না। যদিও কোন কোন বায়ুমগুলে পক্ষী উড্ডীন থাকিতে পারে না, তত্রাপি আরিইটোল পূর্কোক্ত বৃত্তান্ত বিশ্বাস করেন না। তৈলক্ষটিক যেরূপ তৃণ, এবং চুম্বক বেরূপ লোইকে আকর্ষণ করে, তক্রেপ উর্জ্বামী কোন কোন বাম্পের সংস্পর্শে বে সকল জ্বব্য আইসে, তাহা আক্ষিত হয় এবং জলেরও এ প্রকার কোন গুণ থাকিতে পারে। যাহা হউক, এই সকল বিষয় পদার্থ বিদ্যার অন্তর্ভূত এবং সেই জন্য এই সকল বিষয় আই লাক্ষের আলোচনার্থ রাখিয়া আমরা ভৌগোলিক বিষয়ই আলোচনা করিব। মেগান্থিনিস বলেন বে, ভারতবর্ধের অধিবাসাবৃক্ষ সাতটী জাভিত্তে

বিভক্ত (৮৯)। অভ্যান্নসংখ্যা বিশিষ্ট প্রথম প্রেণীর ব্যক্তিগণ দার্শনিক। এই সকল দার্শনিক পূজার্থ নিযুক্ত হয়। সাধারণের কার্য্যের জন্য রাজা বংসরের প্রারম্ভে এই মহাসভায় সমবেত হন। এই স্থানে, তাঁহাদিগের কেহ যদি রাজার মঙ্গল-বিষয়ক কোন প্রস্তাব বা অন্য কোন বিষয় লিপি-বন্ধ করিয়া থাকেন, তবে উহা প্রকাশ্য রূপে ঘোষণা করা হয়। যদি কেহ মিখ্যা সংবাদ প্রদান করেন, তবে তাঁহাকে চিরজীবনের জন্য মৌনাবলম্বন করিবার আদেশ দেওয়া হয়। কিন্তু, যদি সংবাদাদি সভ্য হয়, তবে রাজকর বা অন্যান্য প্রকার শুক্ত হইতে তাঁহাকে অব্যাহতি দেওয়া হয়।

কৃষ্কগণ দ্বিতীয় শ্রেণীভূক। সংখ্যার ইহারাই অভাধিক এবং ইহাদের প্রকৃতি ধীর। ইহাদের সৈন্যতৃত্তি অবশন্ধন করিতে হর না;
নির্ক্রিবাদে কৃষিকার্য্য করিতে পারে। ইহারা কার্য্য বশতঃ বা আমাদি
প্রমোদের জন্য নগরে গমন করে না। স্থতরাং দেখিতে পাওয়া যার দে,
বে দেশের এক স্থানে সৈন্যেরা যুক্তের জন্য প্রস্তুত হইতেছে বা শক্রর
মঙ্গে যুক্ত করিয়া নিজ জীবন বিস্কর্জন করিতেছে, সেই স্থানেই অন্যান্য
ব্যক্তি এই সকল সৈন্য দারা রক্ষিত হইয়া হল চালনা বা ভূমি খনন
করিতেছে। রাজাই সকল ভূমির সম্বাধিকারী এবং উৎপাদিত জ্বোর একচত্বাংশ বেতন স্থরপ পাইবে, কৃষকপণ এই সর্ত্তে ভূমি কর্ষণ করে (১০)।
পশুপালক ও শিকারীই ভূতীয় শ্রেনীর অন্তর্ভত। কেবল মাত্র

<sup>(</sup>P>) মেগাছিনিস হইতে উদ্ধৃত এই বুভান্ত দাৱদরসেও পাওরা বার।

 <sup>)</sup> বায়বয়ন বলিয়াছেন বে, "ভায়ভবর্বে রাজাই সকল ভূমির অধীয়য় এবং কৃষকপণ রাজাকে উৎপাধিত অব্যায় এক-চড়ুর্বাংশ দান করে।"

ইহারাই মৃগয়ায় রত থাকে ও পশুরক্ষণ ও ভারবাহী পশু-বিক্রের ও ভাড়া দিতে পারে। বনা পশু ও পক্ষীর বাসভূমি পরিফার রাথিবার জন্য ইহারা রাজার নিকট হইতে শস্য পায়। ইহারা পট্টাবাসে বাস করে এবং অনণশীন। সর্ক্রমাধারণে হস্তী বা অশ্ব রাথিতে পারে না। কেবলমাক রাজাই হস্তী ও অশ্ব রাথিতে পারেন। ইহারা সহিসের তত্বাবধানে থাকে (৯১)।

নিম্লিণিত প্রকারে হস্তী শিকার করা হয় (৯২)। উম্মুক্ত ভূমির চতুপ্পার্থে । ৬ টাডিয়া দীর্ঘ গর্জ থনন করিয়া প্রবেশ-ঘরের নিকট, গর্তের উপর, সন্ধাণ সৈতু স্থাপনা করা হয়। এই স্থানে ৪। ৫টা গৃহপালিতা হতিগী রক্ষিতা হয়। রক্ষকগণ ক্ষুত্র কুটারে লুকায়িত থাকে। দিবাভাগে বস্থা হস্তিগণ এই হানের দিকে অগ্রসর হয় না! কিন্তু, রাত্রিতে এক একটা করিয়া ইহার অভাস্তরে প্রবেশ করে। সকল হস্তিগুলি প্রবেশ করিলে ছার রুদ্ধ করা হয়। তৎপরে, শীকারীয়া সর্ব্বাপেক্ষা বলবান, যুদ্ধ-পটু, পালিত হতী সহ বস্থা হস্তিগুলির সহিত যুদ্ধ আরম্ভ করে। বস্থা হস্তিগুলি আনাহারেও ছর্বল হয়। যথন বস্থা হস্তিগুলি একেবারে অবসর হইয়া পড়ে, তথন সর্ব্বাপেক্ষা সাহসী প্রিচালক, উহাদিগের অজ্ঞাতদারে অবতরণ পূর্ব্বক, নিজ হতীয় নিরে গমন করে, ও তথা হইতে সত্বর বস্তু হতীর তলদেশে যাইয়া. উহার

<sup>(</sup>৯১) আরিয়ন ও দারদরস এই শ্রেণীতে রাধানদিগকেও **অন্তঃভ্**ত করিয়াছেন কিন্তু শিকারীদেয় বাদ দিয়াছেন।

<sup>(</sup>১২) আরিয়ন তাহার ইভিকা-গ্রন্থের ত্রেরাপ এবং চতুর্দশ অধ্যারে হত্তী-শীকারের বর্ণনা করিরাছেন। উভর বর্ণনাই একরূপ।

পদগুলি একত্রে বন্ধন করে। বন্ধনের পর, আবন্ধ-পদ হস্তিগুলি যতক্ষণ ভূমিতে না পতিত হয়, ততক্ষণ উাদিগকৈ প্রহার করিবার জন্ম পালিত হস্তীর গণদেশের সহিত বন্য হস্তীর গলদেশ বন্ধন করে। যাহারা, ইহাদিগের পুঠে আরোলণের চেন্তা করে, তাথাদিগকে যাহাতে শরীর কম্পন দ্বারা ভূতবে নিক্ষেপ না করিতে পারে তজ্জন্য গলদেশের চতুদিকে ক্ষত করিয়া, ঐ সকল ক্ষত স্থানে চমারজ্ব স্থাপিত হয় এবং বন্ত হস্তিগণ যাতনা বশতঃ, আত্ম সমর্পন করিয়া শান্ত থাকিতে বাধ্য হয়। ধুত হস্তী গুলির মধ্যে যে গুলি অতি বুদ্ধ বা অল বয়স্ক, সে গুলিকে পরিত্যাগ করিয়া, অন্ত সমুদায় গুলিকে হত্তিশালায় লইয়া যাওয়া হয়। এখানে একটার সহিত অপর একটার পদ বন্ধন ও স্থান্দ ভালে গণদেশ আবদ্ধ করিয়া ও অনাহারে রাথিয়া ইহাদিগকে বশীভূত করা হয়। তৎপরে, তুণ ও নবীন নল আহার করাইয়া ইহাদিগকে সবল করা হয়। ইহার পরে কোনটীকে বাকাদার: (১০) বা ভেরী-বাদন পূর্বক বশী-ভূত করা হয়। হস্তিগণ স্বভাবতঃই এরূপ শান্ত ও নিরীহ যে তাহাদিগকে জ্ঞানবান প্রাণীর সল্লিক্স্ট বলা যাইতে পারে এবং সেই জন্য বলীভূত করা কঠিন, এরপ হস্তার সংখ্যা অতার। হাতপ্র যুদ্ধে নিহত হইর্লে, কোন কোন হন্তী হন্তিপককে যুদ্ধকেত্রের বহির্দেশে আনয়ন করে। কোন হস্তিপক প্রাণভয়ে হস্তীর সমূবত্ব পদহয়ের মধ্যে আশ্রয় গ্রহণ করিলে, হস্তী যুদ্ধ করিয়া তাহাকে রক্ষা করে। যে তাহাকে আহার व्यमान करत, या एव जाहारक निका रमन्न, राजारधन वनवर्छी हहेगा यमि

<sup>(</sup>৯৩) ইলিয়ান নামক গ্রন্থকার বলিরাছেন বে ভারতীরগণ অবাধ্য হল্পিগুকে দলীক হারা মুক্ষকরে। ইলিয়ানের বুজান্ত এই গ্রন্থে উজ্ত করা হইরাছে।

হস্তা তাহাকে হত্যা করে, তবে, হস্তী শোকাকুল হইয়া **আহার গ্রহণে**বিরত থাকে এবং কথনও কথনও অনাগারে মৃত্য-মূথে প্তিত হয়।

হস্তিনীগণ ৰসম্ভকালেই সম্ভান প্ৰদৰ করে। এই ঋতুতেই হস্তীর ললটিভুরক্ হইতে মদক্রণ হয়। করিণীর ললাটভুরক্ও এই সময়ে উন্ম ক্ত হয়। হস্তিনী, সাধারণতঃ ধোড়শ মাস, কথন কথন অষ্টাদশ মাসও গর্ভধারণ করে। মাতা শাবককে ছয় বংসর স্তন্ত-দান করে। আধকাংশ হস্তাই দর্বাপেক। দীর্ঘায়ুঃ মনুষ্কের প্রমায়ুকাল জীবিত থাকে. এবং কোন কোনটা তুইশত বংসরের অধিক কালও জীবিত থাকে। ভাষাদের অনেক গুরাবোগ্য পীড়া হয়। ভাষাদের চক্ষরোগ হটলে গো-চগ্ম দারা চক্র ধৌত করিলে, চক্ররোগ আরোগ্য হয়। অন্যান্য অধিকাংশ রোগে রুফার্বর্ণ মদাপান করিতে দেওয়া হয়। ক্ষত রোগের জন্ম নবনীত আহার করিতে দিতে হয়, কেননা, নবনীতে লৌহ নিম্নাশিত হয়। ক্ষত স্থানে শূকরের মাংস দ্বারাও শেক দেওয়া হয়। অনিসিক্রিটন বলেন যে, হস্তারা তিনশত বংসর জীবিত থাকে এবং চুই শত বংসর পর্যান্ত কর্ম্ম থাকে। তিনি ও অন্যান্য লেখকগণ বলেন যে, আফ্রিকা-দেশীয় হন্তী অপেক্ষা ভারতীয় হন্তী বুংদাকার ও বলবান। এই জন্য ভাহারা শুগু দারা প্রাচীর ভগ্ন বা বৃক্ষ উৎপাটন করিতে পারে। হস্তীরা এরপ ভাবে শিকিত হয় যে, তাহারা লোষ্টু নিক্ষেপ করিতে, অপ্রাদ থাবহারে ও দন্তরণ করিতে দক্ষম হয়। হস্তী রখণ্ড টানিতে পারে এবং তাহাদের পরিচালন করিতে বন্ধার আঘশ্যক হয় না। অন্যান্য লেখকগণ যে বলিয়াছেন যে. কেবল মাত্র রাজাই হস্তী ও আৰু রাখিছে পারেন, এরপ বোধ হয় না।

অনিসিক্রিটন বলেন যে, তিনি স্বর্ণ-প্রস্থ পিণীলিকার চর্ম্ম দেখিরাছেন;

এই সকল চর্ম্ম ভিতার চর্ম্মের ন্যায়। যেগান্থিনিল এই সকল শিণীলিকার

নিম্নলিধিত বর্ণনা করিয়াছেন,—"লারদাই নানক (৯৪) তারতীয় এক জাতি পূর্বাঞ্চলে বাস করে এবং পর্বত মধ্যে ৩০০০ হাজার টাডিয়া বাস-বিশিষ্ট উপতাকা আছে। ইহার নিম্নদেশ স্থবর্ণর থনি আছে, এবং এই সকল জ্বন্ধ আকারে বনা শৃগালাপেক্ষা নান নহে। ইহারা অতান্ত ক্রন্ত এবং যাহা পায়, তাহাই আহার করিয়া শ্রীবন ধাবণ করে। ইহারা শীতকালে ভূমি খনন করিয়া, থনি মুখে মৃত্তিকা স্তৃতীক্ত করে। এই স্বর্ণকে বিশেষকাপ করিয়া, থনি মুখে মৃত্তিকা স্তৃতীক্ত করে। এই স্বর্ণকে বিশেষকাপ করিয়া, থনি মুখে মৃত্তিকা স্তৃতীক্ত করে। এই স্বর্ণকে বিশেষকাপ করিয়া, থনি মুখে মৃত্তিকা করে। নিকটবন্তী অধিবাসিগল ভারবাহী জন্ত সহ গোপনে এইস্থানে গমন করে। পিলীলিকারা কোন প্রকারে ইহা জানিতে পারিলে, মনুন্তাগদকে ভীষণরূপে আক্রমণ করে এবং যাহাবা পলায়ন করে, তাহাদের পশ্চাদাবন কারয়া, তাহাদিগকে হত্যা করে। এই জন্য, স্থবর্ণ সংগ্রহ কারিগণ, নানাস্থানে বন্য পশুর মাংস রাথিয়া দেয় এবং পিশীলিকাগণ যত্র তত্র গমন করিলে, ইহারা, বিশিক্গণকে অতি অর মুল্যে সংগৃহীত স্বর্ণ বিক্রম্বত (৯৫)।

মেগাছিনিগ ও খনানো গ্রন্থকার শিকারী ও বনাপণ্ড সম্বন্ধে যাহা বিলয়াছেন, আমরা তথাতীত আবিও কিছু পাঠকবর্গের সমূধে উপস্থিত

<sup>(</sup>১৪) সোরানবেক বলিরাছেন বে, নিম্নলিখিত গ্রন্থকারগণের গ্রন্থে মর্পপ্রশ্বপিশীলিকার উল্লেখ পাওরা বায়—হেরোডটাস, আরিয়ন, ইলিয়ান, মিনী, প্রোপার্ট এক কিলসট্টাস। হেরোডটাসের বর্ণনা আমরা পুর্কেই উজ্বত করিয়াছি। অজ্ঞান্ত গ্রন্থকার-সপের বর্ণনা ব্যাহানে উদ্ধত হইবে। কালীরেয় উত্তর-পশ্চিমাংশন্থিত দাদ গণই সম্ভবক্তঃ বারলাই-ভা ১ব বাশ্বর।

<sup>(</sup>२८ नामन श्विमार्धम किरिक दुकाल महेना । देश यथात्रात केन्द्रिक हरेनात्व ।

করিব। নিয়াকীস সর্প দিগের সংখ্যা দৃষ্টে আশ্রুয়া বোধ করিয়াছেন। বে সকল গ্রাম বন্যার জলে প্লাবিত হয় না, সরীস্থপ সকল সেই সকল প্রামস্থ প্তহে আশ্রম গ্রহণ করে। এই জনা, অধিবাসীবর্গ তাহাদের শব্যা ভূমি হইতে অনেক উচ্চ করিয়া থাকে. এবং অনেক সময় এই সকল ক্স হইতে নিষ্কৃতি পাইবার জন্য গৃহত্যাগ করে (১৬)। অধিকাংশ **লোক** অতাধিক জল-বৃদ্ধির জনা মৃত্যুমুখে পতিত না হইলে, এই দেশ মক্ত্মিজে পরিণত ছইত। এই দকণ জন্তুর কতকাংশ কুদ্রাকার এবং কতকাংশ বুহদাকার। কোন প্রকারেই ইহাদের হস্ত হইতে নিষ্কৃতি পাওয়া যায় না। কোন কোন দৰ্প দৈৰ্ঘ্যে প্ৰায় ১৬ ছাত এবং অত্যন্ত তেজন্তী। দেশ মধ্যে সাপুডেগণ ভ্রমণ করে। এই ব্যাধি ব্যতীত অন্য কোন ব্যাধিতেই ভারতবাদীরা আক্রান্ত হয় না, কারণ, ভারতবাদীরা মন্তপান কৰে না ও মিতাচারী (৯৭)। পীড়া হইলে জ্ঞানী ব্যক্তিগণই তাহাদের চিকিৎসা করে। আরিষ্টবোলস বলেন যে, তিনি এত দীর্ঘ সর্প দেখেন নাই; কেবল মাত্র ২ হস্ত দীর্ঘ একটা সর্প দেখার কথা তিনি উল্লেখ করিয়াছেন। আমি, মিশরে, ভারতবর্ষ হইতে আনীত ঐ প্রকার একটা বুহৎ দর্প দেখিরাছিলাম (১৮)। এতদ্বাতীত,

<sup>(</sup>১৬) মার্কপলো নামক হৃবিখ্যাত পর্যাটক মানাবারদেশীর অধিবাসিগণের বিষয় বর্ণনার লিখিরাছেন বে, তদ্দেশবাসীগণ নানাপ্রকার সরীহৃপ প্রভৃতির হস্ত হন্ধা পাওদার অক্স উচ্চে শব্যা প্রস্তুত করিয়া নিজা বাস।

<sup>(</sup>৯৭) টীসারাস্ নামক গ্রন্থকার বলিরাছেন যে, ভারজ্বাসিগণ কলাপি দক্ত, মন্তিছ বা চকুরোপে আক্রান্ত হয় না। তাহাদের মুখে বা শরীরেও কোনক্লণ ক্লোটক হয় না।

<sup>(</sup>৩৮) ট্রাবো, ভাঁহার বন্ধু ইলিয়াস গ্যালাদের সহিত মিশরে বাসকালীন ভারতবর্ষ ইইতে প্রেরিড সর্প দেখিতে পারেন।

আরিষ্টবোলস ক্ষুদ্রাকারের অনেক সর্প এবং বুহদাকারের বৃশ্চিক ও কুলাকারের বিষাক্ত দর্পও দেখিরাছিলেন। কিন্তু বিতন্তি প্রমাণ সর্পের নাার এগুলি তীক্ষবীর্যা নতে। এই সকল কৃদ্র সর্প, পট্টাবাসে, গুহে, তৈজদ পত্রে ও প্রাচীর ও বেড়ায় লুকায়িত থাকে। এই সকল সর্পদষ্ট ব্যক্তির প্রত্যেক লোমকৃপ চইতে বক্ত নির্গত হয়। দর্শ-দষ্ট ব্যক্তিগণ অসহ যন্ত্রণা ভোগ করে এবং দংশন-মাত্র চিকিৎসা না করিলে দর্প-দন্ত বাক্তির মৃত্য হয়। কিন্ত ভারতীয় ওষধি ও বুক্ষের মূল অত্যন্ত উপকারী বলিলা শীঘ্রই প্রতীকার করা যায়। আরিষ্টবোলস বলেন যে, সিন্ধুনদে প্রচর পরিমাণে কুন্তীর পাওরা বায় না এবং এই সকল কুন্তীরগণ মাংসাশী নহে। সিদ্ধুঘোটক বাতীত নীৰ নদে প্ৰাপ্ত অনা সকল প্ৰকার ভত্তই সিম্বতে পাওয়া যায়। কিন্তু, অনিসিক্রিটস বলেন যে সিকুতে সিন্ধু-ঘোটকও পাওয়া যায়। আরিষ্টবোলস বলেন বে, কুস্তীরের অত্যাচারে নীলনদে সকল প্রকার সামদ্রিক মংস্য পাওয়া যায় না। কিন্তু সিন্ধুনদে অনেক প্রকার সামুদ্রিক মৎসা পাওয়া যায়। পার্বিত্য প্রদেশেও কুদ্র চিংড়ি পাওয়া বার এবং সিদ্ধু ও আকিসাইনের সঙ্গমে বৃহৎ বহুৎ চিংডি পাওয়া যায়।

বন্যপশু সম্বন্ধে আমরা এই পর্যান্ত বনিরা, আমরা মেগস্থিনিস ভারতীর জাতি সম্বন্ধে কি বনিরাছেন তাহাই পর্যালোচনা করিব।

শিকারী ও পশু পালকের পরে বণিক্। ইহার। দ্রবাদি ক্রয় বিক্রম করে এবং শারীরিক শ্রম করে। ইহাদের কেহ কেহ রাজকর প্রদান করে এবং নির্ছারিত বেগার দের। কিন্তু অন্ধ ও রণতরী নির্দ্ধাতাগণ বে সকল রাজার অধীনে কার্যা করে, উাহাদের নিকট হইতেই বেতন ও আহারাদি পাইরা থাকে। সেনাপতিই সৈনাগণকে অন্ধ শন্ত সমব্রাহ করেন একং নাবধাক, সমুদ্রবাতাকারী সার্থবাহ ও বণিক্গণকে জাহাল ভাড়া দেন (৯৯)।

পঞ্চমশ্রেণী থোদ্ধা। ইহারা যুদ্ধকার্য্যে বাপৃত না থাকিলে আনন্দে ও
মন্তপানে সময়াতিপাত করে। রাজাই ইহাদের ব্যর-ভার বহন করেন
এবং সেইজন্ম প্রয়েজন মাত্রই ইহারা যুদ্ধক্ষেত্রে উপস্থিত হইতে পারে।
কারণ, নিজ্ঞ শরীর ব্যতীত ইহাদের কিছুই বহন করিতে হয় না। আর
শর্ম সমস্তই সরকার হইতে সরববাহ করা হয় (১০০)।

পরিদর্শকগণই ষ্ঠ শ্রেণীর অন্তর্ভূত। ইহারা সকল বিষয় পরিদর্শন করিয়া গোপনে রাজার নিকট জ্ঞাপন করে। নগরাধাক্ষণণ নগরের বেখাগণকে নিজ২ ক্ষাহায়ো নিযুক্ত করেন, এবং সৈন্ত-পরিদর্শকগণ সৈন্ত গণের সহিত যে বেশারা গমন করে, তাহাদের সাহায়া গ্রহণ করে। সর্ব্বাপেকা উত্তম ও বিখাসী ব্যক্তিসকলকে এই কার্য্যে নিযুক্ত করা হয় (১০১)।

রাজার অমাত্যগণই সপ্তমজাতি। ইহাদের মধ্য হইতেই রাজ-কর্ম-

<sup>(</sup>৯৯) মাজিগুল সাহেব বলিয়াছেন যে, "River voyage and river traffic are here meant" অৰ্থাৎ, প্ৰাচীন হিন্দুগণ বাণিজ্যাৰ্থ সমুত্ৰপথে বাতায়াত করিতেন না। বৰ্ত্তমানে ইহা সৰ্ক্বাণীসন্মত যে প্ৰাচীন হিন্দুগণ বাণিজ্যাৰ্থ সমুত্ৰপথে বাতায়াত করিতেন। এ সম্বন্ধে অধ্যাপক রাধাকুম্বের অত্যাৎকৃষ্ট গ্রন্থ আইবা।

<sup>(</sup>১০০) আরিয়ান, তাঁহার ইণ্ডিকায় লিখিয়াছেন বে, এই শ্রেণীছ ব্যক্তিগণ এরূপ উচ্চহারে বেডন পার যে, ইহারা নিজ ২ ভূডাগণ দারা তাহাদের অস্ত্র শস্ত্র পরিছার করার এবং ইহাদের পরিচালকগণই হন্তী, অস্ব ও রথ রক্ষণাবেক্ষণ করে।

<sup>(</sup>১০১) আরিরান, দারদরদ ও ট্রাবো—সকলেই এই শ্রেণীছ ব্যক্তিকে পরিবর্শক নামে অভিহিত করিয়াছেন। 'অর্থণাত্ত' প্রষ্টব্য।

চারী, বিচারক ও শাসন কর্ত্তা বির্বাচিত হইয়া থাকেন। কেচই নিজ জাতি ব্যতীত অপর জাতিতে বিবাহ বা এক ব্যবসায় পরিত্যাগ করিয়া অপর ব্যবসায় গ্রহণ বা একের অধিক ব্যবসায় অবসন্থন করিতে পারে না। কেবল মাত্র, দার্শনিকগণ, অতিরিক্ত বিজ্ঞতার জন্ম এই নিয়মের বহিত্তি।

শাসনকর্ত্তাগণের মধ্যে কাহারও প্রতি হানের, কাহারও উপর নগ-রের, এবং কাহারও উপর সৈত্তের ভারার্পণ করা হইরা থাকে। কেহ> নদনদী পর্যাবেক্ষণ, কেহ ভূমিরমাপ এবং যাহাতে সকণেই সমপ্রিমাণ ভাগ পাইতে পারে, সেই জন্ম জল-নির্গমেব প্রবালী পর্যাবেক্ষণ করেন। এই সকল বাজি শিকারীগণের কার্যান্ত পরিদর্শন করিয়া পাকে এবং তাহাদের কার্যান্ত্রায়ী শান্তি ও প্রস্কার দিবাব ক্ষমতাও ইহাদের আছে। ইহারা, রাজকর গ্রহণ ও ভূমিসংক্রান্ত বৃত্তি কার্চসংগ্রাহক, শিল্পী, কর্ম্মনর ও থনকগণের কার্যান্ত পরিদর্শন করে (১০২)।

যাহারা নাগরিকগণের কার্য্য পরিদর্শন করে, তাহাদিগকে ছয় দলে বিভক্ত করা হয়; প্রত্যেক দলে পাঁচজন সদস্ত থাকে। প্রথম দল শিল্প, দ্বিতীয়, বৈদেশিকগণকে অভার্থনা হ বাসতান নির্ণয়, এবং বৈদেশিকগণের ভৃত্যবর্গের নিকট হইতে উহাদের বৃত্তান্ত সংগ্রহ, দেশ হইতে বহির্গমনের সময় সঙ্গে থাকা, অন্থ্রের সময় পরিচ্যা, মৃত্যু হইলে সংকার, এবং তাহাদের মৃত্যু হইলে, সকল প্রকার সম্পত্তি তাহাদের নিঞ

<sup>(</sup>১০২) আরিয়ান বলিয়াছেন বে, সংখ্যার কম হইলেও ইহারা বিজ্ঞ ও দাধু বলিয়া অপরের উপর আধিপতা পরিচালনা করে। তিনি আরও বলিয়াছেন বে, এই শ্রেণী হইতেই শাসনকর্ত্তা, প্রাদেশিক শাসনকর্ত্তা, সহকারী শাসনকর্ত্তা, কোবাধাক্ষ, সেনাপাত, নাবধাক্ষ প্রভৃতি নির্ব্বাচিত হইতেন।

নিজ দেশে প্রেরণ, প্রভৃতি কার্য্যে নিযুক্ত থাকিতেন। তৃতীয় ব্যক্তি
জন্ম-মৃত্যু নির্ণর করিতেন (১০৩)। বাহাতে রীতিমত ভাবে রাজকর ধার্য্য হর, তদ্বাতীত বাহাতে উচ্চনীচ কেহই জন্ম-মৃত্যু গোপন না
করিতে পারেন, তাহাও ইহাঁদের কর্ত্তব্য ভূক্তছিল। চতুর্ব দল কর্ব্য বিক্রের পরিদর্শন করিতেন। ইহার তৃলা ও মান নিজারণ (১০৪)ও
বাহাতে সামরিক উৎপরন্তব্যু সাধারণে কর বিক্রের করিতে পারে তাহার
ব্যবহা করিতেন। দিগুণ রাজকর প্রদান না করিলে কেইই নানা জাতীর
দ্রব্য বিক্রের করিতে পারিত না। নৃতন ও পুরাতন পণ্য পৃথক করিয়া
বিক্রের হইত এবং উভর প্রকারের পণ্য একত্র করিয়া বিক্রের করিলে
দপ্তনীর হইতে হইত। পঞ্চম দল, শিরজাত দ্রব্য বিক্রের পরিদর্শন
করিতেন। ষ্ঠদল বিক্রের দ্রব্যের দশমাংশ সংগ্রহ করিতেন। এই
রাজকর প্রদানে চতুরতা করিলে, মৃত্যুদণ্ডে দণ্ডিত হইতে হইত (১০৫)।
এই সকল দল ভির ভির ভাবে এই সকল কার্য্য সম্পাদন করেন। রাজপথ সংস্করণ, মুল্য-নির্ণর, পোতাশ্রের, মন্দির প্রভৃতি সাধারণের মঞ্জক
জনক কার্য্য সকলে একত্র হইয়া করিতেন।

নগরাধ্যক্ষণণ ব্যতীত তৃতীয় একপ্রকার শাসন সমিতি আছে; ইহার।
যুদ্ধসংক্রান্ত কার্য্য পরিচালনা করিতেন। ইহাও পাঁচজন সদস্থ সহ ছয়
আংশে বিভক্ত। প্রথম দল নৌবাহিনী, দ্বিতীয়, সামরিক আন্ত্র, সৈত্ত
প্রেম আহার, প্রাদির ভক্ষা তৃণাদি এবং যুদ্ধে ব্যবহার্থ অক্তান্ত দ্রবাদি

<sup>(</sup>১.৩) 'व्यर्थमाञ्च,' श्राथम कहा ১৫७ পृष्टी साहेवा।

<sup>(</sup>১০৪) 'অর্থশাস্ত্র,' প্রথম কল ১২০ পৃষ্টা স্তাইবা।

<sup>(</sup>১০¢) সমুও এই শান্তির কথা উল্লেখ করিয়াছেব।

বহনের বলীবর্দ্ধ পরিদর্শন করিতেন। ইহারাই বাদক, ঘণ্টা-নিনাদক,
আখ-রক্ষক, কারিকর ও কারিকরের সহকারী সরবরাহ করেন। তাঁহারা
ঘণ্টাধ্বনি করিয়া, শৈনাগণকে আহারাদি সংগ্রহে প্রেরণ করেন এবং
পুরস্কার ও শান্তিদারা ঘাহাতে ঐ কার্য্য সত্তর ও নিরাপদে সাধিত হয়,
তাহার ব্যবস্থা করেন। তৃতীর দল পদাতিক সৈন্সের, চতুর্থ অখারোহীর,
পঞ্চম রথীর ও ষষ্ঠ হস্তি-সৈন্সের তরাবধান করেন। অখের জনা মল্বা
ও হস্তীর জন্য হস্তীশালা আছে। অস্ত্র রক্ষা কবিবার জন্ম মল্বা
ও হস্তীর জন্য হস্তীশালা আছে। অস্ত্র রক্ষা কবিবার জন্ম মল্বা
ও অখ হস্তীশালার ও মল্বায় প্রভাপন করিছে হয়। হন্তিগণের জন্ম কোন
প্রকার বল্লা ব্যবহৃত হয় না। যুদ্ধধাত্রা কালে বলীবর্দ্ধ রথ টানিয়া লয়।
অখবগণকে কেবল মাত্র দড়িধরিয়া লইয়া যাওয়া হয়; অন্যথা রথ টানিয়া
লইয়া তাহাদের পায় ক্ষত হইতে পারে বা তাহারা ক্লান্ত হইয়া পড়িতে
পারে। সার্থীর পার্শ্বে হইজন কবিয়া সৈন্য উপবেশন করে। যুদ্ধ
হস্তী চারিজন করিয়া সৈন্য বহল করে; চালক বাভীত অপর তিনজন
ভীরন্ধান্ত হস্তীর পুঠদেশ চইতে তীর নিক্ষেপ করে(১০৩)।

ভারতবাদীরা মিতবাদী; বিশেষতঃ, যখন তাহারা শিবিবে বাসকরে, তথন তাহারা আরও সাবধানে থাকে। তাহারা অসম্মভাবে একত্র

<sup>(</sup>২০৬, অক্সান্ত গ্রন্থেও এই সকল বর্ণনা পাওয়া যায়। মিনিও বলিরাছেন বে, ভারতবাসীদের মধ্যে কেই ভূমিকর্মণ করে, কেই সৈনিক বুডি খারা জীবিকা নির্কাই করে অপরে অভ্যনেশীর পণ্যের আমদানী ও খাদেশীর পণা রপ্তানি করে এবং উচ্চত্রেশীয় ব্যক্তিপ্রধার বাজা পাসনাদি করেন। পঞ্চমট্পী দর্শনের আলোচনা করেন এবং ইহারা প্রাক্তিটার জীবন বিস্কারন করেন। এতখাতীত অক্ত এক্সেশী মুগরা ও ইন্তাশিকারে জীব নাতিপাত করে।

হয় না এবং নিয়মামুখায়ী গমনাগমন করে । কলাচিৎ চরি হইতে দে<del>খা</del> যায়। যথন মেগান্থিনিস চক্রওপ্রের শিবিরে ছিলেন, তথন ৪০,০০০ হাজার সৈনোর মধ্যে কোনদিন ২০০ ডাকমতের (১০৭) অধিক চরি হয় নাই। বিশেষতঃ, ইহাদের যথন কোন প্রকার লিখিত আইন নাই এবং ইছারা লিখন পদ্ধতি অবগত না থাকায়, ইছারা মনে মনে হিদাব রাথে (১০৮), তখন এরূপ ঘটনা নিশ্চরই আশ্চর্যাজনক। বজ্ঞ কালব্যতীত অনা কোন সময়ে মদাপান করে না। তাহাদের আইন ও বাবহারের সর্বতা ইহা হইতেই প্রতীয়্মান হইবে যে, তাহাদের কখনও আদালতের আশ্রর গ্রহণ করিতে হয় না। বন্ধক বা গচ্ছিত বস্তু লইরা কোন সময়ে অভিযোগ হয় না | তাহাদের মোহর বা সাক্ষীর আবশাক হয় না। প্রত্যেকে প্রত্যেককে বিশ্বাস করে। অধিকাংশ সময়েই তাহা-দের গৃহ ও সম্পত্তি অরক্ষিত থাকে। এই সকল বিষয় ছইতে তাহাদের থৈয়া ও বৃদ্ধির পরিচয় পাওয়া যায়। কিন্তু, ভারতবাদীদের অপর কয়েকটা বাবহার অনুমোদন করা যায় না। তাহারা একাকী আহার গ্রহণ করে। একত্রে এক সময়ে আহার গ্রহণের প্রথা প্রচ্লিত নাই। যাহার যথন ইচ্ছা, সে তথনই আহার করে। কিন্তু, আমার বোধ হয় যে সামাজিক প রাজনৈতিক হিসাবে প্রচলিত আচারের বিপরীত আচার প্রচলিত থাকাই উচিত।

<sup>(</sup>১০৭) প্ৰভোক ডুকিমা=» ত্ৰ পেক।

<sup>(</sup>১০৮) ভারতীরগণ যে নিখন পদ্ধতি অবগত ছিলেন, মেগান্থিনিস অবগ্রত সে বৃত্তান্ত অবগত ছিলেন। সম্ভবতঃ তাঁহারা ভাষাদের বিচার কার্যো 'লিখিত ভাইন' আরোগ কবিতেন না, মেগান্থিনিস এই বিবয়ই এছলে উল্লেখ করিয়াছেন। ভারতীয় লিপির প্রাচীনত্ব সম্বাহ্ম এখন কোন সন্দেহেরই কারণ বাই।

कात्रज्वामीता भन्नीच वर्षन शृक्षक वाातामहे अभक्ष विनेता महन करत । हैश नाना श्रकारत मुम्लापिक हत्। जाहात्रा निक निक भंतीरतत हैलह व्यादनुष कार्ष्टित मध पर्वनरे अधिक शहल करत। छात्रामत नमाधिकन অনশঙ্কত এবং মৃতদেহোপরি স্থাপিত মৃত্তিকান্ত্রপ অফুচ্চ। তাহারা অন্যান্য বিষয়ে বেরপে আড়ম্বর শূনা, বস্ত্র ও অলহারে সেরপ নহে। ভাহারা স্থবর্ণ-পচিত ও মণিমুক্তা স্থানোভিত বন্ধ পরিধান করে এবং কৃত্রিম পুল্প-সঞ্জিত মস্পিনের বস্ত্র বাবহার করে। ভূতাগণ ছত্র লইরা প্রভুর অমুগমন করে, কারণ, তাহারা সৌন্দর্যোর যথেষ্ট সন্মান করে এবং निष्क्रपात रोनिर्मा (मशेहेराव कना त्र कान देशव अनम्बन करत्। তাহারাসতা ও ধর্ম্মের তুল্যরূপসম্মান করিয়া পাকে। এট ক্ষন্য নিশেষ জ্ঞানী না হইলে তাহারা বছ-বিবাহ করিয়া থাকে এবং যুগ্ম গো-বিনিময়ে এই সকল কন্যাকে তাহাদের পিতামাতার নিকট হইতে গ্রহণ করে। এই সকল পাত্রিগণের মধ্যে তাহারা, কাহাকেও আক্রামুবর্ত্তিনী পরিচারিকার জনা, কাহাকেও অধের জন্য এবং অন্য গুলিকে সম্ভান প্রাপ্তির আশাহ গ্রহণ করে (১০৯)। স্ত্রীগণকে সভীত্ব রক্ষার জন্য বলপুর্বকে বাধ্য না রাখিলে, তাহারা ব্যাভিচারিণী হয়। গন্ধ দ্বব্য প্রদান বা তর্পণ कारन (कहरे मछरक माना धात्रन करत ना (১১०)। जाहाता विश्वत পশুবৰ না কৰিয়া খাদ রোধ করে: ইহার কারণ এই যে, এরুশ ক্রিলে পশুটী অন্তর্গন না হট্যা সমগ্রভাবে দেবভার নিকট উৎস্গীকৃত হয়। মিথ্যা সাক্ষা দান করিলে হস্ত পদ চেদন করা হয়। কেই

<sup>(</sup>২০২) "পুত্রর্থো ক্রিয়তে ভার্যা।" 'অর্থনাক্র' এবং অক্তান্ত গ্রন্থে ইহার ববেষ্ট উল্লেখ পাওয়া বাষ

<sup>(&</sup>gt;>0) आठीन जीनीवन: १व माद्या व्यवस्थित स्थाना ।

অপরের অসহানি করিলে অপরাধীর সেই অস ছেদন করা হট্যা থাকে।
যদি কেহ কোন শিল্লীর হস্ত বা চফু নষ্ট করে, তবে তাহার মৃত্যুদপ্ত
হয়। এই লেখকই বলিয়াছেন যে, ভারতবাসীরা ক্রীতদাস রাথেন।
কিন্তু, অনিসিক্রিটস বলেন যে, কেবলমাত্র মৌস্কানসের রাজ্যেই
এই প্রথা প্রচলিত। তিনি এই প্রথা ও অন্যান্য প্রথার অসুমোদন
করিয়াছেন।

পিতামাতার নিকট হইতে ক্রীত স্ত্রীলোকের উপর রাজার শরীর রক্ষার ভার অর্পিত হইরা থাকে (১১১)। শরীররক্ষী এবং অন্যান্য দৈন্যগণ প্রাসাদের বহিছেশে অবস্থান করে। যে স্ত্রীলোক মদমন্ত রাজাকে হত্যা করে, তাহাকে ঐ রাজার উত্তরাধিকারীর পত্নীরূপে গ্রহণ করিয়া পুরস্কৃত করা হয়। পুত্রগণই পিতার উত্তরাধিকার প্রাপ্তরের ভয়ে রাজা দিবাভাগে নিভা যাইতে পারেন না এবং রাত্রিতে ষড়বল্লের ভয়ে উাহাকে মধ্যে মধ্যে নিক্র শ্যা। পরিবর্ত্তন করিতে হয়। যুদ্ধ বাহীত, বিচার কার্য্য পরিদর্শনার্থ তাহাকে রাজ-প্রাসাদ পরিত্যাগ করিতে হয়। সমস্ত দিনই তাহাকে বিচার-কার্য্যে নিযুক্ত থাকিতে হয়; এমন কি দেহ-পরিচর্যার সমময়েও তিনি বিচার কার্য্য নির্কাহে ইইতে নিরস্ত থাকেন না। কান্ত দণ্ড দারা দেহ ঘর্ষণই এই দেহ-পরিচ্যা। বিচার কার্য্য নির্কাহের সময়েও চারিজন পরিচারক তাঁহার দেহ ঘর্ষণ করে। যজ্ঞ কার্য্যের জন্যও তিনি প্রাসাদ পরিত্যাগ করেন। মন্ত্রতাবহারও (১২২) তিনি মুগয়ার্থ প্রাসাদ বহির্ভাগে গমন

<sup>(</sup>১১১) অনেক গ্ৰছে ইছার উল্লেখ পাওরা যার। ডান্ডার টাকাক্স কলাব ছ ইংসিং বা "সপ্তম শতাকীর বৌদ্ধর্মা পদ্ধতি ফ্রান্তা।"

<sup>(</sup>১১২) "Bachanalian fashion"—ইহা কড্যুর বিবাদযোগ্য বলিতে পারি না। উল্লিখিত হইরাছে বে ভারতবর্ষে মধ্যপান প্রচলিত ছিল না এবং রাজার দারীর রন্দিন্দী-গণের কেঃ রাজার মন্তবাবহার তাঁহাকে নিহত করিলে, রাজপুত্রের সহিত বিবাহিকা

ভারেন । তাঁলাকে রমণীবৃক্ত পারবেটন করিরা থাকে এবং এই রম্বানীবৃক্তের বহিলালে বর্ধাধারিগণ বাইতে থাকে। রাজ্ঞপথ রক্ত হারা চিক্তিত করা হয় এবং কোন ত্রী বা পুন্দম এই রক্ত্যুমধান্ত পথে প্রথম করিলে মূহ্যুলণ্ডে দণ্ডিত হয়। বাদ্যকরগণ ঘণ্টা ও ঢাক নক এই শোভাষাত্রার অত্যে অত্যে গমণ করে। রাজা অভয় বনে মূপরার নির্ক্ত করেন এবং মঞ্চ হইতে তীর নিক্ষেপ করেন। তাঁহার পার্বে ২০ জন সপপ্র প্রাণোক দণ্ডাগ্রমান থাকে। উন্মুক্ত হানে শীকার করিতে হইণে, তিনি হন্তী পূর্ভ হততে শীকার করেন। প্রীলোকদিগের মধ্যে, কেছ মধ্যে, কেছ অংখ এবং কেছ কেছ হন্তা পূঠে, যুদ্ধ-যাতার ন্যায় জন্ত্র পত্রে স্বাক্তিত হইয়া অবস্থান করে।

আমাৰের দেশীঃ প্রচলিত প্রধার ত্লনার এতদেশীর প্রথাগুলি আহুত বোধ হব; কিন্তু, নিয়োক প্রথাটি অতাহুত। মেগাজিনিস বলেন বে, বে সকল জাতি ককোস পর্যতে বাস করে, তাহারা প্রকাশ্যে বী সক্ষম করে এবং ভারাদের আর্থায়-বজনের ধের ভক্ষণ করে (১১৩)। তিনি আরেও বলেন বে, এক প্রকার বানর আছে বাহারা তাহাদের অনুসম্বন্ধারীদিপের উপর প্রজন্ম বর্ষণ করে। আবার,বে সকল জন্তু আমাদের বেশে গৃহণালিত, তাহারা ভারতবর্ষে তক্ষণ নহে। তিনি এক শৃহ-

ছইতেন। এ অবস্থায় রাজার 'মন্তভাবস্থায়' আসাধ বহিন্তানে গমন করা সন্তবপর নতে।
তবে তক্ত ত্রীপণ পরিষ্ঠ হইরা সুগরার্থ বহির্গত হওয়া সভবপর।

<sup>(</sup>১১০) হেরোডটার বলিরাহেন বে, ভারচবর্বের ছানেং এরপ প্রধা প্রচলিত হিন্ন
কাকিনটোন অন্তন্ত বলিরাহেন বে, আক্রানিয়ানের সীবাছপ্রায়েল এই প্রধা প্রচলিত
আছে। ভৌগোলিক টলেনিও এই প্রধার উল্লেখ করিরাহেন। মার্কপলো নিধিরাহেন বে
কিনিছখানার এই প্রধা প্রচলিত পেবিরাহেন।

বিশিষ্ট ও ছরিণের ন্যায় মন্তক বিশিষ্ট (১১৪) অংখ, ৫০ আও ইয়াই (১১৫) দীর্ঘ ও ৩ হঠতে ৬ হন্ত পরিধি বিশিষ্ট অন্য এক প্রকার বেত্রের উল্লেখ করিয়াছেন।

পরে, তিনি (মিথা) উপাধান বর্ণনার প্রবৃত্ত হইরা (১১৬) বলিতেছেন যে, তথার পাঁচ বিলং, এমন কি তিন বিলং দীর্ঘ মন্থ্য আছে; তাহাদিগের কেহ কেহ নাসিকা বিহীন; ইহাদের, কেবল মুথের উর্জ্ঞারে হইটীছিদ্র আছে এবং এই ছিদ্র দারা তাহারা খাস প্রশ্নাস গ্রহণ করে। হোমর-বণিত ত্রি-বিলন্ত ব্যক্তিগণের সহিত সারস এবং রাজহংসের ন্যার রুগং তিতির পক্ষীযুদ্ধ করে। অন্যত্র সারসের ডিম্ব বা শাবক পাওয়া বায় না। কারণ, কেবল মাত্র এই দেশেই সারসেরা ডিম্ব প্রস্থাব করে এবং এতদেশীর ব্যক্তিগণ, ঐ সকল ডিম্ব সংগ্রহ করিয়া বিনম্ভ করে। কোন কোন সময়ে, সায়স আহত হইরা এই দেশ হইতে পণায়ন করে। ইনটোকোটাই (১১৭), বন্য মান্থ্য এবং অন্যান্য রাক্ষসের হন্তান্তও এইরূপ। চক্রপ্তথের নিকট বনমান্থ্য গুলিকে আনিতে পারা যায় নাই। কেননা, তাহারা আহার গ্রহণে অস্বীকার করিয়া মৃত্যুমুর্থে পতিত হয়। ইহাদের পায়ের গোড়ালির সম্মুথ-ভাগে

<sup>(</sup>১১৪) ইলিয়ান এই সকল বিষয় বিস্তৃত রূপে বর্ণনা করিয়াছেল। আমরা এই এছে উহা যথান্থানে উদ্ধৃত করিয়াছি।

<sup>(</sup>১১৫) অন্ত ইয়া=৪ হস্ত। অনেকে এই নলকে বংশ বলিয়া নির্দেশ করেন। হোরাডটাস ও নামদরস ইহা উল্লেখ করিয়াছেন।

<sup>(</sup>১১৬) ট্রাবো অনেক লোককে 'মিখাবাদী' বলিয়াছেন এবং এই শ্রেণীত্ব লেখক-গণের মধ্যে দিমাকসকে প্রথম ছান ও মেগাছিনিসকে বিভীরছান বিয়াছেন। কিন্ত ট্রাবো অনেক ছলেই ইইাদের যুভান্ত নিজ গ্রন্থে উদ্ধৃত করিয়াছেন।

<sup>(</sup>১১৭) 'हेनটোকোটাই' 'कर्नवार्गन' महाकाद्यक मकामर्ट्स केटब्रथ माध्या पछ।

এবং পদাঙ্গুলি পশ্চাদিকে অবস্থিত (১১৮)। বে কয়েকটী বন-মামুবকে দরবারে আনয়ন করা হইয়াছল, তাহাদের মুথ ছিল না একং উহারা অত্যন্ত শান্ত ছিল। উহারা গন্ধার উৎপত্তি হলে বাস করে। তাহাদের মুথ না থাকাতে এবং খাস প্রখাসের জন্য কেবল মাত্র কুদ্র কুদ্র রব্ধ থাকাতে উহারা দগ্ধ মাংসের ভাগ ও ফল পুষ্পের স্থান্ধ গ্রহণ পূর্বক জীবন ধারণ করে। ছর্গন্ধ বিশিষ্ট ভ্রব্যে তাহারা বিশেষ কষ্ট (बाथ करत এवः এই क्रमा जाशांत्रत कीवन तका अजास कहेगाथा। অন্যান্য অত্যন্তত ঘটনার সম্বন্ধে তিনি লিখিয়াছেন যে, দার্শনিকগণ ঠাহাকে বলিয়াছিলেন ষে, 'অকাইপোদিন' (১১৯) এত ক্রতগামী বে অম্বও তাহাদের সহিত দৌড়াইয়া পারে না; ইন্টোকোটাই (১২০) দিগের কর্ণ তাহাদের পাদদেশ পর্যান্ত বিশক্ষিত এবং সেই জন্য তাহারা কর্ণের উপর শরন করিতে পারে এবং ইহারা এরূপ বলবান যে, অনায়ামে ব্ৰকোৎপাটন ও স্নায়নির্মিত ধরুগুণ ছিল্ল করিতে পারে। মনোমোটাই ৰা এক চকু বিশিষ্ট ব্যক্তিগণের কুকুরের ন্যায় কর্ণ এবং তাহাদের একটা চকু ললাটের মধান্থলে অবস্থিত। তাহারা উর্দ্ধকেশী এবং তাহাদের বক্ষ রোমশ। দর্মভুক আমিকটারিস জাতি কাঁচা মাংস ভক্ষণ করে ; ইহারা স্বন্ধ জীবি এবং বৃদ্ধত্ব প্রাপ্ত হইবার পূর্বেই মৃত্যুমুথে পতিত হয়। ইহাদের **ওঠ** অধরের নিমদেশ পর্যান্ত বিশব্তি। সহস্র বৎসর পরমার বিশিষ্ট হাইপার

<sup>(</sup>১১৮) টাসীরাস্ ও মিনি এই জাতির বিবর উল্লেখ করিবাছেন। মহাভারতে ইহাছিলকে 'শকালজুলয়' নামে অভিহিত করা হইবাছে। সোধিক শৰ্মা এটবা।

<sup>(</sup>১১৯) অকাইপোদিশ একখাদ লাভি। মহাভারতের সভাপর্যে একখাদ **কার্তির** কবা উল্লিখিত হইলাছে। রামারণেও ইহাদের কবা **আছে**।

<sup>(</sup>३२०) ३३१ मिका बहेरा ।

বোরিরানস্(১২১) সবদ্ধে তিনি সিমোমিডীস, পিণ্ডার এবং অন্যান্স পৌরাণিক নেথকগণের ন্যার বর্ণনা করিরাছেন (১২২)। টিমোসিনিক বে পিডল-রেপুরৃষ্টি ও লোকের ঐ রেপু সংগ্রহের কথা লিথিরাছেন, উহা কারনিক। ভারতীয় নদীতে বে ফর্প রেপু পাওরা বাম এবং উহার অংশ বিশেব বে রাজাকে রাজস্ব স্বরূপ প্রাণ্ড হর, মেগছেনিস বর্ণিক্ত এরূপ বিবরণ অধিকতর বিখাসবোগ্য। ইবিরিয়া দেশেও (১২০) ইহা দুট হর।

নেগছেনিস দার্শনিকগণ সবদে বিলাছেন বে, ইহাদের মধ্যে বাহারা পর্যতে বাস করেন, তাহারা ডাইওনিসমের উপাসক। ডাইওনিসম যে ভারতবর্ধে আসিয়ছিলেন, তাহার প্রমাণ বরূপ তাহারা বলেন বে, বন্য-দ্রাকা, আইভি, গরেল, মার্টেল, বকস রক্ষ এবং অন্যান্য চিন-ছরিত তরুরাজি বাহা কেবল মাত্র তাহাদের মেশেই ক্ষেম্বে এবং বাহা ইউক্রেটাস নদীর পূর্বাদিকে কেবল মাত্র উপবদ্ধে ক্ষিয়া থাকে এবং বাহা রক্ষণাবেক্ষণে অত্যক্ত বন্ধ আবশ্যক হর, তাহা এই মেশে ক্ষেম্ব। তাহারা ডাইওনিসমের উপাদকলণের ন্যান্ন মসনিন বন্ধ বাবহার, উন্ধীর ধারণ, গন্ধ দ্রব্য ব্যবহার এবং কুল কাটা উজ্জ্বল বর্ণের বন্ধ পরিধান করেন। তাহাদিগের রাজা বন্ধ প্রান্ধান বহির্জ্জাত বন্ধ করেন, তথন ভুক্তি ও ঘণ্টাব্যনি হইরা থাকে। কিন্ধ, বে সকল রাশনিক সমত্যা ক্ষেত্রে বাস করেন, তাহারা হীরাক্ষিসের পূঞা করেন।

<sup>(</sup>১২১) হাইপার বোরিয়ানগ্—উত্তরকুর। ভীমণার্ক এইবা। পিথার নামক ছবিখ্যাত কবিও উত্তর মেরগণের বর্ণনা করিয়াছেন।

<sup>(</sup>३२१) वर्षमान वर्षिता ।

<sup>(</sup>३२०) जित्राणा अरक् देश विकित्त वर्गाणा ।

এই সকল বৃত্তান্ত আদে বিধাস্থাগ্য নহে এবং আনেক শেখক এই সকল বিষয়, বিশেষত: জাক্ষা ও মদ্য সম্বাীর বৃত্তান্তের প্রতিবাদ করিয়াছেন। কেননা, আর্ম্মেনিয়ার অধিকাংশ এবং সমগ্র মেসোপটামিয়া ও পারস্য ও আর্ম্মেনিয়া পর্যান্ত মিডিয়ার অংশ, ইউফ্রেটিসের অপর পার্মে অব্যান্ত এবং এই সকল দেশের অনেক স্থানে উৎকৃত্ত মদ্য উৎপাদনকারী জাক্ষা-কেন্দ্র আছে।

মেগত্তেনিস দার্শনিকগণকে অঞ্ এক প্রকারে বিভক্ত করিয়াছেন। তিনি, এক শ্রেণীকে ব্রাহ্মণ ও অপর শ্রেণীকে শ্রমণ নামে অভিহিত করিয়াছেন। ব্রাহ্মণগণকেই সকলে অধিক সন্মান করেন; কেননা, তাঁছার। অনেকাংশে একই মতাবদ্ধী। মাতৃগর্ভে সন্তান জন্ম গ্রহণ कतितार कानी वाकिश्य महातित यह गरेल कात्रक करतन। अहे नवन জানী বাক্তিগণ মাতার নিকট গমন করিয়া মাতার ও গর্ভন্থ জ্রুণের बक्रावास्त्रामा मह देखांत्रण कतियात हाता. महाभारत अ मरभवामर्ग अमान করেন এবং যে সকল গর্ভধারিণী এই সকল বিলেষ আগ্রহের সহিত অণিধান করেন, তাঁহাদিগকেই স্থাস্থানের মাতা বলিয়া বিবেচনা করা হর। সম্ভানগণ ভূমিষ্ঠ হইলে, একের পর অক্তের যত্নে লাগিত পালিত হয এবং ব্রোবৃদ্ধির সঙ্গে সঙ্গে অধিকতর জ্ঞানী গুরুর নিকট তাহাদের শিক্ষার ভার ক্রন্ত করা হয়। দার্শনিকগণ নগরের সম্মুধস্থ নাতিবৃহৎ বেষ্টি ভ উপৰনে বাস করেন। তাঁহারা মাংস ভোজন ও ইল্লির সম্ভোগে বিরুত बाटकन : डांहाजा आइयज विशेन कीवनाडिशांड करतन व्यवः इनमधान ৰা মুগচৰ্দ্বে শয়ন করেন। ভাঁহারা জ্ঞানপূর্ণ প্রসন্ধ প্রবণে এবং শিক্ষার্থি-প্ৰকে শিক্ষায়ানে সময়তিপাত করেন। কিছু শ্রোতা কথা বলিতে, এবন কি. নিষ্ঠিবন ত্যাগ করিতেও নিবিদ্ধ: অক্তথা, শ্রোতাকে আত্মসংবন विशेष विश्वा गुनाम स्टेटि के मिनगरे विष्कृत करा हव। करे अकात

৩৭ বংসর বাস করিয়া, প্রত্যেকেই নিজ নিজ সম্পত্তি ভোগে অধিকারী इटेब्रा मनिमान ब्रह्मानि श्रीवर्धान এवः हत्त्व ७ कर्त करवक्शान खर्वना-লম্বার ধারণ করিয়া নিরাপদে ও অপেক্ষাকৃত ব্যেচ্ছভাবে জীবনাতিপাছ ভরিতে পারেন। এই সময়ে তাঁহারা মাংস ভক্ষণ করেন, কিন্তু প্রম-সাধ্য কর্ম্মে নিযুক্ত প্তর মাংস ভক্ষণ কিংবা উগ্র ও অত্যধিক মসলা বিশিষ্ট थामा-छक्त विवेख शास्त्र । छाहारमत्र क्वीलमात्र ना शाकारण, साव-শ্যকার্যায়ী সন্তান সন্ততির সেবা অত্যন্ত আবশ্যক। ব্রাহ্মণগণ নিঞ্চ নিঞ্চ भन्नोमिश्वरक प्रार्थन निका-पान करतन नां. कात्रण, अनुक्रतिका इटेरन छेहाओं এই নিষিদ্ধ বিষয় অপরের নিকট প্রকাশ করে এবং স্ত্রীগণ উত্তম দার্শনিক কটলে স্বামীকে পরিত্যাগ করে। কেন না, যাহারা মুখ ও ছঃখ, জীবন ও মরণ, একই ভাবে তুদ্ধ জান করে, তাহারা অপরের দাসভ श्राम्य के का करत मा अवः कामी शुक्रव ७ कामवर्की जीत के नारे धर्मा। ইহার। অধিকাংশ সমরেই মৃত্যু সম্বন্ধে আলোচনা করেন। ভাছারা বিবেচনা করেন বে, এই জন্ম যেন গর্ডন্থ শিশুর পরিণ্ড হইবার সময়, এবং মৃত্যুই দার্শনিকগণের পক্ষে সভ্য ও স্থকর জন্ম। এই কারণেই ভাঁৰাৱা মৃত্যুৰ অন্ত প্ৰস্তুৰ কৰিবলৈ কাৰণে, নানা প্ৰকাৰ শিক্ষা গ্ৰহণ ও ক্লেশ সভ করেন। মতুখ্যের ১ দুৱে যাখাই ঘটুক না কেন, ভাছারা কে मचरक छान भन्न किहुई विद्वहना क्राबन ना । छीशात्रव मिक्टे छान मन्द्र শ্বপ্ৰামুভতির ভার: নতুবা, একট ব্যক্তি একট বন্ধ বারা বিভিন্ন সমরে মুখ তু:খ ভোগ করিবে কি রূপে ? আমাদের গ্রন্থকার বদের বে, কড়-कार मध्यक देशामा मक चलाड मतन। जाशामा विश्वाम केनावारमा উপর স্থাপিত বলিরা, তাঁহারা যুক্তি অপেকা কার্বোই অধিক ভ্রক। चातक विवाद, बीकिनिरणत महिक हेशामत बक्तक साथा बाह । बीके-निर्मत लार बाधनगर बरणन (व शृथियी तरहे बरेगाहिन ; केंद्रा कारणीन, গোলাকার এবং যে দেবতা এই পৃথিবী হাই করিরাছেন ও ইরা লাসন করিতেছেন, তিনি সর্ব্যন্তই ব্যাপ্ত। ব্রাহ্মণগণ বলেন যে প্রত্যেক বিবরেরই মূল বিভিন্ন। তাঁচারা বলেন বে, পৃথিবী নির্দাণে জল ব্যবহৃত হইরাছিল, চারি ভূত বাতীত একটা পঞ্চন ভূত আছে এবং এই পঞ্চন্তত হইতেই স্বর্গ ও তারাদল স্বর্গ হইরাছে এবং পৃথিবী বিশের ক্রেম্বলে স্থাপিত। জন্ম, আন্মার প্রকৃতি, এবং অভান্ত অনেক বিবরে ত্রাহ্মণ ও প্রীক্ষণিগের একই মত। প্রেটোর ভার ব্যহ্মণগণও আ্মার অবিনশ্বরত্ব, ঘলালরে বিচার প্রভৃতি বিবরে নিজ্ঞানের মত রূপকাকারে প্রথিত করিলা রাখিরাছেন। যেগছেনিস ব্যহ্মণিদের সম্বন্ধ এইরূপ বিবরণ রাখিরা গিলাছেন।

মেগছেনিস প্রমণ্দিগের স্থান্ধ বলিরাছেন বে, হিলোবিরই স্থাগেক্ষা আধিক সন্মান ভাজন। তাঁহারা বনে বাস করেন; বমলাত পত্র ও কল ভাজনে জীবনবারণ করেন; বমলা পরিধান করেন এবং মদ্যপান ও জী-সঙ্গর হইতে বিরক্ত থাকেন। নুগতিগণ, ঘটনার কারণ স্থানে বৃত্ত প্রেরণ করিরা ইহাদের মত জিজাসা করেন এবং ইহাদের ঘারাই জ্যানীবরের পূলা ও তাঁহার নিকট প্রার্থনা করেন। হিলোবিরইরের পরেই চিকিৎসকগণকে বিতীর স্থান দেওরা হর; কেন না, তাঁহারা দর্শন ঘারা মহুছের প্রকৃতির অস্ক্রমান করেন। তাঁহারা বনে বাস করেন না। তাঁহারা ভাত ও বব আপরের নিকটে চাহিসামানই পাজরা বার এবং তাঁহারা বাহাদের গৃহে অভিনি হন, তথাছের পাজরা বারা ইহারা স্বন্ধীগণকে উবধ প্রয়োগে সন্ধানকটা কারতে পালেন। ইহারা স্বন্ধীগণকে উবধ প্রয়োগে সন্ধানকটা কারতে পালেন। ইহারা স্বন্ধীগণকৈ উবধ প্রয়োগে বাহাট আক্ষেত্র সম্পাদন করেন। আছার বাহাট আক্ষেত্র সম্পাদন করেন। মন্তর্গতির প্রার্থক ব্যবহুত হয়। এতের তাঁও

ভাহার। অকার ঔবধ অনিষ্টকারী বলিয়া বিবেচনা করেন। এই উচর শ্রেণীত্ব ব্যক্তিগণ এবং জরার শ্রেণীত্বক ব্যক্তি সকল এনসাধ্য কর্ম ও ইংধ সভ করিয়া এমন সহিত্যতা অভ্যাস করেন বে, ভাঁহার। সমজ দিন একই অবস্থার, নিশ্চণ ভাবে বসিয়া থাকিছে থারেন। এওয়ার্তীজ গণক, বাছকর, প্রেতশাল্ল-বিশারর ব্যক্তিগণ এবং ভিকাজীবি—এ সক্ষ আভিও আছে। যাহারা ইহাদের অপেকা বিহান এবং মহুব্যের সহবাসে থাকে, তাহারাও পরলোক সহরে কুসংবার প্রচার করে। তাহারা মনে করে, ইহাতে ধর্মতীক্ষতা ও পবিত্যতা বৃদ্ধি পায়। ল্রীলোকেরাও উহালের কাহারও কাহারও কহিব দান ; অধ্যরন করে, কিন্তু এই সকল শ্রীলোকেরাও ইন্তির-দেবা হইতে বিরত থাকে।

শারিষ্টবোলস বলেন বে, তিনি তক্ষণীলার ব্রাহ্মণজাতীর ছইটা পণ্ডিতের দেখা পাইরাছিলেন; একটা মুণ্ডিতমন্তিক কিন্তু অন্যাটার মন্তকে কেল ছিল। উভরের সঙ্গে শিব্য ছিল। ওাঁছারা অবসর কাল ছাটে অতিবাহিত করিতেন। ওাঁছারা বিক্ররার্থ দ্রব্যের বাহা ইক্ষা ভাছাই বিনারুল্যে গ্রহণ করিতে পারিতেন। বাহাকেই ওাঁহারা সন্তাহণ করেন, তাহার মন্তকেই একপভাবে তিল তৈল চালিতে থাকেন বে, উগ ভাহালের মুথ পর্যান্ত গড়াইরা পড়ে। ওাঁছারা বিক্ররার্থ তিল ও মধু, প্রচ্র পরিমাণে গইরা পিটক প্রন্তক করেন এবং সেই জনা আহারানিতে ভাহালের কোনই ব্যব হর না। ওাঁছারা আনেকজালারের নিকট আনিরা, লভাবমানাবছার আহার প্রহণ করেন এবং নিকটছ প্রকটী ছামে ওাঁহালের সহিক্তার পরিচর দেন। আট লাবিত অবহার স্বর্যার উত্তাপ ও বৃট্টি সন্ত করিতে লাগিলেন। অন্যাটা, এক পারের উপর ভর্ম বিরা ও চুই হন্ত উচ্চে রাধিরা, তিন হন্ত হার্থ এক খানি ক্রিকণ্ড বার্বর করিলেন। প্রথমটা অপেকা বিভীরটার আত্মসংব্যে অধিক ক্ষমতা ছিল, কেন না, অরকাল মাত্র রাজার অত্মরণ করিয়া তিনি প্রত্যাগমন করিলেন। বিভীরটা, আলেকজালারের অত্মরণ করিয়া, ভির প্রকার পোরাক পরিধান করিয়াও নিজ য়ীতি নীতি সম্পূর্ণরূপে পরিবর্জন করিলেন। এই ব্যবহারের জন্য বর্ধন তাঁহাকে ভিরন্ধার করা হটল, ভগন তিনি উত্তর করিলেন বে, তিনি তাঁহার প্রতিশ্রুত সম্প্রাশ্রমের চল্লিল বংসর অতিবাহিত করিয়াছেন (১২৪)। আলেকজালার এই ম্বাশিনিকের সন্তানগ্রণকে ব্রেই উপনার প্রদান করেন।

আবিইংগালস ভক্ষনীলার প্রচলিত কতকগুলি অভ্যান্দর্য্য ও অবাভাবিক আচরণের কথা উল্লেখ করিরাছেন। যাহারা দরিদ্রতা-নিবন্ধন নিজ্
করাকে পাবছ করিতে পারে না, ভাষারা কন্যাদিগকে যৌবনকালে
বাজারে গইনা বাইরা, নৃত্ধ-বাছ ও দামামা ধ্বনি দারা ক্রেভা সংগ্রহ করে।
ববন কোন ক্রেভা অপ্রসন্ধ হর, তথন প্রথমে বালিকার পাদকেশ
হইতে মুখ পর্যান্ত আনার্ভ করিয়া দেখান হয়; পারে, সম্মুখ্য বয়
অপসারিভ করিয়া দেখান হয়; ক্রেভার মনঃপুত হইলে বিবাহ হয়।
মৃতদেহকে শকুনের আ্বারের জন্য ধ্কেলিয়া বেওয়া হয়। ধ্রেদেশ বছ-

<sup>(</sup>১২৪) এটাকগণ ইহাকে কালানস নাবে অভিহিত করিয়াছেন। প্রাকৃতপকে এই বার্ণনিক কিনিস (sphines) বাবে আবাগত হইতেন। আরিয়ান বলিয়া চন বে, বার্ণনিকপণ আলেকজালারকে বেখিয়া যুক্তিকার বহাযাত করিতে নাগিলেন। জিজানিত হইলে ঠাহারা উত্তর দেন বে, ববিও আলেকজালার অনেক দেশ ক্রমণ করিয়াছেন এবং অনেক দেশ ক্রমণ করিয়াছেন, ওলাশি ভিন্ন নানবহেহধারী এবং যুত্য হইলে বাল বে ছাবে ওহিকে সমাহিত করা হইবে, সেই হান বাজীত অভস্থানে ঠাহার অধিকার বাকিবে মাঃ

বাকিবে মাঃ

(প্রাচীর্য ভারতের ভিতীর প্র ক্রম।)

ৰণাহ প্ৰথা প্ৰচালত আছে। এই প্ৰথা অন্যান্য জাতির মধ্যেওন 
ক্ষপ্রচলিত। তিনি বলেন বে, তিনি কাহারও কাহারও নিকট শুনিরাছে
বে, স্ত্রীগণ স্থামীর সহিত সহমরণে গমন করে এবং উহা সহস্ত চিত্তেই
করিয়া থাকে। বে সকল স্ত্রীলোক স্থামীর সভি ত সহগমনে। অনি
প্রকাশ করে, তাহাদিগকে স্থণার চক্ষে দেখা হর (১২৫)।

অনিসিক্রিটন বলেন বে, তিনি এই সকল পণ্ডিতের সহিত বাকালাপের জন্য প্রেরিত হইরাছিলেন। আলেকজালার শুনিয়াছিলেন বে, এই সকল ব্যক্তি উলঙ্গাবস্থার থাকে, অত্যন্ত ক্রেল সম্ভ করিতে পারে এবং লোকে ইহাদিগকে অত্যন্ত সন্মানের চকে দেখিয়া থাকে; নিমন্ত্রিত হারার অপরের নিকট গমন করে না; কিন্তু যাহারা ইহাদের ব্যারাম দেখিতে বা কথোপকখন শুনিতে ইচ্ছুক, তাহাদিগকে নিকটে আসিতে অনুরোধ করে। এই প্রকার মতাবলন্ধী বিলিয়া, আলেক-আলার ইহাদের নিকটে বাইতেও অনিজুক ছিলেন এবং ইহাদের প্রচলিভ মতানুধারী কোন কার্য্য করিতেও আদেশ করেন নাই। তিনি অনিসিক্টিসকো কার্যার করিত প্রেরণ করেন। অনিসিক্টিসকো দেখিতে পান বে নগর ছইতে কুড়ি ষ্টাডিয়া দ্বে উলঙ্গ পঞ্চদশ ব্যক্তি বিভিন্ন ভাবে উপ্রধান বা প্রনা করিয়া সন্ধ্যা প্রতিত্ব সমরাতিপাত করে; পরে, নগরের প্রত্যাবর্ত্তন করে। স্থায়ের উত্তাপ সম্ভ করা অত্যন্ত কঠিন কার্যা।

<sup>(</sup>১২৫) দাৱদরন বলিবাছেন বে, কাথিৱালগণের মধ্যে বিধবাগণ সহযুত্ত ছইও। গর্ভবতী ওসভানবতী শ্লীগণ বাতীত অন্ত বে'কেছ এক্সপ লাচরণ না করিত,তাহাকেচিক্সল বধবা হইরা ফালাভিপাত করিতে হইত এবং এরপ শ্লীলোক কোন বাগবছে বোস্থান করিতে পারিত না। বাধী শ্রব নিনিবিও ত'হার "Tusculan Disputation" পুত্তক হ অ বিধবাগণের চিত্র অধিক করিবাছেন ।

দিপ্রকার, ইতারা বাজীত জন্য কেত্ই নগ্ন পাবে ভূমিতে নামণ করিতে পাবে না

অনিসিক্রিটন অভতৰ পণ্ডিত কালানাসের সহিত কথোপকথন করেন। এই স্থালানস পরে আলেকজান্দারের সহিত পারস্যে গমন করিয়াছিলেন এবং পারস্যেই তাঁহার সদেশীয় প্রথাহ্বায়ী তাঁহাকে জ্বলন্ত চিতার দাই ক্ষা হর। অনিসিক্রিটস কালানসকে প্রস্তরের উপরে শরান থাকিতে দেখেন ৷ তিনি কালানসের সন্নিকটত হইরা পণ্ডিতকে সংঘাধন করিরা. তি প্রকারে তিনি আলেকজানার কর্ত্তক তাঁহাদের জ্ঞানের বুড়ান্ত প্রবণ ও পৰে রাজাকে ঐ বিষয় নিবেদন অক প্রেরিত হইয়াছেন, তাহা জ্ঞাপন ক बिरमन। অনিসিক্রিটিসের পরিধানে কুর্ন্তা, শিরন্তাণ ও দীর্ঘপাছকা দেখিরা, कानानन राता कतिहा वनिरानन "शुधिवी,शृद्ध विक्रश नता व वानिशृतिशृर्व हिन, वर्डमात्न त्नरेक्नभ धृनि भतिभूष स्रेवाह । भूत्व उदन नमूर सन, इक, मधु, मना वा रेजन প্রবাহিত হইত কিন্তু পূর্ণতা বা বিলাসিতা बाजा मक्षा जरुकाती ও উদ্ধৃত हहेताहा। हेराए क्षित्रान ( )२७ ) वित्रक्ष হটবা সমস্ত অন্তর্ভিত করিলেন এবং মহুধাকে সেই দিবদ হইতে প্রমসাধ্য শীবদাতিপাত করিতে হইডেঙিল। পুনরার বধন মিতাচারিতা এবং অন্যাম্য ভণরাশি পৃথিবীতে আবিভূতি হইল, তথন পুনরার প্রাচুহ পরিষাণে উত্তর উত্তম জব্য পাওরা বাইতে লাগিল। কিন্তু, বর্তমানে অভৃথি ও অনিম্মিততা বৃদ্ধি পাওয়াতে পুনরার অভাব আদিতেছে। তিনি এইরপ বশিরা অনিসিক্রিটনকে অমুরোধ করিলেন বে. বদি তিনি তাঁতার উপদেশ ভানতে ইচ্ছা করেন, তবে, তিনি বেন পরিধের বক্লাছি पहिलाग कविया केंद्रिक महिक अकटे श्राप्तवागत छेनक व्हेबा छेनावन्त्र

<sup>(</sup>३२७) औनिनिरणंत्र गर्नात्मकं त्यच्छा ।

করেন। বখন এই সকল কথা গুনিয়া অনিসিক্টিয় (১২৭) ইতঃছতঃ করিতে লাগিলেন, তখন সর্বাপেকা বৃদ্ধ ও বিজ্ঞ পঞ্জিত, কালানসকে ঠাহার প্রগলভতার জন্য তিরস্কার করিয়া বলিলেন বে,কালনস বে দোরের দিলা করিতেছেন তিনি নিজেই এ ক্ষেত্রে সে দোবে দোরী (১২৭)। পরে তিনি অনিসিক্রিটসকে তাঁহার নিকট ডাকিয়া বলিলেন বে রাজা প্রশংসার পারে; কারণ, তিনি এরপ বৃহৎ সামাজ্যের অধিপতি হইরাও জানার্জনে ইক্ষুক এবং কেবল এই একটা অন্ত্রধারী দার্শনিক (১২৮) দেখিরাছেন। গাহারা অপরকে থৈয়া শিকাদানে প্রবর্ত্তিত করিবার বা অনিচ্ছুক্তে থৈবা শিকাকরিতে বলপূর্বক প্রবর্ত্তিত করিতে পারেন, তাঁহারা নিজে বৃদ্ধিমান হইলে প্রভূত মদল সাধিত হইবে। তিনি আরও বলিলেন বে, বে লোভারী প্রশার্ক্ত আর আমার ভাষা বাতীত অন্ত কিছুই বৃবিতে পারেনা, এরুপ দোকারীর সাহায়ে তিনি দর্শনের আবশ্রুকতা বৃহাইতে অক্ষম বনিয়া ক্রিন ক্রমার্হ। কর্দ্ধের মধ্যদিরা প্রবাহিত কল পরিকার হইবে আশা ক্রম এবং এরণ ক্ষেত্র দর্শন বোধ্যমা করা একই ব্যাপার (১২৯)।

ঠাহার উপদেশের অভিপ্রায় এই বে, বে ধর্ম মন হইতে হব ও ছঃপ দুরীভূত করিতে পারে, তাহাই শ্রেষ্ঠধর্ম; ছঃগ ও পরিশ্রনে এই প্রভেদ বে ছঃগ মন্তব্যের শক্ত এবং পরিশ্রম মন্তব্যের যিতা। কেন না, পরিশ্রমের উদ্দেশ্তই হইতেছে মন্তব্যের মানসিক শক্তি বৃদ্ধি, বহারা ভাহারা মতুভেদ

<sup>(</sup>১২৭) এইছলে উল্লেখ করা হাইতে পারে, বে অনিধিক্রিটন নিজে ভাইওজিনি-বের স্থানারভূক দার্শনিক হিলেন।

<sup>(</sup>३४) अपूर्ण व्यारणकवानांत्राकरे केतान क्या व्हेशास ।

<sup>(</sup>१९०) म् होर्व प्याद्रमण्यानात कीरनी नारच अरए औं सम्बाद केरसच प्रतिकारन।

ৰুম ক্রিয়া সাধারণকে সভুপদেশ বারা একতা করিতে পারে। এই আর জাঁহারা আলেকজান্দারতে বিত্তভাবে গ্রাচণ করিতে ডক্ষশীলকে উপছেশ দেন; কেন না, বদি তাঁহাপেকা কোন খ্রেষ্ঠ ব্যক্তিকে ভিনি সমাদর করেন करन जिनि जैनक कटेरवन, धानः विम जिनि निकृष्टेरक नमामन करवन, ভবে তাঁহার মলল হইবে। মানদ্নিদ উপয়া কৈ মন্ত্রে বলিলা, পরে জিক্তাদা করিলেন যে, গ্রীকদিগের মধ্যে এইরূপ মত প্রচলিত আছে কিনা। শনিসিক্রিট্র উত্তর করিলেন বে. পাইথাগোরাস এইরূপ একটা উপদেশ শিকা দিতেন এবং তিনি -তাঁহার শিবাগণকে মাংসাহারে নিবেধ করিতেন। তিনি সজেটিস ও ডাইওজিনিয়াসেরও উপদেশ अवन कतिशास्त्रत, छाशासत्र अ अहे मछ। मानमनित्र छेन्द्र कतिरान त्व, अञ्चान विवाद छोहास्त्व मक क्रिक हहेराव छोहाजा মভাব অপেকা প্রচলিত রীতিনীতিকে অধিক সন্মান করিয়া ভূল করিয়াছেন; অভ্যথা, তাঁহারা তাঁহার ক্রায় উল্লাবস্থায় গমন করিছে ও সামার আহার প্রবণে জীবন ধারণ করিতে লক্ষিত হইতেন ना। वज्र डः, এই गृहहे नर्सारिका कम स्मताम् उ व्यावभाक करत्र। ভিনি আরও বলিলেন বে, তাঁহারা আভাবিক দুশ্য, পূর্বলক্ষণ, বৃষ্টি, অনাবৃষ্টি এবং ব্যাধির সম্বন্ধে আলোচনা করেন। বধন তাঁছারা নগরে পথৰ করেন, তথন তাঁহারা হাটে হাইথ থাকেন। বদি কোন ভুখুর বা আছুর বিক্রেতার সহিত সাক্ষাৎ হর,তবে মূল্য না দিরাই উহা গ্রহণ করেন। ধৰীগৃহে তাঁহাদের অবারিত বার: এমন কি অন্ত:পুরেও তাঁহাদের শপ্রতিহতগতি। গৃহপ্রবেশ করিরা তাঁহারা আহারাদি গ্রহণ করেন এবং ভাগারা কথোপকথনে বোগনান করেন। তাঁহারা ব্যাধিগ্রন্থ হওরা অভ্যক্ত प्रवास:विरव विविद्यां करत्य। अहे वक स्वेन क्ष्य श्रीकिक हम, प्रवन कृति किया गाँकिक कृतिया के क्रियक्ट्रान देवन अर्थन कृतिया बना क्रियांक

উপর উপবেশন করিরা, উহাতে অগ্নি প্রদানে আরেশ প্রদান করেন এবং উপবিষ্টাবল্লার লগ্ন হইতে থাকেন।

নিয়ার্কস পণ্ডিতগণের নিয়ালিখিত বৃত্তান্ত প্রদান করেন। কতকণ্ডলি আন্ধান রাজনৈতিক কার্ব্যে বোগদান ও রাজার মন্ত্রীর কার্ব্য করেন। অঞ্চান্য সকলে প্রকৃতির উপাসনা করেন। কালান্য পেবান্ত শ্রেণীভূক ছিলেন। স্ত্রীলোকগণ প্রুদ্ধের সহিত একত্র দর্শন পাঠ করেন এবং সকলেই সাধুভাবে জীবনাতিপাত করেন। জন্যান্য ভারতবাসীদের রীতিনীজি সম্বন্ধে নিয়ার্কাস বলেন বে, ভারতবর্বে লিখিত কোন আইন নাই এবং জন্যান্য দেশীর আইন অপেকা এ দেশীর আইন সম্পূর্ণ বিভিন্ন। তিনি ছুইান্ত্রস্কপ বলিয়াছেন বে, কতকগুলি জাতির মধ্যে এরুপ প্রথা প্রচলিক বে বন্দব্দ্দে জন্মান কুমারি উপহার প্রদান করা হয়। কারণ,ইহাতে বৌজুক ব্যত্তীত কন্যার বিবাহ নির্ব্যাহিত হয় (১৩০)। জন্য ভাতি মধ্যে জির ভিন্ন পরিবার একত্র হইয়া ভূমি কর্বণ করে এবং উৎপাদিত লস্য সংস্থাজীজ হইলে প্রত্যেকে নিজ নিজ আবশ্যকাল্যারী শস্য গ্রহণ করে (১৩১)। বাহাতে ভাহাদের প্নরার শস্য উৎপাদন করিতে হয় এবং ভাহারা জ্ঞান না হয়, তজ্জন্য অবশিষ্ট শস্য দাহ করা হয়। ধয়ুক ও তিন হজানীর্ব

<sup>(</sup>১০০) সভ্যতঃ, গ্রন্থকার এছলে বরংখর এখার উল্লেখ করিয়াছেন। আরিয়ান ইতিকা গ্রন্থে বলিয়াছেন বে ভারতবর্থের কন্যাপন বরংপ্রাপ্ত হইলে, ভাহাদের অভিভাশক-গণ উহাদিসকে একান্ডভাবে বালারে সইয়া বান এবং ভবার বাহারা মর্বুছে ক্ষেত্রাভ করিয়া বলবী হইরাছে, ভাহাদিসকেই মবোনীত করে।

<sup>(</sup>১৩১) गांक्षिणन नारस्य बनिवादस्य स्थ अहे द्वार्थ अञ्चलात्र णात्रकोद्य Village communifyन केवा डेस्ब्रेच कृतिवादस्य ।

জীয়ই তাহাদিবের বৃদ্ধান্ত (১৯২)। কেন্দ্র কর্ণা, চাল এবং ভিন চন্ত্র দীর্থ তরবারিও বাবহার করে। তাহারা বন্ধার পরিবর্তে মুখ-বদ্দনী ব্যবহার করে। তাহার অধ্যের গুঠে ছিক্ত করে।

নিয়ার্কাস বলেন বে, নিয়ভাবোঁ পারবর্ণিতা প্রান্ধনের জন্য ভারারা রালিবোনিরাননির্গর ববে স্পরের ব্যবহার লেখিয়া চুল, স্ক্রের এবং ভব্ত একত্রে লীবন পূর্বক স্পান্ধের ন্যার করিয়া পরে উহা রং করে। জনেকে তৈল রাখিবার পাত্রও নির্দ্ধাণ করিতে পারে। তাহারা জনবুনা বল্তের উপর পত্র লেখে; কিন্তু জনানা লেখকেয়া বলেন বে তাহারা, বর্ণনালা অবগত নহে। তাহারা জ্বীভূত তাম্র নির্দ্ধিত পাত্রাদি ব্যবহার করে। নির্মাক ইহার কারণ নির্ণির করেন নাই, বদিও তিনি বলেন বে, এই রাজু নির্দ্ধিত ক্রয়াদি মৃত্তিকার পজ্লিই মৃৎপাত্রেয় ন্যার চুর্ণ হয়। ভারতবর্বে জন্য একটা প্রচলত প্রথা এই বে, জ্বিবাসীরা রাজা ও পদস্থ ব্যক্তিলনের সন্থ্য বাষ্টার্ম প্রতিপাত না করিয়া, তাহাকের সন্থ্য প্রার্থন। ক্রে । দেশে মুক্রা, গর্মেই এবং জন্যনা মৃদ্যবান জন্য পাওয়া বার।

ভারতবর্ষদম্মীর লেখকদিগের মধ্যে কিব্রুপ বিভিন্নতা দেখা বার, তাহা কালানবের বৃত্তান্ত হইতে প্রনিধান করা বাইতে পারে ৷ কালানব বে আনেকলান্দারের সহিত ভারতবর্ষ হইতে চলিরা আসিরাছিলেন, এসবছে ভারাদের সকলেরই একমত এবং তিনি যে আলেকলান্দারের সঙ্গে লাকিতেই ইচ্ছাপূর্মক অগ্নিমধ্যে দেহ বিসর্জন করিরাছিলেন, সে সম্বত্তের উচ্ছাপূর্মক অগ্নিমধ্যে দেহ বিসর্জন করিরাছিলেন, সে সম্বত্ত্বর ভারাদের একই মত কিন্তু কালানবের মৃদ্ধার, কারণ ও প্রেক্তির সম্বত্ত্বর মত দেখা বার ৷ কেছ কেই নিম্নোক্ত মর্জে লিখিয়াছেন বে, ভালানস রালার চাটুকার হইরা প্রচলিক রীতির বিরুদ্ধে স্থালার সহিত্ত

<sup>(</sup>১০২) ভারতীয় ভীরশালখন ভংগানীৰ লগতে নাজিশন অনিজিয়াত করিবাহিক

ভারতবর্তের বহিন্ডালে গমন করিয়া ছিলেন। তিনি পাসারগালাইতে (३७६) नी क्लिड इन्टेन ( हेहाई डीहांत्र असन भीका ) ५० वरमत वंतरम আলেকজান্দারের অনুরোধ রকা না করিয়া আযুহত্যা করেন। টিভা শব্দিত করিয়া ওচপরি স্থবর্ণের পালম্ব স্থাপনা করা হয়। তিনি চিতার উপরে শরন করিরা ও নিজেকে আবত করিলে চিভার অগ্নিপ্রদান করা ইর ধ্বং তিনি মৃত্যুদ্ধে পতিত হন। অন্যান্য শেবকেরা বলেন বে, काहै-নির্ম্মিত একটা কক নির্ম্মিত করিলা উচা পত্রহারা পূর্ণ করা হয়। সঙ্গে ঐ ক্ষের উপরিভাগে চিতা প্রস্তুত করা হটলে, তাহার আদেশারুবারী ভাঁহাকে ঐ কক্ষ মধ্যে আৰম্ভ করা হয় এবং পরে তিনি ঐ চিতার পক্ষ প্রদান করিয়া পড়িলে কক্ষের সভিত দাত হল। কিন্তু মেগন্তেনিল বলেন त्व, चाञ्चक्का नार्निनक शर्मत्र मछ-विक्रक अवश् वाहात्रा अत्रम कार्याक्रक. ভাহাদিগকে গ্ৰ:সাহসিক বলিয়া বিবেচনা করা হয়। জাঁহাদের মধ্যে ক্ষে কেছ অত্যন্ত কোপন-খভাবী এবং নিজেরাই নিজ গাত্রে আঘাত করিলা কত করেন অথবা উচ্চ হইতে লক্ষ্ক প্রদান করেন: কেই কেই ব্যাণী নছ করিতে না পারিয়া জলমধ্যে নিমজ্জনে প্রাণ ভ্যাপ করেন এবং কেছ কেছ স্মিত্তের দেহত্যাগ করেন। কালানস এই প্রকৃতির লোক ছিলেক। ভিনি উত্তেজনার বলবর্তী ছিলেন এবং আলেকজানার-দত্ত খাদ্য-জিন্ত स्टेबाहित्मन । **बहेबमा जात्रज्या**नित्रम जीशांटक मिला कविरक्तक क्रिक ভাঁহারা মালানিসকে প্রবংসা করিতেন। কেননা, জিলাস-প্রের (১০০) সহিত সাকাৎ করিলে, পুরত্বত তটবেন ও সাকাৎ করিতে অস্থীকরি

<sup>(</sup>১০০) ভালানসের স্বৃত্যুর ছান সক্ষে কথেই নওতের বেখা বাই। অব্যাপিক অন্তিক্ষ্যুসর মতে ভালানস বাধিননের অভ্যতি ইনার কেন্দ্রাম উল্লেশ।

<sup>· (</sup>४००) क रिकानात जाकरक दिवस्त विकासित पूज पनिशे प्रकार करके।

করিলে শান্তি পাইবেন, এরপ সংবাদ আসিলেও তিনি আলেকলাকারের্
নিকট বাইতে বিরভ থাকিলেন। তিনি বলিলেন বে, আলেকলাকার
বিরাসের পুত্র নর; কেননা, তিনি এখনও পৃথিবীর অধিপতি হইতে পারেন
নাই। যে ব্যক্তির কিছুতেই আশার পরিত্তি হর না তাহার নিকট তিরি
কোনরূপ অমুগ্রহ প্রাথনা করিবেন না; এবং তিনি তাহার ভরেও ভীত
নহেন। কারণ, লাবিত থাকিলে ভারতবর্ধে আহারের অভাব হইবে না এবং
প্রাণত্যাগ হইলেও তিনি নিছুতি পাইবেন এবং উত্তম ও পরিত্র জীবন
লাভ করিবেন। আলেকজালার তাহাকে প্রশংসা করিলেন এবং
ভাঁহাকে ভাহার নিকট যাইতে নিষেধ করিয়া পাঠাইলেন।

ঐতিহাসিকগণ নিয়াল: থত বৃত্তান্তও লিপিবছ করিয়া গিরাছেন।
ভারতবাসীগণ জিরস, গঙ্গানদী ও অগ্রান্ত দেবতাকে পূজা করে।
রাজার কেশ ধৌত করিবার সময় বিরাট উৎসব হয় এবং প্রত্যেকে তাঁহার
নিকট উপহার প্রেরণ করে। এই সমরে প্রত্যেকেই তাহার প্রতিবেশী
আপেকা নিজ অর্থের আধক পরিচয়াদবার চেটা করে। তাঁহারা বলেন বে,
বর্ণ-বননকারী-পিণীলিকার কোন কোনটা পক্ষ-বিশিষ্ট এবং আইবিরিরান দেশের নদীর ন্তার ভারতীয় নদাতে ত্বর্ণ পাওয়া যায়। তাহারের
উৎসব-কালীন শোভা-যাত্রার ত্বর্ণ ও রৌপ্য-সাজ্জত অনেক হত্তী হায়।
ভত্তাতীত, চত্রাখ-বোজিত এবং যুগ্য-বগু-বেংজিত রথও শোভা বাত্রার
শোভা বৃদ্ধি করে। পরে, স্কুসাজ্জত ভূত্যবর্গ, স্কুবর্ণ নির্দ্মিত পাত্র,
পাত্রাধার, রাজ-সিংহাসন ও ভারতীয় তাত্র নির্দ্মিত ও মণিমুকা স্থশোজিজ
গানপাত্র, ত্বর্ণ থাচিত বল্ল, মহিব, চিত্তা প্রভৃতি বন্ত কন্ধ, পালিত সিংহ
এবং প্রকৃত্ত ও নানা বর্ণরাজ্ঞত পক্ষ বিশিষ্ট পক্ষী শোভা বাত্রায়
হায় (১০৫)। ক্লিটার্কাস উল্লেখ করিয়াছেন বে, চতুর্চক্র বি।শন্ট রঙ্গ, প্রত্র

<sup>(</sup>३७६) व्हातक्षेत्र बनिवाद्यन (४, तामात मन्नविध्य अरे छैश्वर नुन्नाविक देवेक ।

বিশিষ্ট বৃহৎ বৃক্ষাদি বহন করে এবং এই সকল বৃক্ষে পিশ্বরের মধ্যে নানা প্রকার পালিত পক্ষী থাকে। তর্মধ্যে ওরিওন (১০৬) সর্ব্বাপেকা স্কুক্ষ্ঠ এবং কাট্রিরাস (১৩৬) নামক অন্ত একটা পক্ষা দেখিতে অত্যন্ত ক্লার ও ইহার পালক নানাবর্ণ রঞ্জিও। ইহা দেখিতে অনেকাংশে মযুরের ক্লার।

শ্রামণাই জাতীর (১৩৭) দার্শণিকগণ ব্রাহ্মণগণের প্রতিদ্বন্দী ।
ইহারা বিবাদ-প্রির ও বাদাসুশদ করিতে ভাল বাসে। বে সকল ব্রাহ্মণগণ শরীর-তন্ম ও ধগোল বিজ্ঞান পাঠ করেন, ওাঁহাদিগকে উহারা মূর্ব ও প্রতারক বলিরা বিবেচনা করেন। এই সকল শ্রামণাইদিগের কাহাকে কাহাকে পার্বভীর শ্রামণাই, কাহাকেও কিমন্টোই, কাহাকেও নাগরিক শ্রামণাই এবং কাহাকেও দেশীর শ্রামণাই বলে। শর্মাজীর শ্রামণাইগণ মৃগচর্ম্ম পরিধান করে এবং মন্ত্র ও মাত্রি হারা ব্যাধি আ্বারোগ্য করিতে পারে, এরূপ প্রচার করে। জিমেনটইগণ উল্লাবন্থার থাকে এবং ০৭ বংসর ধরিরা বৈর্ঘা-শিক্ষা করে। তাহাদের সংসর্গে গ্রীলোকও বাদ করে কিছু তাহারা সংয়মী।

নাগরিক আমণাইগণ নগরে বাস করে এবং ইহারা মস্লিনের বস্ত্র প্রধান করে। জানপদ্বাসিগণ মৃগ্লাবক ও কালসারের চন্দ্র পরিধান করে। সাধারণতঃ ভারতবাসিগণ মস্লিন ও হত্র নির্দ্ধিত খেত বস্ত্র পরিধান করে। তাহারা দীর্ঘকেশ ও দীর্ঘ খল রাথে; কেশ-বিঞাণ ও বন্ধনী বারা চুল বন্ধন করে।

<sup>(</sup>২০০) ইনিরাস তাহার ' াণীতবে' এই শন্দীর উল্লেখ করিয়াছেন। তিনি কাষ্ট্রনাদেরত বিবরণ লিপিবছ করিয়াছেন।

<sup>(&</sup>gt;99) अवन्।

আটিনিডোরাস বলেন (১০৮) বে, গলা ইমাই পর্বত ইইডে বিলিলা হইরা দক্ষিণাগামিনী হইরাছে এবং গাঙ্গীনগর পৌছিরা পূর্বাভিমুখিনী হইরা পালিবোপু। পৌছে এবং পরে সাগরের সহিত মিলিভা হইরাছে। একটা শাখা নদীর নাম অইদানিস। এভবাতীত তিনি আরও অনেক বৃত্তাক্ত উল্লেখ করিরাছেন কিন্তু সে গুলি উল্লেখ্বাগ্য নহে। এই সকল বৃত্তাক্তের সহিত নিকোলাস দামাসক্ষেদ্য বৃত্তাক্ত বোগ্য করা হাইতে পারে (১০৯)।

এই গ্রন্থকার নলেন বে, আটি একের নিকটন্থ দাফনীতে (১৪০)
আগঠন সিজরের নিকট বে দকল দৃত প্রেরিত ইইমছিল, তিনি তাঁহাদের
নাক্ষাংলাভ করেন। পর দৃষ্টে বোধ হয় বে, এই গ্রন্থকার-ক্ষিত তিন
আন ব্যতীত আরও দৃত ছিলেন। অল্পভলি পথিমধ্যে মৃত্যুমুখে পতিভ
ইইমছিলেন। পার্চমেন্টের উপর গ্রীকভাবার এই পর লিখিভ
ইইমছিল এবং পোরস এই পত্র লিখিয়ছিলেন। ইহা এই মর্ম্পেলিখিত ইইমছিল বে, বনিও তিনি ছয় শত রাজার আধিপতি, ত্রাণি
তিনি সীক্ষরের বন্ধু বলিরা বিশেষ স্ক্রিছেত্ব করেন এবং নিজ রাজান্ধ্য

<sup>(&</sup>gt; w) এীক পৰ্বাটক এবং ভৌগোলিক।

<sup>(</sup>১৩৯) বাৰক্ষণ নগৰে স্বস্ত্ৰহণ কৰিয়াছিলেন বলিয়া, বিভোলানকে বাৰাস্থিকস বলিয়া উল্লেখ করা হইছাছে। নিকোলান উচ্চবংশে স্বস্ত্ৰহণ করিয়াছিলেন এবং কর্মণাস্ত্ৰ নিশান্ত ছিলেন। তিনি হিল্লেন্ত প্ৰথম্ম ছিলেন এবং স্বস্ত্ৰস নিজনত উচ্চাকে বিশেষ স্কান করিতেন। হিল্লেন্ত স্বস্ত্রোধে তিনি ১৪৪ বতে এক ইতিহাস প্রনত্নণ করিয়া-ছিলেন।

<sup>(</sup>১) শ্রভিদ নরীতীরবর্তী পাতিরক নগরত কুঞ্জ পাশলো বেবতার দানে উইনার্য কৃত্য

ছিল। বিজ্ঞরের বৈনোর গ্রনাগ্রনে অনুষ্ঠি প্রদান ও তাঁহার বাছায়ার্থ প্রস্তুত আছেন। আট জন উলঙ্গ ভূতা প্রেরিত উপহার উপন্থিত করিয়াছিল। তাহাদিগের কটাদেশে কোমরবন্ধ ছিল এবং তাহাদের গাতে মলমের সুগর ছিল। হস্ত বিহীন হার্মিদ ( যাহাকে জামি স্বচকে 'দেখিরাছি), দশ হস্ত দার্ঘ ও আরও করেকটা বৃহদাকারের সর্প, তিন হল্ত দীর্ঘ একটা নদার কচ্ছপ এবং শকুনাপেকা বুহুদাকারের তিতির উপহার স্বরূপ প্রেরিত হইয়াছিল। এথেনে বে ব্যক্তি নিজেকে ভন্মীউছ করিয়াছিলেন, তিনিও দৌতা-বাহিনীর সঙ্গে আগিয়াছিলেন। দরিত্র ওধনী সকলেই এইরূপে ভত্মীভূত হয়। এই ব্যক্তির কিছুই অভাব ছিল না; কিন্তু অধিককাল পুথিবীতে বাস করিলে যদি কোন অপ্রত্যাশিত বিপদ হয়, এই আশস্কায় তিনি প্রস্থানে ইচ্ছুক হইয়াছিলেন। তিনি হাস্যবদনে, উলঙ্গ হইয়া, কোমরবন্ধ পরিধান করিয়া, ও গাত্তে মলম মর্দন করিয়া চিতায় লক্ষ্য প্রদান করেন। তাঁহার কবরের উপর নিম লিখিত ত্মরক লিপি আছে, "বার্গোদা হইতে (১৪২) আগত ভারতবরীয় জন্মানোকেগাদ (১৪২) স্থদেশীয় দেশাচার অবলম্বন করিয়া চিরম্মরণীয় হইরা এই স্থানে বিশ্রাম করিতেছেন।"

<sup>(</sup>১৪১) বার্গোসা নর্মদা তীরবর্তী স্থপ্রসিদ্ধ বন্দর।

<sup>(</sup>১৪২) ভারন কাদিরাদ ইহাকে জার্মান্স নামে আখ্যাত করিরাছেন। ইনি বৌদ্ধধর্মাবলম্বী অমণ ছিলেন।

# ফ্রাবো

প্রাসঙ্গিক ভাবে ট্রাবো অনেকস্থরে ভারতবর্বের কথা উল্লেখ করিয়াছেন। নিরে সেইস্কুলি উদ্ধৃত হইল।

হোমর ভারতবর্ষের বিষয় অবগত ছিলেন না; অন্যথা, তিনি ইহা বর্ণনা করিতেন (১)।

পাট্রোক্লিস (২) যে বলিয়াছেন যে, আলেকজান্দারের সৈষ্ঠগণ ভারতবর্ষের বিশেষ কিছু বৃত্তান্ত অবগত হইতে পারে নাই, উহা সতা। আলেকজান্দার যে বিবরণ সংগ্রহ করিয়াছিলেন, তাহা অপেকাক্লত সতা; কারণ, তিনি বিশেষজ্ঞের বর্ণনা সংগ্রহ কার্যাছিলেন। এই সকল বর্ণনা, তাঁহার কোবাধ্যক্ষ, পরে তাঁহার হন্তে সমর্পণ করিয়াছিল।

হিপার্কান (৩) দ্বীকার করিরাছেন বে, ভারতবর্ষের দক্ষিণ সীমার অকরেথা ও মিরোইর (৪) অক্ষরেথা এবং দক্ষিণ সীমা হইতে উত্তরত্ব পর্বত্তেশী ৩০,০০০ হাজার ষ্টাডিয়া।

<sup>(</sup>১) এই উক্তি বিবাসযোগ্য নহে, কারণ হোমরের গ্রন্থে ভারতীর হত্তিবংশ্বর উল্লেখ

<sup>(</sup>२) পাট্রোক্লিস নিজ "ভূগোলে" ভারতবর্ধের বিবরণ লিপিবছ করিরাছিলেন। পাট্রোক্লিস সেলুকাস ও আণ্টিওকাসের অধীনে উচ্চ পদারক ছিলেন।

<sup>(</sup>৩) হিপাৰ্কাস হুপ্ৰসিদ্ধ জ্যোতিৰ্বিং। ইনি ১৬০ পূৰ্ব্ব খুটান্দে রোড্স বীপে সম্প্রহণ করেব। ইনি ত্রিকোণমিতি আবিকার করেন।

<sup>(</sup>क) 'निर्दाहे'वे सक्रावर्ष २००३३।

তাপ্রেবেশকে দম্জ-মধান্থিত বৃহৎ থীপ বণিরা বোধ হয়। ইহা ভারতবর্ধের দক্ষিণে মধান্থিত। প্রম্পরা আবগত হওরা বার বে, ইহার দৈখ্যি ৫০০০ হাজার ষ্টাডিয়া (৫)।

ভারতবর্ষীর পণ্য অস্কাস নদী হইয়া হিরকানিয়া এবং তথা হইজে ইউয়।ইন সাগ্রের তীরবরী স্থানে পৌছে।

ইরাটস্থিনিস ডিনাক্সের বর্ণনা মিথা, ইহা প্রমণ করিবার জ্বন্য, ডিমাক্স বে ভারতবর্ষকে হরিপদ ও অরন বৃত্ত মধ্যে জবস্থিত, ভাহা উল্লেখ করিয়াছেন। ইরাটস্থিনিস বলেন বে, ভারতবর্ষ রবৈডাঙ্কার এবং ইহার এই পাখ দক্ষিণ ও পূর্ব্ব সমুদ্র দ্বারা ধৌত হইতেছে। জন্য ছই পার্থে পর্বাত ও সিন্ধুনদ। হুডরাং, দেখিতে ইহাকে সমরেখা বিশিষ্ট বাল্যা বোধ হর। ইরাটস্থিনিস ভারতবর্ষ আরও দক্ষিণে অব্হিত, এইরপ নিদ্দেশ করিতে চান, কিন্তু হিপার্কাস এ প্রভাবে সম্মত নহেন।

পনিডোনিয়াস (৬) বলেন যে ইউডোয়াস নামক জনৈক কাইজী-কাম বাসী (৭) বিতীয় ইউ মারজেটাসের (৮) রাজত্কালে মিশরে পৌছেন। ঐ সময়ে বটনাক্রমে আরব্যোসাগরের একদল সৈন্য জনৈক

<sup>(</sup>e) অর্থাৎ ৬২৫ মাইল। উলিখিত হইরাছে বে, তালোবেশের আকৃতি লক্ষে প্রাচীন গ্রীকগণের যথেষ্ট মততেল ছিল।

<sup>(</sup>৩) সিরিরাবাসী এই সার্শনিক বান্ধীপ্রধর সিসিরো ও পশ্চির বন্ধু ছিলেন। ইনি বিশেব বিহান ও বৃদ্ধিসান ছিলেন। ইনি ভূগোল কাইজিবানে প্রপতিত ছিলেন।

<sup>(1)</sup> কাইজীকাস থাটীৰ এটি নগৰ—নৰ্পোলা নাগৰের উপকৃলে ছাপিত। সভৰতঃ,
গুটাঃ সথম সূৰ্ব্ব শতাবাংকে এই উপনিবেশ ছাপিত হইলাহিল।

<sup>(</sup>৮) বিশয়াবিশক্তিঃ

ভারতবাদীকে মিশর-রাজের নিকট উপস্থিত করে। ঐ দৈতগণ বলে বে, ভাহারা উক্ত ভারতবাসীকে সঙ্গি:বহীনাবস্থার একটা জাহাজে পাইরাছে। কিন্তু সে কে, কোন স্থান হইতে আসিয়াছে, তাহারা তাহা জানিতে পারে নাই; কারণ, কেহই তাহার ভাষা বুঝিতে পারে না। গ্রীকভাষা শিক্ষা করিবার জন্য তাহাকে শিক্ষকের হত্তে সমর্পণ করা হয়। এীক ভাষা শিক্ষা করিয়া ঐ ব্যক্তি বলে বে, সে ভারতবর্ষের উপকৃশ হইতে ৰাত্ৰা করিয়াছিল কিন্তু পথভ্ৰষ্ট হইয়া একাকী মিশরে পৌছিয়াছে; ভাহার অভাভ সঙ্গিণ অনাহারে মৃত্যুমুখে পতিত হইলাছে। যদি তাহাকে দেশে প্রেরণ করা হয়, তবে দে ভারতবর্ষ হইতে মিশরে পৌছিবার সমুদ্র-পথ দেখাইয়া দিতে প্রস্তুত আছে। তাহার কথামুদারে যে স্কল ব্যক্তি প্রেরিত হয়, তক্মধ্যে উলিথিত ইউডোস্বাস ছিলেন। তিনি নানারপ উপহার সহ যাতা করেন এবং সেই সকল উপহার-বিনিময়ে গন্ধ দ্রব্য, মুল্যবান প্রস্তরাদি ( যাহা ভারতবাদারা নদী-গর্ভ বা ভূগর্ভ হইতে খনন করিয়া সংগ্রহ করে ), সং খাদেশে প্রত্যাবর্ত্তন করেন। इंडे शाव खड़ीन अरे ममुनाम मृनावान जवारे वनशृक्तक अधिकात करतन। ইউআরজেটাদের মৃত্যু হইলে তাঁহার বিধবা রাজী, ক্লিওপেটা রাজ্যভার ্ গ্রহণ করিয়া ইউডোম্বাসকে পুনর্বার ভারতবর্ষে প্রেরণ করেন। প্রত্যাগমন কালে, তিনি প্রতিকুল বায়ুতে অজ্ঞাত দেশে উপস্থিত হলৈ, छालनीय अधिवानीवन्तरक भग ଓ मणानि छेलहात अनारन भास कवित्रा. ভংগরিবর্জে ক্লম ও পথ প্রদর্শক প্রাপ্ত হন। তিনি তদ্দেশীর ভাষারও করেকটা শ্ব লিখিয়া আনিয়াছিলের এবং কাহাতের অগ্রভাগে অভিত ' অশ্বমৃত্তিও সংগ্রন্থ ক রিক্স, নির্কিন্তে মিশরে পৌছেন। তথন ক্লিওপেট্রন্ত পুত্র (৯) মিশরে রাজত্ব করিতেছিলেন। ইউডোস্কাস রাজ-দত্ত পণ্যের

<sup>(</sup>a) ইতিহাস-অসিত ক্লিঙগেট্য ও এই ক্লিঙগেট্য বিভিন্ন।

व्यक्तिकारण वात्र कवित्राहित्यम विषया, बाक्षा, हेडेटछाञ्चात्यत्र मर्काय वग्युक्तक बाक्राकाय जुल करतन ।

পরিডোনিয়াস বিবেচনা করেন যে, ভারতবাদীরা ভারাস পর্কভেদ্ধ পরবর্ত্তী প্রদেশে বাস করেন। ইহারা অভাত সকল জাতি অপেকা সংখ্যার অধিক ও সমৃদ্ধি-সম্পর; ইহাদের দেশ পূর্ব্বাগর পর্যন্ত । ভাপ্রোবেণ দ্বীপ সমৃদ্ধের দক্ষিণাংশে অবস্থিত। ইহা আকারে বিটেন (১•) অপেকা কম নহে এবং জনাকীর্ণ। মারস হর্মাস হইতে প্রার এক-শত কুড়িখানি কাহাজ ভারতবর্ষের সহিত বাণিজ্যার্থ যাত্রা করে। টলেমি-দের রাজত্বকালে কেইই এক্সপ বাণিজ্যার্থ অগ্রসর হইতে সাহসী হইত না।

আলেকজানার যে যে খানে যুদ্ধ করিয়াছিলেন, সেই সকল স্থানেই বেদী নির্মাণ করিয়াছিলেন।

ভারতীয়পণ্য উদ্ভ পৃষ্ঠে প্রেরিভ হয়।

ভারতবর্ষে প্রচুর পরিমাণে পাইন ও ফির পাওরা বায়। আলেক জানার এই সকল কাষ্ঠ্যারা নিজ বণভরি সমূহ নির্মাণ করিয়া ছিলেন।

অক্সাস নদী হটনা প্রচুর পরিমাণে ভারতীয় পণ্য কাম্পিয়ান সমুদ্রে প্রেরিত হয় এবং সেই স্থান হইতে সাইরাস নদী দিয়া আলবেনিয়ায় ও পরে ইউম্বাইন সাগরে প্রেরিত হয়।

ইরাটস্থিনিস, কাম্পিয়ান গেট হইতে ভারতবর্ষের নিম্নলিখিত দৃর্ত্ত্ব নির্মারণ ক্রিয়াছেন :—

কাম্পিনান গেট হইতে হেকটিম্পাইলস (১১) .....১৯৬০ ষ্টাডিরা

<sup>(</sup>১০) ব্লুড: ইহা আকারে নারল ভাপেকাও কুত্রা

<sup>(</sup>১১) এই স্থান নির্দেশ করা হৃক্টিব।

ছেকাটমপাইলস হইতে আনেকজন্তিরা (২২) ..... ৪৫০০ ইাডিরা
আনেকজান্তিরা হইতে প্রকপেনিরা (২৩) ......১৬০০ ইাডিরা
প্রকপেনিরা হইতে আরাকোটাস (২৪) ......৪২২০ ইাডিরা
আরাকোটাস হইতে আর্টসপানা (২৫) .....২০০০ ইাডিরা
আর্টসপানা হইতে ভারতের প্রাস্তনীমা .....১০০০ ইাডিরা
এক্লে২৫, ০০০ ইাডিরা (১৬)

আটিনিটাবাসী আপলোডরদের মতে নাকটী রানগণ ভারতবর্ষ অধি-কার করিহাছিলেন। তাঁলাদিগের অধিপতি মিনানার(১৭) আলেকজান্দার অপেকাও অধিক দেশ জর করিহাছিলেন। এই সকল দেশ জর, কতক

<sup>(&</sup>gt;२) हेर। त्रिभटत्र ब्याटनक कां क्रिता बटर। हेरा रिता है विनश निर्मिष्ठ रहेन्नाट ।

<sup>(</sup>১৩) निखादम वर्डमान ताल्यानी कृता।

<sup>(</sup>১৪) রলিনসনের মতে 'উলান রোবাট' ই প্রাচীন **আরাকোটাস**।

<sup>(</sup>১৯) বর্ত্তমান কাব্ল।

<sup>(&</sup>gt;+) अकूटन > १२> हो फिन्ना माज ।

<sup>(</sup>১৭) মিনালার সম্বন্ধ বংগর মততেদ দেখা বার। মাাক্রিণ্ডল সাহেবের মতে, মিনালার হিন্দুকুল পর্কতের নিমন্থ আদেশ অধিকার করিয়াছিলেন। এখনও মিনালা-রের মুজাদি বসুনা নদীতে পাওবা বার এবং সেইজন্ত জনেকে মনে কংল বে, বনুনা নদীতীরবর্তী কোন স্থানেই উচার রাজত ছিল। ঐতিহাসিক ভিন্সেট খিণের মতে ১০০ পূর্বে পুটালে মিনালার ভারতবর্ষ আক্রমণ করেন। কিংবল্ডী এইরাণ বে, তিনি পাটলিপুত্র আক্রমণ করিরা 'হৃদ্ধ' বংশের প্রতিষ্ঠিতা পুরাাসিত কর্তৃক পরাজিত ছইলাছিলেন। মিনালার পাত্রে বৌদ্ধর্মের শীক্ষিত হইরাছিলেন। "মিনিলা পাঞ্চর" গ্রন্থে এই বুভান্ত শিশিবন্ধ ইইরাছে। ভিনসেট বিশেষর ইতিহাগের নব্য অধ্যার অইবা।

মিনালার ও কতক, তৎপুত্র ডিমাট্রির কর্তৃ সাধিত হইরাছিল (১৮)। পাট্রোক্লিসবাতীত অপর সকলেরই বিশাস বে সমুত্র-মধ্য দিরা হির-কেনিরা চইতে ভারতবর্ষে পৌছান বায় না (১৯)।

ভারতবর্ষে তুইবার করিয়া বীক্ল বপন করা হয়।

ভারতীয়-পণা নীলনদ হারা আলেকজালিয়ায় প্রেরিত হয়। মায়স হর্মাস হইতে উদ্ভে করিয়া কপটাস (২০) ও তথা হইতে আলেকজালিয়ায় প্রেরিত হয়।

অনেকের মতে কাদিয়া ভারতবর্গ হইতে আনীত হয়।

<sup>(</sup>১৮) অধ্যাপক লানেনের মতে ডিমাট্রিন ১৮৫ পূর্ব খৃষ্টাব্দে রাজস্ক আরম্ভ করিয়াছিলেন।

<sup>(</sup>১৯) প্রাচীনেরা মনে করিতেন বে, উত্তর মহানাগরের সহিত কাম্পীয়ান সাগরের যোগ থাকাতে, ভারতবর্ষ হইতে সমুস্তপথে কাম্পিনান সাগরে পৌছান বাইত ।

<sup>(</sup>২০) নীলনদের দক্ষিণ তীরে অবস্থিত নগর। বর্ত্তমানে, ইহাকে জ্ঞেচি নামে অভিহিত করা হয়।

# প্লিনি

অতি প্রাচীনকালে বে সকল প্রসিদ্ধ লেখক ও তরামুসন্ধিংহ বাজি পৃথিবীতে জন্মগ্রহণ করিয়াছিলেন, প্লিনি তাঁহাদিগের অন্তঃম। তিনি অসি ও সসী এতমুভ্রের ব্যবহারেই পটুছিলেন এবং তাঁহার মৃত্যুর ইতিহাস অতান্ত শোকাবহ ও বিশ্বরকর তিনি অনেকগুলি প্রস্থ প্রণায়ন করিঃছিলেন কিন্তু বর্তমানে তাঁহার একথানিমাত্র। পুত্তক পাওয়া বার। এই প্রস্থানির নাম "প্রাণিতক্ষের ইতিহাস" (Naturalis Historia).

তিনি ২৩ খুটাদে কোমে। নগরে জন্মগ্রহণ করেন। পল্লোনিআস নামক তাঁহার এক পিতৃবন্ধুর নিকট তাহার প্রাথমিক শিক্ষাব্যাপার নির্বাহিত হয়। তিনি অতান্ত অধ্যয়নরত ছিলেন। এমন কি, যখন তিনি আহারাদি করিতেন, তখনও কিছু না কিছু পাঠ করিতেন। রোমকনিগের সহিত দক্ষিণ জন্মানদিগের যুদ্ধ উপস্থিত হইলে, মিনি সৈনিক্রপে এই যুদ্ধ যোগদান করেন ও জন্মানদিগের সহিত যুদ্ধাব্যানে এই যুদ্ধের একথানি ইতিহাস প্রণায়ন করেন। এই ইতিহাস ২০ ভাগে লিখিত হইয়াছে।

রাজকার্যোপলকে ওছাকে কিছুদিন স্পেনে বাস করিতে হয় ও সেই সময়ে তিনি কৃষিবিদা। ও খনিজ বিদা সম্বন্ধ জ্ঞানলান্ডের চেটা করেন। স্পেনে অবস্থান কালে তিনি একবার আফ্রিক। মহাদেশে অমণার্থ গমন করেন। ইতালিতে প্রত্যাবর্ত্তন করিয়। তিনি সম্রাট ভেসপেসিম্মানের ক্ষধীনে কাল্য গ্রহণ করেন। তিনি প্রত্যহ ক্ষতি প্রত্যাব্দেশ স্থানের সাহতের সাক্ষাৎ করিয়। তাঁহার উপদেশ গ্রহণ করিডেন ও সম্রাটের নিদ্ধিই কার্যাবিল শেব করিয়। দিবসের ক্ষরশিষ্ট কাল ক্ষধায়নে ব্যাপৃত থাকিতেন।

গ্লিনির সংক্ষিপ্ত জীবনী আমার পরম হছন মধ্যাপক হেমচল্র দাশগুপ্ত মহালভের
 প্রবন্ধ হইতে সংক্লিত হইল।

মিনি এই সময়ে সমসায়ত্তিক কালের একথানি ইভিছাস প্রণক্ষন করেন। এই ইতিহাস ২১ ভালে সম্পূর্ণ হইরাছিল এবং ইহাতে নিরো হইতে আরম্ভ করিছা তেসপেসিলানের সময় পর্যন্ত সমন্ত ঘটনায় সমাবেশ ছিল। এই সময়েই তিনি ও হৈছিল প্রাণিত্ব বিষয়ক পুত্তক প্রণয়ন করেন। এই গ্রন্থ ভেসপেসিলানের পুত্র সমায়ে টাইটাসের নামে উৎস্পীকৃত হইরাছিল। কিছুদিন পরে তিনি মিশেমুনে গমন করিছে বিস্তবিয়াসের ইতিহাস প্রসিদ্ধ অগুল্পাম ঘটে। অগুল্পাম ঘেখিতে ঘাইছা মিনির জীবনাস্ত হয়।

প্রাণিতবের ষষ্ঠথণ্ডে ভারতবর্ষের ভৌগলিক ও অক্সান্ত বুড়ান্ত আছে।

ষষ্টথণ্ড। ২২ অধাষ। বছদিবস ধরিয়া তাপ্রোবেণকে অন্য একটা পৃথিবা বলিরা পরিগণিত করা হইত। আলেকজান্দারের যুদ্ধে এবং বস্তুতঃ তাঁহার বাবাই ইহা যে একটা দ্বীপ তাহা জানা যার। তাঁহার নৌসেনাধ্যক্ষ অনিসিক্রিটস বলিরাছেন যে, ভারতীর হতী অপেক্ষা এতদেশার হত্তী বুহলাকারের এবং তাহারা কলছপ্রিয়। মেগস্থেনিস বলিয়াছেন যে, একটা নদী এই দ্বীপকে ছইভাগে বিভক্ত করিয়ছে; ইহার অধিবাসীকে প্যালিও-গোনই বলে এবং ভারতবর্ধে যেরপ আকারের মুক্তা পাওয়া যার, তদপেক্ষা বুহলাকারের মুক্তা ও ভারতবর্ধ অপেক্ষা অধিক স্বর্ণ এই দ্বীপে পাওরা যার।

<sup>( &</sup>gt; ) মিনি বাতীত টলেমীও লছাবীশের বিতৃত বিবরণ লিপিবছ করিলাছেন। এতবাতীত কসমানের প্রস্থেও ইহার কিছু কিছু বিবরণ আছে। কসমানের বিবরণ এই প্রস্থেত উদ্ধান্ত।

ইরাটনথিনিসের মতে ইহার দৈখা ৭০০০ ইাতিরা ও প্রস্থ ৫০০০ ইাডিয়া (২)। তিনি আরও বলেন দে ইহাতে কোন নগর নাই, কেবল নাত্র সাত্ত-শত প্রাম আছে (৩) । ইহা পূর্বসাগরে আরস্ত হইলছে প্রবং ভারতবর্ধের নিগরীত দিকে পূর্ব্ব পশ্চিমে বিভূত। পূর্ব্বলনে বধন গ্যাপাইরাস বুজ্বারার নৌবানাদি প্রস্ত হইত ও নৌকাগুলিকে নীল নদত্ব নৌকার ন্যায় সন্ধ্রিত করা হইত, তথন প্রাসিদেশ হইতে এই বীপ পৌছিতে কুড়ি দিবল লাগিত কিন্ত বর্ত্তমানে আমাদের ভাহাল গুলি বেরপ ক্রতগামী তাহাতে । দিবলে এই বীপে পৌছান বায়। এই বীপ ও ভারতবর্ব মধান্ত সমৃত্র অভান্ত অগভার; প্রায়ই ছর হাতের অধিক গভীর নহে কিন্তু কোন কোন হাল একরপ অতলম্পানী। এই জন্য এই সকল জাহাজের সন্মুধ ও পশ্চাদিক প্রস্থপ ভাবে নির্মাণ করা হর বাহাতে অপ্রশন্ত থালে ঘুরাইবার জন্য কোন অন্ত প্রধান হর । এই সকল জাহাজে ৩০০০ আন্ফারি (৪) মাল ধরে। সমৃত্র বাত্রা কালীন ভাপ্রোবেণ-দেশীর নাবিক্রণণ নক্ষত্রের গতি পর্যাবেশ্বল করে না; বস্তুত: সপ্রধি মণ্ডল ঐ দেশ হইতে দৃষ্ট হর না। কিন্তু, নাবিকের।

<sup>(</sup>২) আনারা পূর্বেক বেক ছলে বলিয়াছি যে লকান্বীপের আরতন স্বন্ধে বথেষ্ট নতভেদ ছিল। কেছ কেছ ইহাকে মহাদেশ বলিয়া বিবেচনা করিতেন। টলেমির বর্ণনা অভ্যান্ত সকল বিবরে সঠিক হইলেও লকার আকৃতি সম্বন্ধ তাহার ধারণা সংগ্রন্থক ব্যক্তি বৈশ্ব মাত্র ২৭১৪ নাইল ও ইহা প্রস্থে ১৩৭৪ নাইল সাত্র অবশ্য ইরাটনবিনিসের হিসাব ধরিতে গেলে অবেক বেশী হয়।

<sup>(</sup>৩) ইলিয়ান ধনিয়াছেন বে লকায় ৭০০ প্রাম ছিল। ইলিয়ানের বর্ণনা বগা খানে উল্লুভ চইলচেত।

<sup>(ঃ)</sup> আফোরী =\_ ১

সমুত্র বাত্রাকালীন কতগুলি পক্ষী সদ্দেশর এবং মধ্যে মধ্যে এই সক্ষম পক্ষী ছাড়িরা দিরা তাহাদের গতির অন্তুসরণ করে (৫)। সংসরেব ৪ বাস বাত্র তাহারা সমুত্রে গ্রনাগ্রন করে। বিশেষতঃ উত্তরাহনের পরবর্ত্তী একশত দিবস তাহারা বিশেষ রূপ বর্জন করে। কারণ এই সমরে ঐ সকল সমুত্রে অতাধিক শীত্র বার প্রবাহিত হর।

পূর্ববর্তী লেখকপণ হইতে আমরা উপযুক্ত বিবরণ পাইরাছি।
আমরা ঐ বীপের আরও সঠিক বুজান্ত পাই; কেননা, সম্রাট ক্লারিবাসের
রাজত্ব কালে ঐ বীপ হইতে দৌতা বাহিনী তাঁহার দরবারে উপস্থিত
হইরাছিল। নিয়লিখিত প্রকারে এই ঘটনা সংঘটিত হইরাছিল।
আনিরাস প্লোকামানের একজন স্বাধীনতা-প্রাপ্ত কীতলাস আরব্যোপসাগরে প্রমণ করিতে করিতে প্রতিকৃল বার রারা তাপ্রোবেণ বীপান্তর্গত্ত
হিলুরী বন্দরে নীত হন। এই হানে তাঁহাকে সম্মানে অভার্থনা করা
হয় এবং তিনি রাজার আভিণা গ্রহণ করেন। হয় মাস ঐ দেশে
বাস করিয়া তিনি তদ্দেশীয় ভাষা শিক্ষা করিয়া প্রশ্নের উত্তর
দিতে সক্ষম হন। রাজা রোমকদিগকে ও ভাহাদিগের সম্রাটকে
বিলোব ভাবে প্রশারা করেন। বিশেষতঃ বলীর নিকট তিনি বে সকল

<sup>(</sup> e ) ঐতিহাসিক গিবন বলিয়াছেন "The Chin se and Indian navigators were conducted by the flight of birds" (Decline and Fall of
the Roman Empire vol. III. chap. XLI.) অর্থাৎ চৈনিক ও ভানতীয় বণিক্পণ পদীদৃষ্টে সমূদ্রে গমনাগমন কালে দিক নির্ণয় করিতেন। বেদে গঞ্জবিংশ অধান্তে
নতাম লোকে বরুণদেব আকাশ্যারী পদ্দী ও সমুদ্রগামী ভাহাজের পথ বে অবগত
ছিলেন, ভাহার নির্দর্শন পাত্রা বার।

<sup>(</sup> ७ ) क्रमितांत ३० वरेटा ४० व देश्य गर्दास बायस करतन ।

স্থবর্ণের দীনামী প্রাথ চইবাছিলেন, তাহা ভিন্ন ভিন্ন রাজার রাজ্জ কালে প্রভান হইলেও একই ক্রেনের থাকাতে তিনি রোমক ও বামক সমাট্গণের সাধুভার বিশের প্রীত হইরাছিলেন (৭)। এই জ্বন্ধ রোমের কহিত সংগ্রভা বন্ধনে আবিদ্ধ হটতে তিনি বিশেষ ইচ্ছক হইরাছিলেন এবং এই উদ্দেশ্যে তিনি ৪ জন দৃত প্রেরণ করেন; ইহাদের মধ্যে "রাজা" সর্বপ্রেষ্ঠ ছিলেন।

এই সকল দৃতের নিকট অবগত হওয়া যার যে তাপ্রোবেশে ৫০০ শত নগর (৮) ছিল এবং পানিসিম্নাদ নগবের সন্নিকটে দক্ষিণাভিম্বী একটা বন্দর ছিল। রাজা এই নগরে বাস করিতেন এবং নগরে ছই লক্ষ্ণাক বাদ করিত। এই সকল দৃত আরও বলিয়ছিল যে, দ্বীপাছান্তরে ২৭৫ মাইল পরিধি লইয়া মেগিসবা নামক একটা হল আছে। এই হলেও দ্বীপ (৯) আছে; এই সকল দ্বীপের ভূমি উর্মরা কিন্ধ দ্বীপ গুলি কেবল মাত্র পশুচারণের জন্যই ব্যবহৃত হয়। এই হল হইতে ছইটা নদী বহির্গত হয়য়াত্র পালিসিম্প্রাস নামক নদীটা তিন মুখ হইয়া ঐ নামের নগরীর নিকট দিয়া প্রবাহিতা হয়। তিনটা মুখের ক্ষুদ্রুমটা ৫ ইয়াছারতর্বের দিকে প্রবাহিতা। দৃতের নিকট ইহাও অবগত হওয়া

<sup>(</sup>৭) কসমাসও তাঁহার গ্রন্থে এই বিষয় উরেধ করিয়াছেন। আরও নানা গ্রন্থে এই বটনার নিমর্শন পাওয়া বাম।

<sup>(</sup>৮) ইরাটস্থিনিসের মতে লকারীপে মাত্র ৭০০ গ্রাম ছিল এবং কোন নগর ছিল না।

<sup>( &</sup>gt; ) প্রকৃত পকে লঙার কোন হুদ নাই। সভবতঃ কোন কুত্রিম ছবের কথা উল্লেখ করা হইরাছে।

গিরাছে—ভারতার্বের অন্তরীল কোলিয়াকাম হইতে তাপ্রোবেণ মাজ ৪ দিনের পথ এবং এই পথের মধান্তলে কুর্যান্বীপ। এই সকল সমুক্ত मनुष्ठवर्ग এवः हेशामत जनामा वातक तुक्क काचा এवः धहे कात्रात জাহাজের হালে অনেক সময় এই সকল বৃক্ষের শীর্ষদেশ ভগ্ন হয়। দতেরা সপ্তর্ধি মণ্ডল দেখিয়া আশ্চর্যায়িত হইগাছিল। তাগাদের দেশে চক্র কেবল মাত্র অন্তম হইতে যোড়ণ দিবদ পর্যান্তই দেখা যায় ( > • ), কিন্তু ক্যানোপাস নামক বৃহৎ ও উজ্জ্ব নক্ষত্ৰ রাত্তিতে আলোক দান করে। সূর্যা বামদিক হইতে উদিত হইয়া দক্ষিণে অন্ত যায় ই**হা দেখিরা** তাহারা অত্যধিক আশ্র্য্যাহিত হইয়াছিল। তাহারা ইহাও বলিয়াছিল যে, ভারতবর্ষের বিপরীত দিকে তাহাদের দ্বীপের যে অংশ অবস্থিত তাহা দীর্ষে ১০০০ হাজার ষ্টাডিয়া। হেমোডি পর্বতের পরে সিরিশ জাতি। এই জাতির সহিত তাহাদের বাণিজ্য সম্পর্ক ছিল, রাচিয়ার পিতা এই দেশে গমন করিয়াছিলেন এবং সেই দেশে পৌছিলে সিরিশগণ তাহাদের সহিত সাক্ষাৎ করিয়াছিল। এই জাতীয় ব্যক্তিগণ দৈর্ঘ্যে ' अन्ताना मस्यारिका नौर्य; देशालत हून भीठ ও ठक्क् नीन; देशालत স্বর কর্কশ এবং ইহাদের প্রচলিত কোন ভাষা নাই। অন্যান্য বিষয়ে इंडाएनत वर्गना ७ आभारतत रामीय वर्गिक शर्णत वर्गना असूजा ।

কিন্তু তাপ্রোবেণ যদিও পৃথিবীর অন্যান্য স্থান হটতে পৃথক, তত্ত্বাপি 'দেখানে স্থবর্গ ও রৌপ্যকে সন্মান করা হইরা থাকে। তথার মুক্তা, মূল্যবান প্রস্তরাদিকেও আদর করা হইরা থাকে। তাহাদের িলাদ সামগ্রী আমাদের অপেকার সংখ্যার অধিক এবং প্রচুর পরিমাণে পাওরা

<sup>(</sup>১০) সন্তবঙ: দ্বোতাবাহিনী সংস্ট ব্যক্তিগণের ভাষা সমাক্ষ্যপে বোধান্ত না হওয়ায়, এই মণ অমপূর্ণ বিধবণ উলিপিত ব্রহাছে

ৰায়। দু: চরা বলিল বে ভাহারা আনাদের অপেকা ধনী কিছু আর্থ হইতে বে হুও উৎপাদিত হয় সেই হুও ভোগ করিতে ভাহাদের অপেকা আমরা দক্ষ।

তাপ্রোবেণ দ্বীপে ক্রীত দাস নাই; অধিবাসীরা কুর্য্যোদয়ের পরে আর নিজা যার না: ভাহারা দিবাভাগেও নিজা যার না; ভাহাদের গৃহাদি অধিক উচ্চ নহে; শভের মুণ্য কোন দিন বুদ্ধি পায় না: ভাগদের আদালত বা মোকদমা নাই। তাগারা হাকিউলিসকে পূজা करतः; व्यथिवानीतारे नावा निर्वाहन करतः। नावा द्रकः, नत्रानु, चार् क रहेरवन । वाहारक উভताधिकाती-चल वः माराक्रिक मा हत তক্ষনা নির্বাচনের পরে সন্তানাদি হইলে তাঁহাকে সিংহাসন তাাগ কারতে হয়। অধিবাসীগাই রাজার জন্য ৩০ জন মন্ত্রী মনোনীত করে এবং অধিকাংশের মত না হইলে কেহই মৃতাদণ্ডে দণ্ডিত হয় না। দণ্ডিত ব্যক্তি জনস্থারণের নিকট পুনব্বিচাৎের আবেদন করিতে পারে; একেত্রে १ • खन कृति नियुक्त इस । यान এই कृतिशन नित्मीय वरनन उरव शृर्खाङ ৩০ অন সমস্তকে আর কেহ গণামানা করে না এবং তাঁহাদের অভাস্ত व्यथमान कत्रा हत । बाला वार्कारमञ्जूनात्र शतिष्ठन शतिशान करवन : व्यक्षितामोत्रा व्यात्रत (मणीव वाकित्मत्र नाम शतिकाम बादशात करत्। রাজা যদি কোন প্রকারে বিরাগ ভাজন হন, তাহা হইলে তাঁহাকে মৃত্যুদণ্ডে দণ্ডিত করা হয় কিছু কেহই তাঁহাকে হত্যা করে না; স্কলেই ভারার দিকে পশ্চাৎ ফিরিরা থাকে, এমন কি কেই তাঁহার সহিত ৰাক্যানাপও করে না। ভাগারা উৎসব কাল মুগরার অভিবাহিত কৰে এবং হত্তী ও বাজে শিকারই তাহাদের প্রধান জীড়া। ভূবি खेखमकरण कर्वन कहा इत ; लाकात छाव नारे किस भागाना कन धाहत श्रीबबाद्य शास्त्रा वात्र। अधिनानीता विश्ता वित्यवष्टः कक्क् श्रीतः

থিশের আনন্দামূল্য করে। এই সকল কল্পের চাড়া এত বৃহৎ বে একটী বৃহৎ পরিবার ইহার তলদেশে আনায়াসে আশ্রর লইতে পারে (১১)। এই দ্বীপবাসীরা শত বংসর পরমায়ু স্বর্প্প বলিয়া বিবেচনা করে। জাপোবেশ সম্বন্ধ আমরা মাত্র ইহাই অবগত আহি।

# ভারতবর্ষের আ্কৃতি, দীমা ও প্রকৃতি।

হিমোদাস প্রত্তের সন্নিকটে অধিবাসীবৃক্ষ হানীভাবে বাস করে। ভারতীয় জাতিগণ এই স্থান হইতে কেবল মাত্র যে পূর্ব্ব সাগর পর্যান্ত বাস করে তাহা নয়; তাহারা দক্ষিণ সাগর পর্যান্তও বাস করে। এই সাগরকে আমরা পূর্ব্বে ভারতীয় মহাসাগর নামে আখ্যান্ত করিয়াছি। পূর্ব্বাঞ্চল হিমোদাস পর্বত হইতে সমরেখা হইয়া য়াওয়াতে পূর্ব্বাঞ্চল ও ভারতীয় সমুদ্রের মধ্যে ১৮৭৫ মাইল ব্যবধান। এই স্থান হইতে সিম্কুনদ পর্যান্ত ২২৭৫ মাইল। সিদ্ধুই ভারতের পাশ্চম সীমা। অনেক গ্রন্থকার নোকাপথে ইহার উপকৃল দিয়া ভ্রমণ করিছে ৪০ দিবারাত্রি লাগে বলিয়াছেন। উত্তর দক্ষিণে ইহা ২৮৫০ মাইল। আগ্রিলার (২২) মতে ইহা দৈর্ঘ্যে ৩০০০ মাইল এবং বিস্তারে ২০০০। পসিডোনিয়াস (১৩) উত্তর পূর্ব্ব হইতে দক্ষিণ পূর্ব্ব গর্যান্ত মাপ করিয়াছিলেন এবং ভারতবর্ষ গলদেশের পশ্চিমে অবস্থিত বলিয়াছেন। এজন্য তিনি প্রমাণ

<sup>( &</sup>gt;> ) व्यक्क देशियान विश्वाहन रा, काल्पिय ठाएं। पिया गृह निर्मित हम।

<sup>(</sup>১২) আগ্রিশা দিখিত গ্রন্থের নাম "Commentaries of Agrippa"। ব্লিনি অনেকবার এই প্রস্থের কথা উল্লেখ করিয়াছেন।

<sup>(</sup>১৩) সিরিমার অন্তর্গত আপেনিমা বানী দার্শনিক। ইনি ম্যানিকিও ভূরোল সম্বন্ধে এছ প্রশন্তন ক্রিমাছিলেন। ব্লাবো তাহাকে স্থাসিক ভৌনোলিক ব্লিরা উল্লেখ ক্রিয়াছেন।

খারা দেশাইয়াছেন বে, ভারতবর্ষ গলের বিপরীত দিকে অবস্থিত বলিয়া পশ্চিম বায়ু ভোগ করে এবং দেই জন্য ভারতবর্ষ অত্যন্ত স্বাস্থ্যকর স্থান ভারতবর্ষে তারকা গুলি অন্য ভাবে আকাশে দেখা যায়। বংসরে হইটী ঋতু। আমাদের দেশে বখন শীত ঋতু, তখন তদেশীয় সমুদ্রে নাবিকেরা সহজে গমনাগমন করিতে পারে। এই দেশে এত জ্বাতি ও নগর যে গণনায় শেষ করা যায় না। কেবল মাত্র যে আলেকজান্দার ও তাঁছার স্থলাভিষিক্ত দেলুক্স ও আন্টিওকাসের সৈন্য বাহিনীর জন্য যে আমরা ভারতবর্ষের বুত্তান্ত অবগত হইতে পারি তাহা নয়। তাহাদের নৌদেনাখ্যক পাটোক্রিদ ও হিরকানিয়নও কাম্পিয়ান সাগর পর্যান্ত জল-যাত্র। করিয়াছিলেন। এতহাতীত কয়েকজন গ্রীক ঘাছারা ভারতীয় রাজগণের দরবারে বাদ করিতেন ( যথা মেগস্থেনিস, ফিলাডেলফিয়াস প্রেরিত ডাইওনিসিয়াস) ভারতীয় জাতির প্রতাপ ও বৈভবের বিষয় বর্ণনা করিয়াছেন। কিন্তু এই সকল বুত্তাস্তবিশাদযোগ্য মহে এবং বিভিন্ন প্রকারের। আলেক-জান্দারের সহযাত্রিগণ লিখিয়াছেন যে. আলেকজান্দার যে জনপদ অধিকার করিয়াছিলেন ভাহাতে ৫ হাজার নগর ও নয়টী জাতি ছিল। তাঁহারা আরও বলিয়াছিলেন যে, ভারতবর্ষ পৃথিবীর এক छ्ठीयाःन, এবং देशांत स्न-मःशां शननात्र (नयं कदा यात्र ना । स्वरना এরণ উক্তির হেতৃও আছে, কেননা সকল জাতির মধ্যে কেবল মাত্র ্ভারতবর্ষীরেরাই কোন দিন তাহাদের সীমার বাহিরে যায় নাই। ফাদার ব্যাকাস হইতে আলেকজানার পর্যান্ত ১৫০ জন রাজা ৬৪৫১ বংসর ও ্তিন মাস রাজত্ব করিরাছেন। নদীর আকার দেখিলে আশ্চর্যান্থিত ै इहेट इस् । आदिककानात कान मिन्छ ७०० द्वीपियात कम निम्नतम ভ্রমণ করেন নাই: ততাপি পাচ মাদ ও কয়েক দিবলৈ ইহার মুখে

পৌছিয়াছিলেন। অথচ দিলু গঙ্গা অপেকা কুদ্র। আমাদের
নাগরিক দেনেকা যিনি ভারতবর্ষ সম্বন্ধে এক পুস্তক লিখিরাছেন তিনি
বলেন যে ভারতবর্ষ ৬০টা নদী আছে এবং ১১৮টা জাতি আছে।
পর্বতের সংখ্যা নির্ণন্তও এইরূপ ছংসাধ্য ব্যাপার। ইমারস, হিমোদস,
প্যারোপানিসাস এবং ককেসস পর্বতশ্রেণী একটা অপরের সহিত সংযুক্ত
এবং তাহাদের সামুদেশ হইতে একটা বিরাট সমতল কেত্র বহির্গত
হইরাছে। এই সমতল ক্ষেত্র দেখিতে অনেকটা মিসরের স্তায়। কিন্তু
যাহাতে এই দেশের ভূগোল সহজে বোধগম্য হইতে পারে, তজ্জয়
আমরা আলেকজান্দার যে যে পথে গিয়াছিলেন তাহাই অমুসরণ করিব।
এই পথ ডায়গনিটিস ও বিটন কর্তুক পরিমিত হইয়াছিল।

তাহারা বলে যে, আলেকজাব্রিয়া হইতে ৫০০০ ইাডিয়া দ্রে অবস্থিত দিন নগরে অয়নাস্তের দিন দ্বিপ্রহরে স্বর্যার কোন ছারা দৃষ্ট হয় না। পরীক্ষার জন্ত একটা গর্জ থনন করিলে দেখা গিয়াছিল যে, ঐ গর্জ স্বর্যালোকে আলোকিত হইয়াছিল। এতদৃষ্টে প্রতীয়মান হয় যে স্বর্যা ঐস্থানে লয়। অনিসিক্রিটস বলিয়াছেন যে, ঐ সময়ে হাইফাসিস নদীতেও এইরপ ঘটয়া থাকে। ভারতীয়গণের অস্তর্ভূত ওরিটিস নামক জাতির দেশে গ্রীয়্মকালে দক্ষিণ দিকে ও শীতকালে উত্তর দিকে ছায়া পড়ে। সপ্রবিমপ্তলের নক্ষত্রগুলি বংসরে কেবল মাত্র পনর দিবস দেখা যায়। পাটল নামক স্ববিখ্যাত বন্দরেও স্বর্যা দক্ষিণ দিকে উঠে এবং সেই জন্ত ছায়া দক্ষিণ দিকে পড়ে। আলেকজান্দার যথন সেইস্থানে ছিলেন তথন সপ্র্যিমপ্তলের নক্ষত্রগুলি মাত্র গোধৃলিকালে দেখা যাইত। তাঁহার অক্ততম সেনাপতি অনিসিক্রিটস বলেন যে, ভারতবর্ষের যে সকল স্থানে ছায়া পড়ে তথায় ঘণ্টাম্বসারে সময় নির্দীত হয় না। এই সকল স্থানকে এসিয়া বলে, এবং তথায় ঘণ্টাম্বসারে সময় নির্দীত হয় না।

### ভারতবর্ষ হইতে ও ভারতবর্ষে সমুদ্র-যাত্রা

ভারো বলেন যে, সাত দিনে ভারতবর্ষ হইতে আইয়াক্রাস নদীতে (১৪)
পৌছা যায়। এই নদী অক্সাসের সহিত মিলিতা হইয়াছে। স্থলপথ
দিয়া পণ্টাশ প্রদেশস্থ ফাসিস নগরে ভারতীয় পণ্য পাঁচদিনে আনয়ন
করা যায়।

নেপদ বলেন বে, স্থইভীর রাজা, মিটেলাস সিলারকে কয়েকজন 
ভারতবাসীকে উপহারস্বরূপ প্রদান করিয়াছিলেন। এই সকল ভারতবাসী বাণিজ্যার্থ ভারতবর্ষ হইতে বহির্গত হইয়া প্রতিকৃল বাতাদের জন্ম
কর্মনি পৌছিয়াছিল।

অনিসিক্রিটস ও নিয়ার্কাসের বর্ণনায় স্থানের নাম ও তাহাদের দুর্থ উল্লিখিত হয় নাই; তত্ত্রাপি, নিয়লিখিত স্থানগুলি বিশেষ উল্লেখযোগ্য:—
নিয়ার্কাস কর্তৃক প্রতিষ্ঠিত আরাবিস নগরী, এবং নৌচলনোপযোগী আরাবিস নদী; আলেকজান্দার কর্তৃক আদিষ্ট হইয়া লিওনোটসের প্রতিষ্ঠিত আলেকআক্রিয়া নগর; আর্গেনাস বন্দর; টনবিরস নদী ও তাহার তীরবর্ত্ত্রী পাসিরী
আতি; ইক্থিওফাগি। আরাবিয়ার অন্তর্গত সিয়াগ্রাস অন্তর্গীপ হইতে
"হিপালাস" বায়ুর (১৫) সাহায্যে জনায়াসে ত্রমণ করা যাইত। পরবর্ত্ত্রী

<sup>(</sup>১৪) প্লিনির এই উক্তি অভিবঞ্জিত। কার্টিয়াস লিখিয়াছেন যে, নৌকা-যোগে আলেকজান্দার প্রত্যহ ৪০ ষ্টাডিয়া পথ যাইতেন। টলেমির হিসাবামুযায়ী সিন্ধুন্দ দৈর্ঘ্যে বাদশ সহস্র মাইল। এই জলবাত্রা ৩২৬ খুষ্টান্দের অক্টোবর মাসে আরম্ভ হইরাছিল। প্রাচীন ভারতের তৃতীয় খণ্ড ক্লষ্টব্য।

<sup>(</sup>১৫) হিপালাস নামক নাবিক কর্ত্ব আবিষ্কৃত বাতাদের সাহায্যে সহজ্বে ভারতবর্ধে আগমন করা যাইত। "পেরিপ্লাস অব্ দি ইরিথ্রান" সাগবে ইহার বিস্কৃত বর্ণনা আছে। হিপালাস সামুজিক বায়ুর গতিবিধি লক্ষ্য করিয়া পূর্বতন

কালে আরও অন্ন সমরে ভারতীয় বন্দর সিগারাস হইতে যাতায়াত করা হইত। অনেক দিন ধরিয়া এই পথেই যাতায়াত করা হইত; অবশেবে এক বণিক্ আরও একটা স্থবিধাজনক পথ আবিছার করেন। এই প্রকারে লাভের জন্ত ভারতবর্ষ আমাদের খুব নিকট হইয়া পড়ে। হিপালাস বায়ু প্রবাহিত থাকিলে ৪০ দিনে মাজিরিস (১৬) নামক ভারতীয় বন্দরে পৌছা যায়। বাণিজ্যের পক্ষে এই বন্দর প্রশন্ত নহে। কেন না নিকটেই নিট্রীয়াস নামক স্থানে জলদস্থাগণ বাস করে এবং এ স্থানে স্থবিধা মত পণ্যাদিও পাওয়া ধায় না। বিশেষতঃ, বন্দর হইতে অনেক দ্রে জাহাজগুলি নক্ষর করে এবং কুক্র কুক্র নৌকা হায়া মাল উঠাইতেও নাবাইতে হয়। আমাদের সময়ে কিলোবোথাস (১৭) রাজা এই দেশের রাজা ছিলেন। নিকিন্ডন নামক বন্দরটী পুর্বোক্ত বন্দরাপেক্ষা ভাল। বন্দর হইতে অনেক দ্রে মছরা (১৮) নামে একটা নগরে প্যাণ্ডিয়ন রাজত্ব করিতেন। পুর্ববর্ত্তী কোন লেখকের গ্রন্থেই এই সকল নাম পাওয়া ধায় না এবং তাহাতে বোধ হয় বে এই সকল স্থানের নাম পরিবর্ত্তন হইয়াছে। কাটানারা (১৯) হইতে বিকারায়

পথ পরিজ্ঞাগ করিয়া নৃতন পথে যাভাষাত করাতে, পূর্ব্ধে বে সময় অভিবাহিত হইত, ভাহার অর্দ্ধেক সময়ের মধ্যে নৌযাত্রা সম্পাদিত হইত।

<sup>(</sup>১৬) আনেকে কোচিনের ২০ মাইল উত্তরের ক্রানগানরকে আচীন মাজিরিস বলিয়া নির্দেশ করেন। পেরিপ্লাস ইহার বিস্তত বর্ণনা করিয়াছেন।

<sup>(</sup>১৭) স্ভবত: কেরলপূত্রংশীয়। পেরিপ্লাস ইহাকে কেপ্রোবোভস বলির। উল্লেখ করিয়াচেন।

<sup>(</sup>১৮) वर्खमान मथुता।

<sup>(</sup>১৯) কেহ কেহ ইহাকে ভেলিচেমীর সন্নিকটস্থ কোন স্থান বলিয়া নির্দেশ করেন।

কুল কুল নৌকায় মরিচ লইয়া যাওয়া হয়। ডিসেম্বর মাসে বণিক্গণ
মিশর হইতে ভারতবর্বে হাত্রা করে। এই সময়ে যাত্রা করিলে ভাহারা
একবৎসরের মধ্যেই প্রভাগেমন করিতে পারে। ভারতবর্ব হইতে
দক্ষিণ পূর্ব্ব বাভাসে যাত্রা করিয়া ভাহারা লোহিত-সাগরে পৌছে এবং
তথা হইতে দক্ষিণ-পশ্চিম বা দক্ষিণ বায়র সাহায়্যে মিশরে পৌছে।

ভারতীয় মহাসাগর সমূহে অনেক প্রকার বৃহৎ বৃহৎ জলজজ্ব পাওরা যার। তিমিপ্তলি ২৪০ ফিট দীর্ঘ ও ১২০ ফিট প্রস্থ। কামট ২০০ হাত লখা। ভারতীয় পঙ্গপাল যেরূপ ৪ ফিট দীর্ঘ, সেইরূপ তদ্দেশীয় গঙ্গার বাণ মংস্থা ৩০০ শত ফিট লখা।

#### ভারতীয় জাতি

(প্লিনি এইস্থলে মেগস্থেনিস হইতে অনেক উদ্ভ করিয়াছেন; মেগস্থেনিদের সমগ্রাংশ অফ্বাদিত হইয়া প্রকাশিত হইতেছে ব'লয়া উহা এই স্থানে প্রদত্ত হইল না।)

বন্ধু বান্ধবদিগকে বিতরণার্থ আমোমিটাস আটাকোরিদিগের (२०) সম্বন্ধে একথানি পুস্তক রচনা করিয়াছিলেন। ইকেটিয়াস হাইপার

<sup>(</sup>২০) ম্যাক্রিণ্ডল, আটাকোরিকে সংস্কৃত গ্রন্থন্ত "উত্তর কুক্" বলিরা নির্দেশ করিতে চাহেন । তিনি মেগস্থেনিসের ভারত-বর্ণনের (Ancient India as described by Megasthenes) এক পাদটীকার লিথিয়াছেন "Megasthenes had the penetration to perceive that the Greek fable of the Hyperboreans had an Indian source in the fables regarding the Uttar Kurus" অর্থাৎ, গ্রীক্রিণের বর্ণিত হাইপার বোরিয়ান ও ভারতীর উত্তর কুক্তে বথেও সাদৃশ্য আছে। সেন্ট মার্টিন নামক গ্রন্থকার বলিরাছেন বে, "সকল বৈদিক গ্রন্থে অথবা পুরাণে বে

বোরিরানসদিগের সধকে বেরপ পুস্তক লিখিয়াছিলেন এ খানিও সেইরূপ।
আটাকোরির পার্শ্বেই খুনি এবং ফরকারাইগণ বাস করে। তৎপরে
কাসিরাই নামক ভারতীয় জাতি বাস করে; ইহারা মন্ত্যু-মাংস ভক্ষণ
করে। ভারতবর্ষে ভ্রমণশীল জাতিও আছে। ইহারা যত্ত তত্ত্ত ভ্রমণ
করে। কাহারও কাহারও মতে এই সকল জাতি উত্তর-ভারতে বাস করে।

স্থানেই আমরা এই কথাটী দেখিতে পাই, তথায়ই আমাদের মনে কবিছের রাজ্য ও পৌরাণিক ভূগোলের কথা ("domain of poetic and mythological geography") উদ্রেক করে। সেণ্ট মার্টিনের মতে "মেরুপর্বতের চতুর্দিকস্থ পর্বতের পাদদেশে উত্তর কুরুর দেশ স্থাপিত—এস্থান মন্ব্যের অগম্য। এই স্থানে ঋষিগণ ও দেবতাগণ বাস করেন এবং এই স্থানে নখর মানবের প্রবেশের অধিকার নাই। আলেকজান্দারের অভিবানের পরে, গ্রীক ও ভারতবর্বের কথঞ্জিৎ ঘনিষ্ট সম্পর্ক হওয়ায় গ্রীক্গণ ভারতীয় কিংবদক্ষীগুলি অবগত হন। মেগস্থেনিস এই প্রকার অনেকগুলি বর্ণনা সংগ্রহ করিয়াছিলেন এবং এই সকল বর্ণনা গ্রীস দেশে নানাভাবে রূপাস্তরিত হয়।"

মনস্বী লাসেন বলিয়াছেন যে, "উত্তব কৃষ্ণ সেবিকা প্রদেশের অংশ বিশেষ।" পাশ্চাত্য প্রদেশে প্রথমতঃ ভারতবর্ষের বৃত্তান্ত এই স্থান হইতে পৌছে।" পরলোকগত রমেশচন্দ্র দত্ত মহাশ্য তাঁহার "প্রাচীন তারতের সভ্যতা" প্রস্থে উত্তর কৃষ্ণকে কান্ধীর বলিরা গিয়াছেন। ঐতরের প্রান্ধণে লিখিত আছে যে, "কেচ পরেণ হিমবন্তঃ জনপদা উত্তর কৃষ্ণর উত্তর মন্ত্রা ইতি"—ইহা হইতে বোধ হয় যে উত্তর-কৃষ্ণ হিমালয়ের সন্ধিহিত কোন জ্বনপদ। রামায়ণের বর্ণনা পাঠেও এইকপ মনে হয়। "প্রজ্ঞাপুরাণে" "উত্তরাণাং কৃরনান্ত পার্বে জ্বেবন্ত্রয়। সমুদ্র সোর্ম্মিনালোক্য নাগ-স্থ্রা নিষ্টেচতাম্।" অর্থাৎ, উত্তর-কৃষ্ণর পার্বে স্থ্যস্থান বিভ্যান। শ্রীষ্ক হুর্গাদাস লাহিডি মহাশ্য তাঁহার পৃথিবীর ইতিহাসের প্রথম বঙ্গে এই প্রসঙ্গে বিলিয়াছেন "ঐতরের ব্রাহ্মণের এবং রামায়ণের বর্ণনার সহিত হরিবংশের এবং বন্ধান্ত প্রাণের বর্ণনার সামঞ্জ নাই। এদিকে মহাভারতে স্থমেক ও নীলপর্কতের মধ্যন্থলে এবং বিক্পুরাণে মন্দর ও নীল প্রক্তির মধ্যে উত্তর-কৃষ্ণ দেশ অবস্থিত বিলয়া লিখিত আছে। এতহ্তির সহিত প্রেম্বিত উত্তিক শান্ত্র গ্রেছ, তেমনই পাশ্ভত্য পণ্ডিতগণের মধ্যেও উত্তর শান্ত্র গ্রেছ, তেমনই পাশ্ভত্য পণ্ডিতগণের মধ্যেও উত্তর

ভারতবর্বে অনেক প্রকার অত্যাশ্র্যা দ্রব্য আছে। ভারতবর্বে স্কাপেকা বৃহদাকারের জন্ত পাওয়া যায়। দৃষ্টান্ত অরূপ তাহাদের কুকুরের কথা উল্লেখ করা বাইতে পারে। এসকল কুকুর অন্তান্ত দেশের কুকুরাপেক্ষা বৃহৎ। তাহাদের দেশীয় বৃক্ষাদিও এত উচ্চ যে নিক্ষিপ্ত তীর ভাহাদের শীর্ষদেশ স্পর্শ করিতে পারে না। ভূমি উর্বরা, জল-বায়ু স্বাস্থ্যকর, প্রচুর পরিমাণ স্থাত্ পানীর জল পাওয়া যায়। ভূমুর বৃক্ষগুলি এত বৃহৎ যে, একটা বুক্ষের ছায়ায় একদল অশ্বারোহী আশ্রয় গ্রহণ করিতে পারে। নলগুলি এত বৃহদাকারের যে হুইটী গিরার মধাস্থিত काँপে নৌকা হইতে পারে। এই নৌকার তিনজন মনুষ্য বসিতে পারে। মন্তিকের পীড়ার অথবা চকু বা দস্ত রোগে আক্রান্ত হয় না এবং তাহাদের স্বাস্থ্য যে ভাগ ইহা সকলেই অবগত আছেন। জিমনোগোফিস্ট্র নামক তাহাদের দার্শনিকগণ সুর্য্যেরদিকে একদৃষ্টে প্রাতঃকাল হইতে সন্ধ্যা পর্যান্ত চাহিয়া থাকে এবং উত্তপ্ত বালুকারাশির উপর প্রথমে এক পা ও পরে অন্ত পারের উপর ভর দিয়া দাঁড়াইয়া থাকে (২১)। ভারতবর্ষের পূর্বাঞ্চলে কাথারক,ডি জাতির পর্বত মধ্যে 'দাতির' নামক অত্যন্ত ক্রতগামী জর পাওয়া বার। এই সকল জন্ত কথন কখন সাধারণভাবে, কখনও সোজাভাবে

কুক্ষর অবস্থান সম্বন্ধে মত পার্থক্য দেখিতে পাই।" তিলক তাঁহার ''আর্কটিক হোম' প্রস্থে নিম্বাস্ত করিয়াছেন বে, প্রতবের প্রাক্ষণে লিখিত আছে বে, হিমাৎপর্কতের পর পারে, উত্তর দেশে যে সকল লোক বাস করে, ভাহারা উত্তর-মন্ত্র ও উত্তর-কুক্ দেশবাসী বলিয়া অভিহিত হয়।" প্রীযুক্ত লাহিড়ী মহাশন্ত্র বলিয়াছেন ''আমাদের বিধাস হিমালয়ের অংশ বিশেব পুরাকালে এক সময়ে উত্তর-কুক্ নামে পরিচিত হইয়াছিল।"

<sup>(</sup>২১) অবশ্যই আলেকজান্দার ও উচ্চার সেনাপতিগণ তক্ষণীলার ভারতীয় দার্শনিকগণকে দেখিরাছিলেন।

ভ্রমণ করে, এবং দেখিতে ইহারা মনুয়াকার। ইহারা এত ক্রতগামী বে বু**দ** বা পীড়িত না হইলে ইহাদের গ্বত করা যায় না। তারাণ, কোরামাণ্ডি নামক একজাতির কথা উল্লেখ করিয়াছেন; ইহারা জন্মলে বাস করে এবং রীতিমত কথাবার্তা বলিতে পারে না। ইহারা কর্কশ-ভাষী; ইহাদের শরীর লোমশ, চক্ষুগুলি নীলাভ এবং দস্ত কুকুরের ক্রায়। ইউডোন্ধাস বলিয়াছেন বে, ভারতবর্ষের দাক্ষিণাত্যে মন্ত্রয়গুলির পায়ের তলা ১ হত্ত দীর্ঘ, কিছ স্ত্রীলোকের পদ এত ছোট যে তাহাদের 'ষ্টু খোপডিদ' বলে। ইসিগোনাস (২২) লিথিয়াছিলেন বে, চির্নি নামক ভারতীয় জাতির ১৪০ বৎসর পরমায়। অনিসিক্রিটস হইতে আমরা জানিতে পারি যে, ভারতের বে সকল স্থানে ছায়া নাই, তথায় মহুয়াগণ ৫ হাত ও ২ তালু লখা ও ১৩ বংসর জীবিত থাকে। ইহারা বৃদ্ধাবস্থা প্রাপ্ত হয় না। যৌবন কালেই মৃত্যুমুথে পতিত হয়। ক্রাটেদবাদী পার্গেমাদ বলেন যে, ভারতীয়-গণের পরমায় একশত বৎসরেরও অধিক। কালিঙ্গী জাতীয় স্ত্রীলোকগণ পাঁচ বৎসর বয়সে সন্তানবতী হয় এবং আঠার বৎসরের অধিক কাল জীবিত থাকে না। অন্তত্ত, মনুয়ের লেজ আছে এবং ইহারা অত্যন্ত ক্রত চলিতে পারে। অক্সান্ত জাতির এত দীর্ঘ কর্ণ যে, এই কর্ণে তাহাদের সকল শরীর আচ্ছাদিত হয় (২৩)। আরাবিদ নদীতীরস্থ ওরিটী জাতি মৎস্থ ভিন্ন অন্ত কিছুই আহার করে না। ক্লিটার্কাস বলিয়াছেন যে, এই সকল মংস্ত তাহারা নথ ধারা ছিল্ল করিয়া সূর্য্য-তাপে শুদ্ধ করিয়া রুটী প্রস্তুত করে।

<sup>(</sup>২২) নিকাইয়া অধিবাসী 'আপিস্তা' নামক গ্রন্থের গ্রন্থকার।

<sup>(</sup>২৩) ট্রাবোর বৃত্তান্তে এই সকল বিষয় উদ্লিখিত হইয়াছে।

#### ভারতীয় জন্তু

ভারতবর্ষে, হস্তিপক তাহার নিজ হস্তী সহ যুথভ্রষ্ট কোন হস্তীর নিকট ষাইয়া তাহাকে আগাত করিতে থাকে। আগাতে যথন বস্তু হস্তী কাতর ছইয়া পড়ে, তখন হস্তিপক তাহার পুষ্ঠে আরোহণ করে। হস্তীরা গ্রীম-কালে ক্রদ্ধ হইয়া ভারতীয়দিগের পর্ণকুটীর ধ্বংশ করে। ভারতবর্ষেই नर्सारभका बुरुमाकारबब रखी ७ मर्भ भाउम यात्र। रखी ७ मर्भ অনবরত বিবাদ চলে। সর্পগুলি এত বৃহৎ যে, তাহারা অনারাসে হস্তীকে জ্বভাইরা কেলিতে পারে। এই যুদ্ধে উভয়েই মৃত্যুমুথে পতিত হয়; কেননা হস্তী পরাজিত হইয়া যখন পডিয়া যায় তখন সর্পত তাহার ভার সহু করিতে না পারিয়া মৃত্যুমুখে পতিত হয়। ভারতবর্ধে দ্রুতগামী ব্যাছও পাওয়া যায়। ভারতীয় যণ্ডগুলির কুর দ্বিধণ্ডিত নহে এবং উহাদের মাত্র এক একটা শুক্র। আসিস নামক অন্ত একটা জক্কও পাওয়া যায়। এতদাতীত ভারতবর্ষে বানর ও ইউনিকর্ণ পাওয়া যায়। এই শেষোক্ত জন্তর মন্তক হরিপের আয়; ইহাদের হতীর আয় পা, শুকরের ক্রায় শেজ ও অক্রাক্ত অবয়ব অখের ক্রায়। মন্তকে মাত্র একটা भक : हेश हुई हाज भीर्ष हहेबा थारक। এहे अञ्चरक स्नीविजावसाब धुक করা যায় না। ভারতবর্ষে সভাকও পাওয়া যায়। ইহাদের শীত ঋতুতে দেখা যায় না। নিসা পর্বতের টিকটিকিগুল ২৪ ফিট দীর্ঘ এবং বিভিন্ন বর্ণের।

ভারতীয় সমুদ্রে নানা প্রকার জল জত্ত পাওয়া যায়। ৪ জুগেরা (২৪) দীর্ঘ বেলিনি ও ২০০ হাত লখা প্রিসটিন উল্লেখ যোগ্য। ৪ হাত

<sup>(</sup>२8) कूरभना - २8 • कीं हे नीर्च ७ ১२ • कींडे व्यक्त।

দীর্ঘ কর্কট এবং ৩০০ ফিট দীর্ঘ বাণ মংস্ত গলার পাওরা বার। অরনান্তের সমর এই সকল প্রচুর পরিমাণে সমূদ্রে পাওরা বার। কেননা, এই সমরে ঘূর্ণি বায়ু প্রবাহিত হয়, বৃষ্টি পড়ে, ঝটিকা আরম্ভ হয় এবং সমুদ্রে এরূপ তরক হইতে থাকে যে, সমুদ্র-গর্ভে লুকায়িত জন্তপ্রালি বাহির হইয়া পড়ে। অস্ত সমরে এত অধিক টানিক দেখা বায় যে আলেকজান্দারের রণতরী সমূহকে য়ুদ্ধের জন্ত প্রস্তত হইতে হইয়াছিল। দীর্ঘ বর্ষা হারা আঘাত করিয়া ইহাদের দ্রীভূত করা হইয়াছিল (২৫)। অন্ত কোন প্রকারেই ভাহারা ভীত হইয়া পথ পরিত্যাগ করে নাই। আলেকজান্দারের নৌ-সেনানীগণ বলেন যে, আরাবিস নদী-তীরবর্তী গেল্রোসিয়ানগণ মংখ্যের চোয়াল হারা দরজা নির্মাণ করে। ভারতীয় সমুদ্রে এরূপ কছেপ পাওয়া বায় যে, তাহাদের চড়ায় গৃহ নির্মাণ হয়। গঙ্কায় প্রাটানিষ্টা বলিয়া ১৬ হাত লম্বা এক প্রকার মংস্ত পাওয়া বায় আরু এক প্রকার কীট গঙ্কায় পাওয়া বায় বায় বায় বাহা ৬০ হাত লম্বা; ইহা দেখিতে নীলবর্ণ এবং এরূপ বলশালী যে, তাহাদের পক্ষ হারা জলপানোম্বত হন্তীর শুপ্ত ধরিয়া তাহাদের জলে টানিয়া লয়।

ভারতবর্ধে বর্ণনাতীত স্থন্দর স্থন্দর পঞ্চী পাওরা যার। অনেক পক্ষী আছে যাহারা মন্থয়ের স্থর অমুকরণ করিতে পারে। ইহারা ইহাদের প্রেভুকে অভিবাদন করে এবং শিক্ষা না করিলে ইহাদের মন্তকে লোহ-দণ্ড হারা আঘাত করা হয়।

ভারতীয় অর্থতর এক শৃঙ্গ বিশিষ্ট। ভারতবর্ধে স্থবর্ণ-প্রস্থ পিপীলিকা পাওয়া বায়। ইহাদের বর্ণ মার্জ্জারের স্থায় এবং ইহারা আকারে ভন্নুকের স্থায়। ইহারা শীতকালে যে স্থবর্ণ সংগ্রহ করে, ভারতীয়গণ গ্রীম্মকালে

<sup>(</sup>২৫) আবিয়ান ও ব্লাবো, উভয়েই এই বৃত্তান্ত উল্লেখ কবিরাছেন।

তাহা অপহরণ করে, কেননা গ্রীয়কালে উত্তাপের জন্ম পিণীলিকাগুলি বৃদ্ধিকাগর্ভে আশ্রয় লইতে বাধ্য হয়। কিন্তু পিণীলিকাগুলি তত্তরের গন্ধ পাইয়া গহরর হইতে বহির্গত হয় এবং বদিও তত্তরেরা দ্রুতগামী উট্রে আরোহণ করিয়া পলায়ন করিতে থাকে, তত্ত্রাপি শিপীলিকাগণ অনেক সময় তাহাদের পশ্চাদ্ধাবন করিয়া তাহাদিগকে থও থও করে—ইহারা এত ক্রুতগামী ও হিংশ্র।

ভারতবর্ষীর কুন্ডীরগুলিও বৃহদাকারের। লবণাক্ত করিরা তাহা-দিগকে আমাদের দেশে আনম্বন করা হয়। ভারতীয় অরণ্যে প্রচুর বস্তু বঞ্জ পাওরা যায়।

## ভারতীয় বৃক্ষাদি

ভারতীর বৃক্ষগুলিও অত্যন্ত বৃহদাকারের এবং তাহাদের দেশে পশম উৎপাদক এক প্রকার বৃক্ষ আছে। ইবণিবৃক্ষ ভারতবর্ধ বাতীত অক্সঞ্র পাওরা যার না কিন্তু হেরোডটান বলেন যে ইহা ইথিওপিরার পাওরা যার। ইবনি ছই প্রকারের, এক প্রকার নির্কৃষ্ট, ভারতের সর্ব্জ্ঞাই পাওরা যার;—অক্সপ্রপ্রকার কৃষ্ণবর্গ ও উজ্জ্ঞল; সর্ব্জ্ঞা পাওরা যার না। ভারতীর ভূমর বৃক্ষে কৃদ্র কৃদ্র ভূমর জন্মে। ভূমরের ডালগুলি বড় হইরা পুনরার নত হইরা ভূমি পার্শ করে এবং উহাতে শিকড় হর। এইরূপ বৃক্ষতলে পশুচারকর্গণ গ্রীমাতিপাত করে। প্রায় ২ ইাভিরা হান মুড়িরা ইহার ছারা হয়। ভূমুরগুলি কৃদ্রাকার হইলেও খাইতে অভ্যন্ত স্থাহা। এই গুলি আকিনাইন নদীতীরেই অধিক পরিমাণে পাওরা যার; এতহাতীত ইহাপেকা বৃহৎ আর এক প্রকার বৃক্ষ আছে; এই বৃক্ষের ফল ভোজন করিরাই শ্বিরা জীবন ধারণ করেন। এই শেবোক্ত বৃক্ষের

পাতা ৩ হাত লম্বা এবং ছুই হাত প্রস্থ এবং দেখিতে পক্ষীদের পাধার ক্সায়। বৃক্ষে যে ফল হয় তাহা অতান্ত স্থাত এবং এরপ বৃহৎ বে একটী ফলে ৪ জনের ভূরি ভোজন হইতে পারে। বৃক্ষকে পালবৃক্ এবং ইহার ফলকে আরিয়েনা বলে। এই ফল সিদ্রাকি দেশেই অধিক পরিমাণে পাওরা যার। এতদ্বাতীত অন্ত একটা বৃক্ষ আছে, যাহার ফল ইহাপেকাও স্থপাত কিন্তু তাহা খাইলে পেটের পীড়া হয় (২৬)। এই ফল স্পর্শ করিতেও আলেকজান্দার নিষেধ করিয়াছিলেন। মাসি-দোনিয়ানগণ অনেক প্রকার বক্ষের উল্লেখ করিয়াছেন কিছ অধিকাংশেরই নামোল্লেখ করেন নাই। ভারতীয় ওলিভ গাছে ফল ধরে না। তথার সর্বব্রেই মরিচের গাছ করে। লকা মরিচ আলেকজাব্রিরার সরিষার সহিত মিশ্রিত করা হয়। মরিচ ও আদা প্রচুর পরিমাণে ভারতবর্ষে জন্মে, এবং আমরা 🕹 সকল দ্রব্য আমাদের দেশে স্কর্বর্ণ 🕏 রোপোর ন্থায় খরিদ করি। ভারতবর্ষে অন্ত এক প্রকার শস্ত পাওরা ষায়, যাহা দেখিতে মরিচের ক্রায় কিন্তু মরিচ অপেক্ষা কণ-ভক্তর এবং বৃহৎ। ঐদেশে কাটা গাছে মরিচের ন্যায় অন্ত একটী শস্ত জন্মে যাহার স্বাদ অত্যন্ত ঝাল। এই গাছের শিকড় ও চর্ম্ম নির্মিত পাত্রে করিয়া ভারতবাসীরা এই ঔষধ আমাদের দেশে প্রেরণ করে। আমরা মাকিরও ভারতবর্ষ হইতে প্রাপ্ত হই। ইহা এক প্রকার রক্ষের ত্বক। এই ত্বকের কাথ মধুর সহিত প্রয়োগ করিলে আমাশয়ের ঔষধ হয়। আরব দেশেও চিনি হর. কিন্ত ভারতীর চিনিই অধিক পছন্দ করা হর। **ইহা** এক প্রকার মধু; নলের মধ্যে পাওরা যায় এবং দাঁত দিরা ভালিতে পারা যার। ইহা কেবল ঔবধার্থ ব্যবহৃত হয়।

ভারতবর্ষে এক প্রকার বৃক্ষ পাওয়া যায়, উহা **ঘারা তাহারা নক্ষা** নিবারণ করিতে পারে। এক প্রকার শিক্ত ও পাতাকেও ভারতবাসীরা সন্মানের চক্ষে দেখিরা থাকে। শিকড় অগ্নিতে নিক্ষেপ করিলে গন্ধ পাওরা যার। পাটলদ্বীপে ছই প্রকার শিকড় পাওরা যার, একটী ক্ষমবর্ণ অন্তটী খেত বর্ণের। ইহা পাউও প্রতি পাঁচ দিনারি মূল্যে বিক্রীত হয়।

বে সকল শুলা হইতে প্রলেপ প্রস্তুত হয় তল্পধ্যে নাদিসকে সর্ব্ধ প্রথমে উল্লেখ করা কর্ত্তর। ইহা কটু এবং ইহার কুদ্র কুদ্র পত্র খন সন্নিবিষ্ট। গঙ্গাতীরবর্তী প্রদেশে বে দার্দ জন্মে উহা অকিঞ্ছিৎকর। এক পাউশু স্পাইকনার্ডের মূল্য ১০০ শত দিনারী। ভারতবর্ষে আঙ্গুরও বাবহৃত হয় ও বথেষ্ট পরিমাণে পাওলা যায়।

ভারতবাদীরা তালের রদকে মন্তে পরিণত করে; বাদাম, তিল, ও চাউল হইতে ভারতবাদীরা তৈল নির্ঘাদ করে; ইকথিওফাগিরা মৎস্থ হইতে তৈল বাহির করে। ভারতবর্ষ হইতে তিল আমদানী হয়। এই শক্ত দেখিতে সাদা। ভারতবর্ষে যে যব পাওয়া যায় তথারা রুটী ও পারদ প্রস্তুত হয়। ভারতবাদীরা ভাতকেই অধিক পছন্দ করে। ধান্তের গাছ এক হাত লম্বা; ইহার পুস্প বেগুণে রংরের ও শিকড়গুলি মুক্তার স্থায়। ভারতবাদীরা এক প্রকার কল হইতে স্ত্র প্রস্তুত করে। ভারতবর্ষেই দর্কাপেক্ষা উৎকুষ্ট লিসিয়ান (Lyciun) পাওয়া যায়। ইহা অত্যক্ত তিক্ত।

### ভারতীয় খনিজ পদার্থ ও মূল্যবান প্রস্তরাদি

ভারতবর্বে লবণের পর্বতও আছে। স্থবর্ণ ও মৃক্তা হইতে বে লাভ না হর, বে সকল রাজার এই সকল লবণের পর্বত আছে, তাঁহারা অধিক লাভ করেন। আমাদের দেশে মুক্তার ষেরপ আদর করা হয়, ভারতবর্ধে প্রবালের সেইরূপ আদর করা হয়। তাঁহাদের দেশীয় গণকগণ প্রথালের করচ সকল বিপদ হইতে মন্থ্যকে রক্ষা করিতে পারে, এইরূপ মনে করে। সেই জন্ত ইহা গহনা নির্দ্ধাণেও ব্যবহৃত হয়। অন্নদিন হইতে ভারতবর্ষ হইতে নীল আমদানী হইতেছে। ইহার দর পাউও প্রতি সতেরো দিনারি।

ভারতবর্ষ হইতে নীলও আমদানী হয়। ইহা করেক প্রকার নলের গাত্তে জমিয়া থাকে। ইহা এক প্রকার আটাল পদার্থ। ইহা দেখিতে কাল রংয়ের কিন্ধ জলের সহিত মিশ্রিত করিলে, ইহা গাঢ় নীল রং বিশিষ্ট হয়। কেহ ২ অমিশ্রিত নীলের সহিত পারাবতের বিষ্ঠা মিশ্রিত করিয়া ভেজাল দেয়। নীলের দর পাউপ্ত পতি ২০ সেসটারসিস। ঔষধার্থ ব্যবহার করিলে ইহা জ্বর, কম্পন ও ক্ষতের উপকার করে।

পূর্বাঞ্চল হইতেই আমাদের দেশে কাচের আমদানি হয় এবং ভারতীয় কাচই সর্বাপেক্ষা অধিক পছল করা হয়। ভারতবর্ধে তৈলক্ষটিক পাওয়া যায় এবং ধৃণা অপেক্ষা ইহাকে অধিক আদর করা হয়। টীসিয়াস বলেন যে, ভারতবর্ধে হাইপারবোরাস নামে একটা নদী আছে। হাইপার-বোরাস অর্থে "উত্তম দ্রব্য বহনকারী"। ইহা উত্তর হইতে প্রবাহিতা হইয়া পূর্ব্ব সমুদ্রে পড়ে। এই সমুদ্রের নিকটস্থ পর্বতে যে সকল বৃক্ষ আছে, তাহাতেই তৈলক্ষটিক জন্মে এবং এই সকল বৃক্ষকে আফিটাকোরী (aphytacorae) বিলয়া অভিহিত করা হয়। বর্ত্তমান সময়ে, ছয় প্রকার হারক চিনিতে পারা গিয়াছে। ভারতীয় হারক স্থবর্ণে নিহিত থাকে না, কিন্তু, ইহা ক্ষটিকের স্তার উজ্জল এবং ছয়টী কোণ বিশিষ্ট একপ্রকার দ্রব্যে নিহিত থাকে। ইহা আকারে বাদামের স্তায়। আমরা, ভারতীয় ও আরব দেশের মুক্তাকে হীরকের পরবর্ত্তী স্থান প্রদান করি।

কেহ কেহ মনে করেন বে, পারা ও মরকত একই দ্রব্য : অস্ততঃ পক্ষে ইহারা একই জাতীয়। এই সকল দ্রব্য ভারতবর্ষে পাওয়া যায়; অস্তাস্ত দেশে কদাচিত পাওরা যার। ভারতীরগণ দীর্ঘাকারের পারাগুলির অত্যধিক আদর করে এবং কেবল এইগুলিকেই তাহারা স্থবর্ণের সহিত পরিধান করে না। এবং, এই জন্ম এই গুলির মধ্যে ছিদ্র করিয়া তাহারা ছস্থির লোমে গ্রথিত করিয়া পরিধান করে। যে সকল পান্না উৎক্লষ্ট, ভাহাদের ছিল্র না করিয়া উভয়পার্শে স্কর্ণের ক্ষুত্র ২ বৃত্ত সহকারে ধারণ করাই উচিত। ভারতীয় অধিবাসিগণ ক্ষটিককে রঞ্জন করিতে সমর্থ বলিয়া তাহারা নানাপ্রকার মূল্যবান প্রস্তর অনুকরণ করিতে পারে। ওপাল (opal) গুলি কেবল মরকত অপেক্ষাই মূল্যে কম। ভারতবর্ষেই কেবল এই সকল মূল্যবান প্রস্তুর পাওয়া যার এবং এবম্প্রকারেই-ভারতবর্ষ মূল্যবান প্রস্তর উৎপাদনকারী বলিয়া খ্যাতি-লাভ করিয়াছে।

আকিসাইন এবং গঙ্গায়ও নানাপ্রকার মূল্যবান প্রস্তর পাওয়া যার।

# ৪। ইলিয়ান

খৃষ্টীয় বিভীয় শতাব্দীর মধ্যভাগে ক্লদিয়াস ইলিয়ানাস নামক গ্রন্থকার ইভালির অন্তর্গত প্রিনেষ্টি নগবে জন্ম গ্রহণ করেন। ইলিয়ানাস ইতিহাস বিষয়ক একথানি, মোট ছইণানি পুস্তক প্রণয়ন করেন। তিনি রোমে বাস করিয়া অলক্ষার শান্ত্র অধ্যাপনা করিতেন। ইলিয়ানাস গ্রীকভাষা ও গ্রীসীয় অলক্ষার শান্ত্রের অভিশয় ভক্ত ছিলেন। তিনি প্রীক ভাষায় এতদূর ব্যুৎপত্তি-লাভ করিয়াছিলেন যে, তিনি উক্ত ভাষায় গ্রীসীয়দিগের জ্ঞায় অনর্গল কথোপকথন করিতে পারিতেন। তিনি জক্ত সম্বন্ধে যে পুস্তক লিথিয়াছেন, সেই থানিই বিশেষ প্রসিদ্ধি লাভ করিয়াছিল। প্রতিহাসিক পুস্তক থানিতে তাঁহার গবেষণার অভাব না থাকিলেও উহার অধিক প্রচলন হয় নাই। বচনার সেরূপ পারিপাট্য ছিল না বলিয়াই বোধ হয় এই দশা ঘটিয়াছিল। ইলিয়ানাসের পুস্তকে ভারতবর্ষীয় অনেকগুলি পশু পক্ষীর উল্লেখ এবং সঙ্গে সঙ্গে কদানীস্তন ভারতীয় অনেক রীতি নীতিরও উল্লেখ করিয়াছেন।

ভারতীর স্বৰ্ণপ্রস্থ পিপীলিকাগণ কদাপি নদী পার হয় না (১)। কথিত হয় যে, দিতীয় টলেমির (২) নিকট ভারতবর্ষ হইতে একটা শৃঙ্গ প্রেরিত হয়, এই শৃঙ্গে প্রায় ২৬ গ্যালন জল ধরিত। নিশ্চয়ই ইহা কোন বহদাকারের বণ্ডের শৃঙ্গ।

<sup>(</sup>১) ষ্ট্রাবো স্বর্ণপ্রস্থ পিপীলিকার বর্ণনা নিজ গ্রন্থে লিপিবছ করিয়াছেন। পূর্বে এটব্য ।

<sup>(</sup>২) বিজীয় টলেমি বা টলেমি ফিলাডেলফসের কথা পূর্বে উদ্লিখিত হইবাছে। জিনি বিজ্ঞানামূরক্ত ছিলেন।

প্রকাশ এই বে, ভারতবর্ষে এক শৃঙ্গ বিশিষ্ট আশ্ব ও গর্দন্ত পাওরা বায়। এই সকল জন্তুর শৃঙ্গ হইতে পানপাত্র প্রস্তুত হয়, এবং এই সকল পান পাত্রস্থ দ্বারে বিষ মিশ্রিত করিলেও, পানকারীর কোন অপকার হয় না; কেননা এই সকল শৃঙ্গ বিষয় গুণ বিশিষ্ট।

এক ভারতীয় হস্তিপক একটা ক্ষুদ্র খেতহস্তী পাইয়া তাহাকে গৃছে
আনমন করিয়া লালন পালন করে। হস্তিপক হস্তীয় প্রতি এবং হস্তীও
বীয় প্রভুর প্রতি অনুমক্ত হয়। এই সময় ভারতবর্ধের রাজা, ঐ খেতহস্তীয় রুব্রাস্ত অবগত হইয়া, হস্তী-লাভে ইচছুক হন। কিন্তু হস্তিপক এই
সংবাদে অত্যন্ত হুংখিত হইয়া ঐ হস্তীপৃঠে আরোহণ পূর্বাক স্থানে
পরিত্যাগ করিয়া মঙ্কভূমি অভিমুখে যাত্রা করে। রাজা ইহাতে অত্যন্ত
কুদ্ধ হইয়া হস্তিপককে শ্বত করিবার জন্তা সৈন্ত প্রেরণ করেন। এই
সকল সৈন্ত পশ্চাদ্ধাবন করিয়া হস্তিপককে আক্রমণ করিলে, হস্তিপকও
উহাদিগকে আঘাত করিতে থাকে। হস্তীও তাহার প্রভুর সহায়তা
করিতে লাগিল, কিন্তু হস্তিপক আহত হইয়া হস্তীপৃঠ হইতে নিমে পতিত
হয়। হস্তীটি তথন, "নিমকের চাকরের লায়" তাহার প্রভুর পার্বো
দণ্ডায়মান হইয়া তাহাকে রক্ষণ করিতে করিতে সৈন্তগণকে আঘাত
করিতে থাকে। অবশেষে সৈন্তগণ প্লায়ন করে। পরে, হস্তী আহত
প্রভুকে নিজ পৃঠে বহন করিয়া গৃহে প্রত্যাগমন করে এবং হস্তিপককে
বিশ্বস্ত বন্ধর আয় শুশ্রমা করে।

ভারতীয় সারমেমগুলিকেও বহুজন্ধ বলিয়া পরিগণিত করা উচিত।
বীর্ষ্যে ও সাহসে ইহাদের সমতুল্য জন্ধ পাওয়া বায় না এবং পৃথিবীর
কুল্রাপিও এরূপ বৃহৎ সারমেয় দৃষ্ট হয় না। ইহারা অপর সকল জন্ধকেই
ম্বুণার চক্ষে দেখে। কেবল সিংহের সহিতই ইহাদিগকে যুদ্ধ করিতে
দেখা হায়। যদিও ভারতীয় কুকুর সিংহের নিকট পরাজিত হয়, তত্রাপি

সিংহও ইহার আক্রমণে মধ্যে মধ্যে পরাজিত হইরা মৃত্যুমুধে পতিত হর।
বন্ধত: কুকুর একবার সিংহকে ধরিতে পারিলে, কিছুতেই ইহাকে
পরিত্যাগ করে না। এরপ সময়ে কেহ ছুরিকা ছারা কুকুরের পদ ছিল্ল
করিলা দিলেও, সে সিংহকে পরিত্যাগ করে না (৩)।

ভারতবাসীরা সহজে পূর্ণবয়স্ক হন্তী খৃত করিতে পারে না; তাহাদের এবিবরে চেষ্টাও নাই; বিশেষতঃ পূর্ণবয়স্ক হন্তী ধরিবার আদেশও নাই। শিকারীগণ নদীতীরস্থ জলা-ভূমিতে ঘাইরা অরবর্গ্ধ হন্তী খৃত করে। হন্তীরা আর্দ্র ও নরম স্থানে থাকিতে ভালবাসে এবং জল মধ্যে থাকিতে তাহাদের স্পৃহা দেখা যার। অর বরুসে তাহারা ভারতবাসী দারা খৃত হইরা পোষ মানে এবং তাহারা যে খাত্ত-গ্রহণে অভিলামী হর, তাহাই তাহাদের প্রদন্ত হয়। হন্তীরা ভদ্দেশবাসীদিগের কথা বুঝিতে পারে। অধিবাসিগণ হন্তিগণকে সন্থানাদির ক্সার লালন পালন করে এবং অধিক দিন ধরিরা শিক্ষা দেয়।

তিংপরে, গ্রন্থকার গ্রিফিন নামক করিত জন্তর, ভারতীয় মেব, বিষাঞ্চ সর্প ও কীট, বস্তু গৰ্দ্ধন্ত ও ময়ুরের বর্ণনা করিয়াছেন। শেৰোক্ত পশীর বর্ণনা প্রসঙ্গে তিনি বলিয়াছেন যে, আলেকজান্দার ভারতবর্ষে অবস্থান কালীন এই পক্ষী দেখিয়া এত চমৎকৃত হইয়াছিলেন বে, ময়ুর হত্যা-কারীকে শুক্রতর দণ্ড দেওয়া হইবে এইরূপ আদেশ প্রচার করিয়াছিলেন।]

ভারতীয়গণ বখন হস্তী ছারা কোন বৃক্ষ উৎপাটিত করে, তখন হস্তিগণ বৃক্ষকে ধারা দেয়; বৃক্ষটীকে তাহারা উৎপাটিত করিতে সক্ষম হইবে কি না, তাহারা ইহাতেই বুঝিতে পারে।

ভারতবর্ষে সর্পে ও হস্তীতে বিশেষ প্রতিবন্দিতা দেখা বার। ভারতীর

<sup>(</sup>७) अहे विवनन द्वीरतां छ छात्रथ कवित्राह्म ।

হত্তিগণ বৃক্ষের শাথা প্রশাথা ভক্ষণ করে। সর্পগণ ইহা অবগত থাকাতে তাহারা ঘন সন্নিবিষ্ট পত্রের মধ্যে লুকারিত থাকে এবং হস্তী বৃক্ষ-শাথা ভন্ন করিতে উগ্রত হইলে ছোঁ মারিয়া তাহার চক্ষ্ উৎপাটিত করে। পরে, গলদেশ বেষ্টন করিয়া পুদ্ধ ঘারা হস্তীকে আঘাত করে।

যথন ভারতীয় রাজা পোরদ, আলেকজান্দারের সহিত যুদ্ধে আহত হইরাছিলেন, তথন পোরদের হস্তীটি যদ্দাহকারে পোরদের গাত্রবিদ্ধ তীরগুলি উৎপাটিত করিতে লাগিল। যথন দেখিল যে অতিরিক্ত রক্তনাবে পোরদ অত্যক্ত হর্বল হইতেছেন, তথন ক্ষাস্ত হইল। পরে, ধীরে ধীরে তাঁহাকে নিজপৃষ্ঠ হইতে ভূমিতে রাখিয়া প্রহরীর ভার দণ্ডায়মান রহিল।

ভারতীয় সমূদ্রে একপ্রকার বাণ মংস্থ পাওরা যায়; ইহারা গভীর জলে থাকে এবং মৃতাবস্থায় জলের উপর ভাদিতে থাকে। এই মংস্থ কোন মমুন্মকে স্পর্শ করিলে মমুন্ম সংজ্ঞাশৃন্থ হয় এবং পরে প্রাণ ত্যাগ করে।

ভারতবর্ষে অনেক প্রকার দ্রব্য পাওরা যার। এই সকল উৎপাদিত দ্রব্যের মধ্যে কতকগুলি দৃষ্টে ভারতবর্ষের উর্জ্বরতার প্রমাণ পাওরা যার। দেশে যথেই সর্প পাওরা যার এবং ইহারা অত্যন্ত বিষধর। কিন্তু এই দেশে আবার যথেই বিষদ্ধ ভেষজও পাওরা যার। অধিবাদীরা এই সকল বিষর এমন সম্যকরূপে পরিজ্ঞাত আছে যে, কোন্ সর্পের দংশনে কোন্ গুরুধ প্রয়োগ করিতে হইবে, তাহা নির্দ্ধাচন করিতে তাহাদের বিন্দুমাত্রও দিধা বোধ করিতে হয় না। ভারতবাদীরা বলে যে, কোন সর্প কাহাকেও দংশন করিয়া প্ররার ভূগর্ভে প্রবেশ করিতে পারে না; ঐ সর্পের স্ত্রী পুত্রত্ব ইন্দ্র সক্ত ত্যাগ করে।

ভারতবর্ষের অন্তর্গত গলা নদীর যে স্থান পর্যান্ত অন্ত কোন উপনদীর

সহিত সংযোগ হয়:নাই, সে স্থান পর্যান্ত ঐ নাইন গভীরতা প্রায় ৮০ হাত এবং প্রস্থ ৮০ প্রাডিয়া। কিন্তু গলা যে স্থান ইইতে অক্সান্ত নদ নদীর সহিত মিলিতা হইরাছে, সে স্থানে ইহার গভীরতা প্রায় ২৪০ হাত এবং প্রস্থেই ইহা ৪০০ শত প্রাডিয়া। ইহার মধ্যে রহৎ রহৎ দ্বীপ আছে। ইহার মধ্যন্ত মংস্ত প্রতি বুহদাকারের এবং ঐ মংস্তের তৈল হইতে এক প্রকার প্রণেপ প্রস্তুত হয়। গলার কচ্চপও পাওয়া যায়। এই কচ্ছপগুলি এত রহৎ যে ইহাদের চাড়াগুলিতে ১৮০ গ্যালন জলীয় পদার্থ ধরিতে পারে। গলার হই প্রকার কুন্তীর পাওয়া যায়। একজাতীর কুন্তীর কাহারও অনিষ্ট করে না; কিন্তু অন্ত জাতীয়গুলি হিংম্র প্রকৃতির। ভারতবর্ষে জলাদের আবশ্রক হয় না; কেননা গুরুতর অপরাধে অপরাধীগুলিকে এই শেষাকৈ শ্রেণীর কুন্তীরের নিকট নিক্ষেপ করা হয়।

ভারতবর্ধে পূর্ণবয়য় হন্তী খৃত হইলে, তাহাকে বশীভূত করা হ্রছর; কেননা তাহারা খাধীনতা-প্ররাসী হইরা অনেক সময় রক্তপাত করে।
শৃঙ্খলাবদ্ধ করিয়া রাধিলে ইহারা আরও কুদ্ধ হয় এবং আলে প্রভূর
বগুতা শীকার করে না। ভারতবর্ধের অধিবাসীরা ইহাকে থাগাদি দ্বারা
প্রলোভিত করে এবং হন্তীর আকাজ্জানুষায়ী উহাকে নানা প্রকার থাস্ত
প্রদান করে। তত্তাপি ইহারা পোষ মানে না। অবশেষে অধিবাসীরা
বাস্তধ্বনি করিতে থাকে (৪)। হন্তী ইহাতে প্রীত হইয়া শান্ত হয়। পরে
মধ্যে মধ্যে কুদ্ধ হইলেও ইহার আহার গ্রহণে স্পৃহা হয়। তথন ইহাকে
বন্ধন মুক্ত করা হয় কিন্ত হন্তী বন্ধন-মুক্ত হইলেও স্থান পরিত্যাগ করে
না; সে গীতবাস্তধ্বনিতে মুগ্ধ হইয়া পড়িয়া থাকে এবং রীতিমত্ত আহারাদি
গ্রহণ করে।

<sup>( 8 )</sup> है। त्वां विवत्र व्यक्ति हो।

ভারতবাসীরা হত্তীকে আগন আপন বন্ধুর ক্লার শুশ্রমা করে। ঈষদ্ধ লগ বারা হত্তীর ক্তন্থান ধৌত করিরা পরে ঐ স্থান মাধন সহবোগে মর্দন করে। ক্ষত গভীর হইলে ক্তন্থানে পুকর মাংস প্ররোগ করে। গোহ্প্র বারা উহারা হত্তীর চক্ষুর ব্যাধি আরাম করে। হত্তিগপ এই সকল চিকিৎসার স্থী হর।

হতীরা পুশ-ভক্ত, এবং স্থগদ্ধি পূল্প অত্যন্ত পছল করে। এই অস্ত তাহাদের মধ্যে মধ্যে পুলোগ্রানে লইরা যাওরা হর এবং তাহারা নিজ নিজ ল্পৃহাস্থারা পূল্পচরন করিলে উহা সাজীর মধ্যে রক্ষিত হর। পরে হত্তী মান করিরা গৃহে প্রত্যাগমন করিরা হিদি নিজ সংগৃহীত পূলা না পার, ভবে গর্জন করিতে থাকে। এমন কি, ঐ পূলা না পাইলে সে নিজ আহারও গ্রহণ করে না। পূলা প্রদত্ত হইলে পূলাগুলি নিজ ভঙ ঘারা আহারপাত্তের চভূদিকে রাধিরা দের; নিজ শ্ব্যার উপরেও কতকগুলি

ভারতীর রাজপ্রাসাদে যে স্থানে সম্রাট বাস করেন, তথার এমন সকল জভ্যাশ্চর্যা দ্রব্য জাছে বে, ঐ সকল দ্রব্য দর্শনে স্থসা (৫) বা একবাটানা-বাসীদিগেরও হিংসা হর। এতদ্বাতীত জারও অনেক আশ্চর্যা দ্রব্য জাছে। প্রশোস্তানে গৃহ-পালিত ময়ুর ও অক্তান্ত স্থলর স্থলর পক্ষী রক্ষিত হর। অনেকগুলি রক্ষও বত্ব সহকারে রক্ষিত হর এবং কোন কোন বৃক্ষ রাজভ্তোরা বন্ধের সহিত প্রতিপালন করে। এই সকল রক্ষে সকল সমরেই পূস্প প্রেক্টাত থাকে। এই সকল রক্ষের কতকগুলি ঐ দেশেই জন্মিরা থাকে, কতক বা ভিন্ন দেশ হইতে জানীত হয়। এই দেশে প্রচুর পরিমাণে ভোতা পক্ষী পাওরা বার এবং ইহারা রাজার চতুস্পার্থে উন্ডীরমান থাকে।

<sup>(</sup> c) সুসা—প্রাচীন পারস্তরাজগণের অক্সভম রাজধানী।

এই পক্ষী ভারতবর্ষে পর্যাপ্ত পরিমাণে পাওয়া পেলেও, অধিবাসীরা ইহার মাংস ভোজন করে না। এই পক্ষীকে উহারা পৰিত্র বলিয়া মনে করে এবং ব্রাহ্মণেরাও অন্তান্ত পক্ষী অপেকা ইহাদের অধিক শ্রদা করেন। কেবল তোতা পক্ষীই মহুয়োর স্বর অফুকরণ করিতে পারে এবং সেই ৰুতাই ইহাদের এত শ্রন্ধার চক্ষে দেখা হয়। প্রাসাদ সংশ্লিষ্ট উত্যানের পুষ্করিণীতে বৃহৎ মৎশু আছে। কিন্তু ইহারা পালিত। রাকপুত্রগণই বাল্যকালে এই দকল মংশু ধরিতে পারেন। রাজপুত্রগণ এইস্থানেই আমোদ প্রমোদ করেন এবং নৌকা চালনা শিক্ষা করেন (৬)। বিচারার্থ প্রাসাদ পরিত্যাগ করিলেই প্রথমেই একটা শিক্ষিত হস্তী রাজাকে व्यक्तितानन करत ; रखो कान ममस्बर्ध छैरा विश्व एव ना वा व्यक्तितानन করিতে অস্বীকার করে না। হস্তিপক হস্তীর নিকটেই দ্ঞায়মান থাকে এবং অঙ্কুশ ধারা হস্তীকে উহার কর্তব্য শারণ করাইয়া দের। হস্তী হস্তিপকের কথাও বুঝিতে পারে, ইহাও আশ্চর্য্য ক্ষমতা। রাজার রক্ষার জন্ম অনবরত ২৪টা হস্তী থাকে এবং বেরূপ প্রহরী পরিবর্ত্তন করা হয়. ইহাদেরও সেইন্নপ পরিবর্ত্তন হয়। প্রহরী-কার্য্যে নিযুক্ত থাকা কালীন ৰাহাতে তাহারা নিজালু না হয়, তাহাও হস্তীদের শিক্ষা দেওয়া হয়। ছন্তিগণ অতান্ত সতর্ক প্রহরী।

ভারতবাসিগণ হস্তী ও অখকে যুদ্ধের সাহাধ্যকারী বলিরা অত্যন্ত আদর করে। ইহারা রাজকার্য্যে শুরু তৃণ এবং কাঁচা খাস বহন করিয়া নিজ নিজ পশু-শালার আনম্বন করে। যদি উহারা কর্ত্তব্যকার্য্যে অবহেলা করে, তবে উহাদের রক্ষকদিগকে যৎপরোনান্তি শান্তি দেওরা হয়। রাজা

<sup>(</sup>৬) চাণক্য প্রণীত অর্থশান্তে দিখিত আছে বে, রাজা "অভরারণ্য" ছিত ছদে নৌজা চালনা করিবেন।

কুদ্র কুদ্র জন্ধকেও দুগা করেন না এবং এই সকল জন্ধকে উপহার অরূপ প্রহণ করেন। ভারতবাসীরা বন্ধ বা পালিত, কুদ্র বা বৃহৎ কোন জন্ধকেই দুগা করেন না। অভিজ্ঞাতগণও রাজাকে কুদ্র কুদ্র পঞ্চ, পক্ষী, (হংস, কুরুট, রাজহংস, কবৃতর, তিতির) উপহার অরূপ প্রদান করেন। অনেক সময় ইহাপেকা কুদ্রাকারের পক্ষীও উপহার দেওয়া হয়। ভারত-বর্ষের অধিবাসিগণ রাজাকে মৎস্থুও উপহার প্রদান করেন।

ভারতবর্ধে এবং বিশেষতঃ প্রাসিরান ( १ ) দিগের দেশে গলিত মধু পত্র ও পুশের উপর পতিত হর। এই মধুতেই গ্রাদিজস্তুর পুষ্টিকর খান্ত হর এবং উহারা ইহাই খাইতে অত্যন্ত পছল করে। এই জন্তই গোপালক-গণ ধথায় এই মধু থাকে, তথারই ইহাদের চারণ করে। এই জন্তই ইহাদের হগ্ধ অতি সুস্বাহ এবং গ্রীসে বেরূপ হগ্নের সহিত মধু মিশ্রিত করিতে হয়, এখানে সেরূপ প্রারোজন হয় না।

যথন ইউক্রেটাইডিস (৮) বাকট্রিয়া প্রদেশ শাসন করিতেন, তথন পেরিমুডা নগরে (৯) রাজ বংশ জাত সোরাস নামক এক শাসনকর্ত্তা ছিলেন। এই নগরের মৎস্তজীবিগণ জাল লইয়া, এক বৃহৎ উপ-সাগরে শুক্তি সংগ্রহ করিত। এই শুক্তি শভোর উপরে জয়ে। শুক্তিগণ দলবদ্ধ হইয়া জলমধ্যে ভ্রমণ করে এবং ইহাদেরও নেতা আছে। নেতা অক্সান্ত শুক্তি অপেক্ষা বৃহৎ এবং ইহার বর্ণও সকলের অপেক্ষা স্কলম।

<sup>( 1 )</sup> উত্তরবন্ধ ও বিহারের অধিবাসীবর্গকে গ্রীসীয়ানগণ এই নামে আখ্যাত করিতেন।

<sup>(</sup>৮) ইউক্রেটাইডিস—গ্রীকো-বাকট্রিয়ান রাজগণের মধ্যে সর্ববাপেকা পরা-ক্রাস্ত রাজা। ষ্ট্রাবোর বিবরণ জষ্টব্য।

<sup>(</sup>৯) করমগুল উপকৃলস্থ কোন স্থান। সঠিক নির্দিষ্ট হয় নাই।

শেই জ্বন্থ ভূব্বিগণ ইহাকে ধরিতে বিশেষ চেষ্টা করে; কেননা নেতা ধরা পড়িলেই দল নিস্তেজ হইরা পড়ে এবং শীঘ্রই উহাদের ধরা বার। যতক্ষণ নেতা ধৃত না হয় ততক্ষণ দল শ্রেণীবদ্ধ থাকে, এবং তাহাদের ধৃত করা হছর। ধৃত হইলে ইহাদের পাত্রে করিয়া রাখা হয় এবং মাংস পচিয়া গলিয়া শুদ্ধ প্রস্তুই অবশিষ্ট থাকে। ভারতীয় শুক্তিই সর্ব্বাপেক্ষা স্থলর। বিটন-জ্বাত শুক্তি ভারতীয় শুক্তি অপেক্ষা নিক্ষ্ট বলিয়া কথিত হয়।

ভারতীরগণ তাহাদের রাজার নিকট পালিত ব্যাস্থ, চিভাবার এবং চতু:শৃঙ্গ বিশিষ্ট হরিণ আনরন করে। ভারতবর্ষে তুই প্রকার বন্ধ পাওরা বান্ধ—এক প্রকার অত্যন্ত ক্রতগামী, অন্থ প্রকার বন্ধ। ইহাদের লোম সম্পূর্ণ রুঞ্চ বর্ণ কিন্তু পুছের লোম শুল। উহারা রাজার নিকট মন্দপ্রশুভ হরিদর্পের পারাবতও আনরন করে। এই সকল পারাবত কিছুতেই পোষ মানে না। সারমেয় ও বানরও রাজার নিকট আনীত হইরা থাকে।

মহারাজ বৎসরের একদিন মহন্য ও জন্তগণের ক্রীড়ার জন্ম নির্দারিত করেন। হস্তিগণও ক্রীড়ার্থ উপস্থিত হয়। এই হস্তী-ক্রীড়ায় অনেক সময় উভয় হস্তীই মৃত্যুমুথে পতিত হয়।

আলেকজানার যথন ভারতবর্ষীয় নগরগুলি আক্রমণ করিয়া অধিকার করিয়া ছিলেন, তথন তিনি অনেক নগরে অস্তাস্ত জন্ত বাতীত সর্পপ্ত দেখিতে পাইয়াছিলেন। এই সকল সর্প পবিত্র বলিয়া বিবেচিত হইজ এবং শুহার রাথিয়া ইহাদের ভক্তি সহকারে পূজা করা হইত। অধিবাসীরা যাহাতে এই সকল সর্পের প্রতি অত্যাচার না হয়, তজ্জ্ম আলেকজান্দারের নিকট প্রার্থনা করাতে আলেকজান্দার ঐ প্রস্তাবে সন্মত হইরাছিলেন। এক সময় আলেকজান্দারের সৈম্ভদল ঐরূপ একটা সর্পের
নিকট দিরা যাইতেছিল; সেই সময় ঐ সর্প এরূপ জ্বোরে নিশাস প্রশাস

কেলিতে নাগিল বে, সকলেই অভ্যন্ত ভীত হইরা কিংকর্জব্য বিমৃঢ় হইরা-ছিল। কেবল ইহার মন্তক গর্ত্তের বহির্ভাগে দেখা গিরাছিল—ঐ মন্তক ৭০ হাত দীর্ঘ ছিল। ইহার চকুগুলি মাসিদন প্রদেশীর ঢালের ভার বৃহৎ ছিল।

ভারতীর অধিবাসিগণ ক্রতগামী যগুকেও বিশেষ আদর করে এবং রাজা ও অভিজাতগণ বণ্ডের ক্রতগামীত্ব লইরা বাজী রাথেন। ইহাদিগকে রথে যোজিত করিয়া পরীক্ষা করা হয়। যগুও ও অখের মধ্যে কাহারা অধিক ক্রতগামী তাহা নির্ণয় করা হুঃসাধ্য।

ভারতে তিন প্রকার তোতাপাধী পাওরা যার। দিকা পাইলে এই তিনশ্রেণীস্থ তোতাপাধীই বালক বালিকার ন্যার কথা বলিতে পারে। দিকা না পাইলে ইহারা মন্তব্যের ন্যার কথা বলিতে পারে না এবং সেই জন্ত ইহারা বনে অন্যান্ত পক্ষীর ক্সার ক্জন করে। ভারতবর্ষে মর্র ও বক্ত পারাবত পাওয়া যার। শেষোক্ত পক্ষীগুলিকে অকলাৎ দেখিলে তোতা বলিরা ভ্রম হয়। ভারতবর্ষে কুকুটও পাওরা যার; ইহাদের চূড়া বছ বর্ণ স্থানাভিত। ইহাদের পুচ্ছ মর্রের ন্যার বৃহৎ। ইহাদের পালক স্বর্গ-বর্ণ।

ক্লিটার্কাস বলেন যে, ভারতবর্ষে এক জাতীয় বোড়শ হস্ত দীর্ঘ সর্প পাওরা বায়। অন্ত এক প্রকার সর্প পাওরা বায়; ইহারা আকারে ক্ষুত্র এবং বিচিত্র বর্ণ রঞ্জিত। কোন কোনটীর মন্তক হইতে লেজ পর্য্যস্ত ভাস্ত বর্ণ শির, কোনটী রৌপ্য বর্ণের, কোনটী লোহিত এবং কোনটী বা ক্ষুবর্ণের স্তায় উজ্জেল। লেখক বলেন বে, ইহারা অত্যস্ত বিবাক্ত।

ক্লিটার্কাস বলেন যে, কাট্রিরাস নামক ভারতীর পক্ষী অত্যন্ত স্থলন ; ইহা আকারে ময়ুরের স্থায় এবং ইহার পালকের অগ্রভাগগুলি মরকতের স্থায় উজ্জন। ইহার চকুর রং দিশুরের স্থায়—কেবল তারাগুলি আপেনের ক্সার। মতকের পালক নালাত, পদ্বর রক্তবর্ণ। ইহা স্থমিট পাল করে। অধিবাসিগণ দর্শকের নয়ন তৃপ্তির জক্ত ইহাদের পশুশালার রাখে। এতহাতীত আরও নানাপ্রকারের পক্ষী আছে।

ক্লিটার্কাস বলেন যে, ভারতবর্ষে বিভিন্ন বর্ণের এবং ভিন্ন ভিন্ন আকারের বানর আছে। পার্বত্য প্রদেশীয় বানর এত বৃহৎ বে, কিলিপের পুত্র আলেকজান্দার ইহাদের দেখিরা ভীত হইয়াছিলেন। আলেকজান্দার যথন নিজ সৈতাসহ অগ্রসর হইতে ছিলেন, তথন অকলাৎ সমূথে আর একটা বাহিনী দেখিরা তাহাকে শত্রু প্রেরিভ সৈম্ভ বিবেচনা করিয়া নিজ বাহিনীকে যুদ্ধার্থ প্রস্তুত হইতে আদেশ দেন। কিন্তু পর-ক্ষণেই দেখিতে পাইলেন যে ঐ দৈয়াবাহিনী বানর সমষ্টি মাত। এই সকল বানরকে জাল ঘারা ধৃত করা যায় না, বা কুকুরেও ইহাদিগকে ধৃত করিতে পারে না। ইহারা অত্যন্ত অমুকরণ প্রিয়; একজনকে নৃত্য করিতে দেখিলে ইহারাও নৃত্য করে; কাহাকেও বংশীবাদন করিতে দেখিলে ইহারাও তাহার অত্করণ করে। কাহাকেও ছুতা পরিধান করিতে দেখিলে, ইহারাও দেই কার্য্য অফুকরণ করে এবং কাহাকেও চক্ষে तः नागहित्व तिथित हेहाता निक निक हत्क तः नागहित। শিকারী এই সকল বৃত্তান্ত অবগত থাকাতে ইহারা রংরের পরিবর্ত্তে চুণ রাখে, এবং সেই জন্ম ইহাদের চকু বদ্ধ হইয়া যায়। কোন কোন সময় শিকারীরা দর্পণের সহিত পাশ বন্ধন করে এবং দর্পণে নিজ প্রতি-বিষ পড়িবার সঙ্গে এই পাশ বদ্ধ হইয়া বানুরগণ গুত হয়।

ভারতবর্ধে বৃহদাকরের সিংহও পাওয়া বার। সিংহেরাই সর্বাপেকা হিংস্তা। ইহাদের চর্ম ক্ষাবর্ণ; ইহাদের দেখিলেই প্রাণে গভীর আবাতরু সঞ্চার হর। পূর্ণ বয়স্ক হইবার পূর্বেধ ধরিলে ইহাদের বঞ্চতা শীকার ক্রান বার এবং সে ক্ষেত্রে ইহারা অত্যন্ত বঞ্চতাপর হর। ভারতবর্ধে আরও এক প্রকার আশ্বর্য পক্ষী দৃষ্ট হয়। ইহা আকারে প্রীলিং (১০) পক্ষীর স্থায়, বিচিত্র বর্ণ এবং ইহাদিগকে মন্থয়ের স্থায় শব্দ উচ্চারণ করিতে শিক্ষা দেওয়। হয়। এই পক্ষী তোতা অপেক্ষাও বাকপটু এবং অভাবতই অধিকতর চতুর। মন্থয়ের নিকট আহার প্রাপ্ত হইয়া স্থামতেব করা দ্রে থাকুক, ইহা স্বাধীনতার জন্ম এত ব্যাকুল এবং সঙ্গীদিগের সহিত ইচ্ছামূরপ কুলনে এত লালায়িত যে, অধীন থাকিয়া উত্তম আহারাদি ভোগ করা অপেক্ষা স্বাধীন থাকিয়া অনশনই শ্রেয়: মনে করে। যে সকল মাসিদোনিয়ানগণ ভারতবর্ষস্থ বৌকেফলা ও নিকটবর্ত্তী স্থান এবং কুরোপেলিস ও ফিলিপ পুত্র আলেকজান্দার কর্তৃক স্থাপিত নগরে বাস করে, তাহারা ইহাকে কার্কিয়ন (১১) বলে। আমার বোধ হয়, পানিকোরীর স্থায় পুচ্ছ সঞ্চালন করে বলিয়া এই নামের উৎপত্তি হয়াছে।

আমি আরও অবগত হইলাম যে ভারতবর্ষে কীল নামক পক্ষী আছে;
এই পক্ষী আয়তনে বাষ্টার্ড (১২) অপেক্ষা ত্রিপ্তণ; ইহা অত্যক্ত দীর্ঘ
চঞ্ বিশিষ্ট এবং ইহার পদন্বরও দীর্ঘ। চর্মের থলিয়ার স্থায় ইহার একটী
প্রকাণ্ড থলিয়া আছে। ইহার স্বর অত্যক্ত কর্কণ। ইহার পালকপ্তলি
পাংশুবর্ণ; কেবল মাত্র পক্ষের প্রাস্তভাগে ঈরৎ পীত বর্ণ।

ইহাও আমি শুনিরাছি যে, ভারতবর্ষের হুপো আমাদের দেশের এই পক্ষীর দিগুণ এবং উহারা দেখিতেও অধিকতর স্থানী। হোমর বলেন যে, বেমন অথের বরার এবং সজার কোন গ্রীকরাজার আহলাদ

<sup>(</sup>১০) সম্ভবতঃ ভরত পক্ষী।

<sup>্</sup> ১১) কাকাভুয়া।

<sup>(</sup>১২) সম্ভবত: আই চ জাতীয় পক্ষী বিশেষ।

হর, ভারতবর্ষের রাজারও তেমনি পক্ষীতে আনন্দ হয়। রাজা ইহা হতে লইয়া ভ্রমণ করেন, ইহার সহিত ক্রীড়া করেন এবং আহলাদিত চিত্তে এই পক্ষীর উজ্জ্বলতা ও প্রকৃতি দত্ত সৌন্দর্য্য নিরীক্ষণ করিয়া ক্লান্ত হন না। ব্রাহ্মণগণ এজন্ত এই পক্ষীকে একটা গল্পের আখ্যান-বস্তু করিয়াছেন। তাঁহাদের উপাথ্যানটি এই:—ভারতবর্ষের রাজার একটা পুত্র জন্ম। এই পুত্রের কয়েকটা জ্যেষ্ঠ সহোদর ছিল ; তাহারা বয়:প্রাপ্ত হইয়া অত্যন্ত তুর্বান্ত ও কদাচারী হইয়া উঠে। জােষ্ঠগণ কনিষ্ট বলিয়া উহাকে ঘূণা করিত এবং তাহাদের মাতাপিতাকে বৃদ্ধ ও প্রক্রেশ বলিয়া মুণা করিত। এই জন্ম, ঐ বালক ও তাহার বুদ্ধ মাতাপিতা এই সকল হুষ্ট, প্রকৃতির সন্তানের সহিত বাস করিতে অসমর্থ হওয়ায় একত্তে তিন জনে গৃহত্যাগ করিয়। পলায়ন করেন। স্থলীর্ঘপথ ভ্রমণ করিতে করিতে রাহ্ণা ও রাণী অবসর হইয়া দেহত্যাগ করেন এবং বালকটা তাঁছাদের প্রতি সম্মানপ্রদর্শনার্থ নিজ মন্তক স্বকীয় তরবারি দ্বারা ছেদন করিয়া নিজদৈতে মাতাপিতাকে প্রোথিত করে। ব্রাহ্মণগণ বলেন যে, পরে সর্ব্বদর্শী দিবা**কর** এই বালকের নিরতিশয় ভক্তিতে প্রীত হইয়া তাঁহাকে অতি স্থনার ও দীর্ঘ পরমায় বিশিষ্ট পক্ষীতে পরিণত করেন। এই জন্ত পলায়ন কা**লের** ক্লত কর্ম্মের স্মারক চিহ্নস্বরূপ তাঁহার মস্তকে এই চূড়া জন্মে। আথে-নিয়ানগণও চূড়াধারী চাতক পক্ষীর সম্বন্ধে এইরূপ একটা গল্প বলে এবং আমার বোধহয় হাভারসিক নাট্যকার আরিষ্টিফিনিস তাঁহার "বিহলস" (১৩) নাটকে এই উপাধ্যান অফুকরণ করিয়াছেন। আরিষ্টফিনিস

<sup>(</sup>১৩) আবিষ্টফিনিস থ্রীসের সর্বন্ধেষ্ঠ হাস্তরসিক কবি। ইনি আনেকগুরি প্রহসন প্রণয়ন করিয়াছিলেন। "বিহঙ্গম" (Birds) পৃস্তকথানি ৪১৪ পূর্বা খাষ্ট্রাব্দে প্রাণীত হইয়াছিল।

ৰলিয়াছেন, "কারণ তুমিও অজ্ঞ ছিলে, সর্ব্বদা বাস্ত ছিলে না এবং সর্ব্বদা দ্বীন্দণও (১৪) পাড়তে না। ঈশপ চূড়াধারী চাতক পক্ষীর বর্ণনা কালে বলিয়াছেন মে, পক্ষীর মধ্যে ইহাই সর্ব্বপ্রথমে জন্মগ্রহণ করে। এমন কি তথন পৃথিবীও স্পষ্ট হয় নাই। পরে ইহার পিতা পীড়িত হইয়া মৃত্যুমুখে পতিত হইলে, পৃথিবী না থাকার পাঁচ দিন পর্যান্ত শব পড়িয়া থাকে। অবশেষে অভ্যন্ত সমাহিতের স্থান না পাইয়া তাহার কভা শীয় মন্তকেই পিতাকে সমাহিত করে।" এই জন্ম বোধ হয় যে এই উপাথ্যান, অপর পক্ষী সম্বন্ধীয় হইলেও, ভারতবর্ষ হইতে আরম্ভ করিয়া গ্রীমে প্রচারিত হইয়াছে। কেন না, ব্রাহ্মণগণ বলেন যে, ভারতীয় ছপোর মন্তব্যরূপে শৈশবকালে পিতামাতার প্রতি ভক্তি প্রদর্শনের সময় হইতে অপরিমেয়কাল অতীত হইয়াছে।

ভারতবর্ষে অন্ত এক প্রকার জন্ত আছে যাহা দেখিতে স্থলচারী কুন্তীরের জ্ঞার; ইহা আকারে মান্টাদীপজাত ক্ষুত্র কুরুরের ন্তার। ইহার দেহ কর্কশ ও ঘন সমিবিষ্ট শক্ষে আবৃত; ভারতবাসীরা এই শক্ষ দারা ফাইলের (উকা) কার্য্য করে। ইহা দারা পিত্তল কাটা যাইতে পারে এবং ইহা লোহও জীর্ণ করিতে পারে। তাহারা ইহাকে "ফ্টগীস" বলে।

ভারতবর্ষে যে ক্ষম্বতর পাওরা যার, তাহাকে ভারতবাসীরা পাশবন্ধ করিরা ধৃত করে এবং ছুইবংসর বন্ধস্ক ক্ষম্বতর ধৃত করিতে পারিশে ভাহাদের বশ মানান যায়। কিন্তু, ইহার পরে ধৃত করিলে উহারা কিছুতেই বশ মানে না এবং উহারা মাংস ভোজী হিংম্র জন্তর গ্রায় হয়।

ভারতবর্ষে অখের বিশুণাকার বিশিষ্ট, এক প্রকার কেশ বছল, খন

<sup>(</sup>১৪) গল্প প্রণেত। স্থনামখ্যাত ঈশপ সম্ভবতঃ ৬২০ পূর্ব খুষ্টাব্দে জন্মগ্রহণ করেন এবং ৫৬০ পূর্বে খুষ্টাব্দে দেহত্যাগ করেন।

ক্লকবর্ণ পুচ্ছ বিশিষ্ট জন্ত আছে। এই পুচ্ছের কেশ মন্তব্যের কেশ অপেকাও চিক্ৰ এবং এই জন্ম ইহা ভারতীয় রুমণীগণের অভাস্ত প্রিয়: কারণ ইহা দারা ভারতীয় রমণীগণ স্বীয় স্বীয় স্বভাব-জাত কেশ ৰদ্ধন করিয়া শোভা বৃদ্ধি করে। এই কেশ গুই হন্ত দীর্ঘ এবং প্রত্যেক কেশের মূল হইতে ঝালরের প্রান্ত ত্রিশটী কেশ উৎপন্ন হর। এই জন্ত সর্ব্বাপেকা ভীক, কারণ কেহ ইহাকে দেখিতেছে ঠিক পাইলেই তংকণাৎ যথাসাধ্য দৌড়িতে আরম্ভ করে, কিন্তু ইহার পলায়নের বড অধিক ব্যগ্রতা, ক্রতগমনশক্তি তত অধিক নহে। ক্রতগামী অখ ও কুৰুরের সাহায্যে ইহাকে শিকার করা হইয়া থাকে। যথন সে দেখিতে পার যে, ধৃত হইবার আর অধিক বিলম্ব নাই, তথন কোনও নিকটবর্তী ঝোপে লাকুল লুকাইয়া, শিকারীগণের অভিমুখী হইয়া প্রাণপণ করিয়া দুগুারমান शांकिया উহাদিগকে সতর্কভাবে লক্ষ্য করিতে থাকে। তথন ইহা একট্ট সাহসীও হইয়া থাকে এবং মনে করে যে যথন তাহার লাকুল দৃষ্ট হইতেছে না, তথন ইহার আর ধৃত হইবার কোন আশক্ষা নাই, কেন না ইহা জানে যে ইহার লাঙ্গুলই সর্বাপেকা চিত্তাকর্ষক। অবশুই দে জানিতে পারে যে, তাহার এই ধারণা ভ্রমাত্মক, কেন না শিকারীরা বিষাক্ত অন্ত নিক্ষেপ দ্বারা ইহাকে আহত করিয়া, ইহার মূল্যবান চর্ম উৎপাটন করে ও মৃতদেহ ফেলিয়া দের। ভারতব্বীয়েরা ইহার মাংদের কোন মংশই ব্যবহার করে না।

আরও, ভারতীয় সমুদ্রে তিমি আছে এবং ইহার। বৃহত্তম হক্তীর আরতনের পাঁচ গুণ। এই বৃহদাকার মংস্তের এক একটীর পাঁজর দীর্ষে ২০ হাত ও ইহার ওঠ ১৫ হাত হইরা থাকে। কাণকুরার নিকটবর্তী পাথনাগুলি ৭ হাত প্রশক্ত। 'কেককেশ' নামক শব্দও এই সমুদ্রে জয়ে। "পার্পন ফিস" নামক এক প্রকার মংস্তও তথার জয়ে; ইহার চাড়ার এক গ্যালন পূর্ণ হয়। কিন্তু ভারতবর্ষীর অনেক মংশুই বিশাল দেহ—
বিশেবতঃ সামুদ্রিক নেকড়ে। আমি আরও শুনিরাছি যে, যে সমরে
নদীর জল বৃদ্ধি হইয়া দেশ প্লাবিত হয়, তথন মংশুশুলি জলের সঙ্গে
ক্ষেত্রে নীত হইয়া অগভীর জলে সন্তরণ ও ইতন্ততঃ বিচরণ করে; এবং
যে বৃষ্টিতে নদীর জল বৃদ্ধি হয়, সেই বৃষ্টি থামিলে এবং জল কমিয়া
পুনর্কার যথন পূর্ব্বিৎ নিজ নিজ প্রণালীতে প্রবাহিত হয়, তথন নিয় ও
সমতল জলা ভূমিতে ( যথায় নয়জন দেবতা ক্রীড়া করেন ) কথন কথন
আটি হস্ত দীর্ঘ মংশুভ পাওয়া যায়। মংশুরা তুর্বল হইয়া সন্তরণ করে
এবং ক্রমকেরা সহজেই উহাদিগকে ধরে; কেন না, তথায় জল এমন
গভীর নহে যে, উহাতে মংশুশুলি স্বচ্ছনে বিচরণ করিতে পারে; বস্তুতঃ
ঐ জল এত কম গভীর যে, তাহারা কোন প্রকারে উহাতে বাঁচিতে পারে।

নিম্লিখিত মংশুগুলি কেবল ভারতবর্ষেই জন্মিরা থাকে। এদেশে যে "রোচেশ" (Prickly roaches) জন্মে উহা আর্গলিসের বিষধর সর্প অপেকা কুজ নহে। ভারতবর্ষীয় চিংড়ি মাছ কর্কট অপেকাণ্ড বৃহৎ। ইহারা সমুদ্র হইতে গলার প্রবেশ করিয়া স্রোতের বিপরীত দিকে গমন করে; ইহাদের বৃহৎ নথ অত্যন্ত বন্ধুর। আমি জানিতে পারিলাম যে, যে সকল চিংড়ি পারভোগসাগর হইতে সিন্ধুনদে প্রবেশ করে, ভাহাদিগের কন্টকগুলি মন্থ্য এবং তাহাদের যে শুরা আছে উহা দীর্ঘ ও কুঞ্চিত। কিন্ধু এই জাতীয় চিংড়ির নথ নাই।

ভারতবর্ষীর কচ্ছপ নদীতে বাস করে; ইহা অতি বৃহদাকার এবং উহার চাড়া পূর্ণায়তন ডিঙ্গি অপেক্ষা কৃষ্ণ নহে। এই চাড়াতে ১২০ গ্যালন জল ধরে। ভারতবর্ষে, এতহাতীত স্থলচর কচ্ছপও আছে; যে উর্বর ক্ষেত্রের মৃত্তিকা অত্যন্ত নরম এবং কর্ষণের সমন্ত হল গভীর মৃত্তিকার প্রবেশ করিরা যে ক্ষেত্রে অনারাসে বড় বড় ভাল উৎখাত করে, এই স্থলচর

কচ্ছণগুলি সেইরূপ মৃত্তিকার তালের স্থার বৃহৎ। ইহারা চাড়া পরিবর্ত্তন করে। কীট তরুতে প্রবেশ করিলে তাহাকে দেরূপে বাহির করা হয়, রুষক ও তাহার সহকারীগণ নিজ নিজ কোদালি বারা এই চাড়াগুলিকে সেইরূপে উঠাইরা ফেলে। কচ্ছণদের মাংস তৈলাক্ত এবং স্থাত এবং প্রামাণ বিশিষ্ট নহে।

আমাদের দেশেও বৃদ্ধিমান জন্ত পাওয়া যায়, কিন্তু আমাদের দেশীয় বুদ্ধিমান জন্ত ভারতবর্ষের তুলনায় কম। ভারতবর্ষে এই প্রকার বৃদ্ধিমান হন্তী, তোতা, বানর ও সাতীর (Satyr) নামক জন্ত আছে। ভারতবর্ষীয় পিপীলিকার কথাও বাদ দেওয়া উচিত নহে। আমাদের দেশীয় পিপীলিকাও অবশ্ব নিজেদের জন্ত ভূমি-গর্ভে গর্ত্ত ও বিৰব্ন খনন করিয়া নিজ ক্ষমতা পর্যাবদিত করে, কিন্তু ভারতীয় পিপীলিকারা নিজেদের জন্ত শ্রেণীবদ্ধ ক্ষুদ্র কুদ্র বাস-গৃহ নির্মাণ করে; যাহাতে সেগুলি সহজে জল-প্লাবিত না হইতে পারে, তজ্জ্ঞ ঢালু অথবা সমতল ভূমিতে নিশ্মাণ না করিয়া উচ্চ ও তুরারোহ স্থানে এই সকল গৃহ নির্শ্বিত হয়। তাহারা অসামাত্ত নৈপুণ্য সহকারে এই সকল স্থান খনন করে এবং সেগুলি দেখিলে মিশরের সমাধিকক বা ক্রীট দেশীয় গোলকধাঁধাঁর কথা স্মরণ করাইয়া দেয়। গৃহগুলি এরপ ভাবে নির্মিত হয় যে, কোন শ্রেণীই সরল থাকে না এবং সেই জন্ম পথ ও গর্ভগুলি এরপ পাকান যে উহাদের মধ্যে কোন দ্রব্য প্রবেশ বা প্রবাহিত হওয়া স্থকঠিন। বহিদ্দেশ প্রবেশের জন্ম এবং তাহারা যে শশু সংগ্রহ করে উহা লইবার জন্ম কেবল একটী মাত্র ছার থাকে। নদীর জ্বল বৃদ্ধি ও প্লাবন হইতে বৃক্ষা পাইবার জন্মই তাহারা এইরূপ উচ্চ ভূমিতে গৃহ নির্মাণ করে এবং এই দুরুদৃষ্টির জন্ম এই লাভ হয় যে, যথন চতুৰ্দিকত্ব স্থান প্ৰদেৱ স্থায় হয়, তথন ভাহারা थहती शृह वा बौरण वाम करत विनन्ना वांध हम । अधिकष धहे फेक

স্থাপ্তলি যদিও একটা অপরের নিকট নির্মিত, তত্ত্রাপি জল-প্লাবনে তাহাদের তয় বা শিথিল হওরা দূরে থাকুক, উহাতে স্থাপ্তলি আরও দৃঢ় হর; বিশেষতঃ উবার শিশিরে এগুলি আরও দৃঢ়তা লাভ করে। কারণ, এই শিশিরে বরফের ক্লায় পাতলা অথচ শক্ত আছোদন হর। আবার সঙ্গে নদীর বালির সহিত যে বৃক্ষ-লতাদি আনীত হর, উহাতে ইহাদের তলদেশ আরও দৃঢ় হয়। বহুপূর্ব্বে আইওবাস ভারতীয় পিশীলিকা সম্বন্ধে যাহা বলিয়াছেন, আমিও তাহাই বলিলাম।

ভারতীয় আরিআনাইদিগের দেশে ভূগর্ভের নিমে রহগুপূর্ণ প্রকোষ্ঠ, শুপ্তপথ ও লোক-চকুর অগোচর পথ বিশিষ্ট গহবর আছে। এগুলি অতাত গভীর এবং বছদুর বিস্তৃত। কি করিয়া এগুলির উৎপত্তি হইল, এবং কি করিয়াই বা এগুলি খনন করা হইল, ভারতবাসীরা তাহাও বলে না। আমিও তাহা জানিবার জন্ম উৎস্থক নই। ভারতবাসীরা এই স্থানে ত্রিশ সহস্রেরও অধিক মেষ, ছাগা, বৃষ ও অশ্ব প্রভৃতি বিভিন্ন প্রকারের পশু আনয়ন করে; এবং বে কেহ হঃস্বপ্ন দেখিয়া ভন্ন পাইয়াছে, কিংবা সাৰধান স্চক বা ভবিয়ত সম্বন্ধে কিছু শুনিতে পাইয়াছে, কিম্বা অমঙ্কল স্চক কোন পক্ষী দেখিয়াছে, সেই সেই ব্যক্তিই স্বকীয় প্রাণের বিনিমরে শ্বীর ক্ষমতানুষায়ী, আত্মার রক্ষার জ্বন্ত শশুটীকে নিজ্ঞা স্বরূপ গহরের निक्लभ करत। बनित পশুश्चिन मुख्यनाबक रहेन्रा खानी उ रह ना, वा তাহাদের প্রতি বল প্রয়োগ করা হয় না; কিন্তু বোধ হয় যেন তাহারা কোন আশ্চর্য্য মন্ত্রবলে বশীভূত হইরা ইচ্ছাত্নসারে এই পথে আগমন করে এবং যখনই ভাহারা গহররের মূখে পৌছে, তখনই স্বেচ্ছাপুর্বাক গহররে লাফাইরা পড়ে। যথনই তাহারা এই রহস্তপূর্ণ পৃথিবী-মধ্যন্থ গহরেরে পতিত হর, অমনি তাহারা চিরদিনের তরে লোক চকু হইতে অন্তর্হিত হর। ক্তির গ্রহারের উপর হইতে বুব ও আখের গর্জন এবং মেষ ও ছাগের রোদনধ্বনি শ্রুত হয় এবং যদি কেছ গহবরের প্রান্তদেশে যাইরা কর্প সংলগ্ধ করে, তবে দূর হইতে উপর্যুক্ত রব শুনিতে পার। এই বিষিশ্রে রবের কথনও বিরাম নাই, কেন না প্রতিদিনই লোকে নিক্রম্ন শ্রুপ পশু আনরন করে। যে সকল পশু শেষে উৎসর্গীকৃত হইয়াছিল, কেবল তাহা-দিগেরই ক্রন্দন শুনা যার, অথবা যাহারা পূর্ব্বে উৎসর্গীকৃত হইয়াছিল, তাহাদিগেরও রব শুনা যার, তাহা আমি জানি না—কেবল রব শোনা যার ইহাই আমি জানি।

পূর্ব্বোক্ত সমূত্রে তাপ্রোবেণ নামক এক বৃহৎ দ্বীপ আছে। আমি বতদ্র জানিতে পারিলাম, তাহা হইতে বোধ হয় যে এই দ্বীপ বৃহৎ ও পর্ক্তময়। ইহা দৈর্ঘ্যে ৭০০০ ষ্টাডিয়া ও প্রস্তে ৫০০০ ষ্টাডিয়া । বাহা হউক, ইহাতে কোন নগর নাই, কেবল মাত্র ৭৫০ গ্রাম আছে। অধিবাসিগণ কাঠ-নির্মিত গৃহে বাস করে, এবং কোন কোন গৃহ নল-নির্মিত।

যে সমূদ্র বীপ বেষ্টন করিয়া রহিয়াছে, তাহাতে এমন বৃহদাকার কছপ জন্মে যে তাহাদের চাড়া দিয়া গৃহের ছাদ নির্মিত হয়। কারণ, এক একটা চাড়া ১৫ হাত দীর্ঘ হওয়াতে উহার নীচে অনেক লোক দাঁড়াইলে ভাহারা অগ্নিভুল্য সর্যোভাপে আশ্রয় প্রাপ্ত হয় এবং এই চাড়া মনোরম ছায়া প্রদান করে। এতয়তীত, ইহা ইষ্টক অপেক্ষা দৃচ হওয়াতে ঝঞ্লাবাত হইতে রক্ষা পাওয়া যায় এবং বৃষ্টির জলও গড়াইয়া পড়ে। বাহারা ইহার নীচে বাস্ করে, তাহারা গৃহের ছাদের উপর বৃষ্টি হইলে বেমন শব্দ হয়, ইহার নীচে থাকিয়াও সেইয়প শব্দ শুনিতে পায়। ইয়্টক ভয়া হইলে যেমন গৃহ পরিবর্ত্তন কয়িতে হয়, এক্ষেত্রে সেয়প করিতে হয় না, কেন না এই চাড়া শক্ত এবং শৃত্বগর্ভ পাহাড় ও বাভাবিক শ্বহার উচ্চ ছাদের ভায়।

মহাসাগরন্থিত তাপ্রোবণ বীপে তাল বন আছে। এই বীপে উপবন রক্ষকেরা বেরূপ ছায়াপ্রদ বৃক্ষগুলি মনোরম স্থান নির্বাচন করিয়া রোপণ করে, তদ্রপ এই দীপন্থ তালবুক্ষগুলিও অত্যাশ্চর্য্য শ্রেণীবদ্ধ-রূপে রোপিত। এই দীপে হন্তীযুগও আছে; ইহারা সংখ্যায় প্রচুর এবং বিশাল দেহ-বিশিষ্ট। এই দ্বীপের হস্তীগুলি মহাদেশীয় হস্তীগুলি অপেকা বলে, আকারে এবং বদ্ধিতে শ্রেষ্ঠ। দীপবাসীরা নৌকার করিয়া এই হস্তীগুলিকে মহাদেশে প্রেরণ করে। দ্বীপম্ব বনজাত করি শারা এই উদ্দেশ্যেই এই সকল নৌকা নিশ্বিত হয় এবং হস্তীগুলিকে क्षेत्रिक्षरान्नीत्र त्राकांत्र निक्र विक्रत्र कता हत्र। चीपरी এত বৃহৎ যে, দেশমধ্যক্ষ **অধিবাসিগণ কথনও সমুদ্র দর্শন করে নাই**; কি**ন্ধ**, যদিও তাহারা অপরের নিকট শুনিতে পার যে, সমুদ্র তাহাদের দেশ বেষ্টন করিয়া রহিয়াছে, জ্ঞাণি ভাহারা মহাদেশবাসীদিগের ন্তার জীবন যাপন করে। আবার ষাহারা সমুদ্রতীরে বাস করে, তাহারা হস্তী শিকারে সম্পূর্ণ অনভিজ্ঞ এবং কেবল জনশ্রতি হইতেই এই বিষয় অবগত হইতে থাকে। তাহাদের শক্তি কেবল মংশু ও সমুদ্ৰজ বুহৎ বুহৎ জল-জন্ধ ধরিতেই নিয়োজিত হয়। কেন না, যে সমুদ্র এই দ্বীপকে বেষ্টন করিয়া রহিয়াছে সেই সমুদ্রে অগণিত মংস্থ এবং সিংহ, চিতা, ও অক্তান্ত বন্ত পণ্ড, মেব প্রভৃতির ন্যায় মন্ত্ৰক বিশিষ্ট বিশাল জল-কৰু পাওৱা যায়। বিশেষ আশ্চৰ্যোৱ বিষয় এই বে. কোন কোন জলজ্জর আক্রতি সাতীরের স্থার। অক্স কতকভানি স্ত্রীগোকের জার, কেবল ভাহাদের মন্তবে কেশের পরিবর্ত্তে কণ্টক बृष्टे হয়। অনেকে গঞ্জীর ভাবে এরপও বলিয়া থাকেন বে, এই সাগরে এমন অত্যন্তুত কর পাওয়া বার বে, সে দেশের চিত্রকরেরা বদি ভিন্ন ভিন্ন ব্যৱ ভিন্ন ভাল প্রভাল একল করিয়া এক কিছুত কিমাকার জ্ঞ স্টি করিরা লোকের বিশ্বর উৎপাদনের চেটা করে, ভত্তালি ভাষারা

প্রকৃত কর চিত্রিত করিতে পারিবে না। ইহাদিগের লাজুলও দীর্ঘ, দেহ ভাগ কুঞ্চিত, এবং পদের পরিবর্তে নথ বা ডানা আছে। আমি আরও অবগত আছি বে, তাহারা উভচর এবং রাত্রিকালে মাঠে চরিয়া বেড়ার, কেন না তাহারা পণ্ড ও শক্ষার ভার ঘাস ও বীজ ভক্ষণ করে। তাহারা পক ধর্জ্বও অত্যন্ত পছল করে এবং এই লগু তাহারা নিজ দীর্ঘ লেজ ছারা বৃক্ষ জড়াইরা এরপ্রভাবে কম্পিত করিতে থাকে বে, **খর্জুরপ্র**লি ভূমিতে পড়িয়া যায় এবং তাহারা উহা আহলাদের সহিত ভোজন করে। তৎপরে, যথন রাত্রি অবসান হইতে থাকে, অথচ দিবালোক যথন সুস্পষ্ট হয় না, উষার আভা ধীরে ধীরে চতুদ্দিক আলোকিত করিবার পূর্ব্বেই তাহারা সমুদ্রে ঝাঁপাইয়া পড়িয়া অদৃত্য হয়। শোনা যায় য়ে, এই সমুদ্রে ৰথেষ্ট তিমিও আছে। কিন্তু, থুনি নামক মৎক্ষের প্রত্যাশায় ভাহারা যে তীরের নিকট আগমন করে, একথা সত্য নহে। জনশ্রতি এইরূপ যে, **एनक्नि हरे काठीय ;--- এक काठीय एनक्नि हि:य, छीक्नम्खी, ७ धीरब-**দিগকে অত্যন্ত কষ্ট দেয় এবং অগ্র জাতি নিরীছ, শাস্ত, সম্ভষ্ট চিত্তে সম্ভরণ করে এবং কুকুরের ভাষ। কেহ আদর করিতে গেলে ইহা পলায়ন करत्र ना এवः थाञ्चामि श्रामान कत्रित्त व्याख्नाम महकारत् श्रह ।

সামুদ্রিক শশক, লোম ভিন্ন অন্ত সকল বিষয়েই স্থলচর শশকের প্রায়; শেবোক্টার লোম কোমল কিন্তু সামুদ্রিক শশকের লোম কর্কণ ও থাড়া; ম্পর্ল করিলে ক্ষত হয়। ইহারা সমুদ্র-বক্ষে সম্ভরণ করে এবং জ্রুত সম্ভরণ করিতে পারে। জীবিতাবস্থায় ইহাদিগকে ধৃত করা সহজ ব্যাপার নহে, কারণ, ইহা কথনও জালে আবদ্ধ হয় না এবং ছিপ ও বড়শীর শৃহণীর পাজের নিকটেও গমন করে না। কিন্তু, বথন ইহা পীড়িত হয় এবং তজ্জ্ঞা সম্ভরণে অক্ষম হয়, তথন ইহাকে হন্ত ধারা ম্পর্ল করিলে এবং তজ্জ্ঞা সম্ভরণে অক্ষম হয়, তথন ইহাকে হন্ত ধারা ম্পর্ল করিলে এবং তজ্জ্ঞা সম্ভরণ আক্ষম হয়, তথন ইহাকে হন্ত ধারা ম্পর্ল করিলে

কি, যৃষ্টি ছারা স্পর্শ করিলেও, তক্ষক স্পর্শ করিলে বেরূপ হর, তাহারও সেই প্রকার বরণা হর। কিন্তু শুনা যার যে, এই দ্বীপে মহাসাগরের উপকৃলে এক প্রকার শিকড় জন্মে; উহা এই মূর্চ্চার ঔবধ। ইংগ মূর্চ্চিত ব্যক্তির নাসিকাগ্রভাগে ধরিলে সে সংজ্ঞা লাভ করে। এই শশকের এতাদৃশ ক্ষমতা যে এই ঔবধ প্ররোগ না করিলে মৃত্যু পর্যান্ত ঘটিরা থাকে।

## ৫। কসমস্ ইণ্ডিকেপ্লিউস্টিস

কসমস্ আলেকজান্তিরাবাসী সন্ন্যাসী ছিলেন। খৃষ্টীয় বঠ শতানীর মধ্যভাগে তিনি "বীষ্টীয়ান টপোগ্রাফী" (Christian Topography) নামক পুক্তক প্রথমন ও প্রকাশিত করেন। জীবনের প্রথম ভাগে তিনি বিশিক্-বৃত্তি অবলম্বন করিয়াছিলেন এবং বাণিজ্যরাপদেশে অনেক দেশে গমন করিয়াছিলেন। এই প্রকারে, তিনি ভূমধ্যসাগর, লোহিত সাগর এবং পারস্তোপসাগরে গমনাগমন করিয়াছিলেন। 'ইণ্ডিকেপ্লিউসটিস' নাম দৃষ্টে অমুমান হর বে, তিনি বাণিজ্যার্থ ভারতবর্বেও আগমন করিয়াছিলেন কিন্তু ইহা বিশ্বাস-বোগ্য নহে। তিনি লক্ষা ও মালাবার উপকৃল সম্বদ্ধে ও তদেশীয় বাণিজ্য বিষয়ক বে সকল বর্ণনা করিয়াছেন ভাহা সঠিক এবং তদ্বুটে অমুমান করা যাইতে পারে বে, তিনি স্বয়ং এই সকল দেশে বাণিজ্যার্থ আগমন করিয়াছিলেন। কসমদের বর্ণনার বিশেষ্থ এই বে তিনি কেবল সত্য ঘটনাই বর্ণনা করিয়াছেন।

কসমস্, প্রথম করেক প্যারাগ্রাফে ভারতীয় জন্ধ (গণ্ডার, হরিণ, জিরাফ, বছরুব, কন্তবী, ইউনিকর্ণ ও সিদ্ধুযোটক) সকলের বর্ণনা করিয়া, পবে মরিচ ও নারিকেলের বর্ণনা ও সামুদ্রিক শীল, ডলফিন ও কচ্ছপের বৃস্তান্ত লিপিবদ্ধ করিয়া, অবশেষে লঙ্কাদ্বীপের বর্ণনা করিয়াছেন। পূর্ব্বোক্ত বর্ণনাগুলি বিশেষ চিত্তাকর্ষক নহে বলিয়া আমরা লঙ্কাদ্বীপের বর্ণনাই এইস্থানে উদ্ভূত করিডেছি।

## লক্কাদ্বীপ

তাপ্রোবেণ ভারতসাগরের মধ্যন্থিত প্রকাপ্ত বীপ। ভারতবর্বীরেরা ইহাকে শৈলবীপ(১) নামে অভিহিত করিরা থাকে; কিন্তু, বিধর্মিগণ

<sup>(3) &</sup>quot;Sielediba."

ইহাকে ভাপ্রোবেণ বলিরা থাকে। এই বীপে হিরাসিছ প্রস্তর (২) পাওরা বার। এই বীপ মরিচ-প্রস্থ দেশ হইতে দ্বে অবস্থিত। ইহার চতুর্দিকে ক্ষুদ্র কুদ্র বীপ আছে (৩)। এই সকল ক্ষুদ্র কুদ্র বীপে অমিষ্ট জল ও নারিকেল বুক্ষ আছে। অধিবাসীরা বলে যে, বৃহৎ বীপটা ৩ শত গৌছিরা (৪) এবং বিস্তাবেও প্রক্রপ; অর্থাৎ প্রায় নরশত মাইল। বীপে তুইজন রাজা আছেন এবং উভরের যথেষ্ট মনোমালিক্স। এক জনের রাজ্য হিরাসিছ (৫) পাওরা বার; বন্দর ও বাণিজ্য-প্রধানস্থান জ্বপরের রাজ্য ভুক্ত। এই শেবোক্ত বাণিজ্য-প্রধান স্থানে সকলে সক্রেত হর (৬)। এই বীপে পারসীক খুষ্টানগণের একটি গির্জ্জা আছে (৭)। পারস্থ দেশ হইতে নিরোজ্যত পাদরী এই গির্জ্জার থাকেন। অধিবাসীরা এবং ভাহাদের রাজ্যরা অধার্মিক। বীপে অনেকগুলি মন্দির আছে এবং একটী মন্দিরে অগ্নিবর্ণ উজ্জল হিরাসিছ আছে (৮)। বীপটা

<sup>(</sup>২) এই প্রস্তর প্রকৃত পক্ষে কি তাহা জানা যায় না। ভিন্ন ভিন্ন ব্যক্তি ইহাকে ভিন্ন ভিন্ন নামে অভিহিত করিতে চাহেন।

<sup>(</sup>৩) লাক্ষাদ্বীপপুঞ্জ।

<sup>(</sup>৪) এক ঘণ্টায় কোন ব্যক্তি ঘতটুকু স্থান পরিজ্ঞমণ করিতে পারে তাহাকে 'গো' (Gaou) বা গোড়িয়া বলে। লঙ্কার আকার সম্বন্ধে বে প্রাচীনগণের বথেষ্ট মততেদ ছিল, তাহা আমরা ব্লাবের বুতাক্তে উরেধ করিয়াছি।

 <sup>(</sup>৫) ঐতিহাসিক গিবন বলিয়াছেন বে, বে রাজা এই মৃল্যবান প্রস্তবের

অধিকারী ছিলেন, তিনি দ্বীপের উত্তরাংশ শাসন করিতেন।

<sup>(</sup>७) शिवन এই ज्ञानक जिल्लानी विनदा निर्द्भन कविदाहिन।

<sup>(</sup>१) সম্বত: ইহারা অরি-উপাসক ছিলেন ( ম্যাক্রিশুল )।

<sup>(</sup>৮) চৈনিক পরিবালক হিউরেনসিরাং বলিরাছেন বে, অনরাজপুরস্থ এক । মন্দিরের শীর্ষদেশে এক থশু হীরকে দিওমশুল আলোকিত করিত। পর্যাটক

সমুদ্রের মধ্যভাগে স্থাপিত বলিয়া ভারতবর্ষের সকল আনেশ হইতেই এই স্থানে জাহাজ সমৰেত হয়। পারত ও ইথিওপিরার জাহারও এই স্থানে আইসে। এই স্থান হইতেই এ সকল দেশে জাহাজ রওনা হয়। চীন ও ঐদিকস্থ দেশ হইতে, এই স্থানে রেশম, মুশব্বর, চন্দন ও অক্সাক্ত পণ্য आमानी इटेब्रा मारन ও कानिब्रानांत्र (৯) त्रश्रानि इत्र । बारनरक् মরিচ, ও কালিয়ানায় তাত্র, শিশুকার্চ ও স্ত্রে পাওয়া বার। এই স্বন্দ পণ্য কল্পরী-প্রস্ সিদ্ধুদেশেও প্রেরিত হর। পারস্ত এবং আছলীতেও (>•) এই সকল পণ্য রপ্তানি হয়। সিদ্ধুদেশ ভারতের সীমান্তে অবস্থিত; কারণ, যে সিন্ধুনদ পারভোপসাগরের সহিত মিলিত হইয়াছে, উহাই পারক্তকে ভারতবর্ষ হইতে বিচ্ছিন্ন রাথিয়াছে। ভারতবর্ষে নিম্নলিখিছ वानिकाध्यक्षान नगत व्याष्ट् ; यथा—मिक्क, व्यर्काथा (১১), कानिहाना, সাইবোর (১২), মালে। মালে নগরীতে পাঁচটী হাট আছে;—পার্ছি, मानारताथ ( >७), नारनाभाषाना, नारनाभाषाना, भीनभाषाना (>৪) i এই পাঁচটি হাট হইতেই মরিচ রপ্তানি হয়। মহাদেশ হইতে ৫ দিন 🕏 ▲ রাত্রির পথে, সমুদ্রমধ্যে শৈল্দীপ বা তাপ্রোবেণ্দ্রীপ। তাপ্রোবেণের অনেক দুরে মহাদেশান্তর্গত মারালো হইতে কড়ি আমদানি হয়। ইহার

মার্কপলোও লিখিয়াছেন যে, সিংহলাধিপতির নিকট একখণ্ড বছমূল্যবান প্রভব ছিল।

<sup>(</sup>৯) সম্ভবত: বোশাইরের নিকটবর্ত্তী কল্যাণ।

<sup>(</sup>১·) বর্ত্তমানে থুলা নামে অভিহিত বন্দর।

<sup>(</sup>১১) সম্ভবতঃ সোৱাট্ট। গুজবাটের পশ্চিমকুলছ কোন বন্ধর।

<sup>(</sup>১২) সম্ভবতঃ, বোদ্বাইয়ের ২৩ মাইল নক্ষিণছ 'চৌল' নামে অভিহিত বন্ধর।

<sup>(</sup>১৩) বর্তমান মালালোর।

<sup>(</sup>১৪) পাটন অর্থে নগর ব্যায়। এ ছানগুলির নির্দ্ধেশের স্ভাবনা নাই।

পরে কাবার, ও সর্বলেবে রেশম উৎপন্নকারী চীন। ইহার পরে আর কোন দেশ নাই—কেবল সমুদ্র।

শৈশ্বীপ মধ্যস্থলে (১৫) অবস্থিত ও এতদেশে হিয়াসিছ হয় বিলিয়া,
অক্সান্তা বাণিজ্যপ্রধান স্থানের পণ্য এই স্থানেই আমদানী হয় এবং এই
স্থান হইতে পৃথিবীর চতুদ্দিকে প্রেরিত হয় এবং সেই জক্কই এস্থানটী
অত্যন্ত বাণিজ্যপ্রধান। এক সময়ে আমাদের স্থাদেশীর সোপটের নামক
ৰণিক্ ( যিনি ৩৫ বৎসরে পূর্ব্বে দেহত্যাগ করিয়াছেন) বাণিজ্যবাপদেশে
তাপ্রোবেণে উপস্থিত হইয়াছিলেন। সেই সময়ে পারস্ত হইতেও এক
আনি জাহাজ ঐ স্থানে নন্দর করিয়াছিল। সোপটের এবং অক্তান্ত
আহলীবাসী ও পারস্তদেশাগত বণিক্গণ সকলেই জাহাজ হইতে অবতরণ
করেন। দেশাচারাম্নসারে শাসনকর্ত্তা ও গুরাগারাধ্যক্ষগণ, বণিক্গণকে
সমাদরের সহিত অত্যর্থনা করিয়া রাজার নিকট উপস্থিত করিলে, রাজা
তাঁহাদের নমস্কার গ্রহণ করিয়া আসন গ্রহণ করিতে অম্মতি প্রদান
করিলেন। পরে, তাঁহাদের জিক্কাপা করিলেন "আপনারা যে দেশ হইতে
আসিতেছেন, সে দেশের কিক্রপ অবস্থা?" তাঁহারা উত্তর করিলেন যে,

"লঙ্কাকুমধ্যে যমকোটিরতা প্রাক্ পশ্চিমে রোমক পত্তনঞ্চ। অধসতঃ সিদ্ধপুরং স্থমেকঃ সোম্যেহথদাম্যে বড়বানলঞ্চ। কুবুত্ত পাদাস্করিতানি তানি স্থানানি বড়ং গোল বিদোবদস্কি॥।"

অর্থাৎ ভূমগুলের মধ্যস্থলে লক্ষা। তাহার পূর্ব্দে বমকোটি, পশ্চিমে রোমক-পত্তন, অধস্থলে সিন্ধপুর, উত্তরে সুমেক, দক্ষিণে বড়বানল, গোলবিং পশ্তিতগণ এই ছরটি স্থানকে ভূ-পরিধির পাদস্করিত অর্থাং একচতুর্থাংশ সমাস্করিতরূপে স্থিত বলেন।" "পৃথিবীর ইতিহাস" স্রাষ্টব্য।

<sup>(</sup>১৫) গ্রন্থকার বলিতেছেন "Sielediba being in a central position" প্রাসিদ্ধ জ্যোতির্ব্বিদ ভাষরাচার্য "গোলাধাার" গ্রন্থে লিখিয়াছেন

ভাঁহাদের নিজ নিজ দেশের অবস্থা ভাল। পরে, কথাবার্তার মধ্যে রাজা জিজ্ঞাসা করিলেন "আপনাদের উভয় রাজার মধ্যে কোন রাজা অধিক পরাক্রমশালী ?' পার্দীক বর্ণিক তাড়াতাডি উত্তর করিলেন যে, তাঁহা-দের রাজাই পরাক্রান্ত, ধনবান এবং বাহা ইচ্চা তাহাই করিতে পারেন। সোপাটর নীরব থাকাতে, রাজা তাঁহাকে জিজ্ঞাসা করিলেন "আপনার কি কিছই বলিবার নাই " সোপাটর উত্তর করিলেন যে, "পারশুদেশীয় বণিক যখন এত কথা বলিয়াছেন তখন তিনি আর কি উত্তর করিবেন ? তবে রাজার যদি প্রকৃত ঘটনা জানিবার ইচ্ছা হয়, তবে এই স্থানে উভয় দেশীয় রাজাই উপস্থিত আছেন, উভয়কে বিজ্ঞাসা করিলে কে অধিক পরাক্রান্ত ও বিখ্যাত তাহা সম্যক উপলব্ধি হইবে।" রাজা এই কথা প্রবণ করিয়া অতান্ত আশ্রুর্যান্তিত হইয়া জিজাসা করিলেন. "এখানে কি প্রকারে উভয় রাজা থাকিতে পারেন ?" সোপাটর তথন উত্তর করিলেন যে, রাজার নিকট উভর রাজারই মুদ্রা আছে এবং উভর মুদ্রা পরীক্ষা করিলেই সত্যতা নির্দ্ধারিত হইবে। রাজা উভয় বণিককে মুদ্রা প্রদর্শন করিতে আদেশ দিলেন। আদেশ প্রতিপালিত হইলে দেখা গেল যে, রোমক দেশীয় মুক্রা উজ্জ্বল স্থবর্ণের কিন্তু পারস্তোর মুক্রা রৌপ্য নির্মিত। রাজা স্থবর্ণ মুদ্রার ছুই দিক দেখিয়া, রোমক মুদ্রার প্রশংসা করিতে করিতে বলিলেন "বস্তুত:ই রোমকগণ পরাক্রাস্ত্র এবং বৃদ্ধিমান।" পরে, তিনি সোপাটরকে সন্মান করিয়া তাঁহাকে নিজ হস্তীতে আরোহণ করাইয়া নগর পরিভ্রমণ করিলেন (১৬)। এই ঘটনায় পারসিক বৃণিক অতান্ত লজ্জিত হন।

<sup>(</sup>১৬) 'প্ৰাণিতত্ব' প্ৰণেতা প্লিনি বলিয়াছেন বে, লক্ষা হইতে সম্ভাট ক্লদিয়াসেক নিকট প্ৰেন্নিত দোত্যবাহিনী রোমকমূলা দিনাবির প্ৰাণসো করিয়াছিল।

পূৰ্ব্বোক্ত ৰাণিজ্য প্ৰধান স্থান বাতীত উপকৃলে ও দেশ মধ্যে আরও অনেক স্থান আছে।

ভারতবর্ধের বিভিন্ন দেশীয় রাঝাদিগ্যের প্রচুর হতী আছে।
আরোধা, কালিয়ানা, সিন্ধু, সিবোর এবং মালের রাঝাগণের, প্রভাবের
১৬ শত করিরা হত্তী আছে। কিন্ধু, শৈল্বীপের রাজার হতী কর
করিতে হর। উচ্চতামুসারে হত্তীর মূল্য ধার্য হয়। শৈল্বীপের রাজার
কর্ম পারক্রদেশ হইতে ক্রীত হয় এবং বে সকল বলিক্গণ তাঁহার নিক্ট
এই অর্থ বিক্রেয় করে, তাহাদের তিনি শুক্ত হইতে অব্যাহতি দেন।
মহাদেশের নৃগতিগণ বন হইতে হত্তী গুড় করিয়া যুদ্ধ করেন। রাজাদের সমূধে হত্তীরা ক্রীড়া-যুদ্ধ করে।

ফাইসন নদী (১৭) ভারতবর্ষকে হনদের দেশ হইতে পৃথক রাধিরাছে। ধর্মশাল্লে ভারতবর্ষকে ইউলাট (১৮) নামে অভিহিত করা হইরাছে এবং উল্লিখিত হইরাছে যে "ভারতবর্ষে স্থবর্ণ পাওরা বার এবং ঐ স্থবর্ণ উত্তম। তথার পদ্মরাগ এবং অক্সান্ত মণি পাওয়া যার।"

বর্গের ফাইসন নদীকে কেহ কেহ ভারতবর্ধের গলা নদী, কেহ সিদ্ধ বলিতে চান। ইহা ভারত সমুদ্রে পড়িয়াছে। ইহাতে নীল নদ-জাত মটর, পদ্ম পুসাও কুজীর পাওরা বার। মোটের উপর, নীল নদে বাহা জন্মে, তাহা ইহাড়েও জন্মে।

ভাপ্রোবেশেও খুঁহানদিগের একটী গির্জা আছে এবং তথার অনেক বিখাসী বাস করে; কিন্তু অন্তত্ত খুঁহানগণ বাস করে কিনা তাহা বলিতে

<sup>(</sup>১৭) গ্রন্থকার 'ফাইসন' কে একস্থানে গঙ্গা বলিয়া ও অভস্থলে সিদ্ধ্ বলিয়া উল্লেখ করিয়াছেন।

<sup>(34) &</sup>quot;Builat (Havilah.)"

পারি না। মালে ও কালিয়ানার গির্জ্জা আছে। শেবোক্ত হলের বিশপ পারস্তদেশ হইতে মনোনীত হইরা থাকেন। ভারতীর সাগরস্থ ডারস-কোরাইদিস (১৯) নামক অন্যতম দ্বীপেও ধর্মবাক্তকণ আছেন। সর্ব্ধ প্রথমে টলেমিগণ এই দ্বীপে বাক্তম প্রথমে করেন। ধর্মবাক্তকণণ পারস্ত হইতে নিযুক্ত হন। এই দ্বীপে বহুসংখ্যক খৃষ্টান বাস করেন। আমি এই দ্বীপের নিকট দিয়া গমনাগমন করিয়াছিলাম কিন্তু দ্বীপে পদার্পণ করি নাই। কিন্তু, গ্রীক-ভাষাভিজ্ঞ এই দ্বীপন্ত করেকজন ব্যক্তির সহিত্ত আমার সাক্ষাত হইরাছিল। ভারতবর্ষে ও অন্যান্ত হানে খৃষ্টধর্ম্মবিলন্ধী-দিগের অভাব নাই।

<sup>(</sup>১৯) বৰ্ত্তমান সকোট্ৰা। সংস্কৃত 'অথক্ৰা' বীপ হইতে এই নাম হইবাছে

## ৬। বার্দেসানেস

খৃষ্টীর দিতীর শতান্দীর শেষভাগে বাবিলনবাসী বার্দেসানেস নামক এক গ্রন্থকার প্রাচীনভারতের ব্রাহ্মণ ও শ্রমণদিগের সম্বন্ধে যংকিঞ্চিং বৃত্তান্ত লিপিবদ্ধ করিরা গিয়াছেন। সিরিয়া দেশে মার্কাস গুরিলিয়াস নামক এক নরপতি ২১৮ হইতে ২২২ খৃষ্টান্ধ পর্যান্তর রাজত্ব করেন। ভারতবর্ষ হইতে জাঁহার নিকট দৃত প্রেরণ করা হয়। এই দোতাবাহিনীর অধ্যক্ষ দগুনিস বা সন্দনিসের সহিত (Dandanis or Sandanes) মেসোপটেমিয়া দেশে গ্রন্থকার বার্দেসানেসের সাক্ষাং হয়। দশুনিসের প্রমুখাং ভারতীয় যোগীগণের বুত্তান্ত অবগত হইয়া গ্রন্থকার ঐ বিবরণ তাঁহার পুস্তকে নিবদ্ধ করেন। বার্দেসানেসের পুস্তক এক্ষণে পাওয়া বায় না কিন্ত জাঁহার লিখিত বুতান্ত প্রোবেয়স নামক ক্ষন্ত এক লেখকের গ্রন্থে পাওয়া বায় না

বার্দেসানেস বলিয়াছেন যে, ভারতীয় যোগীগণ (বাঁহারা গ্রীস দেশে ব্রহ্মজ্ঞানবিদ্ বলিয়া আখ্যাত হন) চুই শ্রেণীতে বিভক্ত, ব্রাহ্মণ ও প্রমণ (১)। ব্রাহ্মণগণ একই পিতামাতার সস্তান; একই বংশীয় এবং তাঁহারা তত্ত্ব-জ্ঞান বাঙ্ককরণে উত্তরাধিকার স্বত্ত্বে প্রাপ্ত হন। সকল জাতি হইতেই শ্রমণগণ নির্বাচিত হইতে পারেন, এবং বাঁহারা প্রবৃত্তিক জ্ঞান লাভের আকাজ্ঞাক করেন, তাঁহারাই এই শ্রেণীভূক্ত হইতে পারেন। ব্রাহ্মণগণকে

<sup>(</sup>১) গ্রন্থকার প্রমণগণকে 'শমণ' বলিয়া উল্লেখ করিয়াছেন। সম্ভবতঃ পালি ভাষার শমণ শব্দ শুনিয়াই তিনি এইরূপ লিখিয়াছেন।

অন্তান্ত জনসাধারণের স্থার রাজকর দিতে হয় না এবং তাঁহারা কোন রাজার প্রজা নহেন। ব্রাহ্মণগণের মধ্যে যে সকল দার্শনিক আছেন, তাঁহারা পর্বতে বাস করেন, কেহ বা গলাতীরেও থাকেন। পর্বতবাসী ব্রাহ্মণগণ গোহুর্য্ব, ফল ও মধ্যে মধ্যে শাক ভোজন করেন। এই সকল ফল নদীতীরে পর্যাপ্তরূপে পাওরা যায়। যদি কোন সময়ে ফলের অভাব হয়, তবে ইহারা অছেন্দ-বনজাত ধান্তের উপর নির্ভর করেন। অন্ত ভোজন করা বা মাংস স্পর্শ করা ঘোরতর পাপ বলিয়া পরিগণিত হয়। প্রত্যেকেরই কুল্ল কুল কুটীর আছে এবং ইহারা দিন ও রাত্রির অধিকাংশ সময় প্রার্থনার ও দেবতার ভজন গাহিয়া অতিবাহিত করেন। ইহারা নির্জন-বাসই অত্যন্ত ভালবাসেন এবং যদি কোন কারণে এক ব্রাহ্মণের অপরের সহিত সাক্ষাৎ বা অধিক বাক্যব্যয় করিতে হয়, তবে অনেক দিন ধরিয়া নির্জনে বাস করিয়া এবং মৌন থাকিয়া প্রায়শিকম্ভ

শমণদিগের সহিত ব্রাহ্মণগণের যথেষ্ট পার্থক্য। যে শমণ শ্রেণীভূক্ত হইতে অভিলাষ করেন, তিনি নগরের বা গ্রামের অধ্যক্ষের নিকট উপস্থিত হইরা নিজ অভিলাষ জ্ঞাপন করিয়া স্বকীর সম্পত্তিতে স্বস্থ ত্যাগ করেন। পরে, মন্তক মুগুন করিয়া শমণদিগের বাস পরিধান করিয়া তাঁহাদের নিকট গমন করেন; স্ত্রী পুত্র থাকিলে তাঁহাদের সহিত বাক্যালাপ বা তাঁহাদের মুগদর্শনও করেন না এবং তাঁহাদের বিষয় কোনরূপ চিন্তাও করেন না। রাজা তাঁহার পুত্রকন্ত্রাগণের, আত্মীর স্বজনের ও তাঁহার জ্রীর ভরণপোষণ করেন। শমণগণ নগরবহির্ভাগে বাদ করেন এবং স্কল সময়েই পরমার্থবিভার আলোচনা করেন। দেশের রাজা তাঁহাদের অক্ত গৃহ ও মন্দিরে নির্মাণ করাইয়া দেন এবং ঐ গৃহহর ও মন্দিরের পরিচারকক্ষেরাজা নির্দিষ্ট পরিমাণে আহার্য্য সরবরাহ করেন। মঠের ঘন্টাধ্বনি হইতে

ুগৃহ ও মন্দিরাদি হইতে আগদ্ধকগণ বহিদেশে গমন করেন। তথম
শমণগণ মন্দিরে প্রবেশ করিয়া উপাসনা করেন। প্রার্থনা শেষ হইলে
পুনরার ঘণ্টাধ্বনি হয় এবং তথন ভৃত্যগণ প্রত্যেক শমণের সম্মুখন্থ পাত্রে
ভাত ও বাঁহারা ইচ্ছা করেন, তাঁহাদের জন্ম শাক ও ফল প্রদান করে।
শমণগণ একাকী আহার করেন। আহার যত শীঘ্র সম্ভব শেষ করিয়
ভাঁহারা নিজ নিজ কার্যে প্রযুত্ত হয়েন। শমণগণ বিবাহ করিতে বা
সম্পত্তি অর্জন করিতে পারেন না।

অধিবাসীরা ব্রাহ্মণ ও শমণগণকে অত্যন্ত সম্মান করে। দেশের রাজাও মধ্যে মধ্যে আসিরা তাঁহাদের নিকট পরামর্শ ক্রিক্সাসা করেন এবং আপদ বিপদে উদ্ধার পাইবার জন্ত দেবতার নিকট প্রার্থনা করিবার জন্ত তাঁহাদের অন্তরোধ করেন।

শমণ ও প্রাহ্মণগণ মৃত্যুকে ভব্ন করা দূরে থাকুক, সাগ্রহে মৃত্যুকে আলিক্সন করেন। স্বস্থ শরীরেও কোন কোন শমণ বা প্রাহ্মণ মৃত্যুকে আলিক্সন করেবার ক্ষপ্ত প্রস্তুত হইরা সকলকে আহ্বান করেন। তাঁহার বন্ধুবর্গ তাঁহাকে নিরস্ত করা দূরে থাকুক, তাঁহাকে আরও উৎসাহিত করে, এবং তাহাদের পরলোকগত আত্মীর অন্ধনের নিকট তাঁহাদের মুধে সংবাদ প্রেরণ করে। ইহাদের বিখাস দেহ ত্যাগের পর একন্ধনের আত্মার সহিত অপরের আত্মার মিলন হয়। মৃত আত্মীর অন্ধনের নিকট বে যে সংবাদ প্রেরণ করিতে হইবে, সকল বন্ধু-বান্ধন তাহা জ্ঞাপন করিলে, তিনি অগ্নি-কুণ্ডে দেহ নিক্ষেণ করেন এবং অক্সান্ত শ্বণগণ কুণ্ডের চতুর্দ্ধিকে ভন্ধন গান করিতে থাকেন।

বার্দেসানেস বলিয়াছেন বে, তাঁহারা মৃত্যু অভ্যন্ত স্থপকর বলিয়া বিবেচনা করেন এবং বিনি এইজ্লপ অবিনশ্বন্ধ লাভ করেন, তাঁহাকে সকলেই স্থাী বলিয়া মনে করে। বার্দেসানেস এই প্রসঙ্গে প্রশ্ন করিয়াছেন "সকলেই বদি এইরূপে দেহত্যাগ করে, তবে এ পৃথিবীর কি দশা হইবে ?"

## ৭। পরফাইরিয়স

বার্দেসানেস ভারতীয় দার্শনিক সহক্ষে যে পুস্তক প্রণয়ন করিয়াছিলেন, তাহা এক্ষণে আর পাওয়া যায় না। কিন্তু, বার্দেসানেসের পুস্তকের কতকাংশ পরকাইরি নামক প্রস্তুকার তাঁহার "মাংসাহারে নিস্পৃহতা" নামক পুস্তকে উদ্বৃত করাতে ঐ অংশ বিশেব রহিয়া গিয়াছে। পরকাইরি, সন্থবতঃ বাটানিয়া বা বাসানের অধিবাসী ছিলেন। বিদ্বান বলিয়া তিনি খ্যাতি লাভ করিয়াছিলেন এবং তিনি খুই ধর্মের বিরুদ্ধে প্রতিদ্বন্দিতা করিয়া বিখ্যাত হইয়াছিলেন। সয়্যাসাচরণ করিয়া রিপুরশীকরণের জন্ম তিনি খীয় গ্রন্থে উপদেশ দিয়াছিলেন। এই জন্ম পরকাইরি ভারতীয় দার্শনিকগণকে যথেষ্ট প্রশাসা করিয়াছেন। পরকাইরি ২৩০ খুষ্টাব্দে কয় গ্রহণ করিয়া ছিলেন এবং ৩০৫ কি ৩০৬ খুষ্টাব্দে

আমরা পূর্ব্বে এক স্থবিখ্যাত বৈদেশিক জাতির উল্লেখ করিরাছি। এই জাতি ঈশ্বর ভক্ত ও ধর্মপ্রাণতার জন্ম খ্যাত। আমরা একশে তাহাদের বিষয় বর্ণনা করিব।

ভারতবর্ষে জাতিগণ করেক শ্রেণীতে বিভক্ত। তন্মধ্যে ঋবিগণ প্রথম শ্রেণী-ভূক্ত। গ্রীসদেশবাসিগণ ইহাদিগকে দার্শনিক নামে অভিহিত্ত করে। ইহারা আবার ছই শ্রেণীতে বিভক্ত—ব্রাহ্মণ ও শমণ (১)।

<sup>(</sup>১) ইনিও বার্দেসানেসের পথাত্মসরণ করিয়া শ্রমণগণকে শমণ বলিয়া উল্লেখ করিয়াছেন।

ব্রহ্মণগণই প্রধান এবং তাঁহাদের তত্ত্ত্ত্মান তাঁহারা বাজকরপে বংশাস্থক্রমিক প্রাপ্ত হন। পক্ষান্তরে, শমণগণ নির্মাচিত হইরা থাকেন এবং
বাঁহারা ঐশ্বিক তত্ত্ত্রান লাভে ইচ্চুক, কেবল তাঁহারাই এই শ্রেণী-ভুক্ত
হইতে পারেন। বাবিলনবাসী বার্দেসানেস তাঁহাদের সম্বন্ধে নিম্নলিখিত
বিবরণ লিপিবদ্ধ করিয়াছেন। যে সকল ভারতবাসী দামিসের অধীনে
সমাটের নিকট দ্তরূপে প্রেরিত হইয়াছিল, তাহাদের নিকট হইতেই
বার্দেসানেস এই সকল বৃত্তান্ত সংগ্রহ করিয়াছিলেন।

ব্রাহ্মণগণ একই পিতা ও একই মাতার সম্ভান বলিয়া পরিচয় দেন। পক্ষাস্তরে, শমণগণ, অন্ত জাতীয় এবং ভারতবর্ষীয় সকল শ্রেণী হইতে সংগৃহীত হন। ব্রাহ্মণগণ রাজার প্রজা নহেন এবং অন্যান্ত প্রজার স্থায় তাঁহাদিগকে কর দিতে হয় না। এই সকল দার্শনিকগণের মধ্যে কেছ পর্বতে বাস করেন, কেছ কেছ গঙ্গাতীরেও বাস করেন। পর্বতবাসী ব্ৰাহ্মণগণ ফল ও গোতুত্ব পানে জীবন ধারণ করেন। গঙ্গাতীরবর্তী বান্ধণগণ নদীতীরজাত ফল-ভোজনে জীবন রক্ষা করেন। এই সকল ফল প্রচুর পরিমাণে জন্ম। বস্তুতঃ, এই দেশে যথেষ্ঠ ফল ও প্রচুর চাউল উৎপন্ন হয় এবং ফলের অভাব হইলে অধিবাসিগণ চাউল ভক্কৰ করে। এতহাতীত তাঁহারা অন্ত কোন দ্রবা আহার বা মাংস স্পর্শ করা দূষণীয় বলিয়া মনে করেন। তাঁহারা ভক্তি সহকারে দেবতাকে পূজা করিবার উপদেশ দেন। প্রত্যেকেরই এক একটী কুটীর আছে এবং এই সকল কুটীরে প্রত্যেকে আপন ইচ্ছাতুযায়ী সময়তিপাত করেন। তাঁহারা দিবারাত্র স্তোত্র ইত্যাদি পাঠে ও প্রার্থনায় সময়াতিপাত করেন। ব্রাহ্মণগণ দুসমান্তে থাকিতে ও অধিক বাক্য-ব্যয় পছন্দ করেন না এবং কোন কারণে কোন ব্রাহ্মণ অধিক বাক্যব্যন্ত করিলে, তিনি নিজ কুটীরে খাইরা অনেক দিন ধরিয়া মৌনাবলম্বন করেন ও উপবাসী থাকেন।

আমরা পূর্বেই বলিয়াছি যে, শমণগণ বিভিন্ন শ্রেণী হইতে সংগৃহীত হন এবং কেহ শমণ-শ্রেণীভুক্ত হইতে অভিলাষ প্রকাশ করিলে, তিনি নগরের বা গ্রামের শাসনকর্তার নিকট উপস্থিত হইয়া তাঁহার সর্বস্থ পরিত্যাগ করেন। তাঁহার কেশ মুগুন করা হয় এবং তিনি শমণের বেশ ধারণ করিয়া ও নিজ স্ত্রীপুত্র পরিত্যাগ করিয়া শমণগণের সহিত ৰাস করিতে থাকেন। এমন কি, তিনি নিজ স্ত্রী-পুত্রের বিষয় চিন্তাও করেন না। রাজাই তাঁহার পুত্র কলার লালন পালন এবং তাঁহার আত্মীরগণ তাঁহার স্ত্রীকে ভরণপোষণ করেন। শমণগণ নগর-বহির্ভাগে ৰাস করেন এবং ধর্ম্মের আলোচনায় দিবারাত্র অতিবাহিত করেন। রাজাই তাঁহাদের গৃহ ও মন্দিরাদি নির্মাণ করেন এবং তাঁহাদের আহারের ব্যব নির্কাহ করেন। ঘণ্টাধ্বনি হইলে মঠ হইতে অপর সকলে নিজ্ঞান্ত হন এবং শমণগণ মঠে প্রবেশ করিয়া প্রার্থনা করেন। প্রার্থনা শেব হইলে বিতীয়বার ঘণ্টাধ্বনি হয় এবং তথন ভূত্যগণ প্রত্যেক শমণের জন্তু এক একথানি পাত্র আনরন করে। শমণগণ ভিন্ন ভিন্ন পাত্রে আহার করেন এবং প্রত্যেক পাত্রেই অন্ন থাকে। কিন্তু, কেহ অন্ন ৰ্যতীত আর কিছু আহারের অভিলাষ প্রকাশ করিলে তাঁহাকে শাক বা ফল প্রদান করা হয়। মধ্যাক ভোজন শেষ হইলেই, তাঁহারা নিজ নিজ কার্য্যে প্রত্যাবর্ত্তন করেন। তাঁহারা বিবাহ করিতে বা সম্পত্তি অর্জ্জন করিতে নিষিদ্ধ। ব্রাহ্মণদিগকে এবং শমণগণকে অন্তের কথা দূরে থাকুক, রাজাও এরপ সন্মানের চক্ষে দেখিয়া থাকেন যে, বিপদের সময় রাজা স্বয়ং তাঁহাদের নিকট আসিয়া প্রার্থনা করিয়া তাঁহাকে বিপদমুক্ত করিবার জন্ত व्यष्टदाध करत्रन ।

মৃত্যুসম্বন্ধে তাঁহাদের এরপ ধারণা বে, তাঁহারা অনিচ্ছাসহকারে জীবন ধারণ করেন এবং শরীর হইতে আত্মার শীঘ্র মৃক্তির চেষ্টা করেন। অনেক সময় স্থান্থ শরীরে বা বিগদগ্রন্থ না ইইয়াও তাঁহারা আত্মহত্যা করেন। তাঁহারা তাঁহাদের বন্ধুবর্গকে নিজ অভিলাষ জ্ঞাত করেন কিন্তু কেহই প্রতিবন্ধক ঘটায় না। পক্ষান্তরে, সকলেই এ সংবাদে স্থা হন এবং নিজ মৃত আত্মীরের নিকট সংবাদ প্রেরণ করেন। কেন না, তাঁহারা মনে করেন যে, মৃতের মধ্যে কথোপকথন হয়। যাহার যাহা কিছু বলিবার থাকে, তাহা শুনিয়া তাঁহারা চিতারোহণ করেন। তাঁহার বন্ধুগণ তাঁহার জন্ত কোনরূপ হংথ প্রকাশ করেন না। বরং নিজেরা এ প্রকারে দেহত্যাগ করিতে পারেন নাই, এই মনে করিয়া ক্রন্দন করেন।

### ৮। জোহনেস্ ফৌবেয়স

আমরা পূর্বেই বলিয়াছি যে, ষ্টোবেয়দের গ্রন্থে বার্দেসানেদের বৃত্তান্তের কিছু কিছু অংশ পাওয়া যায়। কিছু ষ্টোবেয়দের সম্বন্ধে কিছুই জানা যায় না; শ্রমন কি তিনি কোন্ দেশবাসী বা কোন্ সময়ের লোক তায়য়ও কোন নির্দেশ নাই। সম্ভবতঃ তিনি খৃষ্টান ছিলেন। ষ্টোবেয়স তাঁয়ায় পৃস্তকে অনেক গ্রীক দেশীয় গ্রন্থকারগণের পুস্তকের সার সংগ্রহ করিয়াছিলেন। যে সকল পুস্তক হইতে তিনি এই সকল সার সংগ্রহ করিয়াছিলেন, তল্মধ্যে আনেক পুস্তক একশে পাওয়া যায় না। এই জন্ম ষ্টোবেয়স আমাদের প্রভৃত উপকার সাধিত করিয়াছেন বলিতে হইবে। ষ্টোবেয়স বার্দেসানেস হইতে নিম্নলিথিত বৃত্তাস্ত লিপিবদ্ধ করিয়াছেন।

ভারতবর্ধে পরীক্ষা হ্রদ (Lake of Probation) বলিয়া একটী হ্রদ আছে। স্বীয় দোষ অস্বীকার করিলেই অপরাধীকে এই পরীক্ষা দিতে হয় । আফাণগণ নিয়লিথিত প্রকারে অপরাধীকে পরীক্ষা করেন। অপরাধীকে প্রথমতঃ জিজ্ঞাসা করা হয় যে, সে এই পরীক্ষা দিতে প্রস্তুত কিনা; যদি সে অস্বীকার করে তবে তাহাকে দোষী বিবেচনা করিয়া শান্তি দেওয়া হয় । কিস্তু, যদি সে পরীক্ষা দিতে স্বীক্ষত হয়, তবে তাহাকে ও তাহার অভিযোগকারিগণকে এই হুদের নিকট লইয়া যাওয়া হয় । অপরাধীর সহিত অভিযোগকারিগণকেও এই পরীক্ষা দিতে হয়, কেননা তাহা হইলে কেহই ছলনা পূর্বাক বা মিথ্যা অভিযোগ আনয়ন করিতে পারে না । বিদ্ধারার সময় জল হাঁটুর উপরে উঠে না । কিস্কু, দোষী হইলে অধিকদ্বর

ষাইতে না যাইতে দে জলে নিমজ্জিত হয়। শেষোক্ত অবস্থায় আক্ষণগণ
তাহাকে জল হইতে আনমন করিয়া অভিযোগকারিগণের হতে অর্পণ
করেন। উহারা মৃত্যুবাতীত অতা যে কোন দণ্ড বিধান করিতে, পারেন।
কিন্ত ইহা সচরাচর ঘটে না, কেন না এই পরীকার আশক্ষায় কেহ নিজ্ব
দোষ অস্বীকার করিতে সাহনী হয় না।

বেছাক্কত অপরাধের জন্য ভারতবাসীদিগের এই প্রকারে পরীক্ষা করা হয়। কিন্তু বেছাক্কত ও অনিচ্ছাক্কত উভর প্রকার অপরাধের বিচারের জন্ম অন্য প্রকার ব্যবস্থাও আছে। এরণ স্থলে নিম্নলিখিত প্রথা অবলম্বন করা হয়।

উচ্চ পর্বত মধ্যে একটা স্বাভাবিক গুহা আছে। ঐ গুহার ১০০২ হাত একটা প্রতিমৃত্তি আছে। ঐ মৃত্তির দক্ষিণার্ম প্রক্ষরে হ্যার, বামার্ক দক্ষিণাংশে পর্বার ওবামার্কে চক্র থোনিত; হত্তে দেবদৃত, এবং অহ্য স্থানে আকাশ, পর্বাত, সাগর, নদী, তারকা, পশু, পক্ষী অর্থাৎ সকল প্রকার চেতন ও অচেতন মূর্ত্তি থোদিত। ভারতবাসীরা বলে যে স্পষ্টিকর্ত্তা যে যে দ্রব্য স্কলন করিরাছেন তাহাদের বর্ণনার ক্লহ্য ইহা তাহার প্রকে দান করেন। কি কি উপাদানে এই মূর্ত্তি নির্মিত ভাহা কেইই বলিতে পারে না। তবে ইহা স্বর্ণ, রৌপ্য, পিত্তল, প্রস্তর অথবা মহুয়েরজ্ঞাত কোন দ্রব্য দারা নির্মিত হয় নাই। যদিও ইহা কাঠ নির্মিত নহে তত্ত্বাপি ইহা দেখিতে কাঠের স্থার কিল্ক ইহাতে যুণ ধরে না। প্রকাশ এইরূপ যে, ভারতবর্ষীয় কোন রাজা এই মূর্ত্তির গলদেশের লোম উৎপাটনের চেটা করাতে এস্থান হইতে রক্ত নির্পত হইতে থাকে। রাজা এই দুর্গ্তে ভইরা মূর্জ্তে ভইরা

<sup>(</sup>১) "অর্দ্ধ নারীশ মৃর্তি"।

পড়েন এবং ব্রাক্ষণদিগের সহত্র প্রার্থনা সন্থেও আর চেতনা লাভ করেন নাই। এই মূর্ত্তির মন্তকোপরি সিংহাসনোপবিষ্ট-দেবতার মূর্ত্তি। গ্রীয়কালে মূর্ত্তির সন্তকোপরি সিংহাসনোপবিষ্ট-দেবতার মূর্ত্তি। গ্রীয়কালে মূর্ত্তির শরীর হইতে এত স্বেদ নির্গত হয় যে, ব্রাক্ষণগণ বাজন না করিলে ঐ ঘর্মে তলদেশ ভিজিয়া যাইত (২)। গহররাভ্যন্তরে মূর্ত্তির পশ্চাতে একটা অরকার-ময় পথ আছে এবং উহার শেষ দিকে একটী হার আছে। এই ছার দিয়া জল নির্গত হইয়া হল হইয়াছে। যাহারা নির্দোষ বলিয়া প্রমাণিত হইতে চাহে, তাহাদের এই ছার দিয়া প্রবেশ করিতে হয়। তাহাদের দেখিয়া ছার উল্পুক্ত হয় এবং তাহারা উহার মধ্যে দর্পণের ভারে জছে জলরাশি দেখিতে পায়। ঐ ছার দিয়া অপরাধী প্রবেশের চেষ্টা করিলে অক্তকার্য্য হয় এবং দোষ শীকারে বাধ্য হয়। তাহারা উপরাস ছারা প্রায়শিত করে ও অপরকে তাহাদের জন্ম প্রার্থনা করিতে বলে।

সান্দেনাস ও তাঁহার সহচরগণ এক নির্দিষ্ট দিবসে এই স্থানে ব্রাহ্মণগণকে সমবেত হইতে দেখিয়াছিলেন। কোন কোন ব্রাহ্মণ এই স্থানেই
জীবনাতিপাত করেন; কেহ কেহ গ্রীয় ও হৈমস্তে যথন প্রচুর ফল জয়েয়
তথন এই মৃর্দ্তি দেখিতে ও বন্ধু বান্ধবগণের সহিত সাক্ষাতাভিলাবে এবং
ঐ বার দিয়া গতারাত করিতে পারেন কি না পরীক্ষার জন্ম তথায় সমবেত
হন, এবং তাঁহারা মৃত্তিগুলি পরীক্ষা করেন।

<sup>(</sup>২) বর্তমানেও সংবাদপত্রে দেবমূর্তির পাত্র হইতে স্বেদ নির্গত হওয়ার কথা দেখা যায়।

# ৯। ভায়ন খ্রিসস্টম

খৃষ্ঠীয় প্রথম শতাকীর মধ্যভাগে মিসিয়া দেশান্তর্গত প্রশানগরে ভারন খিসস্টম নামক এক বাগ্মী জন্মপ্রহণ করেন। ভায়নকে তদ্দেশবাসী ব্যক্তিগপ তাঁহার বাগ্মীতার জন্ম "হুর্ণমুখ" উপাধিতে ভূষিত করে। কিছুদিন পরে ভারন রোমে গমন করেন কিন্তু সেই সময়ে রোমক-সম্রাট ভমিসিয়ান বাগ্মী ও দার্শনিক-গণকে রোম হইতে বিতাড়িত করিলে, ভায়ন ভিক্ষুকের বেশে, খ্রেস, মিসিয়া, সিথিয়া প্রভৃতি দেশ ভ্রমণ করেন। তিনি যে যে স্থান ভ্রমণ করিয়াছিলেন, সেই স্থানের অধিবাসিগণ তাঁহার বাগ্মীতার পরিতৃষ্ট হইয়া তাঁহাকে যংপরোনান্তি যত্ন করিত। সম্রাট ভমিসিয়ানের মৃত্যুর পর তিনি রোমে প্রভাগমন করেন এবং পরবর্তী রোমক সম্রাট নার্ভা ও ট্রোজান তাঁহাকে যথেষ্ট সমাদর করিতেন। ১১৭ খৃষ্টাকে তাঁহার মৃত্যু হয়। তিনি যে সকল সারগর্ভ বক্তৃতা দিয়াছিলেন, ভাহার ৮০টী বক্তৃতা এখনও পাওয়া যায় এবং তাহা হইতে সম্যকরপে প্রণিধান করা যায় যে, তিনি দার্শনিক ও বাগ্মীদের মধ্যে শ্রেষ্ঠস্থান পাইবার উপযুক্ত। ভায়ন প্রাচীন ভারতবর্ধ সম্বন্ধে নিম্নলিথিত মর্ম্মে ভাঁহার মন্তব্য লিপিবন্ধ করিয়াছেন।

পৃথিবীর মণ্যে ভারতবাসীরা সর্বাপেক্ষা স্থা। তাহাদের দেশের নদী অপর দেশের নদীর স্থার কেবল জলপূর্ণ। কেনে দেশের নদীর ক্রছ মন্তপূর্ণ, কোনটা মধু, কোনটা বা তৈলপূর্ণ। বস্তুতঃ এই সকল নদীর উৎস পৃথিবীর বক্ষঃস্থলে অর্থাৎ পর্বতে স্থাপিত। এই জন্ত ডায়ন বিলয়াছেন যে, স্থা ও শান্তিতে অন্তান্ত জাতি ও ভারতবাসীদের মধ্যে যথেষ্ট প্রভেদ দেখা যায়। বৃক্ষ হইতে ফল ও কার্চ আহরণ করিয়া, বংসকে বঞ্চনা করিয়া হগ্ম সংগ্রহ করিয়া, মধুমক্ষিকাকে তাহার মধুচক্র হইতে বিতাদ্ধিত করিয়া, —এই সকল অন্তান্ত জপরুষ্ট উপায়ে ক্ষন্তান্ত দেশের লোককে এই

দ্রব্য সংগ্রহ করিতে হয়; কিন্ধু ভারতবর্ষে ইহা সম্পূর্ণ বিভিন্ন। ভারত-বর্ষের নদী সকল এক মাস রাজাদের জন্ত প্রবাহিত হয় : রাজা সেই মাসে নিজকর সংগ্রহ করেন। বৎসরের অন্তান্ত মাসে উহারা সাধারণের জন্ত প্রবাহিত। হয়। এই জন্ম প্রকৃতি-পুঞ্জ তাহাদের পুত্র কলত সম্ভি-ব্যাহারে নদীর উৎস বা তটদেশে আমোদ প্রমোদে কাল অতিবাহিত করে। তাহাদের দেশে যেন অবিরামই উৎসব। নদীতে বিকশিত-পদ্ম শোভা পাইতেছে। এই সকল পদ্ম অন্তান্ত দেশের পদ্মাপেকা উত্তম। এতদেশে প্রচুর পরিমাণে তিল জন্মে। গম ও যব অপেকা স্থাত অন্ত এক প্রকার বীজও উৎপন্ন হয়। এই বীজ গোলাপের পাবভির আর এক প্রকার পাবড়ির মধ্যে জন্মে কিন্তু এই সকল পাবড়ি গোলাপের পাবড়ি অপেকা বুহৎ ও স্থগদ্ধিযুক্ত। অধিবাসীরা এই লতার ফল ও মূল উভয়ই ভক্ষণ করে। এই লতা উৎপন্ন করিতে কোন প্রকার কষ্ট कतिरा रह ना । नहीं रहेरा जन निर्मास अस्त अधानी आहा । এह সকল প্রণালী অধিবাদিগণের ইচ্ছামুসারে প্রস্তুত করা হয় এবং নল ছারা এই জল সরবরাহ করা হয়। স্নানের জন্ম ছই প্রকার জলাশয় আছে। এক প্রকারের জল উষ্ণ ও রৌপোর স্থায় স্বচ্ছ; অন্ত জলাশয়ের জল গভীরতা ও শীতলতার জন্ম ঘন-নীলাভ। এই সকল জলাশয়ে সৌন্দর্য্যের-আদর্শ স্ত্রীলোক ও বালকবালিকাগণ সম্ভরণ করে। স্নানাম্ভে তাহারা তৃণাচ্ছাদিত প্রান্তরে যাইয়া আহলাদে গান করে। এই সকল প্রান্তর দেখিতে অত্যন্ত স্থন্দর এবং পুশাকীর্ণ। ইহাতে ফলবান বৃক্ষ ছায়াদান করিয়া লোকের মনে তৃপ্তি সাধন করে। দেশে যথেষ্ট পরিমাণে নানাপ্রকার পক্ষী আছে। কাকলিতে তাহাদের বাসস্থান পর্বত সমূহ মুখরিত। কোন কোন পক্ষী বুক্ষোপরি বসিয়া এমন স্থমিষ্ট কুজন করে বে, উহা অন্যান্ত দেশের বাস্তধ্বনি অপেক্ষা শ্রুতি মধুর।

ভারতবর্ষের বাতাস মৃত্ মৃত্ প্রবাহিত হয়। ঋতু নাতিশীতোঞ, আকাশ মেঘ হীন এবং অন্তান্ত দেশাপেকা অধিক তারকা সমাকীণ। অধিবাসীরা চল্লিশ বৎসরের অধিক কাল জীবিত থাকে না; কিন্তু বত দিন জীবন ধারণ করে, ততদিনই তাহারা স্বস্থদেহে কাল বাপন করে।

ভারতবর্ধে স্থ-ভোগের সীমা নাই; কিন্তু, তত্তাপি ব্রাহ্মণ নামক এক প্রকার মন্থ্য আছে, বাহারা এই সকল নদী ও আত্মীর স্বন্ধন হইতে দুরে বাস করে। তাহারা দর্শনের আলোচনায় এবং ইচ্ছাপূর্ব্বকি নানা-প্রকার ক্লেকর প্রক্রিয়াসক্ত হইয়া জীবন বাপন করে। পরস্পরায় অবগত হওয়া বায় বে, ব্রাহ্মণগণ সভ্যের উৎস আবিহ্নার করিয়াছেন। বাহারা একবার এই উৎসের আস্বাদন পায়, তাহারা আর কিছুতেই এই স্থান পরিত্যাগ করে না।

ভায়ন প্রসন্ধক্রমে বলিয়াছেন যে, তিনি যাহা বলিয়াছেন তাহা সম্পূর্ণ সত্য। বাঁহারা ভারতবর্ষ হইতে ঐ দেশে গমন করিয়াছেন, তাঁহাদের নিকট প্রাপ্ত বর্ণনার উপরেই এগুলি লিখিত। ভায়ন বলিয়াছেন যে, ভারত-বাসীরা পৃথিবীর মধ্যে সর্ব্বাপেক্ষা ধনী। তাহারা শৃগাল অপেক্ষা বৃহৎ এক প্রকার পিপীলিকা হইতে স্ক্বর্ণ সংগ্রহ করে।

ব্রাহ্মণগণ সত্যবাদী, জিতেন্দ্রিয় ও ঈশ্বর-ভক্ত। হোমরের পশ্যও ভারতবাসীরা অমুবাদ করিয়াছে এবং ভবিষ্যৎ সম্বন্ধে তাহারা অস্তান্ত জাতি অপেক্ষা অধিক ধারণা করিতে পারে।

#### ১০। কালিস্থিনিস্

স্থাসিদ্ধ দার্শনিক আরিষ্টটালের আত্মীয় কালিস্থিনিস্ আলেকজান্দারের সহিত তাঁহার অভিযানের সহগামী হয়েন। কিন্তু, আলেকজান্দার পারগুদেশীয় আচার ব্যবহার অবলম্বন করিলে কালিস্থিনিস্ আলেকজান্দারের নিন্দা করিয়া তাঁহার বিরাগ ভাজন হন। পরে, কালিস্থিনিস্কে রাজকীয় বালকভ্ত্যের বিরোগে সংশ্লিষ্ঠ বলিয়া আলেকজান্দার তাঁহার মৃত্যুর আদেশ দেন। এই আদেশ অবশ্যই প্রতিপালিত হইমাছিল।

স্মানবা যে গ্রন্থ ইইতে নিম্নোদ্ধৃত বিবরণ উদ্বৃত করিয়াছি, তাহা কালিস্থিনিস-লিখিত বলিয়া জনসমাজে প্রচলিত হইলেও, প্রকৃত পক্ষে উহা কালিস্থিনিসের রিচিত নহে। ঐ গ্রন্থ সম্ভবত: খৃষ্টীয় চতুর্থ শতাব্দীর মধ্যভাগে লিখিত হইয়াছিল। গ্রন্থানি তিন ভাগে বিভক্ত; তৃতীয় থণ্ডেই আলেকজাব্দারের ভারতীয় স্পভিষানের বৃত্যান্ত আছে।

গঙ্গা স্বৰ্গ হইতে উথিতা হইয়া প্ৰবাহিতা ইইতেছে। আমি এই বে সকল বৃদ্ধান্ত লিপিবদ্ধ করিতেছি, ইহা এক জন থিব্দ্ দেশীয় লোকের নিকট হইতে সংগৃহীত। এই ব্যক্তি ভারতবর্ধ দেখিতে অভিলাষী হইয়া এক বৃদ্ধের সহযাত্রী হইয়া প্রথমতঃ আগ্ললি ও পরে অক্সোমিতে উপস্থিত হয়। শোষোক্ত স্থানে এক জন ক্ষুত্র ভারতীয় নরপতি রাজত্ব করিতেন। এই স্থানে কিছুদিন অতিবাহিত করিয়া এবং অনেক লোকের সহিত আলাপ পরিচয় করিয়া তিনি তাপ্রোবেণ দ্বীপ দেখিতে অভিলাষী হন। এই দ্বীপের অধিবাদীদের ১৫০ বংসর পরমায়ু। দ্বীপের জল বায়ু অত্যক্ত স্থলর। এই দ্বীপের ভারতবর্ধের মহারাজা বাস করেন। দেশের অত্যক্ত

কুদ্র কুদ্র নরপতিগণ ইঁহারই অধীনস্থ এবং ইঁহারই শাসনকর্তারপে দেশ
শাসন করেন। এই দ্বীপের সন্নিকটে ইরিপ্রিয়ান সাগর-মধ্যস্থ অক্সান্থ্য
সহস্র দ্বীপ। এই সকল দ্বীপে চুম্বক প্রস্তর থাকাতে যে সকল
জাহাত্রে গৌহ-প্রেক আছে তাহারা এই সকল দ্বীপে পৌছিতে পারে না।
কিন্তু, কাঠের প্রেক-সমহিত নৌকা থাকিলে কোন অস্কবিধা হর না।

এই दीर्प कनरान-गमरनापरगंशी शांठि तुरू नमी चारह। अरे প্রদেশস্থ বৃক্ষ দকল বৎসরে বার মাস ফলপূর্ণ থাকে। একটা ভালে যথন ফুল হয়, অক্টারি ডালে তথন অপক ফল থাকে ও তৃতীয় ডালে ম্পুপক ফল হয়। দেশে তাল ও মুপারিবৃক্ষও যথেষ্ট পরিমাণে পাওয়া যায়। এই ফলগুলি অত্যস্ত বৃহৎ। অধিবাসীরা তাল, তুগ্ধ ও ফ**ল ভক্ষণ করিয়া** জীবন ধারণ করে। দেশে কার্পাস জন্ম না এবং সেই জন্ম অধিবাসিগণ কারুকার্যা-সমন্বিত মেধ-জাত লোম-নির্ম্মিত বস্তু দারা লজ্জা নিবারণ করে। মেষগুলি যথেষ্ট পরিমাণে হ্রগ্ধ দের। তাহাদের লাঙ্গুল দীর্ঘ। অধিবাসীরা মেষের মাংস ভক্ষণ করে কিন্তু শুকরের মাংস ভক্ষণ করে না। ভারতবর্ষ অত্যধিক উষ্ণ বলিয়া তথায় শুকর পাওয়া যায় না। ইচ্ছা করিলেই ব্রাহ্মণ জাতি ভুক্ত হওরা যায় না। ঈশবের আদেশারুযায়ী এই জাতিতে প্রবেশ করিতে হয়। ব্রাহ্মণগণ উলঙ্গ হইয়া নদীতীরে বাস করে। ইহাদের পালিত পশু নাই এবং ইহারা কর্ষণ করে না। ইহাদের গৃহ নাই ; মস্তপান বা রুটী আহার করে না। যন্ত্রাদি ব্যবহার বা স্থ্রখোৎপাদনকারী কোন-রূপ পরিশ্রম করে না। ইহারা ভগবম্ভক্ত ; অনবরত প্রার্থনা করে। প্রার্থনা कानौन श्रुक्तां जिपूरीन ना ट्रेंग रेटाता चर्तत पिरक ठाटिया थारक। স্বচ্ছলে বনজাত ফলে ইহারা জীবন ধারণ করে এবং নদীর জলে তৃষ্ণা শাস্তি করিয়া বুক্ষপত্তে শয়ন করিয়া নিদ্রা বায়। তাহাদের দেশে প্রচর পরিমাণে বৃক্ষ পাওয়া যার। ভূমি উর্বরা এবং সেজ্ঞ মহুষ্যের জীবন ধারণোপ্যোগী ফলের অভাব নাই। পুরুষণণ সমুদ্রের ধারে গঙ্গাতীরে বাস করে, ও স্ত্রীলোকগণ অপর পারে বাস করে। জুলাই এবং আগষ্ট মাসে পুরুষণণ নদী পার হইরা নিজ নিজ পত্নীগণের নিজট গমন করে। এই ছইমাস শীতকাল। নিজ নিজ স্ত্রীদিগের সহিত ৪০ দিবস অতিবাহিত করিরা পুনরার নদীপার হয়। পত্নী ছইবার সন্তান প্রস্ব করিলে আর ইহারা স্ত্রী-সহবাস করে না। স্ত্রী বন্ধ্যা হইলে স্থামী পাঁচ বৎসর স্ত্রী-সহবাস করে। যদি তাহাতেও সন্তান উৎপাদিত না হয়, তবে স্থামী স্ত্রীকে পরিত্যাগ করে। এজন্য এই জাতি র্দ্ধি পায় না।

অভন্টাটাইরেনদ নামক ভীষণ জন্ধর জন্ত নদী পার হওয়া হংসাধ্য।
এই জন্ত অত্যন্ত বৃহদাকার। ইহা অনায়াদে জলহন্তী গ্রাদ করিতে পারে।
কিন্ত ব্রাহ্মণগণ যথন নদী পার হইয়া অপর পারে যায়, তথন এই জন্ত দৃষ্ট
হয় না। এতয়াতীত তথায় বৃহৎ বৃহৎ দর্পও দেখিতে পাওয়া যায়।
এই সকল দর্প ৭০ হাত দীর্ঘ। আমি একটীর চর্ম্ম দেখিয়াছি; ইহার
বিস্তৃতি ৫ হাত। পিপীলিকা এবং এক হস্ত দীর্ঘ বৃশ্চিক ত আছেই।
এই জন্ত এতদেশে ভ্রমণ অতাস্ত বিপজ্জনক। বৃহৎ বৃহৎ হস্তীযুথও
পাওয়া যায়।

# ১১। ক্লিমেন্স

রিমেন্স নামক আথেন্সবাসী গ্রন্থকার খৃষ্টীয় তৃতীয় শতাব্দীতে জন্মগ্রহণ করেন। রিমেন্স গ্রীস, ইটালী, সিরিয়া, প্যালেষ্টাইন এবং মিশর দেশ ভ্রমণ করিয়াছিলেন। শেযোক্ত দেশ ভ্রমণকালে তিনি দার্শনিক পান্টিনাগের শিষ্যত্ব গ্রহণ করেন। 'ষ্ট্রোমেটিস' নামক গ্রন্থে তিনি প্রাচীন ভারতীয় বান্ধণের কথা উল্লেখ করিয়াছেন।

ব্রাহ্মণগণ জীবস্ত কোন দ্রব্য আহার বা মগুপান করেন না। উাহাদের মধ্যে কেহ কেই দৈনিক, কেহবা ৩ দিবস অস্তর আহার গ্রহণ করেন। ব্রাহ্মণেরা মৃত্যুর ভয় করেন না এবং তাঁহাদের জীবনে স্পৃহা নাই। তাঁহারা পুনর্জন্ম বিশ্বাস করেন এবং বিষ্ণু ও ক্লফের পূজা করেন। ব্রাহ্মণগণ উলঙ্গাবস্থায় জীবনাতিপাত করেন। ইহারা সত্যধর্ম আচরণ করেন, ভবিশ্বদ্বাণী করেন ও স্তুপের মধ্যস্থিত দেবতাকে পূজা করেন। দার্শনিক ও শ্রমণগণ স্ত্রীলোক স্পর্শ করেন না। ব্রাহ্মণগণ জ্যোতিকশাল্পে পারদর্শী, এবং আকাশমার্গস্থ নক্ষর্যাদি পর্যাবেক্ষণ করেন।

#### ১২। ওরিজেন

বে সকল খৃষ্টীয় গ্রন্থকার খৃষ্টধর্ম প্রচারের অনতিবিলখে প্রাহত্তি হইয়া প্রাসিদ্ধি লাভ করিয়াছিলেন, ওরিজেন তন্মধ্যে উচ্চন্থান অধিকার করিয়াছিলেন। আদাল ১৮৬ খৃষ্টাব্দে ইনি আলেকজান্দ্রিয়ায় জন্ম গ্রহণ করেন। খৃষ্টধর্ম্মের অপক্ষে লেখনী ধারণ করিয়া ইনি যশসী হইয়াছিলেন। সেজগু তাঁহাকে যথেষ্ট নির্ঘাতনও সহ্ম করিতে হইয়াছিল। ২৫০ খৃষ্টাব্দে ওরিজেন দেহত্যাগ করেন। ইহার "হেল্পপ্রা" প্রন্থে ভারতীয় দার্শনিকগণের কথা উল্লেখ আছে।

ভারতবর্ষে দার্শনিকগণের অস্তর্ভুক্ত ব্রাহ্মণ ও শ্রমণগণ কতিপর শব্দ ব্যবহার করেন।

#### ১৩। সেণ্ট জিরোমি

৩৪০ খৃষ্টাব্দে ডালমেসিয়া প্রদেশে হিরোনিমাস জন্ম গ্রহণ করেন। পরে ইনি সেণ্ট জিরোমি নামে আখ্যাত হরেন। রোমেই ইহার শিক্ষাপ্রাপ্তি হইয়া ছিল। কিন্তু, ইনি ট্রেডেস, আটিয়ক, ক্যালচিস, কনষ্টান্টিনোপল এবং বেধলেম নগরেও বাস করিয়াছিলেন। জীবনের মধ্যাহ্নকালেই ইহার খ্যাতি শীর্ষছান অধিকার করিয়াছিল। বিভায় এবং বাগ্মীতায় জিরোমি স্থাসের ছিলেন। বাইবেল প্রভৃতি ধর্মগ্রন্থ সম্বন্ধে ইনি এক স্থাসিক গ্রন্থ প্রধানন করিয়াছিলেন।

ভারতীয় দার্শনিকণণ ব্রাহ্মণ ও শ্রমণ এই চুই শ্রেণীতে বিভক্ত। ইংহারা কেবল বৃক্ষের ফল বা জনসাধারণের দত্ত চাউল বা মরদা আহার করেন। দেশের রাজা ইংচাদের নিকট আসিরা ইংচাদের পূজা করেন এবং ইংচাদের প্রার্থনার উপর রাজাের শাস্তি নির্ভর করে।

ভারতীয় দার্শনিকগণের প্রচলিত প্রবাদ এই যে ভারতীয় দর্শনশাস্ত্রের প্রবর্ত্তক বৃদ্ধদেব (১) কুমারীর পার্মদেশ হইতে জন্ম গ্রহণ করিয়াছিলেন।

### ১৪। আর্কিলেয়স্

মেসোপটেনিয়াৰ অন্তৰ্গত কাৰাৰ বিশপ আৰ্কিলেয়স, টেরিবিনখাস (১)
নামক এক ব্যক্তির সম্বন্ধে লিখিয়াছেন যে, টেরিবিনখাস নিজেকে দ্বিতীয় বৃদ্ধ
বিলয়া এবং এক কুমারীর পার্থদেশ হইতে জন্ম গ্রহণ করিয়াছেন এইরূপ প্রচার
করিয়াছেন। তিনি ইহাও প্রকাশ করেন যে, তিনি পর্বতোপরি দেব-দৃত কর্ত্বক
লালিত পালিত হইয়াছেন।

<sup>(</sup>১) জিরোমি মনে করিতেন বে, বুদ্ধদেবই ভারতীয় দর্শনশাল্পের প্রবর্ত্তক।

<sup>(</sup>১) টেরিবিনখাসের শিক্ষক সিথিয়ানাস, পালেষ্টাইনে জন্ম গ্রহণ করেন এবং ভারতবর্ধের সহিত বাণিজ্য করিতেন। তিনি ভারতবর্ধে থাকিয়াই ভারতীয় দর্শন শিক্ষা করেন।

#### ১৫। কেড্ৰনস্

কেজুনস নামক গ্রীসদেশীয় এক সন্থ্যাসী (monk) "সংক্ষিপ্ত ইতিহাস"
"(Synopsis of History)" নামক এক গ্রন্থ খৃষ্টীয় একাদশ শতাব্দীতে প্রথমন করিয়াছিলেন। এই গ্রন্থে তিনি স্থায়ীয় আরম্ভ হইতে ১০৫৭ বংসর পর্যান্ত বর্ণনা করিয়াছেন। গ্রন্থভারের ঐতিহাসিক জ্ঞান বা বিচারশক্তি কিছুরই প্রশংসা করা যার না।

সূত্রটি কনপ্রণিটাইনের রাজ্বকালে মেট্রভর্ব নামক এক পার্নীক দর্শন-শিক্ষার্থ ভারতবর্ষে ব্রাহ্মণদিগের নিকট গমন করেন। সন্ত্যানীর স্থার কালাতিপাত করিয়া তিনি তাঁহাদের প্রদ্ধা-ভাজন হইয়াছিলেন। ধর্ম্মপরারণতার জন্ম ইনি ব্রাহ্মণদিগের বিধাসের পাত্র হইয়া তাঁহাদের মন্দিরের নিভ্ত স্থান সমূহে প্রবেশ করিয়া ধনরভাদি অপহর্ণ করিয়াছিলেন। তিনি ভারতীয় রাজার নিকট হইতেও স্থাটের জন্ম নানা প্রকার উপহার প্রাপ্ত হইয়াছিলেন। এই গুলি তিনি নিজের বিলয়া স্থাটকে প্রদান করিয়াছিলেন।

## ১৬। রুফিনাস্

কৃষ্ণিনাস সেণ্ট জিরোমির সমসাময়িক ছিলেন এবং কিছুদিনের জক্ত তাঁহার স্থ্যতাও লাভ করিয়াছিলেন। কিন্তু, দেণ্ট জেরোমি ওরিজেনকে নাস্তিক বলিয়া বিবেচনা করাতে, কৃষ্ণিনাস ওরিজেনের পক্ষাবলম্বন করিয়া তাঁহার কয়েকথানি প্রস্থ লাটিন ভাষায় অনুবাদ করেন। এই জন্ত বন্ধু-বিচ্ছেদ ঘটে। কৃষ্ণিনাস অনেক গ্রন্থ প্রথমন করিয়াছিলেন।

পূর্ব্বোক্ত নেট্রোডরসের সম্বন্ধে কফিনাস শিথিয়াছেন যে, ভারতবর্ষীর নগর এবং পৃথিবীর সমস্ত বৃত্তাস্ত অবগত হইবার জন্ত তিনি ভারতবর্ষে প্রবেশ করিয়াছিলেন।

### ১৭। হিরোক্লিস

কারিয়া প্রদেশান্তর্গত হিলারিমা নগরবাসী হিরোক্লিস "ইকনমিকাস" গ্রন্থ-রচরিতা বলিয়া প্রকাশ।

আতঃপর আমি ব্রাহ্মণ জাতি দেখিবার জন্য প্রস্তুত হইলাম। ব্রাহ্মণ-গণ দার্শনিক; ইঁহারা দেবতাদিগের প্রিয় পাত্র এবং ক্র্যোপাসক। ইঁহারা নিরামিয়ানী; উন্মুক্ত আকাশতলে বাস করেন এবং সত্যকে সম্মান করেন। ইঁহারা প্রস্তুরের ক্ত্র হইতে পরিধের বসন প্রস্তুত করিয়া পরিধান করেন; এই জক্ত এই সকল বক্ত জায়িতে ভন্মীভূত হর না এবং জলেও পরিক্বত হয় না। অপরিকার হইলে তাঁহারা তাঁহাদের বস্ত্র অগ্নিতে নিক্ষেপ করেন এবং এই প্রকারে পুনরায় ইহা শুল্র ও উজ্জ্বল হয়।

হিরোক্সিস পরে "চিলিরাড" নামক গ্রন্থ হইতে নিয়োক্ত অংশ উদ্ভূত করিরাছেন:—পরে আমি এক গ্রীম্মপ্রধান দেশে উপস্থিত হই। এই মক্তৃমিতে আমি গৃহ শৃত্র উল্লেখনকৈ দেখিতে পাই। জনেকে নিজ নিজ কর্ণ হারা নিজ নিজ শরীর (১) সুর্যোর কিরণ হইতে রক্ষা করিতেছে এবং অবশিষ্ট সকলে পদন্বর উর্জাভিমুখী করিয়া রহিয়াছে। ষ্ট্রাবোও ইহা উল্লেখ করিয়াছেন, এবং এতদ্বাতীত ষ্ট্রাজ্ঞবা মন্তকবিহীন, দশমুপ্ত এবং চারিটী হস্ত বিশিষ্ট বাক্তির উল্লেখ করিয়াছেন; কিন্তু, আমি উহা দেখি নাই।

#### ১৮। ডাইওনিসিয়স

এই গ্রন্থকারের বিষয় বিশেষ কিছুই অবগত হওরা যায় না। সন্তবত: তিনি
খৃষ্টীর তৃতীর শতাব্দীর শেষ ভাগে জন্ম গ্রহণ করিয়াছিলেন। গ্রন্থকার বট্পদী
ক্লোকে "ভূ-প্রদক্ষিণ" নামক এক পুস্তক প্রণয়ন করিয়া যশসী ইইয়াছেন। গ্রন্থে ক্লোকের সংখ্যা ১১৮৭; তন্মধ্যে ৮৫টা ভারতবর্ষের বিবরণ সম্বন্ধীয়।

সিন্ধু নদ ককেসাস পর্বত হইতে বহির্গত হইয়া ইরিথিয়ান সাগরে
মিলিত হইরাছে। নদীর ছইটা মূথে এবং মুথ-মধ্যস্থ দ্বীপকে অধিবাসীরা
পাটলীন (২) বলে। নদীর পশ্চিম পার্যে ওরিটান, আরিবীস, শুভ্র-বস্ত্র

<sup>(</sup>১) द्वीरवाद वर्गना क्रहेवा ।

<sup>(</sup>২) ম্যাক্রিশুল বলিয়াছেন যে, সংস্কৃত পোত শব্দ ইইতে এই স্থানের নাম উদ্ধৃত ইইরাছে।

পরিহিত আরিটীন ও আরাকোটীয়ান, শাটী ডানন্ এবং পারনেনন্ লাভি বাস করে। এই সকল জাতির দেশ অমুর্বারা,—কোথাও নিবিড় বনভূমি, কোপাও বা মক্কভূমি। কিন্তু তত্তাপি অধিবাদীদিগের জীবনধারণের জন্ম কন্ত পাইতে হয় না, কেন না ভূগর্ভে প্রচুর পরিমাণে প্রবাল পাওয়া যার। ভূগর্ভস্থ পর্বত-মধ্যে যথেষ্ট মণি মুক্তাও পাওয়া যার। অধিবাসীরা **এই** সকল বিনিময় दाता निक कीवन शातन करत । किन्न नमीत शूर्समिटक ভারতীয়গণের কমনীয় দেশ। নদী হইতে সমুদ্রের (১) সীমা পর্যান্ত এই দেশ বিস্তৃত। সূর্য্যের উত্তাপ অতান্ত অধিক বলিয়া অধিবাসীদি**গের** শরীর রুঞ্চবর্ণ; কিন্তু তত্রাপি উহাদের অঙ্গ প্রত্যঙ্গ অত্যন্ত কোমলঃ তাহাদের মন্তকের কেশরাশিও অত্যন্ত নরম ও মস্থা এবং হিয়াসিছ প্রস্পের স্থায় গাঢ় নীল। ভারতবর্ষীয়েরা নানা কার্য্যে নিযুক্ত থাকে। কেহ কেহ খনিজ বিছা বলে ভূগর্ভ হইতে স্বর্ণোন্তোলনে ব্যাপুত থাকে; কেহ বস্ত্র বয়নে নিযুক্ত, কেহ কেহ হন্তী-দন্ত পালিশ করিয়া রৌপ্যের স্থায় উজ্জল করে; কেহ পার্বতা নদীতে মণিমুক্তার অনুসন্ধান করে। দেশে যথেষ্ট নদী থাকাতে অধিবাসীদের কোনই অভাব হয় না; ভারত-বর্ষে প্রচুর শশু জন্ম। কোন ক্ষেত্রে নানা প্রকার শশু, আবার কোন কোন ক্ষেত্র লোহিতবর্ণের নল পরিপূর্ণ।

ভারতবর্ষের ৪টী পার্স্থ এবং সেই জন্ত ইহা দেখিতে রম্বাসের স্থার। ইহার পশ্চিমে সিন্ধু নদ, দক্ষিণে ইরিথিরান (২) সাগর; পুর্ব্ধে গঙ্গা এবং

<sup>(</sup>১) প্রাচীন গ্রীকেরা বিবেচনা করিতেন বে, প্রশাস্ত মহাসাগর ভারতের পূর্ব্ব প্রান্তেই অবস্থিত ছিল।

 <sup>(</sup>২) লোহিতসাগর, পারভোপসাগর ও ভারত সমূলকে প্রাচীন ব্রীক্পশ
 \*ইরিথিয়ান সাগর" নামে অভিহিত করিতেন।

উত্তরে ককেসাস পর্কত। দেশে নানা জাতীয় ব্যক্তি বাস করে এবং অধিবাসীরা স্থণী কিন্তু তাহারা ভিন্ন ভিন্ন জাতিতে বিভক্ত। পক্ষাস্তরে প্রত্যেক জাতির ভিন্ন ভিন্ন নাম। দার্কেনিয়ানগণ সিন্ধুনদ-তীরে বাস করে। সিন্ধু ও কোফিস (১) নদী-তীরবর্ত্তী প্রদেশবাসিগণ সিবাই নামে থ্যাত। তক্ষালিয়ান, স্নোডুই, অসভ্য পিউকালেনসিয়ান, ব্যাকাস-উপাসক গার্গেরিতী প্রভৃতি জাতি আছে। গঙ্গাতীরবর্তী স্থানকে সম্মানের চক্ষেণ্ হইরা থাকে। অধিবাসীরা অজ্ঞতাবশে তাঁহাকে পূজা করে নাই বলিয়া উন্মন্ত ব্যাকাস এক সময় এই দেশে আসিয়া মৃগণাবকের চর্মকে ঢাল, এবং বংশীকে তরবারী ও আঙ্গুরের প্রশাথাকে সর্পে পরিণ্ত করিয়াছিলেন।

স্থবিখ্যাত বৈশ্বাকরণিক প্রিশিয়ান্ ভাইওনিসিয়সের গ্রন্থকে লাটীন ভাষায় অন্থবাদ করিয়াছিলেন এবং তাঁহার অন্থবাদে নিম্নলিথিত বিষদ্ধ দৃষ্ট হয়:—"ভারতবাসীদের মধ্যে এমন দীর্ঘ ব্যক্তি আছে যাহারা অনামাসে হস্তীতে আরোহণ করিতে পারে। যাহারা জ্ঞানের চর্চা করে, তাহারা উলঙ্গ থাকে এবং অবিচলিত চিত্তে স্থ্য-রশ্মির প্রতি চাহিয়া ধর্মের বিষয় চিস্তা করে। কঠে লাল পালক শোভিত নীল ভোতা পক্ষীও এই দেশে পাওরা যায়—ইহারা মন্থয়ের স্বর অন্থকরণ করিতে পারে।"

<sup>(</sup>১) कार्ज नही।

#### ১৯। ফিলোসট্রেটস

সম্ভবতঃ ১৭২ থৃষ্টাব্দে লেমনস নগরে ফিলোসট্রেটস জন্ম গ্রহণ করিয়া ছিলেন। তিনি বাগ্মী বলিয়া প্রসিদ্ধি লাভ করিয়াছিলেন। ফিলোস-ট্রেটস অনেক গ্রন্থ প্রণয়ন করিয়াছিলেন। তাঁহার গ্রন্থগুলির মধ্যে টীয়াস নগরবাসী আপলোনিয়াদের জীবনীই স্থপ্রসিদ্ধ। ফিলোসটেটস রোমক সম্রাট সিভিরাসের রাজত্বকালে প্রাত্তভূত হইয়াছিলেন। ক্যাপা-ডোদিয়াস্তর্গত টীয়াদবাদী আপলোনিয়াদ দম্বন্ধে এইরূপ প্রবাদ যে, তিনি থৃষ্টীর প্রথম শতাব্দীর মধ্যভাগে ভারতবর্ষে আগমন করিয়াছিলেন। ফিলোসটেটসের গ্রন্থ পাঠ করিয়া আমরা জানিতে পারি যে, আপলোনিয়াস পাইথাগোরাসের সম্প্রদায়ভুক্ত ছিলেন এবং তাঁহারই ভায় বিভিন্ন দেশ ভ্রমণ করিয়া জ্ঞান বৃদ্ধির চেষ্টা করিতেন। আপলোনিয়াস জীবনের প্রাক্ত সময়ে এসিয়ামাইনরের প্রধান প্রধান নগর পর্যাটন করিয়া ও নিজ সম্প্রদায়ের মত ব্যক্ত করিয়া যাত্রকর ৰলিয়া খ্যাতি লাভ করিয়া-ছিলেন। কয়েক বৎসর পরে, পূর্ব্বদেশ দেখিতে অভিলাষী হইদ্বা ও ভারতের অপূর্ব স্থানের তত্তামুসন্ধানে এবং গ্রাহ্মণগণের বিভার পারদর্শী হইবার জন্ম তিনি ভারতবর্ষাভিমুখে যাত্রা করেন। এই উদ্দেশ্য সাধন মানসে তিনি সাইলিসিয়াস্তর্গত টার্সাস নগর-সন্নিকটস্থ ইগি হইতে যাত্রা করিয়া নিনেভা পৌছেন। এই স্থানে তিনি দামিস নামে এক বিজ্ঞ আসিরিয়ানের সাক্ষাৎ লাভ করেন এবং দামিসের বন্ধুত্ব লাভ করিয়া ভারতবর্ম্মভিমুথে রওনা হন। তাঁহারা নিনেভা পরিত্যাগ করিয়া বাবিলনে পৌছিয়া তথায় অষ্টাদশ মাস অতিবাহিত করেন। আপলো-

নিয়াস এই স্থানে পার্ধিয়ান রাজা বার্দানেসের সহিত বাদানুবাদ করেন ও ইন্দ্রজাল সম্বন্ধীয় অনেক তত্ত্ব সংগ্রহ করেন। বাবিলন হইতে তাঁহার। যে পথে যাত্রা করেন, সেই পথে তাঁহাদের কোনই কট্ট পাইতে হয় নাই। রাজ-অতিথি বলিয়া তাঁহাদের যথোচিত সমাদর করা হইয়াছিল। ককেসাস পর্বতে পৌছিলে যে গহ্বরে প্রমিথিয়াসকে শুঙ্গলাবদ্ধ করিয়া রাথা হইয়াছিল এবং যথায় দ্বগল পক্ষী তাঁহাকে দর্শন করিয়াছিল, সেই গহর দেখিতে পান এবং এই স্থানে তাঁহারা হার্কিউলিস সম্বন্ধে অনেক পল্ল জানিতে পান। কাবুল নদী উত্তীর্ণ হইয়া তাঁহারা একটী দেশে উপস্থিত হন। এই দেশে একজন রাজা শাসন করিতেন। নিসা পর্বতের শীর্ষদেশে একটা বুতাকার স্থানে স্বয়ং ব্যাকাস কর্ত্তক প্রোথিত আঙ্গুর, শরেন্স এবং আইভি দ্বারা বেষ্টিত স্থান দেখিতে পান। এই স্থানেই শ্বেত প্রস্তর-নির্দ্মিত ব্যাকাসের মূর্ত্তি ছিল। তাঁহারা আন্নর্ণস না দেখিয়া সিন্ধতীরে উপস্থিত হইন্না দেখিতে পান যে, এক হস্তীযুথ শিকারীদের হস্ত ছইতে পরিত্রাণ পাইবার জন্ম সিদ্ধু পার হইতেছে। ডামিস হস্তীদের সম্বন্ধে অনেক কথা বলিয়াছেন, কিন্তু, তাহার অধিকাংশই ভ্রম পূর্ণ। আপলোনিয়াস তক্ষশীলায় আজাকস নামক এক যোদ্ধার সাক্ষাৎ লাভ ষুদ্ধ করিয়াছিলেন; স্মতরাং সে হিসাবে ইহার বয়স অস্ততঃ চারিশত বৎসর হইয়াছিল। যে স্থানে পর্যাটকগণ সিদ্ধু পার হইয়াছিলেন, সেই স্থানে উহা ৪০ ষ্টাডিরা প্রশস্ত ছিল। পূর্ব্ববর্ত্তী লেখকগণের স্থার দামিদ বলিয়াছেন যে, ইহা ককেদাদ পর্বত হইতে বহির্গত হইয়াছে এবং নীল নদীর স্থায় ইহাতে বস্তা হয় এবং ইহাতে প্রচুর সিন্ধু-ঘোটক ও কুম্ভীর দেখিতে পাওয়া যায়। সিদ্ধ হইতে তাঁহাদের তক্ষশীলায় লইয়া যাওয়া হয়। এই নগর-পর্যাটকগণ বলিয়াছেন, বে ইহা নিনেভার ভায়, আকারেও

শ্রীক দেশীয় নগরের স্থায়, প্রাচীর-বেষ্টিত এবং রাজা এই নগরে বাস করেন। প্রাচীর-বহিন্ডাগে মার্কেল নির্ম্মিত স্তম্ভ-স্থানোভিত স্থব্দর মন্দির। মন্দির মধ্যে পীঠস্থান আছে। এবং, এই পীঠের চতুর্দ্ধিকে তাম্র-পাত্রের উপর আলেকজান্দার ও পোরদের কীর্ভি-কাহিনীর বর্ণনাস্থচক চিত্র আছে। এই চিত্রগুলি স্থবর্ণ, রৌপ্য এবং তাম্র নির্দ্মিত; কেবল অন্ত্রগুলি লোহ-নির্দ্মিত। মূর্ত্তিগুলি স্থন্দররূপে নির্দ্মিত; বস্থত: গ্রীক শিল্পীগণ ইহাপেক্ষা স্থন্দরভাবে এই মৃত্তি নির্মাণ করিতে পারিত না। আপলো-নিয়াস এই মন্দিরে কিছুক্ষণ অপেক্ষা করিয়া, রাজা ফারোটাস কর্তৃক আমন্ত্রিত হইয়া নগরাভান্তরে প্রবেশ করিলে, রাজা তাঁহাকে সমাদর ও বিজ্ঞ ব্যক্তির উপযোগী সম্মানের সহিত অভ্যর্থনা করিলেন। আপলো-নিয়াসের বুত্তান্ত পাঠে আমরা আশ্চর্যান্বিত হই যে, রাজ-প্রাসাদে রাজোচিত আড়ম্বর নাই। ধনীর আবাস ও রাজার আবাসে কোন প্রভেদ ছিল না। দ্বারে প্রহরী নাই এবং ভৃত্যের সংখ্যাও অত্যন্ত । রাজা অত্যন্ত সাদাসিধে ভাবে কাল যাপন করেন। রাজা অসভ্য জাতির আক্রমণ হইতে নিজ দেশ রক্ষার জন্ম সীমান্তবাসী অন্ত এক অসভ্য জাতিকে উৎকোচ প্রদান করেন। রাজার সহিত তিন দিন বাস করিয়া পর্যাটকগণ পর্যাপ্ত পরিমাণে রাজদত্ত আহার গ্রহণ ও পথ প্রদর্শক সহ হাইফাসিস এবং গঙ্গার মধ্যবন্তী প্রদেশে যথায় ব্রাহ্মণগণ বাস করেন, তথার যাত্রা করেন। যাহাতে গ্রীক দার্শনিকগণ সকল বৃত্তান্ত অবগত হুইতে পারেন, তজ্জন্ম রাজা ব্রাহ্মণদিগের অধ্যক্ষ আর্চ্চাসকে এক স্থপারিশ পত্রও প্রেরণ করিয়াছিলেন। হাইফাসিসের পথে যে ক্ষেত্রে পোরস পরাভূত হইয়াছিলেন তাঁহারা সেই যুদ্ধ-ক্ষেত্র দেখিতে পান। এই স্থানে আলেকজান্দার চতুরাশ্ব যোজিত রথে বে ভাবে ইসাসের যুদ্ধ ক্ষেত্রে যুদ্ করিয়াছিলেন সেইরূপ মূর্ত্তি ও বিজয় তোরণ রহিরাছে। কিছু দ্বে তাঁহারা আরও ছইটী তোরণ দেখিতে পাইলেন,—একটির উপর পোরসের মূর্ত্তি, অস্থ্যটার উপরে আলেকজান্দারের মূর্ত্তি। হাইফাসিস নদী তীরে আলেকজান্দার যে পীঠ-স্থাপনা করেন, তথার তাঁহারা গমন করেন। এই স্থানে একটা পিন্তল নির্মিত স্তন্তে লেখা আছে যে, "আলেকজান্দার এই স্থানে অপেক্ষা করিরাছিলেন।" দামিস হাইফাসিস নদী সম্বন্ধে অভ্নত বর্ণনা করিরাছেন। হাইফাসিস নদীতে তৈল প্রদানকারী বৃহৎ কীট এবং ময়ুর নামক এক মৎস্থা পাওয়া যায়, লিখিয়াছেন। ঐ তৈল অত্যন্ত দহনীয়; উক্ত মৎস্থের পুছ্ছ স্থবর্ণ-বর্ণ; পুছ্ছ পাথার স্থায় উন্মুক্ত করা যায়। নদী-তীরবর্ত্তী বৃক্তে বর ও কনের গাত্রে ব্যবহারোপযোগী প্রেলেপ পাওয়া যায়। এই প্রেলেপ মর্দ্ধন করিলে ভিনাস দম্পতির শুভ বিবাহে কল্যাণ কামনা করেন। নিকটবর্ত্তী জলাভূমিতে-প্রাপ্ত গর্দভের শুদ্ধে পাত্র নির্মিত হয়। এই পাত্রের ঐক্তজালিক শুণ আছে।

এই স্থানে পর্যাটকগণ ককেসাস পর্বতের শাখায় উত্তীর্ণ হন। শৃঙ্গদেশে নানা প্রকার স্থগদ্ধি লতা, দারুচিনির বৃক্ষ এবং গুহামধ্যে মরিচ বৃক্ষ
জনিয়া ছিল। ভ্রমণকারীগণ বলিয়াছেন যে, পর্বতচারী বানরগণ ভারতবর্ষীয়দিগের জক্ত মরিচ সংগ্রহ করিত এবং সেই জক্ত মরিচের অধিক
মূল্য ছিল। পর্বতের শীর্ষ দেশে উপস্থিত হইরা ভ্রমণকারীগণ রহৎ ও
উর্বর সমতল ক্ষেত্র দেখিতে গাইলেন। এই সমতল ক্ষেত্রের চতুদ্দিকেই
গঙ্গা হইতে গঙ্গার খাল প্রবাহিত হইত। এই স্থান হইতে গঙ্গা পঞ্চদশ
দিবসের পথ এবং লোহিত্সাগর অস্টাদশ দিবসের পথ। পর্বতের সাম্থদেশে পারক নামক বৃহৎ নগর। অধিবাসিগণ ভারতীয় জলাভূমি,
সমতল ক্ষেত্র ও পর্বতবাসী দৈত্য শিকার করিত। দৈত্যগণ ত্রিশ হাত
উচ্চ ছিল। অধিবাদীরা তাহাদের হৃদ্ধিগণ্ড ও পিন্ত ভক্ষণ করিত বিলিয়া,

উহারা সকল জন্ধর ভাষা বুঝিতে পারিত। পারক (১) হইতে দার্শনিক-গণের পর্বত ৪ দিনের পথ। এই পর্বত স্করক্ষিত। নিকটবর্ত্তী গ্রাম বাসিগণ গ্রীক ভাষায় কথা বার্তা বলিতে পারে। এই স্থানে একজন অধিবাসী আপলোনিয়াসকে দেখিবা মাত্র তাঁহাকে গ্রীক ভাষার সম্বোধন করে এবং এক জন তাঁহাকে নাম ধরিয়া ডাকিয়া তাঁহাদের হুর্গ মধ্যে প্রবেশ করিতে নিমন্ত্রণ করে। এই ব্যক্তির সহিত আপলোনিয়াস প**র্ব্বতে** উপস্থিত হইলে তাঁহার। শীর্ষ দেশে একটা কুপ দেখিতে পান (২)। এই কৃপের জল স্পর্শ করিয়া অধিবাসীরা প্রতিজ্ঞা করিত। শিথরদেশস্থ আগ্নেমুগিরি-নি:স্ত ধাতৰ দ্রব্য দ্বারা ভারতবাদীরা অনিচ্ছাক্কত পাপ হইতে পবিত্র হইত। দার্শনিকগণ এই কুপকে শিক্ষা কুপ ও আগ্নেব্ধ-গিরিকে ক্মাগ্রি বলিতেন। এই স্থানে ক্লফ-প্রস্তর নির্ম্মিত হুইটী পাত্র আছে। ঐ ছই পাত্তে বৃষ্টি ও বাতাস রক্ষিত হয় এবং আবশ্রকমত উहारमंत्र आवत्र छेरमाहन कत्रा हत्र। आशरणानिमान रम्थिरणन रम् দার্শনিকগণ পিত্রলের আসনে উপবিষ্ট রহিয়াছেন এবং তাঁহাদের অধ্যক আর্চ্চাস স্থবর্ণ-মূর্ত্তি স্থশোভিত পিত্তলের উচ্চাসনে উপবেশন করিয়া রহিয়াছেন। আর্চ্চাস গ্রীক ভাষায় তাঁহাদের অভ্যর্থনা করিলেন এবং চারিমাস ধরিয়া তাঁগাদের শিক্ষা দিলেন। আচ্চাস গ্রীক দর্শনে এবং গ্রীস দেশে প্রচলিত আচার বাবহারে বিশেষ অভিজ্ঞ ছিলেন। প্রত্যা-বর্ত্তনের পূর্ব্বে আপলোনিয়াস, টিমিয়াস, মেগস্থেনিস এবং অস্তান্ত গ্রন্থকার-গণ বর্ণিত অত্যাশ্র্যা বিষয়ঞ্চলির বিষয় জিজ্ঞাসা করিলেন।

প্রত্যাগমনের সমর দার্শনিকগণ-দত্ত উষ্ট্র-পৃষ্ঠে আরোহণ করিরা পর্য্যটকগণ সমুক্ততীরে দশ দিনে উপস্থিত হন। আপলোনিয়াস উষ্ট্র-

<sup>(</sup>১) অক্তত্র এনগরের উল্লেখ পাওয়া যায় না।

<sup>(</sup>২) ষ্টোবেরস কণ্ডক বর্ণিত ব্যাখ্যান দ্রষ্টব্য।

ভালিকে ফেরৎ দিয়া ও আর্চ্চাসকে এক পত্র লিথিয়া পাটল হইতে পারস্থোপসাগরে পৌছিয়া তথা হইতে ইউফ্রেটিস নদী হইয়া বাবিলনে পৌছেন।

উক্ত বিবরণ হইতে স্পষ্টই বোধগম্য হয় যে, দামিস কতকগুলি মিথা গল্প লিখিরাছেন। হাইফাসিস এবং গলা নদী-মধ্যস্থ দেশে আলেকজান্দার প্রাবেশ করেন নাই। স্থতরাং সেই দেশের বর্ণনার দামিসকে স্বকপোল কল্পিত বৃত্তান্তের আশ্রয় গ্রহণ করিতে হইলাছে। দামিসের বর্ণনা পাঠে বস্তুত আপলোনিয়াস ভারতবর্ষে আসিয়াছিলেন কি না, সে বিষয়ে প্রভূত সন্দেহ হয়।

দামিদ যে বৃত্তান্ত লিপিবদ্ধ করিয়াছিলেন, সেই লিপি তাঁহার বংশধর-গণ কর্তৃক সম্রাট সিভিরাদের পত্নী রাজ্ঞী জুলিয়ার হতে ছান্ত হর। জুলিয়া ইহা আপলোনিয়াদের হত্তে সমর্পণ করিয়া ইহা হইতে দামিসের জীবনী লিখিতে অমুরোধ করেন। হৃঃথের বিষয় জুলিয়া জীবিতা ধাকিতে এ গ্রন্থ প্রকাশিত হয় নাই। ঐতিহাসিক হিসাবে গ্রন্থের কোনও মুল্য নাই।

#### ২০। নোনস

শ্রীসীয় ভাষায় ষট্পদী শ্লোকে বচিত্ত 'ডাইওনিসিয়াকা' নামক কাব্যপ্রস্থে ব্যাকাদের ভারত-বিজয় বৃত্তান্ত বর্ণিত হইয়াছে। মিশবের অন্তর্গত পানাপ্লিস নগরবাদী নোনস নামক এক ব্যক্তি এই গ্রন্থের প্রণেতা। তিনি সম্ভবতঃ খ্রীষ্টীয় পঞ্চম শতাব্দীতে জন্মগ্রহণ করিরাছিলেন। কাহারও কাহারও মতে নোনস ষষ্ঠ শতাব্দীতেও জন্মগ্রহণ করিতে পারেন। নোনসের গ্রন্থ আটচল্লিশ থণ্ডে বিভক্ত। নোনস কাঁহার গ্রন্থে ভারতবাদীদের সম্বন্ধে যে সকল কাহিনী লিপিবন্ধ করিয়াছেন, তাহাই এস্থানে উদ্ধৃত হইল।

নোনদ বলিয়াছেন যে, যে দমন্ন তিনি তাঁহার কাব্যগ্রন্থ প্রণয়ন করিতে থাকেন, দে দমন্ন ভারতবাদীরা ভূমধ্যদাগর ও লোহিতদাগর পর্যান্ত নিজেদের রাজত্ব বিস্তার করিয়াছিলেন। ব্যাকাদ জিয়াদ কর্তৃক প্ররোচিত হইয়া এই অনাছতগণকে এদিয়া হইতে বিতাড়িত করিবার কার্যাভার গ্রহণ করেন। তহুদেশ্রে তিনি বহুদংখ্যক মানব ব্যতীত, ভূত, প্রেত, ও কলহপ্রিয় বনদেবতা দহ যুদ্ধবাত্রা করিয়া বিথনিয়া দেশান্তর্গত অষ্ট্রাকিদ হল-তীরে ভারতবাদীদের দহিত বুদ্দে প্রবৃত্ত হইলেন। ব্যাকাদ স্বকীয় ঐশ্বরিক ক্ষমতা বলে, হুদের জলরাশি মত্মে পরিণত করিতে দক্ষম হওয়ায়, ভারতীয় দৈল্লগণ এই হুদের বারি পান করিয়া মদোলান্ত হইয়া শীঘ্রই পরাভূত হয়। ব্যাকাদ এই স্থান হইতে সিরিয়া বাত্রা করিলেন। তথায় দিরিয়াদিস নামক পরাক্রান্ত ভারতীয় নরপতির জামাতা অরম্ভদের অধীনস্থ আর একদল দৈল্ল পরাজিত করিলেন। অরম্ভদের অধীনস্থ আর একদল দৈল্ল পরাজিত করিলেন। অরম্ভদের প্রধীনস্থ আর একদল দৈল্ল পরাজিত করিলেন।

পতিত হন, তাঁহার নামামুসারে সেই নদীর নামকরণ হইল। ব্যাকাস তথা হইতে আসিরিয়া গমন করিলেন। আসিরিয়া-রাজ স্বকীয় রাজ-ধানীতে তাঁহার মতিথির উপযুক্ত সংকার করিলেন।

কিন্তু, তিনি ভারতবর্ষে অন্তর্মণে অভ্যর্থিত হইলেন। রাজা দিরিয়াদিস (১) ব্যাকাদের উপহারাদি প্রত্যাধ্যান করিলেন এবং ক্রমায়রে সাত বৎসর তাঁহার সহিত যুদ্ধ করিলেন। প্রথম ভারতীয় যুদ্ধ হাইডাস্পিস নদীতীরে সংঘটিত হয়। এই স্থানে থোরিয়াদের অধীনস্থ ভারতীয় সৈন্তর্গণ সম্পূর্ণরূপে পরাভূত হয় এবং ব্যাকাস নদী পার হইয়া অপর তীরস্থ রাজাকে যুদ্ধার্থ আহ্বান করেন। কিন্তু দিরিয়াদিস এই আহ্বান অস্বীকার করিয়া নিজ রাজধানীতে আশ্রম গ্রহণ করিয়া সামস্ত ও সৈন্ত সংগ্রহ করিতে লাগিলেন।

এইপ্রকারে আরও ছয়বৎসর ধরিয়া যুদ্ধ চলিতে লাগিল। অবশেবে, ব্যাকাস আবার ম্বদেশ হইতে রণতরী সমূহ সংগ্রহ করিয়া এবং ভারতীয় রণতরী মধ্যে অপ্লি-জাহাজ প্রেরণ করিয়া, ভারতীয় রণতরীয় ধবংস সাধন করিলেন। দিরিয়াদিস পলায়ন করিয়া স্থলপথে যুদ্ধ আরম্ভ করিলেন এবং প্রতিহল্লীয় সহিত ছল্ল যুদ্ধে প্রবৃত্ত হইলেন। যুদ্ধদেবী পালাস আথেনী ব্যাকাসের সাহায্যার্থ অগ্রসর হইলেন এবং তিনি যুদ্ধক্ষেত্রে উপস্থিত হইলে ভারতীয় রাজা ভয়বিহরল হইয়া হাইডাসপিসের দিকে পলায়ন করিলেন। ব্যাকাস পশ্চাদ্ধাবন করিয়া তাঁহার অস্ত্রহারা ভারতীয় রাজাকে আবাত করিলেন। দিরিয়াদিস আঘাত গুরুতর বুঝিতে পারিয়ানদী মধ্যে প্রবেশ করিয়া জীবন ত্যাগ করিলেন। নোনসের কাব্যগ্রম্থের

<sup>(</sup>১) অধ্যাপক উইলসন দিরিয়াদিসকে মহাভারতোক্ত পুর্ব্যোধন বলিয়া নির্দেশ করিতে চাহেন।

ষড়বিংশ থণ্ডে ভারতীয় যে সকল সামস্ত নৃপতি দিরিয়াদিসের সাহাযার্থ অগ্রসর হইয়াছিলেন, তাঁহাদিগের নাম এবং তাঁহাদিগের স্বরাজ্যের বৃত্তান্ত বর্ণিত হইয়াছে। স্থতরাং প্রকৃত পর্কে এই খণ্ডই আমাদিগের পক্ষে মূল্যবান। আমরা এই সকল রাজগণের নাম ও কুলে কুলে বৃত্তান্ত এইস্থলে। উদ্ধৃত করিতেছি।

দিরিয়াদিসের আদেশে ইলিয়সের ছই পুত্র উপস্থিত হইয়াছিলেন। কুসানগরবাসী (২), এবং কর্দমাক্ত জলপূর্ণ তোরামবাস নদীতীরস্থ, বাজীয়া প্রপনিগম্ পর্ব্বতন্ত্ত (৩), চূড়াবিশিষ্ট রোড নগরীস্থ, এবং গিরস দ্বীপস্থ (বেথায় মাতার পরিবর্ত্তে পিতা সন্তানকে স্তন-দান করেন,) সকলেই সমবেত ইইয়াছিলেন। সিসিন্দস এবং গাজসের সৈন্তগণ অভেড্র স্ক্র-নির্মিত বর্দ্ম পরিধান করিয়া ভারতীয় রাজার সহিত যোগদান করিয়াছিল। ইহাদেরই পার্শ্বে সাহসী দর্মন্দি (৪), প্রাসিয়্পন সৈন্ত (৫), এবং শাকসবজী ভোজী স্বর্থ-সমন্বিত সারঙ্গী (৬) জাতি সমবেত ইইয়াছিল। তৎপার্শ্বে কৃঞ্চিত কেশধারী জারিয়ানগণ তাহাদের প্রবীণ শাসনকর্ত্তা স্তাসনরের অধীনে, ও তৎপার্শ্বে মরিয়স এবং প্রশোকাতুর দিদনেসম একত্র ইইয়াছিলেন। ইহাদের পশ্চাতে বহুভাষাবিদ্ব ভারতবর্ষীয়গণ,

<sup>(</sup> ২ ) কুশীনগর— যে স্থানে বুদ্ধদেব নির্ব্বাণ-লাভ করিয়াছিলেন।

<sup>(</sup> ৩ ) হিন্দুকুশ পর্বত শ্রেণী।

<sup>( 8 )</sup> উলেমি ইহাদিগকে দাবজ্ঞাই, ব্লীবো দার্জাই, প্লিনি দার্জি বলিয়া উল্লেখ করিয়াছেন।

<sup>(</sup>৫) প্রাচ্যদেশ—গ্রীসীয়ানগণ "প্রাচ্যক" প্রদেশকে এই জাখ্যা প্রদান করিয়াছিলেন। পাটালিপত্র প্রাচ্য দেশেবই বাজধানী ছিল।

<sup>(</sup>৬) আরিয়ান রবি নদীর একটা শাখাকে "সারকী" বলিয়া উল্লেখ করিয়াছেন।

আসিনির অধিপতিগণ, নলমন্ন দেশের আগুনাইডিদ, নিসিরাবাসিগণ (৭), শৌম্য মালকগণ এবং পাটলীনবাসিগণ (৮) শত্রুর বিরুদ্ধে যুদ্ধ করিবার জন্ম প্রস্তুত ছিলেন।

তৎপরে, শ্রেণীবদ্ধ দোসারিয়ান (৯), সবারই (১০) এবং ফ্রিঞ্ক, আন্-পেটদ, টানিক্লদ, হিপোরদ, ইরিটিয়দ, এবং উটেসিটই জাতিগণ নিজ নিজ দলপতির অধীনে সমবেত হইয়াছিল। বাকিলজীয়ানের (১১) অধিপতি টেকটাপাফ নিজ দৈল্লসহ তথায় উপস্থিত ছিলেন। পৃথিবীর প্রাপ্তদেশ হইতে গিগলম, থৌরিয়াম এবং হিদালমাদ আর্কটীম (১২) এবং ড্রানজিয়াইসহ (১৩) মুদ্ধক্ষেত্রে উপস্থিত ছিলেন। হেব্রাটদ তীরন্দাজগণের দেনাপতি ছিলেন; দিরিয়াদিসের আদেশে হেব্রাটদের চুল কর্ত্তন করিয়াদেওয়া হইয়াছিল। সেজস্তু তিনি ক্ষুন্নচিত্তে ধীরে ধীরে অগ্রসর হইতেছিলেন। তিনি অসভ্য সিথিয়ান, সাহদী আরিআইন, (১৪) জারাই, ঋসই,

<sup>(</sup> ৭) পোরসকে যুদ্ধে পরাভ্ত করিয়া, আলেকজান্দার নিসিয়া নামে নগর প্রতিষ্ঠা করেন।

<sup>(</sup>৮) সিন্ধুনদের ব দ্বীপের অধিবাসী।

<sup>(</sup>১) বিষ্ণুপ্রাণের উল্লিখিত দশার্ণক। ইহারা মধ্যদেশের দক্ষিণ-পূর্বাদিকে বাস করিত।

<sup>(</sup>১০) সম্ভবতঃ সম্বলপূরের নিকটবর্ত্তী কোন স্থান।

<sup>(</sup>১১) আরাবলী পর্বতের নিকটস্থ প্রদেশ।

<sup>(</sup>১২) জানজিয়াইগণ নিজেদের শরীর ভন্মাবৃত করিত। অধ্যাপক উইলসন ইহাদের শৈব বলিয়া নির্দেশ করেন।

<sup>(</sup>১৩) আরিয়ানী দেশস্থ অধিবাসীবৃন্দ। ষ্ট্রাবো নিজ ভ্গোলের পঞ্চদশ থকে ইহাদের বিবরণ লিপিবন্ধ করিয়াছেন।

 <sup>(</sup>১৪) কাশ্মীরের রাজধানী।

